GOV-GAZZ
JAN - JUNE
1889

# নির্ঘণ্টপত্র।

## প্রথম খণ্ড।

ভারতবর্ষীয় গবর্ণমেন্টের আজ্ঞা ও নির্দ্ধারণ প্রভৃতি।

### হোম ডিপার্টমেণ্ট।



### রাজস্ব ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।



### স্থিতিরীতি ও বাণিজ্য সম্পর্কীয় কার্য্যবিভাগ।

# নির্ঘণ্টপত্র।

## দ্বিতীয় খণ্ড।

### বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণ প্রভৃতি।

## রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

## জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

# নির্ঘণ্টপত্র।

## তৃতীয় খণ্ড।

### ভারতবর্ষের গবর্ণমেণ্টের আইন।

# নির্ঘণ্টপত্র।

## চতুর্থ খণ্ড।

### ভারতবর্ষের গবর্ণমেন্টের আইনের পাণ্ডুলিপি।

# নির্ঘণ্টপত্র।

## পঞ্চম খণ্ড।

### বঙ্গদেশের গবর্ণমেণ্টের আইন।

# নির্ঘণ্টপত্র।

## ষষ্ঠ খণ্ড।

### বঙ্গদেশের গবর্ণমেণ্টের আইনের পাণ্ডুলিপি।

# নির্ঘণ্টপত্র।

## সপ্তম খণ্ড।

### হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ আজ্ঞাপত্র।

### হাই কোর্টের দেওয়ানী সরকুলর অর্ডর।



### হাই কোর্টের ফৌজদারী সরকুলর অর্ডর।



### হাই কোর্টের দেওয়ানী সাধারণ পত্র।



### হাই কোর্টের ফৌজদারী সাধারণ পত্র।



### বিজ্ঞাপন।

## রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

## ১৮৮৯ সাল মে মাস।



## ১৮৮৯ সাল জুন মাস।

| নম্বর। | বিষয়। | পৃষ্ঠা। |
|---|---|---|
| | **১৮৮৯ সাল সেপ্টেম্বর মাস।** | |
| ১ | যে সকল আমলাগণের দায়িত্ব সংযুক্ত ও যাঁহাদের টাকা কড়ির ও হিসাবের কার্য্য করিতে হয় তাঁহাদের সম্বন্ধে গবর্ণমেণ্টের প্রণীত ও প্রচারিত বিধি গুলি ১৮৮৮ সালের রাজস্বকর্ম্মচারিসংক্রান্ত বিধিপুস্তকের ১১পৃ. ২ অধ্যা. ৯ ধারার পর ১০, ১১ ও ১২ ধারা সন্নিবেশ করিবার কথা ... | ৭৯ |
| ২ | ১৮৮৮ সালের বোর্ডের বিধিপুস্তকের ১২৯পৃ. ৭ অধ্যা. ৭ পরি. কতক কথা কাটিয়া ও কতক কথার পরিবর্ত্তে কথা সন্নিবেশ করিবার কথা .. ... | ৭৯ |
| ৩ | গয়া ও হাজারীবাগ জিলার মাইকার খনির কার্য্য চালাইবার নিমিত্ত পাট্টাদেওন সম্বন্ধে গবর্ণমেণ্টের নির্দ্ধারণ ১ A ক্রোড়পত্রস্বরূপ সন্নিবেশ করিবার কথা ... ... ... ... ... | ৮০ |
| ৪ | বিগত ফেব্রুয়ারি মাসের ২৫ তারিখের ১৯ B নং সরকুলরের প্রত্যুত্তর একেবারে আবকারী কমিশ্যনরের নিকট কালেক্টরদের পাঠাইবার কথা ... | ৮৬ |

## CONTENTS.

## PART I.

**Resolutions, Orders and Notifications of the Government of India.**

### HOME DEPARTMENT.



### DEPARTMENT OF FINANCE AND COMMERCE.



### STATISTICS AND COMMERCE.

## CONTENTS.

## PART II.

**Resolutions, Orders and Notifications of the Government of Bengal.**

### REVENUE AND GENERAL DEPARTMENTS.

## JUDICIAL DEPARTMENT.

## PUBLIC WORKS DEPARTMENT.

## CONTENTS.

### PART IIA.

**Resolutions, Orders and Notifications of the Government of Bengal.**

### MUNICIPAL AND LOCAL.

Ind. No. 65a—6-9-90—B144C—330

Numb. 2580 [২৫৮০

REGISTERED No. 30.

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 8, 1889.

মঙ্গলবার, ১৮৮৯ সাল ৮ জানুয়ারি ।

CONTENTS.



নির্ঘণ্ট।



## PART IIA.

### Orders by the Lieutenant-Governor of Bengal

### দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ ।

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

## MUNICIPAL AND LOCAL.

### NOTIFICATION.

*The 31st December* 1888.—Whereas a notification, dated the 4th September 1888, was published at page 379, Part IB of the *Calcutta Gazette* of the 5th idem, declaring the intention of the Lieutenant-Governor to sanction the levy by the Commissioners of the Bogra Municipality of fees for the cleansing of latrines according to such scale as may be fixed by them at a meeting, under section 321, Act III (B.C.) of 1884, and whereas no valid objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the Municipality, it is hereby notified for general information that, in exercise of the power vested in the Local Government by section 86(*f*) of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Bogra Municipality made at a meeting, the Lieutenant-Governor sanctions the levy of fees for the cleansing of latrines on the scale fixed by the Municipal Commissioners on the annual value of each holding within the Municipality, with effect from 1st April 1889.

H. J. S. COTTON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

# বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

## মুনিসিপল ও স্থানীয়।

### বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ৩১ ডিসেম্বর।—বগুড়া মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরেরা ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৩২১ ধারামতে পাইখানা পরিষ্কার করণার্থে যে হারে ফী ধার্য্য করেন উক্ত কমিশ্যনরদের দ্বারা সেই হারে ফী আদায় হইবার অনুমতি দিতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৮ সালের ৪ সেপ্টেম্বর তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ৫ তারিখে কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ৩৭৯ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপাটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে যুক্তি সিদ্ধ কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ৮৬ (চ) ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং বগুড়া মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে উক্ত মুনিসিপালিটীর অন্তর্গত প্রত্যেক যোতের বার্ষিক মূল্যের উপর মুনি-সিপল কমিশ্যনরেরা পাইখানা পরিষ্কার করিবার নিমিত্ত যে হার ধার্য্য করেন ১৮৮৯ সালের ১ আপ্রিল অবধি সেই হারে ফী আদায় করিবার অনুমতি দিলেন।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৯ সাল, ৮ জানুয়ারি।

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র।

## বিজ্ঞাপন।

অধীন দেওয়ানী আদালত সকল ১৮৮৯ সালের যেং তারিখে বন্দ হইবে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট ১৮৮৭ সালের ১২ আইনের ১৫ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তাহার নিম্নলিখিত নির্ঘণ্টপত্র প্রস্তুত করিয়া প্রকাশ করিলেন।

| | ইংরেজী তারিখ। | বাঙ্গালা তারিখ। | বার। | যতদিন। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|
| নূতন বৎসরের দিন ও তাহার পরবর্ত্তী দুই দিন | ১ অবধি ৩ জানুয়ারি পর্য্যন্ত | ১২৯৫ সালের ১৮ অবধি ২০ পৌষ পর্য্যন্ত | মঙ্গল অবধি বৃহস্পতিবার পর্য্যন্ত | ৩ দিন | |
| উত্তরায়ণ সংক্রান্তি (ক) ... | ১২ জানুয়ারি ... | „ ২৯ পৌষ ... | শনিবার ... | ১ „ | (ক) দশহরা গঙ্গাস্নানের পরিবর্ত্তে কেবল শ্রীহট্ট জিলার এই দিন বন্ধ হইবে। |
| বসন্ত পঞ্চমী ... | ৫ ও ৬ ফেব্রুয়ারি ... | „ ২৪ ও ২৫ মাঘ ... | মঙ্গল ও বুধবার .. | ২ „ | |
| শিবরাত্রি ... | ২৮ ফেব্রুয়ারি ও ১ মার্চ্চ ... | „ ১৮ ও ১৯ ফাল্গুন ... | বৃহস্পতি ও শুক্রবার ... | ২ „ | |
| দোলযাত্রা ও তাহার পর দিন ... | ১৭ ও ১৮ মার্চ্চ ... | „ ৫ ও ৬ চৈত্র ... | রবি ও সোমবার .. | ২ „ | |
| বারুণী গঙ্গাস্নান (খ) ... | ২৯ „ ... | „ ১৭ „ ... | শুক্রবার ... | ১ „ | (খ) ঢাকা জিলায় এই দিন বন্ধ হইবে না। |
| অষ্টমী বা ব্রহ্মপুত্র স্নান (গ) ... | ৮ আপ্রিল ... | „ ২৭ „ ... | সোমবার ... | ১ „ | (গ) বারুণী গঙ্গাস্নানের পরিবর্ত্তে কেবল ঢাকা জিলায় এই দিন বন্ধ হইবে। |
| শ্রীরাম নবমী ... | ৯ „ ... | „ ২৮ „ ... | মঙ্গলবার ... | ১ „ | |
| মহাবিষুব সংক্রান্তি ... | ১২ „ ... | „ ৩১ „ ... | শুক্রবার ... | ১ „ | |
| বাঙ্গালা নববর্ষারম্ভ (ঘ) ... | ১৩ „ ... | ১২৯৬ সালের ১ বৈশাখ ... | শনিবার ... | ১ „ | (ঘ) দশহরা গঙ্গাস্নানের পরিবর্ত্তে কেবল চট্টগ্রাম জিলায় এই দিন বন্ধ হইবে। |
| শবেবরাৎ (ঙ) ... | ১৬ „ ... | „ ৪ „ ... | মঙ্গলবার ... | ১ „ | (ঙ) ১৫আপ্রিলে চাঁদ দেখা গেলে ১৫আপ্রিল সোমবার বন্ধ হইবে। |
| গুড্ ফ্রাইডে ও তাহার পরদিন ... | ১৯ ও ২০ আপ্রিল ... | „ ৭ ও ৮ „ ... | শুক্রবার ও শনিবার ... | ২ „ | |
| শ্রীশ্রীমতি ভারতবর্ষের অধীশ্বরীর জন্মদিন ... | ২৪ মে ... | „ ১১ জ্যৈষ্ঠ ... | শুক্রবার ... | ১ „ | |
| ইদুল ফিত্র (চ) ... | ১ ও ২ জুন ... | „ ১৯ ও ২০ „ ... | শনি ও রবিবার ... | ২ „ | (চ) ৩১মে চাঁদ দেখা না গেলে, ২ ও ৩ জুন রবি ও সোমবার বন্ধ হইবে। |
| দশহরা গঙ্গাস্নান (ছ) ... | ৮ „ ... | „ ২৬ „ ... | শনিবার .. | ১ „ | (ছ) ১। এই দিনের পরিবর্ত্তে উড়িষ্যায় রাস পূর্ণিমায় (নিম্নভাগে দেখ) বন্ধ হইবে। ২। এই দিনের পরিবর্ত্তে শ্রীহট্ট জিলায় (উপরে দেখ) উত্তরায়ণ সংক্রান্তিতে বন্ধ হইবে। ৩। এই দিনের পরিবর্ত্তে চট্টগ্রাম জিলায় (উপরে দেখ) বাঙ্গালা বৎসরের ১ বৈশাখ বন্ধ হইবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সূর্য্যগ্রহণ | ২৮ ,, | ,, ১৫ আষাঢ় | শুক্রবার | ১ ,, | |
| রথযাত্রা (জ) | ৩০ ,, | ,, ১৭ ,, | রবিবার | ১ ,, | (জ) ভাগলপুর, গয়া, পাটনা, সারণ, শাহাবাদ ও ত্রিহুত জিলায় রথ যাত্রায় বন্ধ হইবে না। |
| উল্টারথ (ঝ) | ৮ জুলাই | ,, ২৫ ,, | সোমবার | ১ ,, | (ঝ) ভাগলপুর, গয়া, পাটনা, সারণ শাহাবাদ, ত্রিহুত ও শ্রীহট্ট জিলায় উল্টারথে বন্ধ হইবে না। |
| চন্দ্রগ্রহণের পরদিন | ১৩ ,, | ,, ৩০ ,, | শনিবার | ১ ,, | |
| মনসাপূজা (ঞ) | ১৭ ,, | ,, ২ শ্রাবণ | বুধবার | ১ ,, | (ঞ) উল্টারথের পরিবর্ত্তে কেবল শ্রীহট্ট জিলায় এই দিন বন্ধ হইবে। |
| ইদুজ্জোহা (ট) | ৮ ও ৯ আগষ্ট | ,, ২৪ ও ২৫ ,, | বৃহস্পতি ও শুক্রবার | ২ ,, | (ট) ২৯ জুলাইয়ে চাঁদ দেখা না গেলে ৯ ও ১০ আগষ্ট শুক্র ও শনিবার বন্ধ হইবে। |
| জন্মাষ্টমী | ১৮ ও ১৯ ,, | ,, ৩ ও ৪ ভাদ্র | রবি ও সোমবার | ২ ,, | |
| মহরম (ঠ) | ৩ অবধি ৭ সেপ্টেম্বর পর্য্যন্ত | ,, ১৯ অবধি ২৩ ভাদ্র পর্য্যন্ত | মঙ্গল অবধি শনিবার পর্য্যন্ত | ৫ ,, | (ঠ) ২৭ আগষ্টে চাঁদ দেখা গেলে ২ অবধি ৬ সেপ্টেম্বর পর্য্যন্ত সোম অবধি শুক্রবার পর্য্যন্ত বন্ধ হইবে। |
| দশেরার বন্ধ, ইহার মধ্যে মহালয়া, দুর্গাপূজা লক্ষ্মীপূজা, কালী পূজা, আখিরি চাহার সম্বা ও ভ্রাতৃ দ্বিতীয়া। | ২৪ সেপ্টেম্বর অবধি ২৬ অক্টোবর পর্য্যন্ত। | ,, ৯ আশ্বিন অবধি ১০ কার্ত্তিক পর্য্যন্ত। | মঙ্গল অবধি শনিবার পর্য্যন্ত | ৩৩ ,, | |
| জগদ্ধাত্রীপূজা (ড) | ১ ও ২ নবেম্বর | ,, ১৬ ও ১৭ কার্ত্তিক | শুক্র ও শনিবার | ২ ,, | (ড) ভাগলপুর, গয়া, পাটনা, সারণ, শাহাবাদ ও ত্রিহুত জিলায় এইং দিন বন্ধ হইবে না। |
| হর মেলা (ঢ) | ৫ অবধি ১১ নবেম্বর পর্য্যন্ত | ,, ২০ অবধি ২৬ কার্ত্তিক পর্য্যন্ত | মঙ্গল অবধি সোমবার পর্য্যন্ত | ৭ ,, | (ঢ) ভাগলপুর, গয়া, পাটনা, সারণ, শাহাবাদ ও ত্রিহুত জিলায় এইং দিন বন্ধ হইবে। |
| রাস পূর্ণিমা (ণ) | ৬ নবেম্বর | ,, ২১ কার্ত্তিক | বুধবার | ১ ,, | (ণ) দশহরা গঙ্গাস্নানের পরিবর্ত্তে এই দিন কেবল উড়িষ্যায় বন্ধ হইবে। |
| ফতেহা দুয়াজ দহম (ত) | ৭ ,, | ,, ২২ ,, | বৃহস্পতিবার | ১ ,, | (ত) ২৫ অক্টোবরে চাঁদ দেখা গেলে ৬ নবেম্বর বুধবার বন্ধ হইবে। |
| কার্ত্তিকপূজা | ১৪ ও ১৫ | ,, ২৯ কার্ত্তিক ও ১ অগ্রাহণ | বৃহস্পতি ও শুক্রবার | ২ ,, | |
| খৃষ্টমাস ডে ও তাহার পূর্ব্ব একদিন ও তাহার পর দুই দিন | ২৪ অবধি ২৭ ডিসেম্বর পর্য্যন্ত | ,, ১০ অবধি ১৩ পৌষ পর্য্যন্ত | মঙ্গল অবধি শুক্রবার পর্য্যন্ত | ৪ ,, | |

# রাজস্ব বিষয়ক সরকুলের।

## ১৮৮৮ সাল, নবেম্বর মাস।

শ্রীযুত রেনলডস্ সাহেব।

### ১ নম্বর।

৩৪নং রিটরণে অর্থাৎ সেস ধার্য্য হইবার নিমিত্ত পুনর্মূল্য নির্দ্ধারণ কার্য্য যে পরিমাণ হইয়াছে তৎপ্রদর্শক ত্রৈমাসিক বিবরণপত্রে মহাল এবং মধ্যস্বত্ব এই উভয়ই ধরা হইবে ইহা অভিপ্রেত। কিন্তু এরূপ স্থল ঘটিয়াছে যাহাতে এই রিটরণে কেবল মাত্র মহাল দেখাইয়া ও মধ্যস্বত্ব বাদ দিয়া উহা বোর্ডের নিকট প্রেরিত হইয়াছে। অন্যান্য স্থলে যেখানে মধ্যস্বত্ব ও মহাল এই উভয়ের মোট সংখ্যা একই পংক্তিতে দেওয়া হইয়াছে সেখানে মধ্যস্বত্বগুলির মূল্য নির্দ্ধারণ দুইবার ধরা হইয়াছে কি না তাহা স্পষ্ট বুঝা যায় না। কারণ মধ্যস্বত্বগুলির মূল্য নির্দ্ধারণ মহালের মূল্য নির্দ্ধারণের মধ্যেও আছে।

যাহাতে এই রিটরণ সকল স্থলে একই প্রকারে প্রস্তুত করা হয় তজ্জন্য বোর্ড এই আদেশ করিতেছেন যে নিম্নলিখিত উপদেশটী ১৮৮৮ সালের সেস বিষয়ক বিধিপুস্তকের ৯১ পৃষ্ঠায় যে রিটরণের পাঠ আছে তাহার পাদদেশস্থ মন্তব্যের ২ প্রকরণস্বরূপ সন্নিবেশ করিতে হইবেঃ—

"এই রিটরণে দুই পংক্তি দফা থাকিবে। প্রথমটী মহালের জন্য ও দ্বিতীয়টী মধ্যস্বত্বের জন্য। যে সকল লাখিরাজ যোত একেবারে কালেক্টরকে খাজানা দেয় তাহা মহাল বলিয়া দেখাইতে হইবে। এই দুই পংক্তির অঙ্ক যোগ করিতে হইবে না।"

### ২ নম্বর।

ওয়ার্ডস মহাল ও ক্রোকী মহাল সম্বন্ধে বোর্ডের ১৮৮৭-৮৮ সালের রিপোর্ট যে প্রণালীতে প্রস্তুত করা হইয়াছে তৎপ্রতি সকল বিভাগীয় ও জিলার কর্ত্তৃপক্ষের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে যাহাতে বিভাগীয় ও জিলার রিপোর্ট সকল একই প্রণালীতে প্রস্তুত করা হয় তজ্জন্য ১৮৮৮ সালের ওয়ার্ডস বিষয়ক বিধিপুস্তকের ১ম খণ্ডের ৩ পরিচ্ছেদের বিধিগুলিতে নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে ও নিম্নলিখিত পরিবর্ত্তনগুলি করিতে হইবে।

২। ১৭ ধারার প্রথম পংক্তিতে ও পার্শ্বের লিখনে "কালেক্টরের" এই শব্দটীর পরিবর্ত্তে "ম্যানেজরের" এই শব্দটি সন্নিবেশ করিতে হইবে।

উক্ত ধারার শেষে "কালেক্টর ও কমিশনর" এই কথাগুলির পরিবর্ত্তে "ম্যানেজর" এই কথাটী সন্নিবেশ করিতে হইবে।

৩। ১৮ হইতে ২১ পর্য্যন্ত ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাগুলি সন্নিবেশ করিতে হইবে:—

১৮ ধারা। ওয়ার্ডস মহাল ও ক্রোকী মহাল সম্বন্ধে বোর্ডের ১৮৭৯—৮০ সালের রিপোর্টের উপর গবর্ণমেণ্টের নির্দ্ধারণের ১ দফার নিম্নলিখিত উদ্ধৃতাংশের প্রতি ম্যানেজরদের বিশেষ মনোযোগ আকর্ষণ করা যাইতেছে:—

রিপোর্ট যথা সময়ে দাখিল করিবার কথা।

"বোর্ডকে ওয়ার্ডস মহাল হইতে যথাসময়ে রিটরণ না দাখিল হওয়ার জন্য এখনও অসন্তোষ প্রকাশ করিতে হইতেছে দেখিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব দুঃখিত হইলেন। শাসন কার্য্য সংক্রান্ত অন্যান্য বিভাগে যথা সময়ে রিপোর্ট প্রেরণ সম্বন্ধে গত দুই বৎসরের মধ্যে যে উন্নতি হইয়াছে তাহাতে দেখা যাইতেছে যে, এই বিষয়ে গবর্ণমেণ্টের আজ্ঞা পালনে ত্রুটি হইত বলিয়া ক্রমিক যে কারণ প্রদর্শিত হইয়াছে তাহা অগ্রাহ্য করিয়া গবর্ণমেণ্ট ন্যায়সঙ্গত কাজ করিয়াছেন। বোর্ডও ঐরূপে তাঁহাদিগের ওয়ার্ডস ম্যানেজরগণকে যথাসময়ে রিপোর্ট দাখিল করিতে বাধ্য করাইবার জন্য উপায় অবলম্বন করিবেন। অন্য উপায়ে কোন কাজ না হইলে যে পর্য্যন্ত রিপোর্ট ও রিটরণ সকল না পাওয়া যায় সে পর্য্যন্ত ম্যানেজরগণের ও তাঁহাদিগের সিরিস্তার বেতন বন্ধ করিবার জন্য কালেক্টরগণকে উপদেশ দিতে হইবে। যদি সিরিস্তারই দোষ হয় তাহা হইলে তাহাদের জরিমানা করিতে হইবে। এবং যদি কোন ম্যানেজর ক্রমিক বিলম্ব করেন ও শৈথিল্য দেখান তাহা হইলে তাঁহাকে কার্য্য হইতে অপসারিত করিতে হইবে। যে ব্যক্তি কড়াকড় আদেশ সত্ত্বেও তাঁহার কার্য্যের কোন অংশ করিতে অযথা বিলম্ব করেন ও অবহেলা করেন তাঁহাকে যে অন্যান্য বিষয়ে বিশ্বাসযোগ্য দেখা যাইবে না ইহা অতি স্থির সিদ্ধান্ত।"

১৯ ধারা। প্রত্যেক কালেক্টর তাঁহার জিলাস্থিত ও প্রত্যেক কমিশনর তাঁহার বিভাগস্থিত মহাল সম্বন্ধে একখানি বাৎসরিক রিপোর্ট দাখিল করিবেন। কালেক্টরের রিপোর্ট কমিশনরের আফিসে ১০ই জুন তারিখে এবং কমিশনরের রিপোর্ট বোর্ডের আফিসে ১লা জুলাই তারিখে দিতে হইবে।

কালেক্টরের ও কমিশনরের রিপোর্টের কথা।

২০ ধারা। নিম্নলিখিত সাধারণ উপদেশগুলির অধিকাংশ ১৮৮৮ সালের বোর্ডের বিধিপুস্তকের ৯ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের বিধি হইতে গৃহীত হইয়াছে। রিপোর্ট প্রস্তুত ও দাখিল করণ সম্বন্ধে কালেক্টর ও কমিশনরগণকে এই উপদেশগুলি সাবধানে পালন করিতে হইবে।

সাধারণ উপদেশের কথা।

২১ ধারা। রিপোর্টে যে সকল কথা ও অঙ্ক থাকে তাহার উপযুক্ত বিচারের ব্যাঘাত না ঘটাইয়া রিপোর্ট যত ছোট করিতে পারা যায় তত ছোট করিতে হইবে। সংক্ষেপ করণ বিষয়ে বিশেষ মনোযোগ দিতে হইবে। রিপোর্ট প্রস্তুত করিবার সময় এই লক্ষ্য রাখিতে হইবে যেন খুব কম কথায় খুব বেশী সন্ধান দিতে পারা যায়। টেবিলে যে সকল অঙ্ক দেওয়া যায় তাহা লইয়া বাক্য রচনা করিতে হইবে না। কিন্তু আবার শুদ্ধ কতকগুলি স্থিতি-রীতি সম্বন্ধীয় অঙ্ক দিলেই যথেষ্ট হইবে না। বৎসরের প্রধান২ কথার ও ঘটনার একটী সারগর্ভ সমালোচনা দেওয়া আবশ্যক। নিম্নতন কর্ম্মচারিদের রিপোর্টের অংশ দিতে হইলে তাহা সংক্ষেপ করিয়া দিতে হইবে, একত্র গাঁথিয়া দিতে হইবে না। অনাবশ্যক বিবাদীয় বিষয় দিতে হইবে না। রিপোর্ট কোন সুনির্দ্দিষ্ট প্রস্তাব করিবার উপযুক্ত স্থান নহে, ঐরূপ প্রস্তাব স্বতন্ত্র পত্রে করা উচিত।

সংক্ষেপ করিবার কথা।

২২ ধারা। নিম্নে বিষয় সকলের যে পর্য্যায়ে নম্বর দেওয়া হইয়াছে ঐ সকল বিষয় সেই পর্য্যায়ে লিখিতে হইবে। ঐ সকল যতদূর বৎসরের অঙ্ক হইতে বুঝিতে পারা যায় তৎসম্বন্ধে কেবল ততদূর লিখিতে হইবে। যে সকল বিষয়ের বা কোন বিষয় সম্বন্ধীয় যে বাদানুবাদের সম্পূর্ণ রিকার্ড আছে তাহা আর প্রতি বাৎসরিক রিপোর্টে নূতন করিয়া লিখিতে হইবে না। যাহা কিছু বলিবার আছে তাহা কোন সম্প্রতি দাখিল করা রিপোর্টে না দেওয়া গিয়া থাকিলে প্রত্যেক বিষয় সম্বন্ধেই লিখিতে হইবে। সম্প্রতি দাখিল করা রিপোর্টে ঐরূপ লেখা হইয়া থাকিলে ঐ সকল রিপোর্টের স্পষ্ট করিয়া উল্লেখ করিতে হইবে।

লিখিত বিষয়ের সীমার কথা।

২৩ ধারা। রিপোর্টের প্রত্যেক বিষয় বা শীর্ষ সম্বন্ধীয় লিখন কাগজের ফর্দ্দের প্রথম বা তৃতীয় পৃষ্ঠার মাথা হইতে আরম্ভ করিতে হইবে। এইরূপ করিলে বোর্ডের রিপোর্ট প্রস্তুত করিবার সময় প্রত্যেক বিষয়ে বিভাগীয় ঐ রিপোর্ট গুলি নাড়াচাড়া করিবার পক্ষে সুবিধা হইবে।

প্রণালীর কথা।

২৪ ধারা। কালেক্টরগণের ও কমিশনরগণের রিপোর্ট যথা সময়ে না দেওয়াতে বিশেষ অসুবিধা ঘটে। অতএব বোর্ডের ইচ্ছা যে তাঁহারা ১৯ ধারার উল্লিখিত গবর্ণমেণ্ট কর্ত্তৃক নির্দ্দিষ্ট তারিখে রিপোর্ট দাখিল করিবেন। যে কোন কর্ম্মচারীএই সম্পর্কে কর্ত্তব্য পালনে শৈথিল্য করিবেন তাঁহার নামে গবর্ণমেণ্টের নিকট বিশেষ করিয়া রিপোর্ট করা বোর্ডের কর্ত্তব্য হইবে।

যথা সময়ে রিপোর্ট দিবার কথা।

২৫ ধারা। রিপোর্টে যে সকল বিষয় সম্বন্ধে লিখিতে হইবে তাহা তিন ভাগে বিভক্ত করিতে হইবে ও নিম্নলিখিত প্রকারে সাজাইতে হইবে :—

বিষয়ের পর্য্যায়ের কথা।

### বিষয়ের পর্য্যায়।

প্রথম ভাগ।—কার্য্য নির্ব্বাহের সাধারণ সমালোচনার কথা।

১। উপক্রমণিকা।
২। কর্ত্তৃত্বাধীন মহালের সংখ্যা।
৩। গবর্ণমেণ্টের প্রাপ্য রাজস্ব ও সেস।
৪। উপরিতন ভূম্যধিকারিদের প্রাপ্য খাজানা ও সেস।
৫। মহালের প্রাপ্য খাজানা ও সেস আদায়।
৬। মহালের প্রাপ্য খাজানা ও সেসের বাকী।
৭। মহালের দেয় ঋণ।
৮। কর্ত্তৃত্বের খরচ।
৯। রেট।
১০। স্থানীয় হিসাবের পরীক্ষক কর্ত্তৃক হিসাব আডিট।
১১। স্কুল, ডিসপেন্সারী ও উন্নতি সাধনার্থ কার্য্য।
১২। কৃষি কার্য্যের উৎকর্ষ সাধক কার্য্য বা উৎকর্ষ সাধক কার্য্যের পরীক্ষা।
১৩। মোট আয় ও ব্যয়।
১৪। জরীপ ও স্বত্বের লিখন।

১৫। সার্টিফিকট কার্য্যপ্রণালীমত কার্য্য।
১৬। প্রজাদের অবস্থা।
১৭। ওয়ার্ডসদিগের শিক্ষা।
১৮। আইনের কার্য্য চলন।
১৯। কর্ম্মচারিদের গুণাগুণ।

দ্বিতীয় ভাগ।—যে সকল বড় মহালের ৫০,০০০ টাকা বা তদধিক জমাবন্দী আছে তাহাদের সম্বন্ধে রিপোর্টের বৎসরের বিবরণ।

তৃতীয় ভাগ।—বৎসরের মধ্যে যে সকল মহালের কার্য্যভার গ্রহণ করা হয় বা ছাড়িয়া দেওয়া হয় তাহাদের বিশেষ বিবরণ।

ক্রোড়পত্র।—মহাল সকলের আয় ব্যয় সম্বন্ধীয় কার্য্যনির্ব্বাহ।

২৬ ধারা। বিশেষ উপদেশ। রিপোর্ট প্রস্তুত করিবার সময় কালেক্টর ও কমিশনরদিগকে নিম্নলিখিত বিশেষ উপদেশের উপদেশগুলি পালন করিতে হইবে। পূর্ব্ববর্ত্তী ধারার লিখিত তালিকার অন্তর্গত কোনং বিষয়ের সহিত পর্য্যায়ক্রমে এই সকল উপদেশের সম্পর্ক আছে।

২৭ ধারা। প্রথম বিষয়। উপক্রমণিকা— ম্যানেজরদের রিটরণ ও রিপোর্ট পাইবার তারিখের একটী তালিকা দিয়া কালেক্টরের রিপোর্ট আরম্ভ করিতে হইবে। ঐরূপে কমিশনরের রিপোর্টও কালেক্টরদের রিটরণ ও রিপোর্ট পাইবার তারিখের একটী তালিকা দিয়া আরম্ভ করিতে হইবে। অপর যে বিষয় সম্বন্ধে মুখবন্ধস্বরূপ কিছু বলা আবশ্যক বোধ হয় তাহা তৎপরে সংক্ষেপে লিখিতে হইবে।

২৮ ধারা। সপ্তদশ বিষয়। ওয়ার্ডসদিগের শিক্ষা।—প্রত্যেক পুরুষ নাবালগের শিক্ষার ও শিক্ষা সম্বন্ধে উন্নতির সমালোচনা করিতে হইবে। প্রত্যেক ওয়ার্ড কাহার তত্ত্বাবধানে আছে, ও প্রত্যেক ওয়ার্ডের শিক্ষার জন্য কিরূপ বন্দোবস্ত করা হইয়াছে ও কখন ও কাহার দ্বারা প্রত্যেক ওয়ার্ডের উন্নতি ও বিদ্যা শেষ পরীক্ষা হইয়াছিল ও ঐ পরীক্ষার ফল ও জিলার স্কুলের ঐ বয়সের ছাত্রের গড় শিক্ষার সহিত তুলনা করিলে প্রত্যেক ওয়ার্ডের শিক্ষা কিরূপ দাঁড়ায় তাহা রিপোর্টে লিখিতে হইবে।

২৯ ধারা। ঊনবিংশ বিষয়। কর্ম্মচারিদের গুণাগুণ।—যে সকল ম্যানেজর ও সহকারী ম্যানেজরের মাসিক বেতন ১০০৲ টাকা ও ১০০৲ টাকার অধিক তাঁহাদিগের যোগ্যতা ও আচরণের কথা ও মহাল সকলের কার্য্যাধ্যক্ষতার উপর কালেক্টরগণ যেরূপ কর্ত্তৃত্ব করেন তাহার কথা নিম্নলিখিত পাঠে লিখিতে হইবে :—

(১) বিভাগের সকল কর্ম্মচারির নাম কমিশনরের বিবেচনামতে কেবল রাজস্ব হিসাবে যোগ্যতানুসারে প্রত্যেক শ্রেণীতে সন্নিবেশ করণ।
(২) যে জিলাতে কর্ম্মচারা কাজ করেন।
(৩) যে তারিখ হইতে যে তারিখ পর্য্যন্ত নিযুক্ত ছিলেন।
(৪) যে প্রকারের কার্য্য করেন।
(৫) কালেক্টরদিগের মতের চুম্বক।
(৬) কমিশনরের মত।

কর্ম্মচারিদিগকে চারি শ্রেণীতে বিভক্ত করিতে হইবে মন্দ, চলতি, উত্তম, অত্যুত্তম। যে সকল কর্ম্মচারী বৎসরের মধ্যে বিশেষ কার্য্যকুশলতা ও শ্রমশীলতা দেখাইয়াছেন কেবল তাঁহাদেরই নাম এই শেষ শ্রেণীতে লিখিতে হইবে।

৩০ ধারা। দ্বিতীয় ও তৃতীয় ভাগ। এই দুই ভাগে মহালগুলি কেবল কোর্ট অব ওয়ার্ডের কার্য্যপক্ষে যে মহালের যেরূপ প্রাধান্য হয় তদ্বিবেচনায় অর্থাৎ উহার মোট খাজানা অনুসারে সাজাইতে হইবে। দ্বিতীয় ভাগে এরূপ সকল মহালের কথা লিখিতে হইবে যাহাদের এক একটির বিষয় স্বতন্ত্র করিয়া লিখিত হইবার উপযুক্ত। মোটামুটী বলিতে গেলে যে সকল মহালের মোট খাজানা ৫০,০০০ বা তদূর্দ্ধ টাকা সেই সকল মহাল এই শেষোক্ত প্রকারের মহাল বলিয়া গণ্য করিতে পারা যাইবে, কিন্তু যদি এইরূপ প্রত্যেক মহালের সম্বন্ধে কিছু বলিবার না থাকে তাহা হইলে এইরূপ প্রত্যেক মহাল ধরিতে হইবে না। পক্ষান্তরে যে সকল মহালের মোট খাজানা ৫০,০০০৲ টাকার কম তাহাদের কোন কোনটি সম্বন্ধে বৎসরের মধ্যে ঘটনার কথা লিখিবার উপযুক্ত হইতে পারে। যে সকল মহাল তৃতীয় ভাগে পড়ে তাহা অবশ্য দ্বিতীয় ভাগ হইতে বাদ দিতে হইবে। যেং মহালের কার্য্যাধ্যক্ষতা ভার বৎসরের মধ্যে গ্রহণ কি পরিত্যাগ করা হয় সেই সমস্ত মহালেরই বিবরণ তৃতীয় ভাগে দিতে হইবে।

৩১ ধারা। ক্রোড়পত্র।—ক্রোড়পত্রের প্রত্যেক ঘর বোর্ডের ১৮৭৭—৭৮ সালের রিপোর্টের ক্রোড়পত্রের ঘরের ন্যায় হইবে। ইহাতে প্রত্যেক মহালের আয়ব্যয় সংক্রান্ত কার্য্যাধ্যক্ষতা ও জিলার ও বিভাগের মোট দেখাইতে হইবে। ইহাতে যে সকল অঙ্ক থাকে তাহা ৩১ নং রিটরণের অঙ্কের সহিত মিলা চাই।

৩২ ধারা। ওয়ার্ডস মহালে যে সকল জরীপ, বন্দোবস্ত, কৃষি কার্য্যের উৎকর্ষ সাধক কার্য্য বা উৎকর্ষ সাধক কার্য্যের পরীক্ষা হয় তৎসম্বন্ধে ল্যাণ্ড রিকার্ডের ডিরেক্টর একখানি বাৎসরিক রিপোর্ট দাখিল করিবেন। উহা ১ জুলাই তারিখে বোর্ডের আফিসে দিতে হইবে।

৪। ৪৯ পৃষ্ঠায় ৩ পরিচ্ছেদের ২২ ধারার নম্বর পরিবর্ত্তন করিয়া ৩৩ করিতে হইবে। ওয়ার্ডস বিষয়ক বিধিপুস্তকের ৯৯ ও ১০১ পৃষ্ঠায় K ও L ক্রোড়পত্রের শীর্ষদেশে ২২ এই যে নম্বর আছে তাহা পরিবর্ত্তন করিয়া ৩৩ করিতে হইবে।

৫। মহালের সমস্ত ম্যানেজরকে এই সকল আদেশ জানাইতে হইবে।

---

৩ নম্বর।

১৮৮৪ সালের আবকারী বিধিপুস্তকের ১৮২ ও ১৮৩ পৃষ্ঠায় ১৫ পরিচ্ছেদে নিম্নলিখিত সংশোধনগুলি করিতে হইবে ও নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে।

২। নিম্নলিখিত ধারাটী ৪ ক ধারাস্বরূপ সন্নিবেশ করিতে হইবে :—

"যে সকল গ্রামে কোল, কোচ, মগ্‌রাই, বাঙ্গড়, গারো, হাজঙ্গ, বুনা, সাঁওতাল প্রভৃতি আদিম জাতি বাস করে জিলার কর্ত্তৃপক্ষগণ বোর্ডের অনুমতি লইয়া সেই সকল গ্রামের মণ্ডলের সহিত পচুইয়ের লাইসেন্সের বন্দোবস্ত করিতে পারিবেন। যে সকল পরিবার লাইসেন্স প্রদত্ত স্বত্ব উপভোগ করিবে তাহাদিগের সংখ্যা ও অবস্থা বিবেচনায় যে নির্দ্দিষ্ট মাসিক বা বাৎসরিক ফী স্থির হয় সেই ফীতে ঐ সকল লাইসেন্সের বন্দোবস্ত হইতে পারিবে। ২৬৯ পৃষ্ঠার A ক্রোড়পত্রে ২৭ক নং যে পাঠ আছে লাইসেন্স সেই পাঠে হইবে।"

৩। ৮ ধারার ৩ ও ৪ পংক্তিতে "ও আট সেরের অধিক জলমিশ্রিত পচুই" এই যে কথাগুলি আছে তাহা কাটিয়া দিতে হইবে।

৪। ১০ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী সন্নিবেশ করিতে হইবে।—

| | | | |
|---|---|---|---|
| সাঁওতাল পরগণা। | বর্দ্ধমান। | মানভূম। | "বাড়ীর ব্যবহারের জন্য পার্শ্বলিখিত জিলা সকলে পচুই তৈয়ারি করিবার অনুমতি দেওয়া গেল।" |
| দার্জ্জিলিঙ্গ। | বীরভূম। | ভাগলপুর। | |
| লোহারডগা। | বাঁকুড়া। | জলপাইগুড়ি। | |
| সিংহভূম। | মেদিনীপুর। | | |

৫। নিম্নলিখিত ধারাটী ১১ ধারাস্বরূপ সন্নিবেশ করিতে হইবে :—

"উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত আবকারী কর্ম্মচারি কর্ত্তৃক প্রদত্ত ছাড়পত্র বিনা কোন ব্যক্তিকে ৪ সেরের অধিক ঘরে তৈয়ারি করা বা লাইসেন্সপ্রাপ্ত দোকান হইতে ক্রয় করা অমিশ্রিত পচুই রাখিতে দেওয়া হইবে না। জিলার কর্ত্তৃপক্ষ, আবকারী ডেপুটী কালেক্টর, মহকুমার কর্ত্তৃপক্ষ ও জিলার কর্ত্তৃপক্ষের নিকট হইতে এতৎপক্ষে উপযুক্ত মতে ক্ষমতাপ্রাপ্ত অন্যান্য কর্ম্মচারিগণ এই ছাড়পত্র দিতে পারিবেন। ৪ সেরের অধিক যে কোন পরিমাণের ঘরে তৈয়ারি করা পচুই রাখিবার জন্য প্রত্যেক ছাড়পত্রের জন্য আট আনা ফী লওয়া হইবে। কিন্তু লাইসেন্সপ্রাপ্ত কোন দোকান হইতে ক্রীত পচুই অধিক পরিমাণে রাখিবার জন্য বিনা ফী ছাড়পত্র দিতে হইবে অর্থাৎ উক্ত ছাড়পত্রের জন্য কোন ফী দাবী করা হইবে না। ছাড়পত্র প্রবল থাকিবার কাল ফুরাইলেই উহা কালেক্টরকে ফিরাইয়া দিতে হইবে। ছাড়পত্রে যে মদিরার অনুমতি থাকে ছাড়পত্রধারী তাহার কোন অংশ বিক্রয় বা বিনিময় করিতে পারিবে না।"

৬।—নিম্নলিখিত ধারাটী ১২ ধারাস্বরূপ সন্নিবেশ করিতে হইবে :—

"এই সকল ছাড়পত্র এই ধারাসংযুক্ত ক ও খ পাঠে লিখিত হইবে। ১৮৮৪ সালের আবকারী বিধিপুস্তকের ১৮৩ পৃষ্ঠায় ১০ ধারায় যে পাঠ এতদিন দেওয়া ছিল খ পাঠদ্বারা তাহা রহিত হইল। ছাড়পত্রের জন্য দরখাস্ত আবকারী ডেপুটী কালেক্টরের কিম্বা মহকুমার কর্ত্তৃপক্ষের নিকট করিতে হইবে।"

ক পাঠ।

বাড়ীতে প্রস্তুত করা পচুই রাখিবার জন্য ছাড়পত্র।

বোর্ডের আবকারী বিধিপুস্তকের ১৮৩ পৃষ্ঠার ১৫ পরিচ্ছেদের ১২ ধারা দেখ।

ছাড়পত্র।

জিলার নাম

ছাড়পত্রের রেজিষ্টরি নম্বর

তারিখ। ১৮ সাল

অমুককে তাঁহার বাড়ীতে প্রস্তুত করা ৪ সেরের অধিক পচুই ১৮ সালের হইতে ১৮ সালের পর্য্যন্ত রাখিবার জন্য ছাড়পত্র দেওয়া গেল।

প্রদত্ত ফী।—আনা

ডেপুটী কালেক্টর।

তারিখ।

বোর্ডের আবকারী বিধিপুস্তকের ১৮৩ পৃষ্ঠায় ১৫ পরিচ্ছেদের ১২ ধারা দেখ।

ছাড়পত্র।

জিলার নাম।

ছাড়পত্রের রেজিষ্টরি নম্বর

তারিখ। ১৮ সাল

অমুক থানাস্থিত অমুক গ্রাম নিবাসি অমুককে তাঁহার বাড়ীতে প্রস্তুত করা এত সের * পচুই নিজের ব্যবহারের জন্য হইতে পর্য্যন্ত রাখিবার নিমিত্ত এতদ্দ্বারা অনুমতি দেওয়া গেল।

প্রদত্ত ফী।—আনা

ডেপুটী কালেক্টর।

তারিখ।

---

( * যে পরিমাণ রাখিবার অনুমতি দেওয়া যায় তদনুসারে পূরণ করিতে হইবে। )

খ পাঠ।

ক্রয় করা ৪ সেরের অধিক (অমিশ্রিত) পচুই রাখিবার জন্য ছাড়পত্র।

ছাড়পত্র।

জিলার নাম।
ছাড়পত্রের রেজিষ্টরি নম্বর।
তারিখ ১৮ সাল।

অমুককে লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতা হইতে ক্রয় করা ৪ সেরের অধিক পচুই ১৮ সালের হইতে ১৮ সালের পর্য্যন্ত রাখিবার জন্য ছাড়পত্র দেওয়া গেল।
এই ছাড়পত্র এত সের পচুয়ের জন্য দেওয়া হইল।
ডেপুটী কালেক্টর।

তারিখ।

ছাড়পত্র।

জিলার নাম।
ছাড়পত্রের রেজিষ্টরি নম্বর।
তারিখ ১৮ সাল।

অমুক থানান্থিত অমুক গ্রাম নিবাসি অমুককে এই ছাড়পত্র অনুসারে লাইসেন্সপ্রাপ্ত বিক্রেতা অমুকের নিকট হইতে (৪ সেরের অধিক) নিম্নলিখিত পরিমাণের পচুই নিজের ব্যবহারের জন্য ১৮ সালের হইতে ১৮ সালের পর্য্যন্ত রাখিবার জন্য অনুমতি দেওয়া গেল।
ডেপুটী কালেক্টর।

তারিখ।

৭। ১৮৮৪ সালের আবকারী বিধিপুস্তকের ২৬৯ পৃষ্ঠায় "বাড়ীর ব্যবহারের জন্য পচুই প্রস্তুত করিবার জন্য লাইসেন্স" এর এতৎসংযুক্ত পাঠটী সন্নিবেশ করিতে হইবে:—

২৭ ক পাঠ।

বাড়ীর ব্যবহারের জন্য পচুই প্রস্তুত করিবার জন্য লাইসেন্স।

জিলা।
নং রেজিষ্টরিতে লাইসেন্সের নম্বর।
লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির নাম। *
গ্রামের নাম। *

সকলে অবগত হউন যে, অমুক জিলার অমুক থানার অমুক গ্রাম নিবাসি অমুককে অমুক জিলার কালেক্টর সাহেব তাঁহার নিজ বাড়ীতে পচুই প্রস্তুত করিবার জন্য এতদ্দ্বারা ক্ষমতা দিলেন ও তিনি এই লাইসেন্সে ঐ গ্রামের অমুক জাতির অন্তর্ভুক্ত অপর যে সকল ব্যক্তির নাম লেখা আছে তাঁহারা এই লাইসেন্সের তারিখ হইতে ১৮৮ সালের মার্চ্চ মাস পর্য্যন্ত যে কেবল বাড়ীর ব্যবহারের জন্যই পচুই প্রস্তুত করিবেন তজ্জন্য দায়ী থাকিবেন।

১। তিনি নিম্নলিখিত কিস্তিতে গবর্ণমেণ্টকে এত টাকা টেক্স দিবেন।

(কিস্তি কালেক্টর স্থির করিবেন।)

২। তিনি কাহাকেও মদিরা বিক্রয় করিবেন না বা কাহারও নিকট হইতে মদিরার বিনিময়ে অন্য কোন দ্রব্য লইবেন না।

৩। তিনি কনষ্টেবল বা পিয়াদার পদের অপেক্ষা উচ্চ পদধারী কোন আবকারী কর্ম্মচারী তাঁহার লাইসেন্স দেখিতে চাহিলে তাহা তৎক্ষণাৎ পরিদর্শনের জন্য উপস্থিত করিবেন।

৪। উপরিলিখিত কোন নিয়ম ভঙ্গ হইলে এই লাইসেন্সধারীর লাইসেন্স বাতিল হইতে পারিবে ও ১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনের ৫৯ ধারায় যে দণ্ড নির্দ্দিষ্ট হইয়াছে তাঁহার সেই দণ্ডও হইতে পারিবে।

তারিখ। আবকারীর ভারপ্রাপ্ত ডেপুটী কালেক্টর।

* যে সকল গ্রামবাসী পচুই প্রস্তুত করিবার অনুমতি পাইবেন তাঁহাদের সকলের নাম এই লাইসেন্সে সন্নিবেশ করিতে হইবে।

CHUNDER NATH BOSE,
*Bengali Translator*

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 8, 1889

মঙ্গলবার, ১৮৮৯ সাল ৮ জানুয়ারি।

## PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

## LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

### জিলা বীরভূম।—জমিদারি বিক্রয়ের বিজ্ঞাপন।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বীরভূম জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে সেপ্টেম্বর কিস্তীর বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ৯ জানুয়ারি মোতাবেক ১২৯৫। ২৬ পৌষ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেইস্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ১৮৮৮। ২৭ অক্টোবর—

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজির নম্বর। | মহাল ও পরগনার নাম। | সম্পূর্ণ মহালের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না। | কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী। |
| ৬৬ নং | মুকন্দী পং কুতবপুর। | ১৫৩২/০ | সম্পূর্ণ ... | ...... | পরমশুকচন্দ্র দিঃ .. | ০ | ২১৪ | ০ |
| ৭৪ নং | কীর্ত্তিহাট পং খড়গ্রাম। | ১১২৬॥/ | ০ | ।১৬৮৶১৮ | উম্মত তাহেবর বিবি দিঃ। | ৬৭৪।৶২ | ০ | ৭৮/১১ |
| ২০৭নং | কীর্ণাহার পং কুতবপুর। | ৭৯৩॥৶ | সম্পূর্ণ .. | ... .. | তারাসুন্দরী দেব্যা দিঃ। | ০ | ৭৮৩ | ০ |
| ২৫১নং ৫৬ নং পৃঃ হিঃ | সিজান পং বার-বকসিংহ। | ২৯১৮/ | ০ | ।০ | গোপালচন্দ্র চক্র-বর্ত্তী দিঃ। | ৭২৯॥০ | ০ | ১৪/৫ |

C. J. S. FAULDER, *Collector.*

---

### বিজ্ঞাপন।

### জিলা বৰ্দ্ধমান।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বৰ্দ্ধমান জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী ১৮৮৮। ২৮ সেপ্টেম্বর প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯। ১২ জানুয়ারি তারিখ নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজির নম্বর। | মহাল ও পরগনার নাম। | সম্পূর্ণ মহালের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না | কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী। |
| ৬৯নং | মোহনপুর প. বাঘা। | ১৬৩৩।৶/১১ | নিলাম হইবে। | .... | নাবালক উপেন্দ্রনারায়ণ মুখোপাধ্যায় অলি অছি নবকৃষ্ণ মুখোপাধ্যায়। | ...... | ১৭২।৪ | ...... |
| ১০৭নং | কাশীপুর মজকুরী পং চোটিপুর। | ২.৫৯৮৶৷ | ঐ | .... .. | শ্রীমতী সুধাময়ী দেব্যা | ..... | ৬১৯৲৪ | ...... |

H. SAVAGE,
*Offg. Collector.*

জেলা ফরিদপুর।

জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৮৮ সনের কিস্তী সেপ্টেম্বরের বাকী ওয়াসীল কারণ ৫০০ টাকার ঊর্দ্ধ সদর জমার মহাল ১৮৮৯ সনের ৯ই জানুয়ারি মোঃ ১২৯৫ সনের ২৬ পৌষ বুধবার দিবস নিলামের দিনাবধারিতে ১৮৪৫ সনের ১১ আইনমতে নিলামী এস্তাহার।

| তৌজির নম্বর। | মহাল ও পরগনার নাম। | মোট মহালের সদর জমা। | মোট মহাল নিলাম হইবে কি না। | কোন অংশ বিক্রয় হইলে ঐ অংশের পরিমাণ। | যে অংশ বিক্রয় হইবে ঐ অংশের মালীকের নাম। | যদি কোন অংশ বিক্রয় হয় তবে ঐ অংশের জমা। | মোট মহাল বিক্রয় হইলে তাহার বাকী। | যদি অংশ বিক্রয় হয় তবে ঐ অংশে বাকী। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪২৫১ নং | তাং রাজা ইন্দ্রভূষণ দেব-রায় পং নশরতশাহি। | ৭৬৭৯॥/১ | না | হিস্যা পৃথক ⅟ আনা ... | কালীপ্রসন্ন ও যোগেন্দ্র নাথ রায় গয়রহ। | ২৩২৯৸/১০ | ...... | ৬/১ |
| ৩১৫৪ নং | তাং রত্নেশ্বর পাল চৌধুরি পং ঐ। | ২৫৪৯৶/৮ | না | হিস্যা পৃথক বাদে অবশিষ্ট ।৶৴ গণ্ডা। | সত্যচরন রাধিকাপ্রসাদ ঘোষ গয়রহ। | ১১৭১৸৶৮ | ...... | ১২৩৸৶১ |
| ৫০২৮ নং | তাং বাসুদেব রায় পং রাজ নগর। | ৪১১৯।৯॥ | ষোল আনা | ...... | কালীকৃষ্ণ পাল ও গোপী-মোহন রায় গয়রহ। | ..... | ১১৩৫৶১০॥ | ...... |
| ঐ | ঐ ঐ | ৪১১৯।৯॥ | না | হিস্যা পৃথক ।৶ আনা ও হৃদয়কৃষ্ণ সাহার অংশ বাদে অবশিষ্ট ॥৶ আনা অংশ। | গোপীমোহন ও বৈকুণ্ঠ মোহন রায় গয়রহ। | ২৫৭৪॥/৯॥ | ...... | ৬২২৸৶৪ |
| ৪১৩১ নং | তাং আকা গোলাম আলী পং চর কোড়ংপুর। | ৫৫৭।১১ | না | হিস্যা পৃথক বাদে অবশিষ্ট ।.০ আনা। | সাহাজদী ওরফে খএরন্নেছা বেগম গং। | ২৭৩।৶১॥ | ...... | ৬৮৶৫ |
| ১৪৮২ নং | তাং হিঃ পীতাম্বর সেন পং রাজ নগর। | ১৮৫১॥৶৯॥ | না | হিস্যা পৃথক বাদে অবশিষ্ট ॥০ আনা। | ঐ ঐ | ৯২৭৸/৫৸ | ...... | ২০৭৸৶১০৸ |
| ৬২২০ নং | তাং হিঃ নিলমণি সেন পং ঐ। | ৫৯৭৸৩ | না | হিস্যা পৃথক বাদে ।৶১০ আনা অংশ। | রাজকুমার ও মহিমাচন্দ্র পাল গং | ২৮০৶১॥ | ..... | ৮২॥১॥ |
| ৯৫১২ নং | দেয়াড়া মহাল মৌঃ ভা-শান চর। | ১২১৭৲ | হইবেক | ষোল আনা ... | চন্দ্রমোহন সেন ও হরিমোহন মজুমদার ও মেঃ এম ডেবিড সাহেব গং। | ..... | ১৩১।৹ | ...... |

T. J. Grant,
Collector.

বিজ্ঞাপন।

বাখরগঞ্জ জিলার জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে বাখরগঞ্জ জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশগুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৮৮ সনের ২৮শে সেপ্টেম্বর পর্য্যন্ত বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯। ৯ জানুয়ারি মোঃ ১২৯৫। ২৬ পৌষ বুধবার তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। যে স্থলে এতৎসংযুক্ত বর্ণনাপত্রের ৫, ৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ১৮৮৮। ২০ নবেম্বর।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজির নম্বর। | মহাল ও পরগণার নাম। | সম্পূর্ণ মহালের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না। | কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ২ অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী। |
| ১৪১৬ | বাঞ্ছারাম বসু তালুক হিঃ ৷৹ আনা পং বোজর্গ ওমেদপুর। | ১৫৫০।/৩ | ...... | হিসাব পৃথক হিঃ ৵০ আনা... | নবিনচন্দ্র চক্রবর্ত্তী .. | ২৯০।১০ | ...... | ৮৪।৶০ |
| ১৪৩২ | বাগদেশ্বর জোওয়ালীর তালুক পং ঐ। | ১২৮০২।৶৬॥ | ...... | এজমালী হিঃ ।০ আনা ... | গোলাম আরফীল কাজী গং... | ৩২০০॥/৬ | ...... | ৯৪৩।৶৩ |
| ১৪৮৭ | জীবনকৃষ্ণ সেন ও হরেকৃষ্ণ সেন ও কমলকৃষ্ণ সেন ও গোবিন্দ দেব রায় ও প্রাণমাণিক্য চন্দ্ররায় ও দর্প নারায়ণ রায় ও মৃত্যুঞ্জয় মুখুয্যা তালুক পং ঐ। | ২২৯৫॥/৫॥ | ষোল আনা | ...... | উমাচরণ চট্টোপাধ্যায় গং ... | ... .. | ২৩৬।৴৮॥ | ০ |
| ১৫৫৮ | মহম্মদ হামজা তালুক পং ঐ | ১১৫৯৶৮ | ...... | এজমালী হিঃ ॥০ আনা .. | গিরিশচন্দ্র মুখোপাধ্যায় .. | ৫৭৯॥/১০ | .. ... | ১০৬।৵০ |
| ১৫৬৮ | প্যারাটী আলকজণ্ডর তালুক পং ঐ। | ৫৮৩৩৯০॥ | ...... | হিসাব পৃথক হিঃ ৵০ আনা | তারামণী দেব্যা ... | ৯০৬।/৪ | ...... | ২৬৮৷৶১ |
| ১৫৮৫ | রাধাকৃষ্ণ রায় ও হরানন্দ রায় ও কালিদাস সিদ্ধান্ত তালুক পং ঐ। | ২৪৩৩॥৵১০ | ...... | এজমালী হিঃ ।/১৫৬—১০ .. | বৃন্দাবনচন্দ্র চক্রবর্ত্তী রায় চৌধুরি। | ৮৭৫॥৶৭ | ...... | ৪২৬৶০॥ |
| ১৬৩৩ | রামরাজা দেও তালুক পং ঐ | ২৩৬২৶১১॥ | ...... | হিসাব পৃথক হিঃ ৵০ আনা | তারামণী দেব্যা ... | ৩৮৬॥৶৭ | ...... | ১১৫৮৭ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৬৫২ | রোমজান বিবি ও করজান বিবি ও ছদরদ্দীন কাজী তালুক পং ঐ— | ৫৬৫।৶৭॥ | ...... | হিসাব পৃথক হিঃ ।০ আনা ... | উকিলদ্দী কাজি ... | ১৪১।/৮ | ...... | ২৭।৶১১ |
| ১৬২১ | ঐ | ঐ | ...... | হিসাব পৃথক হিঃ ৶০ আনা .. | রহমজান বিবি .. | ৭০॥৶১০ | ...... | ১৪৲৯॥ |
| ১৭২৭ | চিকনীকান্দী মৌজা হিঃ ।৶০ আনা পং চন্দ্রদ্বীপ ওগয়রহ। | ২৮১৫৮৶১০ | ... .. | এজমালী হিঃ ।৶৯ = ১৬ দন্তী . | গোলোকচন্দ্র মহীন্থা গং ... | ১৩৭১৮/২ | ...... | ১০১॥৵৬॥ |
| ১৭৩৯ | খাজেচুর তালুক হিঃ ।/৬৮ গণ্ডা পং চন্দ্রদ্বীপ। | ২৫২৫৶১॥ | ষোল আনা... | ... .. | ওয়াজেদন্নেছা খানম গং .. | ...... | ৮৭১॥৶৭॥ | ...... |
| ১৭৪৪ | কৃষ্ণরাম সেন তালুক পং ঐ— | ৮৯৩।৶০॥ | ...... | এজমালী হিঃ ॥৶০ আনা ... | করিমদ্দী তালুকদার গং ... | ৬১৬।৭॥ | ... .. | ১৬৮/৮ |
| ১৭৪৭ | মাহামদ হায়াত তালুক হিঃ ৶৫ আনা পং ঐ— | ১৮০৮৮৶২॥ | ...... | ষোল আনা রকমের হিসাব পৃথক হিঃ ৶১৩৮/ কাগ। | গোপী কোঁওর উচ্চী জ.নিবে বিনায়ক রায় ও মুকুন্দরাম পাণ্ডা নাবালগদ্বয়। | ৩৪৩/৫ | ...... | ৪/৭ |
| ১৯১৬ | হাবেলী সিলিমাবাদ তপ্পা হিঃ ১০ গণ্ডা। | ১০৫৫।৶৯॥ | ...... | এজমালী হিঃ ।/১০ গণ্ডা .. | বামাসুন্দরী গং ... | ৩১৯।৶২। | ...... | ৪৭৲৬৮ |
| ১৯৯৭ | ফতেমাহাম্মদ তালুক পং খাঞ্জা বাহাদুর নগর। | ৭৩৮৶৯ | ষোল আনা... | ...... | কালীপ্রসন্ন চট্টোপাধ্যায় ... | ..... | ৯২/ | ...... |
| ২৭৫৯ | দুর্গাগঙ্গেশ্বর তালুক পং উত্তর সাহাবাজপুর। | ১০৩৭॥৶২॥ | ...... | হিসাব পৃথক হিঃ ॥০ আনা .. | অন্নদাসুন্দরী গং ... | ৫১৮৮/৮ | ...... | ৪২।৶১। |
| ২৭৫৯ | ঐ | ঐ | ... .. | হিসাব পৃথক হিঃ ৶১৩।—ক্রান্ত | আবদুল আজীজ চৌধুরি ... | ১৭২৮৶২॥ | ...... | ৬১।০। |
| ৩২৫৭ | রত্নদী কালীকাপুর পং হিঃ ।০ আনা। | ৬৩০৯।৶১০ | ...... | হিসাব পৃথক হিঃ ১২ গণ্ডা .. | তারামণী দেব্যা স্বয়ং ও কার্য্যাধ্যক্ষ পক্ষে রাজেশ্বরী দেব্যা | ২৯১৮১ | ...... | ৪৪৶৬ |
| ৩২৫৮ | ঐ | ঐ | ...... | হিসাব পৃথক হিঃ ১০ গণ্ডা ... | ঐ | ১৯৭৶৯ | ...... | ৫১৮/৯ |
| ৩৩০৫ | সাইস্তানগর পং হিঃ ।/১৮ গণ্ডা। | ৬৪৪।৶১ | ...... | হিসাব পৃথক হিঃ ৶২। কড়া ... | শরৎচন্দ্র রায় চৌধুরি ... | ১২২ /৯ | ...... | ৩৮৶৩ |
| ৩৩০৫ | ঐ | ঐ | ...... | হিসাব পৃথক হিঃ ৶২ আনা | দক্ষিণা দেব্যা ... | ৯১॥/১১ | ...... | ২১৮/২॥ |
| ৩৩১০ | আমানুল্লা তালুক হিঃ ॥৶১৮ গণ্ডা পং সাইস্তানগর। | ৮৭১॥৶৪। | ...... | এজমালী হিঃ ৶১৮।৶১৮ ছটাক | রাজা আগুারদ্দীন আহম্মদ ওরফে জঞ্জন মিঞা গং। | ২১৩।৶৮॥ | ...... | ২৫৲ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজির নম্বর। | মহাল ও পরগণার নাম। | সম্পূর্ণ মহালের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না। | কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ২ অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী। |
| ৩৫৫৮ | তপে সুলতানাবাদ জমিদারি | ২৩১২৮৶৫ | ...... | হিসা ২ পৃথক হিঃ ৵১।১৮৸=১০ | সৈদমাজ্জমালী চৌধুরী .. | ২৯৮৭।১০ | ..... | ৯৩৭৻৩ |
| ৩৮৪৬ | সিলিমাবাদ পং হিঃ ১২। গণ্ডা | ৩৬৮২৶৫ | ...... | এজমালি হিঃ ॥৶১০ আনা ... | উমাচরণ চক্রবর্ত্তী ... | ২৪১৬।৶২ | ..... | ৮৩৭৶২ |
| ৩৮৬২ | আবদুল্লাপুর তপপা হিঃ ॥৶:৩। গণ্ডা। | ২৩৬৭৸৶০ | ষোল আনা | ...... | দুর্গাচরণ পাল গং ... | ...... | ৬২।১১ | ...... |
| ৪৫৩৯ | বাঙ্গারাজীদরি আবাদ অন্নপূর্ণা চৌধূরাণী ও পার্ব্বতী দাসী তালুক পং চন্দ্রদ্বীপ। | ৫৯৯৫ | ...... | এজমালী হঃ ৸০ আনা ... | রাসমণী .. | ৪৪৯৬।০ | ...... | ১৯৩৫॥০ |
| ৪৫৪৬ | পাদ্মা ওরফে রুমজানপুর চর পং কাশীমপুর সেহালাপট্টী। | ৫৩৮৩ | ষোল আনা | ...... | আমিরন্নেছা খাতুন গয়রহ ... | ...... | ২০২৪৲ | ...... |
| ৪৬৪৪ | কালীবাড়ি আবাদ এছমাইল খাঁ তালুক পং আওরঙ্গপুর | ২১৮৬৲ | ঐ | ...... | বিশ্বেশ্বর রায় চৌধুরি গয়রহ | ...... | ৪০।০ | ...... |
| ৫১৯৩ | রামদেব দত্ত তালুক মৌজে বারাহীপুর পং গোপালপুর ব্রহ্মনগর। | ৬৯২৲ রাস্তাখরচ ৭৲ | ঐ | ...... | জেমারুদ্দী হাওলাদার গয়রহ | ...... | ১৸০ | ...... |
| ৫২১১ | কুমরিয়াচক হিঃ ৸৶১৮।—ক্রান্ত পং উত্তর সাহাবাজপুর। | ৬৯৯৲ ১১৫৭॥৶১ রাস্তাখরচ ১১।১১ | ...... | এনালজী হিঃ।৴১॥=২৸ ... | গোলামালী চৌধুরি গয়রহ ... | ৩৮০৸৫ | ...... | ৩৭॥৩॥ |
| ৬৪১২ | তপে আজীমপুর ও পং যাহাপুরের অন্তর্গত ১৬৭২নং থাক মৌঃ দরিচর লক্ষ্মীপুর ওরফে খালাশী চরের গত সরবের অতিরিক্ত জমী মহাল। | ১১৬৯৲ ৫২৮৲ | ষোল আনা | ...... | আবদুল মজীদ কাজী চৌধুরি | ...... | ১৯৮৲ | ...... |

A. L. CLAY,
*Collector.*

## জিলা নোয়াখালি।

### জমিদারী বিক্রয়ের ইস্তাহার।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার বিধানমতে জিলা নোয়াখালির মধ্যগত কালেক্টরির তৌজিভুক্ত নিম্নলিখিত মহাল ১৮৮৮ সনের ২৮ সেপ্টেম্বরের সূর্য্যাস্তের প্রাপ্য বাকী রাজস্ব আদায় নিমিত্ত ১৮৮৮ সনের ১২ জানুয়ারি মোতাবেক বাঙ্গলা ১২৯১ সনের ২৯ পৌষ শনিবার উক্ত জিলার কালেক্টরির কাছারিতে বিনা আপত্ত্যে প্রকাশ্য নিলামে ধরা যাইবেক। ইতি ১৮৮৮ সন তারিখ ৩১ অক্টোবর।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজীর নম্বর। | মহালের নাম এবং পরগণা। | সমুদয় মহালের সদর জমা। | সমুদয় অংশ নিলাম হইবে কি না। | যদি এক অংশ নিলাম হয় তবে কত অংশ। | যে সম্পত্তি নিলাম হইবে তাহার মালিকের নাম। | যদি এক অংশ নিলাম হয় তবে তাহার সদর জমা কত। | যদি সমুদয় অংশ নিলাম হয় তবে তাহার বাকী কত | যদি এক অংশ নিলাম হয় তবে তাহার বাকী কত। |
| ৪৫ | কিসমত মহিন্দ্র-নারায়ণ পরগণে সুন্দীপ। | ৬৩৭৴১: | সম্পূর্ণ ... | ... | ঈশানচন্দ্র নন্দি | ... | ১০৯।৶১ | ... |

A. Boroоah,
*Offg. Collector.*

## জিলা বর্দ্ধমান।

### ইস্তাহারনামা কাছারি কালেক্টরী।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে নিম্নলিখিত বিক্রয়ের সর্ত্ত অনুসারে বর্দ্ধমান জেলাস্থিত সব-ডিবিজান রাণীগঞ্জের এলাকা ভুক্ত সীতারামপুর গ্রামের পুরাতন পোষ্ট আপীসের জায়গায় গবর্ণমেন্টের যে স্বত্ব আছে তাহা নিষ্কর স্বরূপে জেলা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে ১৮৮৯ সালের ১২ জানুয়ারি মোং বাঙ্গালা ১২৯৫। ২৯ পৌষ শনিবার তারিখে নিলামে বিক্রয় হইবেক খরিদদারগণ নিম্নলিখিত নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

### বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্য যাহা নিলাম কালীন স্থির হইবেক তদপেক্ষায় যে ব্যক্তি অধিক মূল্য দিতে স্বীকার করিবেন তাহাকে বিক্রয় করা যাইবেক।

২। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হইলে মূল্যের সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক।

৩। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মূল্যে চতুর্থাংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনে দিবা দুই প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবেক দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথম স্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারি করিয়া ত্রুটিকারি খরিদদারের ঝুকিতে পুনরায় নিলাম করা যাইবেক।

৪। নিলাম মঞ্জুর হইলে খরিদারদিগকে দখল দেওয়া যাইবেক। ইতি ১৮৮৮ সাল ৮ নবেম্বর।

| লাটের তরতিবর নম্বর। | জেলা। | মৌজা পরগণা। | একর হিসাবে জমির পরিমাণ। | | জমির বাউণ্ডরি। |
|---|---|---|---|---|---|
| ১ | বর্দ্ধমান | সীতারামপুর পং সেরগড়। | এ: রোঃ পোল<br>০ ।০ ।২৭ | ০ | উত্তর।—মেশের লাল বিহারি মিস্ত্রীর দোকান।<br>দক্ষিণ।—উলকট সাহেবেরবাটী।<br>পশ্চিম।—ফিডর রোড।<br>পুর্ব্ব।—কানাঞী গোপের আবাদী জমী। |

H. Savage,
*Offg. Collector.*

---

ইস্তাহারনামা কাছারি কালেক্টারি জেলা মেদিনীপুর।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে মেদিনীপুর জেলার অন্তর্গত পরগনে মাজনামুঠার সামিল জুরমুঠ মৌজার নিস্পি জমি যাহা নিম্নলিখিত তৌজী ভুক্ত মহাল জুরমুঠ নামে খ্যাত আছে ঐ ভূমিতে গবর্ণমেন্টের যে স্বত্ব, স্বামীত্ব, ও লভ্য আছে তাহা জেলা মেদিনীপুরের কালেক্টারিতে ১৮৮৯ সালের ১২ জানুয়ারি মোঃ আমলি সন ১২৯৬ সালের ১ মাঘ শনিবার তারিখে নীলামের দ্বারায় বিক্রয় হইবেক খরিদদার নিম্নলিখিত নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্যের অতিরিক্ত যে ব্যক্তি সর্ব্ব উচ্চ ডাক করিবেন তাহাকেই উক্ত ভূমি বিক্রয় করা যাইবেক খরিদদার উক্ত জমিনের নিস্পি যোতদার বলিয়া গন্য হইবেন এই মহালের জমিতে গবর্ণমেন্টের যে সমস্ত স্বত্ব, স্বামীত্ব ও লভ্য আছে তাহা খরিদদারের প্রতি বর্ত্তিবে। কিন্তু উক্ত খরিদদারকে মিয়াদি বন্দোবস্তি মাজনামুঠা জমিদারি যাহা এক্ষণে সরকার বাহাদুরের খাস তহশীলের অধীনে আছে তাহার জমিদারগণকে নিম্নলিখিত নিস্পি খাজানা ও পেসকস জমা সন সন দিতে হইবেক। গবর্ণমেণ্টকে বাৎসরিক কোন রাজস্ব দিতে হইবেক না।

২। বর্ত্তমান পাট্টা ও বন্দোবস্তের কার্য্য ও প্রচলিত আইন দ্বারা যে স্বত্ব অর্পণ হইয়াছে তাহার অধীনে নীলাম হইবেক খরিদদার খোদ কস্তা রায়ত যাহারা রেবিনিউ কর্ম্মচারিদিগের প্রস্তুত করা জমাবন্দিতে দস্তখত করিয়াছে তাহাদিগের স্বত্ব মান্য করিতে বাধ্য হইবেন।

৩। খরিদের মূল্য ১০০ টাকার অধিক না হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক।

৪। খরিদের মূল্য ১০০ টাকার অধিক হইলে মুল্যের চতুর্থাংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনে দিবা দুইপ্রহরের মধ্যে বাকি টাকা দাখিল করিতে হইবে ঐ দিবস বন্দের দিন হইলে তৎপর প্রথমে যে দিনে কাছারি খোলা যায় সেই দিনে দুইপ্রহরের মধ্যে দাখিল করিতে হইবেক দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথম স্থনীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারি করিয়া এই মহাল ত্রুটিকারি খরিদদারের ঝুকিতে পুনরায় নীলাম করা যাইবেক ইতি।

| তৌজির নম্বর। | মহালের নাম ও পরগণার নাম। | রকবা। | বার্ষিক জমা। | জমা যাহা মাজনামুঠার জমিদারকে দিতে হইবেক। | | নির্দ্ধারিত মূল্য। |
|---|---|---|---|---|---|---|
| | | | | পেসকস জমা। | নিস্পি জমা। | |
| ৪৭ | মং জুরমুঠ পং মাজনামুঠা। | বিঘা কাঠা ছটাক<br>৭ ।।১ /<br>একার রোড পোল<br>২ ২ ০ | ২৶৭ | ২৶২ ১/২ | ১।/১ ৩/৪ | ২১।।৶ |

মেদিনীপুর কালেক্টারি
সন ১৮৮৮। ১৫ নবেম্বর।

E. Geake, for Collector.

## Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pound* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8. The general public can be supplied by the Superintendent, Botanic Garden *or cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

---

### গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টিন ৪৷৷০ টাকা; প্রতি ৮ আউন্স টিন ৮৷৷০ টাকা প্রতি ১ পাউণ্ড টিন ১৬৷৷০ টাকা। এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টিন ৫৷৷০ টাকা; ৮ আউন্স টিন ১০৷৷০ টাকা ১ পাউণ্ড টিন ২০৲ টাকা। এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্যব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ৷৷০ আট আনা ও প্রতি পাউণ্ড টিনে ৸০ বার আনা ডাক মাসুল দিতে হইবে।

---

### জ্বরনাশক দানাবান্ধা সিন্কোনা।

লাল সিন্কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরে রয়েল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০ পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন ৬৷৷০ টাকায়, ৮ ঔন্স টিন ১২৷৷০ টাকায়, ও ১ পৌণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্ব-সাধারণে কোম্পানীর বাগানের সুপরিন্টেণ্ডেণ্টের নিকটে নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টীন ৮৷৷০ টাকায় ৮ ঔন্স টীন ১৬৷৷০ টাকায় ও ১ পৌণ্ড টীন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হারের অতিরিক্ত ৪ ঔন্স টিনের ।০ আনা, ৮ ঔন্স টিনের ৷৷০ আনা, ও ১ পৌণ্ড টিনের ৸০ আনা ডাক মাসুল দিতে হইবে।

---

## NOTICE.

*The 21st February* 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

| *For the Mofussil.* | | Rs. | A. | P. | |
|---|---|---|---|---|---|
| Entire Gazette ... ... | ... | 10 | 0 | 0 | per annum. |
| Postage ... | ... | 2 | 8 | 0 | " |
| Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal | ... | 4 | 0 | 0 | " |
| Postage ... | ... | 1 | 0 | 0 | " |
| For a single copy— | | | | | |
| Entire Gazette ... ... | ... | 0 | 4 | 0 | |
| Postage ... | ... | 0 | 1 | 0 | |
| Parts III, IV, V, and VI .. | ... | 0 | 1 | 0 | for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4. |
| Postage ... | ... | 0 | 1 | 0 | |

*For Calcutta.*

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. BAKER,
*Offg. Under-Secretary to the Govt. of Bengal.*

---

## বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

| মফঃসলে। | | | টাকা |
|---|---|---|---|
| সম্পূর্ণ গেজেট ... | ... | বৎসর | ১০৲ |
| ডাকমাসুল ... | .. | " | ২॥০ |
| ৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে) ... | .. | " | ৪৲ |
| ডাকমাসুল ... | ... | " | ১৲ |
| সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য ... | ... | | ।০ |
| ডাকমাসুল ... | ... | | /০ |
| ৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)... | ... | ... | /০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর একং আনা। |
| ডাকমাসুল ... | ... | ... | /০ |

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাসুল লাগিবে না।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

## NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
*Under-Secretary to the Govt. of Bengal.*

*The 12th December* 1882.

---

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

| | Rs. |
|---|---|
| Full page, per issue ... ... ... ... ... | 20 |
| Half „ ... ... ... ... ... | 10 |

Casual advertisements.—4 annas per line.

---

## বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারীয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর

---

বক্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই২।—

| | টাকা। |
|---|---|
| পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের ... ... ... | ২০৲ |
| আধ পৃষ্ঠা ... ... ... | ১০৲ |
| কখন২ ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি ... ... | ।০ |

---

## বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েস্ট টৌন হালের হাতার স্থিত বঙ্গদেশের গবর্ণমেন্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেন্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

## For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

*N.B.*—Copies are still available.

---

## বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড এম. এ, ও এল, এল, ডি, সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারীর প্রজাবিষয়ক আইন সংহিতা।

একংখানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকোণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

---

কলিকাতা প্রেসিডেন্সী জেল যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডওয়ার্ড মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 36:—28-12-88—897—320

Numb. 2581 [২৫৮১]

REGISTERED No. 30

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JANUARY 15, 1889.

মঙ্গলবার, ১৮৮৯ সাল ১৫ জানুয়ারি।

CONTENTS.



নির্ঘণ্ট



## PART II.

### Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

## দ্বিতীয় খণ্ড।

### বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 3352A.

REGISTRATION.—*The 7th January*, 1889.—Baboo Abinash Chundra Mitter, Special Sub-Registrar of Krishnaghur, in the district of Nuddea, is transferred to Khoolna.

Baboo Ram Chunder Bose, Jailor of the Nuddea Jail, is appointed to be Special Sub-Registrar of Krishnaghur, in the district of Nuddea, *vice* Baboo Abinash Chundra Mitter, transferred.

J. WARE EDGAR,
*Chief Secretary to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The 8th January*, 1889.—The Lieutenant-Governor is pleased to notify the following amendment in the forms of way-bill for batches of coolies proceeding to the labour-districts prescribed by the notification of the 23rd August, 1887, and published at page 756 of Part I of the *Calcutta Gazette* of the 20th idem :—

The words, "the officer in charge of the depôt at the port of debarkation, or if there be no debarkation depôt at the place of final landing," shall be inserted between the words "Naraingunge" and "the Magistrate" in clause 2(*b*) of the form referred to.

P. NOLAN,
| For one year | ... | ... | ... | 3,841 | 8 | 0 |
| Clothing allowance of 21 men, at Rs. 4 each for one year | | | ... | 84 | 0 | 0 |
| Repairs of barracks | ... | ... | ... | 50 | 0 | 0 |
| | Grand total for one year | | ... | 3,975 | 8 | 0 |

J. Ware Edgar,
*Chief Secy. to the Govt. of Bengal.*

## PUBLIC WORKS DEPARTMENT—(MARIEN).

NOTIFICATION No. 14Mne.

*The 29th January* 1889.—The following correspondence, received from the Government of Bombay, dated the 22nd January 1889, regarding the enforcement of B Quarantine Rules at Aden and Perim against arrivals from Bombay, is published for general information.

C. W. I. Harrison, *Lieut.-Col.*, R.E.,
*Offg. Joint-Secy. to the Govt. of Bengal, P. W. Dept.*

No. 287, dated Bombay Castle, the 22nd January 1889.

From—J. DeC. Atkins, Esq., c.s., Under-Secretary to the Government of Bombay, General Department,

To—The Secretary to the Government of Bengal.

In continuation of my telegram of the 14th instant, I am directed to forward herewith for the information of the Government of Bengal, copy of a Resolution of this Government, No. 285, dated 22nd idem, and of the notification issued thereunder, regarding the enforcement of the B Quarantine Rules at Aden and Perim against arrivals from Bombay.

*Quarantine: Imposition of—at Aden and Perim against arrivals from Bombay.*

No. 285, dated Bombay Castle, the 22nd January 1889.

[General Department.]

Telegram from the Government of India, Home Department, dated 21st January 1889 :—

"No. 12. Your telegram 14th. Imposition of quarantine at Aden and Perim against arrivals from Bombay sanctioned."

Resolution.—A notification should be published in a *Bombay Government Gazette* Extraordinary bringing the B Quarantine Rules into operation at Aden and Perim against arrivals from Bombay.

2. Copies of the notification should be forwarded to the Political Resident, Aden, and the other Officers and Departments concerned, for information, with reference to Government Resolution No. 157, dated 14th instant. Copies should also be forwarded to the Governments of India, Bengal, Madras and Ceylon, and the Chief Commissioner, Burmah.

J. DeC. Atkins,
*Under-Secretary to Government.*

২। উক্ত দলের নিম্নলিখিত মোট খরচ উক্ত সকল গ্রামবাসিদের অবস্থানুসারে তাহাদিগের উপর ধার্য্য হইয়া তাঁহাদের স্থানে আদায় করা যাইবে।

| | টাকা। |
|---|---|
| চতুর্থ শ্রেণীর একজন সব-ইন্সিপেক্টর ... ... ... | ৫০৲ |
| প্রথম শ্রেণীর একজন হেড কনষ্টেবল ... ... ... | ২৫৲ |
| দ্বিতীয় শ্রেণীর " " ... ... ... | ১০৲ |
| প্রত্যেকে ৯৲ টাকা করিয়া প্রথম শ্রেণীর পাঁচ জন কনষ্টেবল ... ... | ৪৫৲ |
| " ৮৲ " দ্বিতীয় শ্রেণীর সাত " " ... ... | ৫৬৲ |
| " ৭৲ " তৃতীয় শ্রেণীর সাত " " ... ... | ৪৯৲ |
| পেন্সনের উপলক্ষে টাকায় ৴১০ হিসাবে ... ... | ৩০৷৵১০ |
| শতকরা ১০৲ টাকার হিসাবে নৈমিত্তিক খরচ ... ... | ২॥০ |
| মোট ... | ২৬৮৵০ |
| এক জন সব-ইন্সিপেক্টরের নৌকাভাড়া ... ... ... | ২০৲ |
| | ৩২০৵০ |
| এক বৎসরের নিমিত্ত ... ... ... ... | ৩,৮৪১॥০ |
| প্রত্যেক জনের বৎসর ৪৲ টাকার হিসাবে ২১ জনের কাপড়ের খরচ ... | ৮৪৲ |
| বার্ষিক মেরামতের ... ... ... ... ... | ৫০৲ |
| সর্ব্বযুদ্ধ একবৎসরের মোট ... | ৩,৯৭৫॥০ |

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

## বঙ্গদেশের পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্ট—মেরিন্।

মেরিন ১৪ নং বিজ্ঞাপন।

১৮৮৯ সাল ২৯ জানুয়ারি।—বোম্বাইহইতে আগত জাহাজের বিরুদ্ধে এদন ও পেরিমে B চিহ্নিত কারান্টাইন বিধি প্রবল করণ সম্বন্ধীয় বোম্বাইর গবর্ণমেণ্টহইতে প্রাপ্ত ১৮৮৯ সালের ২২ জানুয়ারি তারিখের নিম্নলিখিত চিঠিপত্র সাধারণের অবগতির নিমিত্ত প্রকাশ করা যাইতেছে।

সি, ডবলিউ, আই, হারিসনলেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটরী।

২৮৭ নং, বোম্বাই কাসল, ১৮৮৯ সাল ২২ জানুয়ারি।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের নিকট,

জেনরল ডিপার্টমেণ্টে বোম্বাই গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী শ্রীযুত জে, ডি, সি, আটকিন্স সি, এস সাহেবের পত্র।

আমার এই মাসের ১৪ তারিখের টেলিগ্রাফের আনুক্রমে, আমি বঙ্গদেশের গবর্ণমেণ্টের অবগতি নিমিত্ত এই সঙ্গে এই গবর্ণমেণ্টের এই মাসের ২১ তারিখের ২৮৫ নং নির্দ্ধারণের নকল এবং বোম্বাইহইতে আগত জাহাজের বিরুদ্ধে এদন ও পেরিমে B চিহ্নিত কারান্টাইন বিধি প্রবল করণ সম্বন্ধে উক্ত নির্দ্ধারণ ক্রমে প্রচারিত বিজ্ঞাপনের নকল পাঠাইবার আদেশ প্রাপ্ত হইয়াছি।

বোম্বাইহইতে আগত জাহাজের বিরুদ্ধে এদনে ও পেরিমে—কারান্টাইন ধার্য্যকরণ বিষয়ক।

২৮৫ নং, বোম্বাই কাসল, ১৮৮৯ সাল ২২ জানুয়ারি।

জেনরল ডিপার্টমেণ্ট।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টহইতে ১৮৮৯ সালের ২১ জানুয়ারি তারিখের এই টেলিগ্রাম পাওয়া গিয়াছে।—

"১২ নংজ্ঞাপনার ১৪ তারিখের টেলিগ্রাম। বোম্বাইহইতে আগত জাহাজের বিরুদ্ধে এদনে ও পেরিমে কারান্টাইন ধার্য্য করিবার অনুমতি দেওয়া গেল।"

নির্দ্ধারণ।—বোম্বা হইতে আগত জাহাজের বিরুদ্ধে এদনে ও পেরিমে B চিহ্নিত কারান্টাইন বিধি প্রচলিত করণার্থ অতিরিক্ত বোম্বাই গবর্ণমেণ্ট গেজেটে এক বিজ্ঞাপন প্রকাশ করিতে হইবে।

২। এই মাসের ১৪ তারিখের গবর্ণমেণ্টের ১৫৭ নম্বর নির্দ্ধারণ উপলক্ষে অবগতি নিমিত্ত এদনের পোলিটিকাল রেসিডেণ্ট সাহেবের নিকট ও সম্পর্কযুক্ত অন্যান্য কর্ম্মচারী ও কার্য্যবিভাগের নিকট উক্ত বিজ্ঞাপনের নকল পাঠাইতে হইবে। ভারতবর্ষের, বঙ্গদেশের মান্দ্রাজের ও সিংহলের গবর্ণমেণ্টের ও ব্রহ্মদেশের চীফ কমিশনর সাহেবের নিকটও নকল পাঠাতে হইবে।

জে, ডি, সি, আটকিন্স,
গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

## GENERAL DEPARTMENT.

*Bombay Castle, 22nd January* 1889.

*No.* 285.—In exercise of the power conferred by Act I of 1870, the following Rule for Quarantine against Cholera have been made by the Government of Bombay, with the previous sanction of the Governor-General in Council: they have effect from the 13th instant in the Port of Aden and at Perim as a temporary measure:—

I.—The Commander of every vessel, including buggalows or other native craft, arriving from Bombay, shall, before entering the harbour, indicate by signal the port from which such vessel has come.

II.—Such Commander shall not, except as hereinafter provided, allow any communication either with the pilot boat, except orally, or with the shore, or with any other vessel or boat in the harbour.

III.—Immediately on arrival, the Commander shall cause the letter R of the Commercial Signal Code to be hoisted, and shall keep the said flag flying during his stay in port, or until authorized by the Health Officer to haul it down. If communication with the shore is not desired, the vessel shall anchor at such place as may be pointed out by the Port authorities, having regard to the season of the year. If communication with the shore is desired, the Health Officer shall go alongside the vessel, and, after all necessary enquiries, shall direct the Commander to take the vessel to the quarantine anchorage duly appointed and notified in that behalf by the Resident, there to remain for a period of seven days from the date of arrival, or for the shorter period prescribed in Rule IV, and undergo disinfection, which should apply as well to crew, passengers, effects, and suspectible goods.

IV.—If the Health Officer of the Port has sufficient evidence that no cases of a suspicious nature have taken place on board during the voyage, and if the vessel is besides in good hygienic condition, the duration of the quarantine will be diminished according to the following scale:—

| | | | |
|---|---|---|---|
| After eight days | of voyage | ... ... | six days of quarantine. |
| Do. nine | ditto | ... ... | five ditto. |
| Do. ten | ditto | ... ... | four ditto. |
| Do. eleven | ditto | ... ... | three ditto. |
| Do. twelve | ditto | ... ... | two ditto. |
| Do. thirteen | ditto | and upwards ... | twenty-four hours of quarantine. |

V.—If during the period a vessel is at the quarantine anchorage aforesaid, any case or cases of cholera should occur on board, the said vessel shall remain in quarantine for a period of seven days from the date of the last case occurring and be subject to all the prohibitions provided for in Rule III.

VI.—When any vessel has been placed in quarantine as aforesaid, the Health Officer may direct the removal of so many of the passengers and crew as may not be suffering from illness, and whose services may not be required on board the vessel, to such particular spots as may from time to time be selected by the Resident as places of quarantine, there to remain for a period of seven days. If a case of cholera occurs among such passengers and crew during any such period, they shall remain in a place of quarantine for a period of fifteen days from the date of the occurrence of the last case of such illness.

VII.—Any mails or cargo which may be brought by any vessel so arriving shall be landed under such precautions as the Health Officer may deem necessary to prevent the spread of the disease.

VIII.—It will be the duty of the Port Officer to facilitate the conveyance to all vessels in quarantine of such supplies of provisions, stores and other articles as may be required by those on board. Such supplies will be placed on the boats of the vessels in quarantine to be subsequently removed by members of their crews.

IX.—All vessels arriving at Aden and Perim, which may have communicated with vessels coming from Bombay, shall be subjected to the same quarantine as vessels arriving at Aden and Perim from that Port.

X.—All vessels which have undergone quarantine in the manner above prescribed should have the fact clearly stated on their Bills of Health.

By order of His Excellency the Right Hon'ble the Governor in Council,

J. Nugent,
*Chief Secretary to Government.*

## জেনরল ডিপার্টমেণ্ট।

বোম্বাই কাসল, ১৮৮৯ সাল ২২ জানুয়ারি।

১৮৪ নম্বর।—১৮৭০ সালের ১ আইনক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া বোম্বাইর গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণ পূর্ব্বক ওলাউঠা সম্বন্ধে নিম্নলিখিত কারাণ্টাইন বিধি প্রণয়ন করিয়াছেন। উক্ত বিধি এই মাসের ১৩ তারিখ অবধি কিয়ৎকালের নিমিত্ত এদন বন্দরে ও পেরিমে কলবৎ হইল।

১। বোম্বাইহইতে আগত বগালো ও অন্যান্য দেশীয় জাহাজ সমেত প্রত্যেক জাহাজের কাপ্তান বন্দরে প্রবেশ করিবার পূর্ব্বে উক্ত জাহাজ যে বন্দর হইতে আসিয়াছে সিকনেল দ্বারা তাহা জানাইবেন।

২। উক্ত কাপ্তান পশ্চাল্লিখিত বিধানক্রমে না হইলে আড়কাটীর বোটের সহিত মৌখিক ভিন্ন অন্য কোনরূপ সংস্রব কিম্বা কুলের সহিত অথবা বন্দরস্থ অন্য কোন জাহাজের বা বোটের সহিত কোনরূপ সংস্রব করিতে দিবেন না।

৩। পৌঁহুছিবামাত্র কাপ্তান কমর্শল সিকনল বিধির R চিহ্নিত নিশান তুলিয়া দিবেন ও যতকাল বন্দরে থাকেন অথবা যতকাল উহা নামাইতে স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষের অনুমতি না পান, তত কাল উক্ত নিশান উড্ডীয়মান রাখিবেন। কুলের সহিত সংস্রব করা বাঞ্ছিত না হইলে, বৎসরের সময় বিবেচনায় বন্দরের কর্ত্তৃপক্ষেরা যে স্থান দেখাইয়া দেন জাহাজ সেই স্থানে লঙ্গর করিয়া থাকিবে। কুলের সহিত সংস্রব করা বাঞ্ছিত হইলে, স্বাস্থ্য সংক্রান্ত কর্ত্তৃপক্ষ ঐ জাহাজের পার্শ্বে যাইবেন ও সমুদয় আবশ্যক অনুসন্ধান লইবার পর কারাণ্টাইন সূত্রে লঙ্গর করিয়া রাখিবার নিমিত্ত রেসিডেণ্ট সাহেব কর্ত্তৃক যথাবিধি নিরূপিত ও বিজ্ঞাপিত স্থানে জাহাজ লইয়া যাইতে কাপ্তানকে আদেশ করিবেন। তথায় পঁহুছিবার তারিখ অবধি সাত দিন কাল অথবা ৪ ধারার নির্দ্দিষ্ট অল্পতর কাল ঐ জাহাজের থাকিতে ও তাহার রোগসঞ্চারশক্তি নষ্ট করিতে হইবে। মাল্লা, আরোহী, মাল ও যাহাতে রোগসঞ্চার হইয়াছে বলিয়া সন্দেহ হয় এমত দ্রব্যেরও রোগসঞ্চার শক্তি নষ্ট করিতে হইবে।

৪। যদি বন্দরের স্বাস্থ্য সংক্রান্ত কর্ত্তৃপক্ষ উপযুক্ত প্রমাণ পান যে সমুদ্র যাত্রায় জাহাজে সন্দিগ্ধ ভাবের কোন পীড়া ঘটে নাই এবং যদি জাহাজ এতদ্ব্যতীত উত্তম স্বাস্থ্যকর অবস্থায় থাকে তবে নিম্নলিখিত ফর্দ্দ অনুসারে কারাণ্টাইনের কাল কমাইয়া দেওয়া যাইবে—

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৮ | দিন সমুদ্রযাত্রার পর | ... | ... কারাণ্টাইন | ৬ | দিন। |
| ৯ | ঐ | ... | ... ঐ | ৫ | ঐ |
| ১০ | ঐ | ... | ... ঐ | ৪ | ঐ |
| ১১ | ঐ | ... | ... ঐ | ৩ | ঐ |
| ১২ | ঐ | ... | ... ঐ | ২ | ঐ |
| ১৩ | ঐ | ও তদূর্দ্ধ হইলে | ... চব্বিশ ঘণ্টা। | | |

৫। কারাণ্টাইন সূত্রে লঙ্গর করিয়া থাকিবার পূর্ব্বোক্ত স্থানে কোন জাহাজ থাকিবার সময়ে ঐ জাহাজে কোন ব্যক্তির ওলাউঠা হইলে, শেষ ব্যক্তির পীড়ার তারিখ অবধি সাত দিন কাল উক্ত জাহাজের কারাণ্টাইনের নিয়মাধীনে থাকিতে হইবে ও ৩ ধারার নির্দ্দিষ্ট সমুদয় নিষেধ মান্য করিতে হইবে।

৬। পূর্ব্বোক্তরূপে কোন জাহাজ কারাণ্টাইনের নিয়মাধীনে স্থাপিত হইলে যত জন আরোহী ও মাল্লা পীড়িত হয় নাই ও যাহাদিগকে কর্ম্ম করণার্থে জাহাজে রাখিবার প্রয়োজন নাই, তাহাদিগকে রেসিডেণ্ট সাহেব কারাণ্টাইনের স্থান বলিয়া সময়ে২ যেই বিশেষ স্থান নির্ব্বাচন করেন সেইই স্থানে লইয়া যাইতে স্বাস্থ্য সংক্রান্ত কর্ত্তৃপক্ষ আদেশ করিতে পারিবেন। তথায় তাহাদের সাত দিন কাল থাকিতে হইবে। উক্ত কালের মধ্যে উক্ত আরোহী ও মাল্লাদের মধ্যে কাহারও ওলাউঠা হইলে, শেষ এরূপ পীড়া হইবার তারিখ অবধি দশের দিন তাহাদের কারাণ্টাইন করিবার কোন স্থানে থাকিতে হইবে।

৭। উক্তরূপে আগত কোন জাহাজে যে ডাক বা মাল আনীত তাহা স্বাস্থ্যসংক্রান্ত কর্ত্তৃপক্ষ রোগের বিস্তার নিবারণার্থ যে সকল সাবধানতা অবলম্বন করা আবশ্যক বিবেচনা করেন তদধীনে নামান যাইবে।

৮। যে সকল জাহাজ কারাণ্টাইনের নিয়মাধীনে থাকে, সেই সকল জাহাজস্থ ব্যক্তিদের প্রয়োজন মত খাদ্য ও অন্যান্য দ্রব্য উক্ত জাহাজে লইয়া যাইবার সুবিধা করিয়া দেওয়া বন্দরের কর্ত্তৃপক্ষের কর্ত্তব্য। কারাণ্টাইনের অধীন জাহাজের বোটে ঐ দ্রব্য রক্ষিত হইবে ও পরে মাল্লারা তাহা উঠাইয়া লইয়া যাইবে।

৯। এদনে ও পেরিমে আগত যে সকল জাহাজ বোম্বাইহইতে আগত জাহাজের সহিত সংস্রব রাখিয়াছে, সে সকল জাহাজের উক্ত বন্দরহইতে এদনে ও পেরিমে আগত জাহাজের ন্যায় কারাণ্টাইনের নিয়মাধীনে থাকিতে হইবে।

১০। যে সকল জাহাজ উপরি নির্দ্দিষ্ট প্রকারে কারাণ্টাইন করিয়াছে, তাঁহাদের স্বাস্থ্যসংক্রান্ত বিলে এই কথা স্পষ্ট করিয়া লেখা থাকিবে।

মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর প্রকৃত মান্যবর শ্রীযুত গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

জে, মুড়েড,
গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 5, 1889.

মঙ্গলবার ১৮৮৯ সাল ৫ ফেব্রুয়ারি।

## PART IIA.

### Orders by the Lieutenant-Governor of Bengal.

## দ্বিতীয় ক খণ্ড।

### বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

## MUNICIPAL AND LOCAL.

### NOTIFICATION.

*The 29th January* 1889.—Whereas a notification, dated the 6th October 1888, was published at page 407, Part IB of the *Calcutta Gazette* of the 10th idem, declaring the intention of the Lieutenant-Governor to extend the provisions of Part IX of Act III (B.C.) of 1884 to the Kushtea Munici pality, in the district of Nuddea, and whereas no valid objection has been raised to the proposal within one month from the date of the publication of the above notification within the municipality, it is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Act, and in accordance with the recommendation of the Commissioners of the Kushtea Municipality made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of Part IX of the Municipal Act to the Municipality.

H. J. S. COTTON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

# বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

## মুনিসিপাল ও স্থানীয়।

### বিজ্ঞাপন।

১৮৮৯ সাল ২৯ জানুয়ারি।—নদীয়া জিলার অন্তর্গত কুষ্ট্যা মুনিসিপালিটীতে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ৯ পরিচ্ছেদের বিধান প্রচলিত করণার্থে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অভিপ্রায় প্রকাশক ১৮৮৮ সালের ৬ অক্টোবর তারিখের এক বিজ্ঞাপন ঐ মাসের ১০ তারিখের কলিকাতা গেজেটের ১ B খণ্ডের ৪০৭ পৃষ্ঠায় প্রকাশ করা গেলেও উক্ত বিজ্ঞাপন উক্ত মুনিসিপালিটীতে প্রকাশিত হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে উক্ত প্রস্তাব সম্বন্ধে যুক্তিসিদ্ধ কোন আপত্তি উপস্থিত করা না যাওয়াতে সাধারণের অবগত্যর্থে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি উক্ত আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং কুষ্ট্যা মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে উক্ত আইনের ৯ পরিচ্ছেদের বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮৯ সাল ৫ ফেব্রুয়ারি।

চতুর্থ খণ্ড।


ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইনের পাণ্ডুলিপি।

## ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি খানি ১৮৮৯ সালের ১৮ই জানুয়ারি তারিখে উপস্থিত করা হইয়াছিল:—

### ১৮৮৯ সালের ১ নম্বর।

সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইন এবং ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৮২ সালের আইন সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইন এবং ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৮২ সালের আইন সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত মত বিধান করা গেল:—

### সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইন

১৮৭৮ সালের ৮ আইনের ৩৭ ধারা সংশোধন করিবার কথা।

১ ধারা। সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ৩৭ ধারার নিয়মবিধির পরিবর্ত্তে নিম্নলিখিত নিয়মবিধিটি বসাইতে হইবে, অর্থাৎ:—

"কিন্তু এই রূপ মাল যদি এই আইনানুসারে গুদামজাৎ হয় তবে তৎসম্বন্ধে যদি কোন হার ও নিরূপিত মূল্য থাকে তাহা হইলে দেশের মধ্যে ব্যবহারার্থ ঐ মাল গুদাম হইতে লইয়া যাইবার নিমিত্ত যে তারিখে দরখাস্ত করা হয় সেই তারিখে যে হার ও নিরূপিত মূল্য প্রবল থাকে সেই হার ও নিরূপিত মূল্য সেই মাল সম্বন্ধে খাটিবে।"

১৮৭৮ সালের ৮ আইনের ১১০ ধারা সংশোধন করিবার কথা।

২ ধারা। ঐ আইনের ১১০ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী বসিবে, অর্থাৎ:—

দেশের মধ্যে ব্যবহারার্থ বাণ্ড করা মাল লইয়া যাইবার কথা।

"১১০ ধারা। গুদামজাৎ মালসম্বন্ধে যে তারিখে ৯২ ধারানুসারে বাণ্ড লিখিয়া দেওয়া হয় সেই তারিখ হইতে তিন বৎসরের মধ্যে যে কোন সময়ে সেই মালের অধিকারী—

(ক) দেশের মধ্যে ব্যবহারার্থ সেই মাল গুদাম হইতে লইয়া যাইবার জন্য যে তারিখে দরখাস্ত করা হয় সেই তারিখে তৎসম্বন্ধে কোন হার ও নিরূপিত মূল্য থাকিলে যে হার ও নিরূপিত মূল্য খাটে সেই হারে ও সেই নিরূপিত মূল্যানুসারে সেই মালের জন্য যে মাশুল আদায় করা যাইতে পারে সেই মাশুল দিয়া এবং

(খ) সেই মাল সম্বন্ধে যে সমস্ত ভাড়া দণ্ডের টাকা সুদ এবং অপর চার্জ কষ্টমের কালেক্টরকে দেয় হয় তাহা দিয়া—

দেশের মধ্যে ব্যবহারার্থ সেই মাল বাহির করিয়া লইয়া যাইতে পারিবেন।"

**Bill No. I of 1889.—A Bill to amend the Sea Customs Act 1879, and the Indian Tariff Act, 1882.**

১৮৭৮ সালের ৮ আইনের ১১৫ধারা সংশোধন করিবার কথা।

৩ ধারা। ঐ আইনের ১১৫ ধারার "৩৭ ধারার দ্বিতীয় উপবিধি মতে" এই শব্দগুলি এতদ্দ্বারা রহিত করা গেল।

## ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৮২ সালের আইন।

১৮৮২ সালের ১১ আইনে নূতন ধারা যোগ করিবার কথা।

৪ ধারা। ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৮২ সালের আইনে নিম্নলিখিত ধারাটি যোগ করিতে হইবে, অর্থাৎ:—

চুক্তির স্থলে বেশী মাস্থল যোগ করিবার ও কম মাস্থল বাদ দিবার কথা।

"১০ ধারা। যদি কোন দ্রব্য বিক্রয় করিবার নিমিত্ত চুক্তি করা হয় এবং চুক্তি করিবার সময় মাস্থল লইতে পারা যায় না বলিয়া চুক্তিতে মাস্থল দিবার সর্ত্ত না থাকে কিম্বা চুক্তি করিবার সময় মাস্থল লইতে পারা যায় বলিয়া মাস্থল দিয়া সেই দ্রব্য বিক্রয় করিবার নিমিত্ত যদি চুক্তি করা হয় এবং চুক্তি করিবার পর যদি সেই দ্রব্যের উপর কষ্টমের বা আবকারির কোন মাস্থল বসান হয় বাড়ান হয় কমান হয় বা ছাড়িয়া দেওয়া হয় তাহা হইলে—

(ক) মাস্থল যদি এমন করিয়া বসান বা বাড়ান হয় যে মাস্থল বা বর্দ্ধিত মাস্থল, দুইয়ের মধ্যে যেটি হয়, সেটি দিতে হয়, তাহা হইলে যত টাকা মাস্থলের বা বর্দ্ধিত মাস্থলের সমান হয় বিক্রেতা তত টাকা চুক্তির মূল্যে যোগ করিতে পারিবেন এবং তিনি সেই অতিরিক্ত টাকা পাইবার স্বত্ববান হইবেন এবং নালিস করিয়া তাহা আদায় করিবার স্বত্ববান হইবেন। এবং

(খ) মাস্থল যদি এমন করিয়া কমান বা ছাড়িয়া দেওয়া যায় যে অবস্থানুসারে কেবলমাত্র কম মাস্থল দিতে হয় অথবা কোন মাস্থলই দিতে না হয়, তাহা হইলে যে পরিমাণ মাস্থল কমে বা ছাড়িয়া দেওয়া যায় তাহার তুল্য টাকা ক্রেতা চুক্তির মূল্য হইতে বাদ দিতে পারিবেন এবং যে টাকা বাদ দেওয়া যায় তিনি তাহা দিতে দায়ী হইবেন না এবং তজ্জন্য বা তৎসম্বন্ধে তাঁহার নামে নালিস চলিবে না।"

১৮৮২ সালের ১১ আইনের দ্বিতীয় তফসীল সংশোধন করিবার কথা।

৫ ধারা। ঐ আইনের দ্বিতীয় তফসীলের ১ নম্বরের নিম্নলিখিতের অর্থাৎ:—

| নম্বর। | দ্রব্যের নাম। | প্রতি। | তারিফী মূল্য। | মাস্থলের হার। |
|---|---|---|---|---|
| * | * | * | * | * |
| | | | টাকা আনা | |
| | সামান্য বারুদ | পৌণ্ড | ০ ।/০ | শতকরা ১০৲ টাকা। |
| | শীকারের নিমিত্ত ঐ | ঐ | ১৲ ০ | |
| | অন্যান্য প্রকারের। | ... | মূল্যানুসারে | |

ইহার পরিবর্ত্তে নিম্নলিখিত কথাগুলি অর্থাৎ:—

| নম্বর। | দ্রব্যের নাম। | প্রতি। | তারিফী মূল্য। | মাস্থলের হার। |
|---|---|---|---|---|
| * | * | * | * | * |
| | | | টাকা আনা | |
| | সামান্য বারুদ | পৌণ্ড | ০ ।/০ | শতকরা ১০৲ টাকা। |
| | শীকারের নিমিত্ত বারুদ। | পৌণ্ড | ১৲ ০ | |
| | অপর সকল প্রকারের অস্ত্র বারুদাদি ও সৈনিক দ্রব্য। | ... | মূল্যানুসারে | শতকরা ১০৲ টাকা। |

বসিবে।

ব্যাখ্যা।—"অস্ত্র বারুদাদি ও সৈনিক দ্রব্য" এই কথাগুলি এই তফসীলের পূর্ব্ববর্ত্তী ভাগে যে ভাবে ব্যবহৃত হইয়াছে তাহাতে ঐ ভাগে যে যে দ্রব্যের বিশেষ ভাবে উল্লেখ করা হইয়াছে তাহা ছাড়া—

(ক) ভারতবর্ষীয় অস্ত্র বিষয়ক ১৮৭৮ সালের আইনের অর্থানুসারে যে সকল দ্রব্য হয় অস্ত্র-শস্ত্র" নয় "বারুদাদি" পদবাচ্য সেই সকল দ্রব্যও বুঝাইবে। এবং

(খ) ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে সময়ে যে দ্রব্যকে এই আইনের প্রয়োজনার্থ "সৈনিক সামগ্রী" বলিয়া ব্যক্ত করেন সেই দ্রব্যও বুঝাইবে।

## অভিপ্রায় ও হেতুর বিবরণ।

সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ৩৭ ধারার নিয়মবিধির বিধান এই যে কোন আমদানি করা মাল সম্বন্ধে কোন মাস্থলের হার বা তারিফ মতে অবধারিত মূল্য খাটিলে সেই মাস্থলের হার বা তারিফমতে অবধারিত মূল্য যদি রপ্তানির বন্দরে জাহাজ লইয়া যাইবার পাস দিবার পর বৃদ্ধি করা হয় তাহা হইলে ঐ আইনের ৮৬ ধারানুসারে যে তারিখে ঐ মালের বিল অব এণ্ট্রি কষ্টমের কালেক্টরকে দেওয়া হয় সেই তারিখে যে হার ও মূল্য প্রবল থাকে সেই হার ও মূল্য ঐ মাল সম্বন্ধে না খাটিয়া যে তারিখে রপ্তানির বন্দরে জাহাজ লইয়া যাইবার পাস দেওয়া হইয়াছে সেই তারিখে যে হার ও মূল্য প্রবল থাকে সেই হার ও মূল্য ঐ মাল সম্বন্ধে

খাটিবে। এই বিধান রহিত করা এই পাণ্ডুলিপির (১ ধারা) প্রধান উদ্দেশ্য। ইংলণ্ডের আইনেই কি আর ভারতবর্ষের গবর্ণমেণ্ট যত দূর জানিতে পারিয়াছেন তাহাতে অন্য কোন দেশের আইনেই কি কোন আইনেই ইহার অনুরূপ বিধান নাই। যে পাণ্ডুলিপিখানি পরে সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইন রূপে পরিণত হইয়া ছিল সেই পাণ্ডুলিপিখানি যখন বিচারাধীন ছিল তখন এই বিধানের প্রতিকূলে মত প্রকাশ করা হইয়া-ছিল। এই বিধানের দরুণ ব্যবসায়ের বিষম গোলযোগ ঘটিয়াছে এবং গবর্ণমেণ্টের রাজস্বের ও বিষম ক্ষতি হইয়াছে। এরূপ যে ঘটিবে তাহা তখনই বুঝিতে পারা গিয়াছিল।

যে মালের জন্য মাসুল দেওয়া আবশ্যক সেই মাল আসেস করা ও গুদামজাৎ করা হইলে পর যে স্থলে মাসুল উঠিয়া যায় সে স্থলে দেশের ভিতর ব্যবহারার্থ বিনা মাসুলে মাল গুদাম হইতে লইয়া যাইতে পারা যাইবে এই বিধানটী পরিষ্কার রূপে নির্দ্দেশ করা এই পাণ্ডুলিপিখানির (২ ধারা) আর একটী উদ্দেশ্য।

যে নিয়মটী ১৮ ও ১৯ বিক্টোরিয়ার ৯৭ অধ্যায়ের ৯ ধারায় বিধিবদ্ধ করা হইয়াছে এবং ৩৯ ও ৪০ বিক্টোরিয়ার ৩৬ অধ্যায়ের ২০ ধারাতেও রক্ষিত হইয়াছে সেই নিয়মটী ভারতবর্ষে প্রবর্ত্তিত করা এই পাণ্ডুলিপির (৪ ধারা) তৃতীয় উদ্দেশ্য। যে পাণ্ডুলিপিখানি সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনরূপে পরিণত হয় তাহাতে এইরূপ একটী নিয়ম সমাবেশ করিবার প্রস্তাব করা হইয়াছিল। কিন্তু বণিক সম্প্রদায় প্রস্তাবটী অনুমোদন না করায় উহা পরিত্যক্ত হইয়াছিল। কিন্তু ১৮৫৫ সাল অবধি এই নিয়মটী ইউনাইটেড কিংডমে প্রবল আছে এবং পার্লেমেণ্ট কর্ত্তৃক ১৮৭৬ সালে উহা পুনরায় বিধিবদ্ধ হওয়ায় এবং ল রিপোর্ট সমূহে উহার কোন উল্লেখ না থাকায় এরূপ অনুমান করা যাইতে পারে যে নিয়মটী ভারতবর্ষে প্রবর্ত্তিত করিবার কথা যখন শেষবার বিচার করা হয় তখন যে সকল কুফলের আশঙ্কা করা হইয়াছিল উহা হইতে সে সকল কুফল উৎপন্ন হয় নাই। এমতাবস্থায় নিয়মটীকে পুনরায় সাবধানে বিচার করিয়া দেখিবার অভিপ্রায়ে পাণ্ডুলিপিতে উহার সন্নিবেশ করা বাঞ্ছনীয় বিবেচনা করা যায়।

ভারতবর্ষের তারিফ বিষয়ক ১৮৮২ সালের আইনে "অস্ত্র বারুদ ও সৈনিক সামগ্রী" এই কথা যে ভাবে ব্যবহৃত হইয়াছে তাহার অর্থ নির্দ্দেশ করা এবং ঐ আইনের অর্থানুসারে কোন কোন দ্রব্যকে "সৈনিক সামগ্রী" জ্ঞান করা যাইবে তাহা সময়ে সময়ে ব্যক্ত করিবার জন্য মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবকে সক্ষম করা এই পাণ্ডুলিপির (৫ ধারা) চতুর্থ উদ্দেশ্য। এতদর্থে যে সংশোধন আবশ্যক তদ্দ্বারা সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ২৩ ধারানুসারে যখন যে বিজ্ঞাপন প্রবল থাকে তাহার কোন অনিষ্ট হইবে না।

১৮ই জানুয়ারি ১৮৮৯ সাল।

ডি, বার্ব্বর।

এস, হার্বি, জেমস্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

CHUNDER NATH BOSO,
*Bengali Translator.*

# গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৯ সাল, ৫ ফেব্রুয়ারি।

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র।

বঙ্গদেশস্থ ফোর্ট উইলিয়ম রাজধানীর হাই কোর্টের আদেশমতে প্রচারিত সর্কুলর।

বিজ্ঞাপন।

হাই কোর্টের অধীন সকল দেওয়ানী আদালত ১৮৮৯ সালে যেং তারিখে বন্ধ হইবে তাহার নির্ঘণ্টপত্র গত মাসের ৭ তারিখের ১নং সাধারণ পত্রের সহিত প্রেরিত হইয়াছে তাহাতে নিম্নলিখিত সংশোধন করিতে হইবে।

| বন্ধের দিনের নাম। | ইংরাজী তারিখ। | বাঙ্গালা তারিখ। | বার। |
|---|---|---|---|
| খৃষ্টমাসডে ও তাহার পূর্ব্বে একদিন ও তাহার পর দুই দিন। | ২৪ অবধি ২৭ ডিসেম্বর পর্য্যন্ত। | ১০ অবধি ১৩ পৌষ পর্য্যন্ত। | মঙ্গল অবধি শুক্রবার পর্য্যন্ত। |
| উপরিলিখিত কথাগুলির পরিবর্ত্তে নিম্নলিখিত কথাগুলি পাঠ করিতে হইবে। | | | |
| খৃষ্টমাসডে ও তাহার পূর্ব্বে দুই দিন ও তাহার পর এক দিন। | ২৩ অবধি ২৬ ডিসেম্বর পর্য্যন্ত। | ৯ অবধি ১২ পৌষ পর্য্যন্ত। | সোম অবধি বৃহস্পতিবার পর্য্যন্ত। |

হাই কোর্ট,
১৮৮৯ সাল ১২ জানুয়ারি

হাই কোর্টের আজ্ঞাক্রমে
সি, এম, ডবলিউ, ব্রেট,
রেজিষ্ট্রার।

## ফৌজদারী।

### ৪ নম্বরী। ১৮৮৮ সাল ১৮ ডিসেম্বর।

ফৌজদারী বিধি ও অর্ডরের ১০৭ ও ১০৮ পৃষ্ঠায় ৬ অধ্যায়ের ৪ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটি দিতে হইবে।

৪ [ফৌজদারী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ৯৩ ধারা।—ধৃত করিবার ওয়ারেণ্টে যে ভাষা ব্যবহার করিতে হইবে তাহার কথা।—১৮৭২ সালের ২৫ জুলাইর ৩নং সরকুলর অর্ডর।]

মাজিষ্ট্রেটের আদালত হইতে ধৃত করিবার যে ওয়ারেণ্ট বাহির হয়, যে জিলায় ঐ আদালত অবস্থিত সেই জিলার চলিত ভাষায় তাহা লিখিতে হইবে। অর্থাৎ (কোন কোন স্থল ছাড়া) নানা আদালতের কার্য্য যে ভাষায় চালান যায় সেই ভাষায় লিখিতে হইবে। কিন্তু যে জিলায় অন্য ভাষা চলিত এমত জিলার মাজিষ্ট্রেটের নিকট ওয়ারেণ্ট সাধন করিবার জন্য পাঠান গেলে সেই অন্য ভাষায় কিম্বা ইংরাজী ভাষায় ঐ ওয়ারেণ্টের অনুবাদ সঙ্গে দিতে হইবে এবং যে মাজিষ্ট্রেট তাহা পাঠাইয়া দেন তিনি সেই অনুবাদ যথার্থ এই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন। আরো তদ্রূপ স্থলে ঐ ওয়ারেণ্ট সাধন করিবার আদেশ সূচক একখানি ইংরাজীপত্র সর্ব্বদা সঙ্গে দেওয়া কর্ত্তব্য।

৪ [ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৯৩ ধারা।—ফৌজদারী আদালতের প্রদত্ত সকল পরওয়ানায় যে ভাষা ব্যবহার করিতে হইবে তাহার কথা।—১৮৮৮ সালের ১৮ ডিসেম্বর তারিখের ৪ নং সরকুলর অর্ডর।]

মাজিষ্ট্রেটের আদালত হইতে যত প্রকার পরওয়ানা বাহির হয় তৎসমুদয়ই যে জিলায় ঐ আদালত অবস্থিত সেই জিলার চলিত ভাষায় লিখিতে হইবে। অর্থাৎ (কোন কোন স্থল ছাড়া) ভিন্ন ২ আদালতের কার্য্য যে ভাষায় চালান যায় সেই ভাষায় লিখিতে হইবে। কিন্তু একই প্রদেশের বা ভিন্ন প্রদেশের অন্তর্গত যে জিলায় কোন ভিন্ন ভাষা চলিত থাকে সেই জিলার মাজিষ্ট্রেটের নিকট পরওয়ানা জারী করিবার নিমিত্ত পাঠান গেলে সেই ভিন্ন ভাষায় কিম্বা ইংরাজী ভাষায় ঐ পরওয়ানার অনুবাদ সঙ্গে দিতে হইবে এবং যে মাজিষ্ট্রেট উহা পাঠাইয়া দেন তিনি সেই অনুবাদ যথার্থ এই মর্ম্মের সর্টিফিকেট লিখিবেন। আরো তদ্রূপ স্থলে ঐ পরওয়ানা জারী করিবার অনুরোধ জ্ঞাপক একখানি ইংরাজী ভাষায় লিখিত পত্র সর্ব্বদাই ঐ পরওয়ানার সঙ্গে দেওয়া কর্ত্তব্য।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, FEBRUARY 5, 1889.

মঙ্গলবার, ১৮৮৯ সাল ৫ ফেব্রুয়ারি।

## PART VIII.

### ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

## LAND ADVERTISEMENTS.

## ভূমিবিষয়ক ইস্তাহার।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে বর্দ্ধমান জেলার অন্তর্গত নেজামত টেটের নিম্নলিখিত নিষ্কর ভূমি জেলা বর্দ্ধমানের কালেক্টরী কাছারিতে ১৮৮৯ সালের ২৮ মার্চ্চ মোং ১২৯৫ সালের ১৬ চৈত্র বৃহস্পতিবার তারিখ নিলামে বিক্রয় হইবেক খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়েম।

১। নিলাম কালীন প্রত্যেক লাটের যে মূল্য অবধারিত হইবেক তাহার অতিরিক্ত মূল্যে যে ব্যক্তি খরিদ করিতে স্বীকার করিবেন তাহাকেই নিস্করস্বরূপে বিক্রয় করা যাইবেক।

২। এক্ষণে যে সকল পাট্টা প্রচলিত আছে এবং বন্দবস্তী কার্য্য ও প্রচলিত আইনক্রমে যে সকল স্বত্ব অর্পিত হইয়াছে এই বিক্রয় কার্য্য তৎসমুদয়ের নিয়মাধীন থাকিল এবং রাজস্ব সম্পর্কীয় কর্ত্তৃপক্ষদের প্রস্তুত করা রাজস্বের তপশীলে যে রাইয়তেরা স্বাক্ষর করিয়াছে ক্রেতা তাহাদের স্বত্ব মান্য করিতে আবদ্ধ থাকিবেন।

৩। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হইলে মূল্যের সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক।

৪। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থাংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিবস গনণা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনে দিবা দুই প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবেক দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথম স্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারি করিয়া ত্রুটিকারি খরিদারের ঝুকিতে পুনরায় নিলাম করা যাইবেক।

৫। শ্রীযুত কালেক্টর সাহেব নিলাম মঞ্জুর করিলে খরিদারদিগকে দখল দেওয়া যাইবেক কিন্তু মহামান্য রেবিনিউ বোর্ড হইতে নিলাম চূড়ান্ত নিষ্পত্তি না হইলে ঐ দখল রদ হইবেক ইতি ১৮৮৮। ৮ ডিসেম্বর।

| তৌজির নম্বর। | মহালের নাম। | মৌজা। | পরগনা। | ন্যূনাধিক জমির পরিমাণ। | জমির চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| ১ | জাইগির ডাগরা। | আতুহাট ... | ইন্দ্রাণি ... | ১৸৪ | কাটঞা নিবাসী গোপালচন্দ্র রায়ের নিজ যোত জমির উত্তর এবং পূর্ব্ব মতিলাল সাহার লাখরাজ জমির পশ্চিম গ্রাম্য চৌকীদারদিগের চাকরাণ জমির দক্ষিণ। | দখিলকার উজল সরকার পিতা ভিকু সেখ, আলি বক্স ও কাদের বক্স সাং কেশে বান্দড়া। |
| ২ | ঐ | ঐ | ঐ | ৪।৷৹। | বলাই মহন্তর যোত জমির উত্তর সারদাপ্রসাদ ঘোষের যোত জমির পূর্ব্ব গবর্ণমেণ্টের খাস পতিত জমির দক্ষিণ হাকিমদ্দীন সেখের পুষ্করিনীর পশ্চিম। | ঐ ঐ |
| ৩ | ঐ | ঐ | ঐ | ২৷৩৷৷৶ | মাতু সেখের জমাই জমির উত্তর গোপাল বাবুর লাখরাজ জমির পশ্চিম এবং পূর্ব্ব পরাণ ঠাকুরের যোত জমির দক্ষিণ। | ঐ ঐ |
| ৪ | ঐ | ঐ | ঐ | ১৯/১/ | সরকারি রাস্তার উত্তর বালীডাঙ্গার মাঠের পূর্ব্ব বলাই মণ্ডলের লাখরাজ জমির দক্ষিণ গোপাল বাবুর নিজ যোত জমির পশ্চিম। | ঐ ঐ |
| ৫ | ঐ | ঐ | ঐ | ৩/৪৷৶ | গোপাল বাবুর যোত জমির পূর্ব্ব এবং দক্ষিণ ও পশ্চিম শাম শশী মুচির যোত জমির উত্তর। | ঐ ঐ |
| ৬ | ঐ | ঐ | ঐ | ৮২৷৶৹ | গলি রাস্তার পূর্ব্ব গোপাল গোস্বামীর ও কানাই দাসের বাটীর উত্তর সরে রাস্তার পশ্চিম উকীল রাধাসুন্দর মিত্রের বাটীর দক্ষিণ। | ঐ ঐ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭ | ঐ | শ্রীখণ্ড ... | খেঞা ... | ১৬৮২ | আরজদ্দীন কারিকর ও আব্বাস সেখের যোত জমির পশ্চিম কৃষ্ণচন্দ্র কেওটের যোত জমির দক্ষিণ মিছির সেখ ও দবির সেখের যোত জমির পূর্ব্ব বালি উত্তরপাড়ার রাসবিহারি বাবুর পুষ্করিণীর উত্তর। | দখিলকার কোরবান হোসেনের স্ত্রী বদরন্নেছা বিবি সখাজদ্দীনের পুত্র তোফেজ্জল হোসেন সাং শ্রীখণ্ড। |
| ৮ | ঐ | ঐ | ঐ | ৸৩ | সরকারি রাস্তার উত্তর এবং পূর্ব্ব গ্রাম্য চৌকীদারী চাকরাণ জমির পশ্চিম মুন্সী তফজ্জল হোসেনের যোত জমির দক্ষিণ। | সরকারি খাস। |
| ৯ | ঐ | ঐ | ঐ | ৪৴৪৷৷ | মুন্সী কোরবান হোসেনের খড়গড়্যা নামক পুষ্করিণীর দক্ষিণ গৌরচন্দ্র সতগোপের যোত জমির পূর্ব্ব কাঙ্গালি সেখের যোত জমির উত্তর মেনাজদ্দী কারিগরের যোত জমীর পশ্চিম। | যোত তিনকড়ি সেখের পুত্র বয়জদ্দী সেখ সাং শ্রীখণ্ড। |
| ১০ | ঐ | ঐ | ঐ | ১৸১৸৶ | কান্দর নদীর বান্দের উত্তর সরকারি নর্দামার পশ্চিম কোরবান সেখের খাস জমির পূর্ব্ব ওমদা মল্লীকের যোত জমির দক্ষিণ। | যোত তফজ্জল হোসেন দিগর সাং শ্রীখণ্ড। |
| ১১ | ঐ | ঐ | ঐ | ২৴৩৸৶ | নিলু ভট্টাচার্য্যদিগরের যোত জমির পশ্চিম কৈলাসচন্দ্র হালদার ও নবিন ঘোষালের যোত জমির পূর্ব্ব দ্বারকানাথ ঘোষালের যোত জমির উত্তর নারায়ণ কৈবর্ত্তর ও বঙ্কচন্দ্র ধরের যোত জমির দক্ষিণ। | যোত রাম প্রসাদ ধরের পুত্র বেনওয়ারি লাল ধর সাং শ্রীখণ্ড। |
| ১২ | ঐ | ঐ | ঐ | ৴২৷৶ | রামতারণ ঘোষালের যোত জমির দক্ষিণ আব্বাস সেখ দিগরের যোত জমির পূর্ব্ব ব্রজনাথ ঘোষদিগরের যোত জমির উত্তর পরাণকিশোর ঘোষালের যোত জমির পশ্চিম। | দখিলকার বনওয়ারি লাল ধর পিতা রামপ্রসাদ ধর সাং শ্রীখণ্ড। |
| ১৩ | ঐ | ঐ | ঐ | ১৷০৸৶ | গদাধর সরকার এবং সীতানাথ ঘোষের যোত জমির পশ্চিম দ্বারকানাথ ঘোষালের যোত জমির দক্ষিণ রাম কৈবর্ত্ত এবং মদন ঠাকুরের যোত জমির পূর্ব্ব। | ঐ　ঐ |
| ১৪ | ঐ | ঐ | ঐ | ১৴৩৸৶ | সরকারী রাস্তার উত্তর ও পূর্ব্ব পরাণ দত্তদিগরের যোত জমির পশ্চিম যুগল ঠাকুরদিগরের যোত জমির দক্ষিণ। | যোত বলরাম সাহা। |
| ১৫ | ঐ | ঐ | ঐ | ৸১৷৷৶ | ফুটপাত অর্থাৎ চলন রাস্তার উত্তর দ্বারকানাথ পোদ্দারের যোত জমির পূর্ব্ব হেম সরকারের যোত জমির দক্ষিণ অক্রুর নাগের যোত জমির পশ্চিম। | ঐ　ঐ |
| ১৬ | ঐ | ঐ | ঐ | ৸০৷৷৴ | অক্রুর নাগ এবং যদু ঘোষের যোত জমির উত্তর হেম সরকারের যোত জমির দক্ষিণ ও পূর্ব্ব দ্বিজপদ মল্লিকের যোত জমির পশ্চিম। | ঐ　ঐ |
| ১৭ | ঐ | ঐ | ঐ | ৷২৷৶ | নদীয়া বিহারি রায়ের যোত জমির দক্ষিণ মহেন্দ্র স্বর্ণকারের যোত জমির পশ্চিম দ্বিজপদ মল্লিকের যোত জমির উত্তর মধু ঠাকুরের যোত জমির পূর্ব্ব। | ঐ　ঐ |

| তওজির নম্বর। | মহালের নাম। | মৌজা। | পরগণা। | ন্যূনাধিক জমির পরিমাণ। | জমির চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| ১৮ | জাইগির ডাগর | শ্রীখণ্ড ... | খেঞ্জা .. | ।৪৮/ | যদু ঘোষের যোত জমির উত্তর মধুসূদন ঠাকুরের যোত জমির পশ্চিম কৃষ্ণানন্দ ঠাকুরের যোত জমির দক্ষিণ গোবিন্দ মণ্ডলের যোত জমির পূর্ব্ব। | যোত বলরাম সাহা। |
| ১৯ | ঐ | ঐ | ঐ | ১৮৫৮৶ | গোবিন্দ চন্দ্র মহন্তর যোত জমির পূর্ব্ব ও ঐ ব্যক্তির যোত জমির উত্তর ও পশ্চিম নফরচন্দ্র দত্তর যোত জমির দক্ষিণ। | যোত নছির সেখ পিতা সেখ কোবের সাং চন্দ্রকোটা। |
| ২০ | ঐ | ঐ | ঐ | ১।১। | মোক্তার সেখের যোত জমির দক্ষিণ ও পূর্ব্ব কেশবচন্দ্র মহন্তর যোত জমির পশ্চিম রিজু সেখের যোত জমির উত্তর। | ঐ ঐ |
| ২১ | ঐ | ঐ | ঐ | ১।।৩।৶ | করিম মের্জ্জার যোত জমির উত্তর ও দক্ষিণ মহন্ত মান্নার যোত জমির পূর্ব্ব আছির মণ্ডলের যোত জমির পশ্চিম। | ঐ ঐ |
| ২২ | ঐ | ঐ | ঐ | ৮৩৮৶ | কেনারাম মল্লিকের যোত জমির উত্তর দবির মোল্লার যোত জমির পূর্ব্ব সীতানাথ কোটালের যোত জমির দক্ষিণ মোক্তার সেখের যোত জমির পশ্চিম। | যোত ঐ ঐ |
| ২৩ | ঐ | ঐ | ঐ | ১/৩৶ | আশাম সেখের বশতবাটীর দক্ষিণ রেয়াজ সেখের বসতবাটীর পশ্চিম ও উত্তর এমাম সাহেবের দরগার পূর্ব্ব। | বশতবাটি বাহাল মোল্লা কালু সেখ সাং চন্দ্রকোটা। |
| ২৪ | ঐ | ঐ | ঐ | ৮৭৶ | রেয়াজ সেখের যোত জমির উত্তর ও পূর্ব্ব সীতানাথ কোটালের যোত জমির পশ্চিম নেয়ামত সেখের যোত জমির দক্ষিণ। | যোত নছির সেখ পিতা উমেদ সেখ সাং চন্দ্রকোটা। |
| ২৫ | ঐ | ঐ | ঐ | ২৮৪।। | মানিরুত সেখের যোত জমির দক্ষিণ নরান মল্লিকের যোত জমির পূর্ব্ব শিলমনি মুখোপাধ্যায়ের যোত জমির উত্তর হাজদীন মল্লিকের যোত জমির পশ্চিম। | ঐ ঐ |
| ২৬ | ঐ | ঐ | ঐ | ৮৪। | গোপালচন্দ্র ভট্টাচার্য্যের যোত জমির পূর্ব্ব মোক্তার সেখের যোত জমির দক্ষিণ নিলু মুখোপাধ্যায়ের যোত জমির পশ্চিম রাম পোদ্দারের যোত জমির উত্তর। | ঐ ঐ |
| ২৭ | ঐ | ঐ | ঐ | ১।।১। | সেয়াম চাঁদ মণ্ডলের যোত জমির দক্ষিণ গোপালচন্দ্র ভট্টাচার্য্যের যোত জমির পশ্চিম সাধবচন্দ্র মল্লিকের যোত জমির উত্তর সীতানাথ কোটালের যোত জমির পূর্ব্ব। | ঐ ঐ |
| ২৮ | ঐ | ঐ | ঐ | /৩৮ | আনন্দচন্দ্র সামন্তের বশতবাটীর পশ্চিম ও দক্ষিণ সরকারি রাস্তার পূর্ব্ব গলি রাস্তার উত্তর। | বশতবাটী বিপীন সামন্ত পিতা যুগল সামন্ত এবং যুগল গোঁসাই পিতা শ্রীরাম গোঁসাই সাং শ্রীখণ্ড। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২৯ | ঐ | বিঙ্গনা ... | খেজুরা ... | ।।৴।। | বড মাঙ্গরা পুষ্করিণীর পূর্ব্ব পতিত জমি ও ভুবন যশের পুষ্করিণীর দক্ষিণ সরকারি নর্দ্দামার পশ্চিম দিগড়াগড়্যা পুষ্করিণীর উত্তর। | যোত যোগেশ্বর শ্বর পিতা ঈশানচন্দ্র শ্বর সাং বিঙ্গন | |
| ৩০ | ঐ | ঐ | ঐ | ১৴২৶ | বিপীনদাস কোটালের পুষ্করিণীর উত্তর ঐ ব্যক্তির পুষ্করিণী সংলগ্ন নর্দ্দামার পূর্ব্ব আম্র বাগীচার ও গলিগড্যার দক্ষিণ মধুসুদন দাস বৈরাগীর বসতবাটীর পশ্চিম। | যোগেশ্বর শাস্ত্রী পিতা ঈশ্বরচন্দ্র শাস্ত্রী সাং বিঙ্গন। | |
| ৩১ | ঐ | ঐ | ঐ | ।।৫৶ | বিপ্রদাস কোটালের যোত জমি উত্তর অখিলচন্দ্র সাহার যোত জমির পূর্ব্ব দিননাথ কোটালে যোত জমি দক্ষিণ নন্দলাল বৈটীর যোত জমির পশ্চিম। | ঐ | ঐ |
| ৩২ | ঐ | ঐ | ঐ | ৸৪ | পাঁচকোড়া পুষ্করিণীর পশ্চিম নন্দলাল বৈটীর যোত জমির উত্তর দিননাথ কোটালের জমির দক্ষিণ ও পূর্ব্ব। | ঐ | ঐ |
| ৩৩ | ঐ | ঐ | ঐ | ।০।৶ | মজলিস পুষ্করিণীর পশ্চিম প্যারিলাল অধিকারির যোত জমির উত্তর সীতানাথ অধিকারির যোত জমির দক্ষিণ পূর্ব্ব। | যোত—ঐ | ঐ |
| ৩৪ | ঐ | ঐ | ঐ | ১ ০৸ | নর্দ্দামার পশ্চিম নদেরচাঁদ রায়ের যোত জমির দক্ষিণ অখিলচন্দ্র সাহার যোত জমির পূর্ব্ব মহেশচন্দ্র করের যোত জমির উত্তর। | দখিলকার—যোগেশ্বর সাহা পিতা ঈশানচন্দ্র সাহা সাং বিঙ্গন। | |
| ৩৫ | ঐ | ঐ | ঐ | ।২৴ | অখিলচন্দ্র সাহার যোত জমির পশ্চিম এবং উত্তর ও দক্ষিণ তিনু মণ্ডলের যোত জমির পূর্ব্ব। | ঐ | ঐ |
| ৩৬ | ঐ | ঐ | ঐ | ২।।১৸৶০ | যোগেন্দ্রচন্দ্র দত্তর যোত জমির দক্ষিণ ও পূর্ব্ব নন্দলাল বৈটীর যোত জমীর উত্তর রমজান বৈটীর যোত জমির পশ্চিম। | ঐ | ঐ |
| ৩৭ | ঐ | ঐ | ঐ | ৸২।৴২ | কাঙ্গালি মাজির যোত জমির উত্তর মাখন পোদ্দারের যোত জমির পূর্ব্ব নবিনচন্দ্র কোটালের যোত জমির দক্ষিণ ও পশ্চিম। | ঐ | ঐ |
| ৩৮ | ঐ | ঐ | ঐ | ।।২৸৴০ | দীননাথ বৈটীর যোত জমির দক্ষিণ ও পূর্ব্ব বিহারি সিংহের যোত জমির পশ্চিম ব্রজনাথ ডোমের চৌকীদারি চাকরাণ জমির উত্তর। | ঐ | ঐ |
| ৩৯ | ঐ | ঐ | ঐ | ২।৶০ | নকড়িগড়্যা পুষ্করিণীর দক্ষিণ ও পশ্চিম ও রাখাল হরির যোত জমির উত্তর ফুটপাতের পূর্ব্ব। | ঐ | ঐ |
| ৪০ | ঐ | ঐ | ঐ | ৬৸২।।৶০ | গৌরবিহারি করের যোত জমির দক্ষিণ পূর্ব্ব দীন বৈটীর যোত জমির পশ্চিম রামকৃষ্ণ ভট্টাচার্য্যের যোত জমির উত্তর। | ঐ | ঐ |
| ৪১ | ঐ | ঐ | ঐ | ১।৪৶ | বগড়িয়া পুষ্করিণীর ও সীতানাথ অধিকারির জমির পূর্ব্ব রামচন্দ্র চক্রবর্ত্তীর এবং দীন রায়ের যোত জমির দক্ষিণ রাধানাথ রায়ের যোত জমির উত্তর ও পশ্চিম। | ঐ | ঐ |
| ৪ | ঐ | ঐ | ঐ | ৩৴১৸৶০ | সীতানাথ অধিকারির জমির উত্তর প্যারিলাল অধিকারির জমির পূর্ব্ব প্রতাপচন্দ্র নন্দীর জমির দক্ষিণ গোষ্ঠবিহারি করের জমির পশ্চিম। | ঐ | ঐ |
| ৪৩ | ঐ | ঐ | ঐ | ২।৪ | নন্দলাল করের নরদমার পশ্চিম রাধানাথ রায়ের যোত জমির উত্তর ও পূর্ব্ব সীতানাথ রায়ের চাকরাণ জমির দক্ষিণ। | ঐ | ঐ |

| তহসিল নম্বর। | মহালের নাম। | মৌজা। | পরগণা। | ন্যূনাধিক জমির পরিমাণ | জমির চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| ৪৪ | জাইগীর ডাঙ্গরা | মিজরা ... | ধেঞা ... | ৫/৩৮০ | বাবুন পুষ্করিণী এবং বিহারিচরণ রায় ও রাধানাথ রায়ের যোত জমির এবং নদরচাঁদ কোটালের চৌকীদারী চাকরাণ জমির দক্ষিণ কে টাল গড়া পুষ্করিণীর এবং কুঞ্জ অধিকারির যোত জমির ও নদেরচাঁদ কোটালের চাকরাণ জমির এবং বিহারি সিংহের চাকরাণ জমি পশ্চিম বিহারি রায়ের চৌকিদারী চাকরাণ জমি ও সীতানাথ রায় ও দীননাথ রায়ের যোত জমির উত্তর রাধানাথ রায় এবং সীতানাথ অধিকারির যোত জমি ও দীন কোটালের চাকরাণ জমির এবং তত্রস্থ জমিদারের খাস জায়গার পূর্ব্ব। | দখলিকার—যোগেশ্বর সাহা পিতা ঈশানচন্দ্র সাহা সাং মিজরা। |
| ৪৫ | ঐ | কুলচণ্ডী ডিঃ সাহেবগঞ্জ | সমরশাহি ... | ২।৩ | দীননাথ কোঙারের যোত জমির দক্ষিণ বিহারি কোঙারের যোত জমির পূর্ব রামেশ্বর চট্টোপাধ্যায় যোত জমির উত্তর পাচু গরাঞের যোত জমির পশ্চিম। | দখলিকার—ভোলানাথ কোঙার পিতা বংশীধর কোঙার সাং কুলচণ্ডী। |
| ৪৬ | ঐ | ঐ | ঐ | ৮৩।৶০ | কেনারাম পাত্রার যোত জমির দক্ষিণ নিজাম সেখের যোত জমির পূর্ব্ব মতিলাল হাজরার যোত জমির উত্তর শিবত্তর জমির পশ্চিম। | দখলিকার—যোগেশ্বর কোঙার পিতা নন্দলাল কোঙার সাং কুলচণ্ডী। |
| ৪৭ | ঐ | ঐ | ঐ | ৩।।১।।/০ | চাঁদ সেখের যোত জমির দক্ষিণ রামজীবন বন্দ্যোপাধ্যায় দিগরের যোত জমির পশ্চিম ও উত্তর নবকুমার বন্দ্যোপাধ্যায় দিগরের যোত জমির পূর্ব্ব। | ঐ ঐ |
| ৪৮ | ঐ | ঐ | ঐ | ৪।১।।৶০ | ত্রৈলোক্যনাথ হাজরার যোত জমির পূর্ব্ব ত্রিলোচন হাজরার যোত জমির দক্ষিণ এবং পশ্চিম ও উত্তর। | দখলিকার—ভরত সামন্ত পিতা খুদিরাম সামন্ত সাং কুলচণ্ডী। |
| ৪৯ | ঐ | ঐ | ঐ | ।।৪ | কালিনাথ কুমারের যোত জমির এবং কলিদিগলি পুষ্করিণীর পশ্চিম যোগেশ্বর কোঙারের যোত জমির উত্তর কালিনাথ বন্দ্যোপাধ্যায়ের যোত জমির পূর্ব্ব ত্রৈলোক্য নাথ সামন্তর যোত জমির দক্ষিণ। | দখলিকার—সাতকড়ি সামন্ত পিতা মহাভারত সামন্ত। |
| ৫০ | ঐ | ঐ | ঐ | ।।৪৮/০ | দত্ত পুষ্করিণীর পূর্ব্ব খুদিরাম সামন্তর যোত জমির দক্ষিণ গোষ্ঠবিহারি গোস্বামির যোত জমির উত্তর কালিনাথ কোঙারের যোত জমির পশ্চিম। | যোত—সাতকড়ি সামন্ত পিতা মহাভারত সামন্ত সাং কুলচণ্ডী। |
| ৫১ | ঐ | ঐ | ঐ | ১০৮৶০ | ভড়ভগড়া পুষ্করিণীর উত্তর দুর্গাদাস ঘোষালের বশতবাটীর পূর্ব্ব সাতকড়ি সামন্ত দিগরের বশতবাটীর দক্ষিণ খুদিরাম কোঙারের বশতবাটির পশ্চিম। | দখলিকার—হরিদাস সামন্ত পিতা মধুসুদন সামন্ত সাং কুলচণ্ডী। |
| ৫২ | ঐ | জনার্দ্দনপুর সাং কৈজর কাদনাড়া | বর্দ্ধমান ... | ৩/০৶ | টাবা পুষ্করিণীর উত্তর হরিশ্চন্দ্র বারিকের যোত জমির পশ্চিম মাতাবচন্দ্র ঘোষের যোত জমির দক্ষিণ বিহারিলাল ঘোষ দিগরের যোত জমির পূর্ব্ব। | যোত—বিহারিলাল ঘোষ সাং জনার্দ্দনপুর। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫৩ | ঐ | ঐ | ঐ | ৮॥৫৮৶১০ | লক্ষ্মীনাথ মালি এবং গয়ারাম মালির যোত জমির দক্ষিণ মোজার সেখ এবং হরনাথ গাঙ্গুলির যোত জমির পূর্ব্ব গয়ারাম মালি ও ত্রৈলোক্য কুণ্ডুর যোত জমির উত্তর হরিরাম কুণ্ডুর পুষ্করিণীর পশ্চিম। | যোত ঈশ্বরচন্দ্র কুণ্ডু ভুবনচন্দ্র সেন সাং জনার্দ্দনপুর। |
| ৫৪ | ঐ | ঐ | ঐ | ৫॥১/০ | ভুবন মালির যোত জমির দক্ষিণ ত্রৈলোক্য কুণ্ডু এবং বিহারি কঙ্কনি গোস্বামির যোত জমির পশ্চিম মোজকর সেখের যোত জমির উত্তর কুঞ্জলাল কোটালের যোত জমির পূর্ব্ব। | যোত—মহেশচন্দ্র হালদার এবং বিহারি কঙ্কনি গোস্বামি সাং জনার্দ্দনপুর। |
| ৫৫ | ঐ | ঐ | ঐ | ১৮১৶০ | রোম দীঘী পুষ্করিণী এবং কানু সেখের যোত জমির পূর্ব্ব গোসাঞী দাসের যোত জমির দক্ষিণ বিহারি চৌকীদারের যোত জমির পশ্চিম গোলাম কাদেরের যোত জমির উত্তর | ঐ ঐ |
| ৫৬ | ঐ | ঐ | ঐ | ৯।০।৶০ | শ্রীনিবাস হালদার গয়ানাথ সর্দ্দার ক্ষেত্রকালী ঠাকুর এবং গয়ানাথ সর্দ্দারের যোত জমির এবং বামনে কালির লাখরাজ জমির এবং রতন চৌধুরির ও রূপচন্দ্র রায়ের যোত জমির ও গোপালি সেখের লাখ রাজ জমির পশ্চিম হারাধন বক্সী এবং গয়ারাম সর্দ্দারের যোত জমির দক্ষিণ মথুরানাথ ও আনন্দচন্দ্র বাগদীর ও ত্রৈলোক্য কুণ্ডুর যোত জমির পূর্ব্ব হারাধন বক্সীর যোত জমির উত্তর। | যোত—শ্রীমন্ত পড়েন পিতা কার্ত্তিক পড়েন সাং জনার্দ্দনপুর। |
| ৫৭ | ঐ | ঐ | ঐ | /২॥০ | মাধব মাজির যোত জমির উত্তর ও পূর্ব্ব মহেন্দ্রচন্দ্র হালদারের যোত জমির দক্ষিণ হর মুচির ঘাস জমির পশ্চিম। | যোত হরিরাম কুণ্ডু পিতা সুন্দর কুণ্ডু সাং জনার্দ্দনপুর। |
| ৫৮ | ঐ | ঐ | ঐ | ১৮১৮০ | হরি মুচির ঘাসকর জমির পূর্ব্ব মহেন্দ্র হালদারের জমির উত্তর প্রতাপ-চন্দ্র মালির যোত জমির পশ্চিম মহেন্দ্র হালদারের এবং মাধব মাজির যোত জমির দক্ষিণ। | ঐ ঐ |
| ৫৯ | ঐ | ঐ | ঐ | ১৩।০ | গয়ারাম সর্দ্দারের যোত জমির পূর্ব্ব মহেন্দ্র হালদারের যোত জমির উত্তর সরকারি নয়ানমা পশ্চিম মোজকর সেখের পতিত জমির দক্ষিণ। | যোত—শ্রীনাস হালদার সাং ঐ |
| ৬০ | ঐ | ঐ | ঐ | ১১/০ | শ্রীনাথ মদকের যোত জমির উত্তর সাধুচরণ গুপ্তের যোত জমির দক্ষিণ হরনাথ গাঙ্গুলির যোত জমির পূর্ব্ব ক্ষেত্রনাথ মদকের যোত জমির পশ্চিম। | যোত—শ্রীনিবাস হালদার সাং ঐ |
| ৬১ | ঐ | ঐ | ঐ | ॥৪॥/০ | মোজকর সেখের যোত জমির উত্তর সরকারি [illegible] পশ্চিম শ্রীনাথ মদক ও গোলাম করিমের যোত জমির দক্ষিণ শ্রীনাথ মদকের যোত জমির পূর্ব্ব। | ঐ ঐ |
| ৬২ | ঐ | ঐ | ঐ | ১০/ | কাঙ্গালি ঘোষের বাগানের উত্তর রামরতন চৌধুরি এবং রসিক ঘোষের বাগানের দক্ষিণ আনন্দচন্দ্র বাগদীর জমির পশ্চিম রসিক ঘোষের যো[illegible] জমির পূর্ব্ব। | যোত—রসিকচন্দ্র ঘোষ সাং জনার্দ্দনপুর। |

| তৌজির নম্বর। | মহালের নাম। | মৌজা। | পরগণা। | ন্যূনাধিক জমির পরিমাণ। | জমির চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| ৬৩ | জায়গির ভাগরা | জনার্দ্দনপুর সাকিম শামনাড়া। | বর্দ্ধমান | ।।৪/০ | বৈষ্ণব গড়ার পশ্চিম মহেন্দ্র বাগ্দী ও আনন্দচন্দ্র বাগ্দীর যোত জমির দক্ষিণ হরিমুচি ও মৃত্যুঞ্জয় দের যোত জমির পূর্ব্ব মহেন্দ্র বাগ্দী ও আনন্দচন্দ্র বাগ্দীর যোত জমির উত্তর। | যোত—মধুসূদন বাগ্দী সাং জনার্দ্দনপুর। |
| ৬৪ | ঐ | ঐ | ঐ | ৬/৪।০ | ক্ষেত্রনাথ মদক ও মাধব বাগ্দীর বাগানের দক্ষিণ সরকারি নদ্দমার ও বিহারি বাগ্দীর চাকরান জমির পশ্চিম মধুসূদন কণ্ডুর যোত জমির উত্তর সরকারি নদ্দমার ও কীর্ত্তিবাস ঘোষের যোত জমির পূর্ব্ব। | যোত—মহেন্দ্রচন্দ্র বাগ্দী এবং জনার্দ্দনপুর সাকিমের শ্রীমন্ত প্যারিমোহনের দখলি চাকরাণ জমি। |
| ৬৫ | ঐ | ঐ | ঐ | ।৭।।/০ | মাধব বাগ্দীর পতিত জমির পূর্ব্ব মাখন মাজির শ্রীনিবাস হালদারের বশতবাটীর দক্ষিণ শ্রীমন্ত পড়েনের বশতবাটীর পশ্চিম বিহারি চৌকিদারের বশতবাটীর ও চৌকিদারি চাকরাণ পুষ্করণীর উত্তর। | যোত—জনার্দ্দনপুর সাকীমের শ্রীমন্ত পুরিয়ানের দখলি চাকরান জমি। |
| ৬৬ | ঐ | নাড়িগ্রাম ডিঃ বান্দা। | পঃ সমরশাহী | ৫৷৩৷/০ | হারাধন সিংহের যোত জমির ও গয়ারাম সর্দ্দারের চৌকিদারি চাকরাণ জমির পশ্চিম বিপিনচন্দ্র চক্রবর্ত্তী ও হারাধন সিংহের যোত জমির ও নয়ান সর্দ্দারের চৌকীদারি চাকরাণ জমির উত্তর বাংবংশী মুখোপাধ্যায়ের যোত জমিরও নিলমাধব সিংহ ও গৌর রায়ের যোত জমির উত্তর রাধানাথ চক্রবর্ত্তী ও রাজারাম ভট্টাচার্য্য ও ভুবনমোহন মজুমদার ও রামবংশী মুখোপাধ্যায় এবং রামচরণ চক্রবর্ত্তীর যোত জমির দক্ষিণ ও রামকুমার সরকার ও রামবংশী মুখোপাধ্যায় ও রামচরণ চক্রবর্ত্তীর যোত জমির পূর্ব্ব। | যোত—গুরুচরণ বাগ্দী সাং নারগ্রাম ঈশ্বরচন্দ্র সুবর্ণবণিক সাং গোপালপুর। |
| ৬৭ | ঐ | ঐ | ঐ | ১৫৮/০ | গৌরচন্দ্র রায়ের যোত জমির পশ্চিম মধুসূদন দত্ত ও কেদার রায় ও গৌরচন্দ্র রায়ের যোত জমির উত্তর নিলমাধব সিংহের যোত জমির পূর্ব্ব নারায়ন সর্দ্দারের চৌকীদারি চাকরাণ জমির ও গৌরচন্দ্র রায়ের যোত জমির দক্ষিণ। | যোত—কৈলাসচন্দ্র বাগ্দী সাং নাড়িগ্রাম। |
| ৬৮ | ঐ | ঐ | ঐ | ১।১৮৶০ | মহেন্দ্রচন্দ্র নন্দির যোত জমির দক্ষিণ কালিচরণ ঘোষ ও মহেন্দ্রচন্দ্র নন্দির যোত জমির পশ্চিম ও কৈলাসচন্দ্র চক্রবর্ত্তীর যোত জমির উত্তর ঈশ্বরচন্দ্র চক্রবর্ত্তীর যোত জমির ও বামেশ্বর রায়ের পতিত জমির পূর্ব্ব। | যোত—কৈলাসচন্দ্র বাগ্দী সাং নাড়িগ্রাম। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬৯ | ঐ | ঐ | ঐ | ১৪৪॥৶০ | কালিচরণ ঘোষের যোত জমির দক্ষিণ পশ্চিম রামমোহন মুখোপাধ্যায়ের যোত জমির এবং মহেন্দ্রচন্দ্র নন্দির যোত জমির উত্তর তিনকড়ি সর্দ্দারের যোত জমির পূর্ব্ব। | যোত মাধব বাগ্দী সাং নাড়িগ্রাম। |
| ৭০ | ঐ | ঐ | ঐ | ৮৩৶০ | মধুসূদন দত্ত খরিদা লাখরাজ জমির দক্ষিণ ও পশ্চিম মহেন্দ্রচন্দ্র নন্দির যোত জমির পূর্ব্ব মৃগেন্দ্রনাথ ভক্তর যোত জমির উত্তর। | যোত—মধুসূদন দত্ত সাং নাড়িগ্রাম। |
| ৭১ | ঐ | ঐ | ঐ | ৮০।৶ | নালার উত্তর মধুসূদন দত্তর লাখরাজ যোত জমির পূর্ব্ব ও দক্ষিণ মাধবচন্দ্র বাগ্দীর চৌকীদারি চাকরাণ জমির পশ্চিম। | যোত ঐ ঐ |
| ৭২ | ঐ | উখড়ি ডিঃ খণ্ডঘোষ। | ঐ | ৭১০।৶০ | সাক প্রধানের যোত জমির পূর্ব্ব বুর্দ্দমোল্লার যোত জমির দক্ষিণ ও পশ্চিম বাসেদ মির্দ্দার যোত জমির দক্ষিণ সরকারি রাস্তার ও মেহের মির্দ্দার যোত জমির ও ভাগাড়ের ও সাক প্রধানের যোত জমির পূর্ব্ব। | যোত—সাকীম মণ্ডল মেছার বিবি খামি ইছু মণ্ডল সাং নাড়িগ্রাম। |
| ৭৩ | ঐ | ঐ | ঐ | ১০১৪৮৶ | পীতাম্বর চাঁড়ালের ও কেদার চৌধুরির ও সেখ কারর ও সেখ তোরাজের যোত জমির উত্তর হবু মির্দ্দার ও দাহির মির্দ্দার ও কেদার চৌধুরির ও মানিক মির্দ্দার যোত জমির পশ্চিম গোবা মির্দ্দা ও হাক মির্দ্দা ও সেকন্দা মির্দ্দার ও জবন মির্দ্দা ও তারজ সেখের যোত জমির দক্ষিণ উনকু মণ্ডল ও তারজ সেখ ও কারু সেখের যোত জমির ও ভাগাড়ের ও শারু সেখের যোত জমির পূর্ব্ব ওরাজ সেখের যোত জমির দক্ষিণ ও পূর্ব্ব। | যোত ঐ ঐ |
| ৭৪ | ঐ | ঐ | ঐ | ২।৩।৷৶০ | মানিক মির্দ্দার যোত জমির উত্তর সোণা মির্দ্দার ও তুলাল খাঁএর যোত জমির পূর্ব্ব আলিবক্স মির্দ্দার যোত জমির দক্ষিণ ইছু চৌধুরির যোত জমির পশ্চিম। | যোত—টাকী মণ্ডল সাং নাড়িগ্রাম। |
| ৭৫ | ঐ | ঐ | ঐ | ৫।।৩৬৶০ | তিনকড়ি হাড়ির চৌকীদারি চাকরাণ জমির উত্তর সেকন্দর মির্দ্দার, হর মির্দ্দার ও সোণা উল্লা মির্দ্দার ও রঙ্গলাল চাঁড়ালের যোত জমির পূর্ব্ব সোণাউল্লা মির্দ্দার যোত জমির দক্ষিণ গৌর খাঁএর চৌকিদারি চাকরাণ জমির ও পশুন ও রামধন বাগ্দীর জমির পশ্চিম। | যোত—সাকীম মণ্ডল সাং নাড়িগ্রাম। |
| ৭৬ | ঐ | মগলমারি সামিল গোপীনাথপুর | ঐ | ২।৪।৴০ | খাস খামারের দক্ষিণ প্যারিমোহন বাড়ুয্যার যোত জমির দক্ষিণ প্রতাপ দত্তের পুষ্করিণী পশ্চিম প্যারিমোহন বাড়ুয্যার খাস খামার যোত জমির ও রাখাল ভায়ের যোত জমির উত্তর অধর ভায়ের যোত জমির ও সুচাঁদ দত্তর ও রামাসুন্দরী দাসী ও সুচাঁদ দত্তর যোত জমির পূর্ব্ব। | যোত—প্রতাপচন্দ্র দত্ত, দুর্য্যোধন বাগ্দী, অখিলচন্দ্র বাগ্দী, কালীচন্দ্র বাগ্দী, গগনচন্দ্র বাগ্দী, সাং গোপীনাথপুর। |

| জমির নম্বর। | মহালের নাম। | মৌজা। | পরগণা। | ন্যূনাধিক জমির পরিমাণ। | জমির চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| ৭৭ | জায়গির ডাগরা। | মগলতরির সামিল গোপীনাথপুর। | সমরসাহী ... | ১৮৪।৶০ | প্রতাপচন্দ্র দত্তর যোত জমির দক্ষিণ গুরুদাস তায়ের ও মধু চৌকীদারের যোত জমির পূর্ব্ব পরমানন্দ দত্তর যোত জমির উত্তর কেদার হড়ের খাস যোত জমি ও প্রতাপচন্দ্র দত্তর খাস যোত জমি ও প্যারিমোহন বন্দ্যোপাধ্যায়ের যোত জমির পশ্চিম। | যোত—প্রতাপচন্দ্র দত্ত, দুর্যোধন বাগদী, অখিলচন্দ্র বাগদী, কালিচন্দ্র বাগদী, গগনচন্দ্র বাগদী, সাং গোপীনাথপুর। |
| ৭৮ | ঐ | ঐ | ঐ | ।।২ ।০ | বনমালি দত্তর যোত জমির দক্ষিণ অধরচাঁদ পালের বশত জমির পশ্চিম প্রতাপচন্দ্র দত্তর যোত জমির পূর্ব্ব প্রতাপ দত্ত ও রাখালচন্দ্র চক্রবর্ত্তীর পতিত জমির উত্তর। | যোত প্রতাপচন্দ্র দত্ত সাং গোপীনাথপুর। |
| ৭৯ | ঐ | ঐ | ঐ | ২।।৫৸ | প্রতাপচন্দ্র দত্তর যোত জমির পূর্ব্ব অধর আচার্য্যের দখলি ব্রহ্মত্তর পতিত জমির উত্তর রাখাল কর্ম্মকারের জমির উত্তর রামেশ্বর তাঁএর যোত জমির পশ্চিম রাখালচন্দ্র গায়েন ও কীর্ত্তিবাস গায়েন যোত জমির দক্ষিণ। | যোত—প্রতাপচন্দ্র দত্ত, হৃদয় বাগদী, সাং গোপীনাথপুর। |
| ৮০ | ঐ | ঐ | ঐ | ১/৴৶ | গলিরাস্তার পশ্চিম প্যারিমোহন বন্দ্যোপাধ্যায় খাস পতিত জমির ও প্রতাপচন্দ্র দত্তর পতিত জমির উত্তর পঞ্চানন ঠাকুরের অশ্বত্থ গাছের উত্তর ঐ ঠাকুরের দেবত্তর জমির ও দুর্গাধন পরামাণিকের ডাড়া পুষ্করিণীর পূর্ব্ব ও অম্বিকা চরণ সর্দ্দারের বশত বাটীর ও পঞ্চানন ঠাকুরের বাটীর ও দুর্য্যোধন পরামাণিকের খাস খামার বাস্তু বশত বাটীর দক্ষিণ। | বশত—দুর্য্যোধন বাগদী, অখিলচন্দ্র বাগদী, গগনচন্দ্র বাগদী, কালীচন্দ্র বাগদী, সাং গোপীনাথপুর। |
| ৮১ | ঐ | বুলচাঁদা ... | ঐ | ২।৷৴০ | মৌজে মান্দার পুরের অন্তর্গত স্থানের দক্ষিণ হৃদয় মির্দ্ধার পতিত জমির ও খুদিরাম মির্দ্ধার যোত জমির পশ্চিম কউন মির্দ্ধার যোত জমির ও হৃদয় মির্দ্ধার পতিত জমির পূর্ব্ব নন্দরাম মির্দ্ধার যোত জমির উত্তর। | যোত—লক্ষ্মীমণী দাসী, স্বামি ভগবৎ বাগদী, সাং বুলচাঁদা। |
| ৮২ | ঐ | ঐ | ঐ | ১৮১৸৶০ | নিধিরাম চৌকিদারের বশত বাটীর ও লক্ষ্মীমণি দাসীর পতিত জমির উত্তর ষষ্ঠীরাম হাড়ি ও কৃষ্ণ কামারে পুষ্করণীর পশ্চিম সর্ব্বেশ্বর কর্ম্মকারের যোত জমির দক্ষিণ কেনারাম মণ্ডলের বশত বাটীর পূর্ব্ব। | যোত—লক্ষ্মীমণী দাসী, ঈশ্বরচন্দ্র পাল, চণ্ডীচরণ বাগদী, গোষ্ঠবিহারি গোস্বামি, সাং বুলচাঁদা। |
| ৮৩ | ঐ | ঐ | ঐ | ৩/৩/০ | ভোলানাথ নন্দী এবং বিনদ বেহারি পালের যোত জমির পূর্ব্ব গোপাল ঠাকুরের কোরফা প্রজা বনমালি নন্দীর যোত জমির ও গোপাল ঠাকুরের দেবত্তর জমির উত্তর গোষ্ঠবিহারি গোস্বামির যোত জমির ও নদেরচাঁদ পালের ও গোষ্ঠবিহারি গোস্বামির পুষ্করিণীর পশ্চিম গয়ারাম পাল খুদিরাম মির্দ্ধা ও নফর চৌকিদারের যোত জমির দক্ষিণ। | যোত—লক্ষ্মীমণী দাসী স্বামি ভগবৎ বাগদী, সাং বুলচাঁদা। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৮৪ | ঐ | ঐ | ঐ | ১৴১।৴০ | বামেশ্বর কোঙরের যোত জমির দক্ষিণ আনন্দচন্দ্র পালের যোত জমির উত্তর পূর্ব্ব খুদিরাম মির্দ্ধা দিগরের পুষ্করিণীর পশ্চিম। | যোত—লক্ষ্মীমণী দাসী ন্যাম্নি ভগবৎ বাগদী সাং বুলচাঁদা। |
| ৮৫ | ঐ | ঐ | ঐ | ১।১৸৴০ | বিপীনচন্দ্র দে মকরচন্দ্র পাল ও নিধিরাম মির্দ্ধার পতিত জমির পূর্ব্ব নটবর দের পতিত জমির ও গয়ারাম বাগদির যোত চাকরাণ জমির উত্তর নারায়ণ নন্দির যোত জমির পশ্চিম কুঞ্জবিহারি নন্দী ও গোপীনাথ নন্দির যোত জমির পশ্চিম বিশু কারকের পতিত জমির দক্ষিণ। | যোত—গোষ্ঠ বেহারি গোস্বামি, ঈশ্বরচন্দ্র পাল, সাং বুলচাঁদা। |
| ৮৬ | ঐ | ঐ | ঐ | ৯।।৩।৶০ | বিপীনচন্দ্র দের যোত জমি ও মুক্তিনাথ বাগদির চৌকিদারি চাকরাণ জমির দক্ষিণ নটবর দের যোত জমির পশ্চিম কালাচাঁদ কুণ্ডুর যোত জমির দক্ষিণ ও পশ্চিম নদেরচাঁদ চৌকিদারের চৌকিদারি চাকরাণ জমির উত্তর জাহানাবাদ যাইবার রাস্তার পূর্ব্ব। | যোত—গোষ্ঠ বেহারি গোস্বামি, ঈশ্বরচন্দ্র পাল, সাং বুলচাঁদা। |
| ৮৭ | ঐ | নিজ নন্দপুর... | পং খেজ্রা ... | ২৬।৩।৶০ | চৌহদ্দীর ঠিকানা হয় নাই ... | যোত—তারক সামন্ত, শ্রীরাম সামন্ত যোগাদ্যাচরণ সামন্ত। |
| ৮৮ | ঐ | ডাক আড্ডা মৌজে বামি-চৌল মধুপুর। | পং মামদামিপুর | ৯৸০॥৶ | উত্তম মুখোপাধ্যায় রামধন ঘোষ দ্বারকাচন্দ্র ঘোষ ও সুচাঁদ ঘোষের যোত জমির পূর্ব্ব মকিম সেখের পতিত জমির এবং রামনাথ মুন্সীর পতিত ও আবাদি জমির উত্তর কালীচরণ দে ও গিরিশ মুখোপাধ্যায় ও রামনাথ মুখোপাধ্যায় যোত জমির পশ্চিম মকীম সেখের আবাদি জমির দক্ষিণ পশ্চিম ও মকিম সেখের পতিত জমির দক্ষিণ ও পূর্ব্ব। | যোত—রামনাথ মুন্সী, পিতা রাজচন্দ্র মুন্সী সাং মধুপুর। |
| ৮৯ | ঐ | শ্যামবাটী ... | পং মুরাজপুর ... | ৫৸০৸ | দেবনাথ পাল এবং কুঞ্জ মণ্ডলের যোত জমির দক্ষিণ দেবনাথ পালের লাখরাজ যোত জমির পূর্ব্ব ও লাখরাজ পতিত জমির উত্তর সরে রাস্তার পশ্চিম। | যোত—সীতানাথ পাল, দেবনাথ পাল, সাং শ্যামবাটী। |
| ৯০ | ঐ | ডাক আড্ডা মির্জ্জাপুর। | পং রামপুর ... | ৴১৶০ | পরেশ পুরের জমিদার কুমদাকান্ত রায় দিগরের লাখরাজ খাস পতিত জমির মধ্যে। | যোত—খাস নেজামত। |

A. Ahmed, for Collector of Burdwan.

জেলা হুগলি।

ইস্তাহার কাছারি কালেক্টরি জেলা হুগলি।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করাণ যাইতেছে যে জেলা হুগলির অন্তর্গত যে সকল নেজামত লাখরাজ ষ্টেড আছে সেই সকল জমি সন ১৮৮৯ সালের ২১শে মার্চ্চ মোতাবেক বাঙ্গলা সন ১২৯৫ সালের ৯ই চৈত্র বৃহস্পতিবার তারিখে প্রকাশ্য নীলামে হুগলির কালেক্টরিতে বিক্রয় হইবে যে সকল ব্যক্তিরা এই সকল ভূমি ক্রয় করিবেন তাঁহারা নিম্নলিখিত নিয়মের (স্বত্বের) বাধ্য থাকিবেন।

১। ভূমি সকল অপসেট প্রাইজ অর্থাৎ স্থিরীকৃত মূল্যের উপর সর্ব্বোচ্চ ডাক কারিকে নিষ্কর রূপে বিক্রয় হইবে।

২। সেই বিক্রয় বর্ত্তমান পাট্টার এবং চলিত আইন ও বন্দোবস্ত কার্য্যদ্বারা যে স্বত্ব অর্পিত হইয়াছে সেই স্বত্বের অধীন থাকিবেন যে সকল বাশেন্দা আবাদকারি প্রজারা রেভিনিউ কর্ত্তৃপক্ষগণ কৃত জমাবন্দীতে দস্তখত করিয়াছেন সেই সকল যোতদারদিগের স্বত্ব বজায় রাখিতে খরিদার বাধ্য থাকিবেন।

৩। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে।

৪। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থ অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনের দিবা দুই প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবেক ঐ দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে দুই প্রহরের মধ্যে দাখিল করিতে হইবেক দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথম স্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারি করিয়া ঐ ভূমি ত্রুটিকারি খরিদারের ঝুঁকিতে পুনরায় নীলাম করা যাইবেক।

৫। কালেক্টর সাহেব কর্ত্তৃক সেই বিক্রয় মঞ্জুর করার অনুমতিপত্র পাইলে খরিদার সেই বিক্রীত সম্পত্তিতে দখল পাইবেন কিন্তু রেভিনিউ বোর্ড যদি ঐ বিক্রয় কার্য্য অনুমোদন না করেন তাহা হইলে খরিদারের সেই দখল স্থিরতর থাকিবেক না ইতি সন ১৮৮৯ সাল তারিখ ২রা জানুয়ারি।

| তরতিব নম্বর। | মহালের নাম। | মৌজার নাম। | পরগনার নাম। | জমির পরিমাণ নূন্যাধিক | বৎসরিক জমা। | অপসেট প্রাইজ। | চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|
(/০) যদি সেই ব্যক্তি পূর্ব্বে এই ধারানুসারে অপরাধী সাব্যস্ত হইয়া না থাকেন তবে তাঁহার একবৎসর পর্য্যন্ত কারাবাস বা জরিমানা বা উভয় দণ্ড হইবে। অথবা

(৶০) যদি সেই ব্যক্তি পূর্ব্বে এই ধারানুসারে অপরাধী সাব্যস্ত হইয়া থাকেন তবে তাঁহার তিন বৎসর পর্য্যন্ত কারাবাস বা জরিমানা বা উভয় দণ্ড হইবে।

(২) যদি কোন ব্যক্তিকে (১) প্রকরণানুসারে কোন অপরাধের জন্য অপরাধী সাব্যস্ত করা হয় তবে তাঁহার প্রতি অপর যে দণ্ডের আজ্ঞা হইতে পারে তাহা ছাড়া তাঁহার উপরোক্তমত সমস্ত খণ্ড জব্দ হইবে এবং ঐরূপ খণ্ড প্রস্তুত করিবার যে সকল যন্ত্র ও উপকরণ তাঁহার দখলে, হেপাজতে বা কর্ত্তৃত্বাধীনে থাকিতে দেখ যায় তাহা জব্দ হইবে।

(৩) যদি ঐরূপ অপরাধের বিচারকালে এইরূপ প্রশ্ন উত্থিত হয় যে কোন ধাতুখণ্ড বা মিশ্র ধাতুখণ্ড টাকা স্বরূপ ব্যবহৃত হওয়া বা টাকা স্বরূপ ব্যবহৃত হইবার জন্য প্রচারিত হওয়া অভিপ্রেত ছিল কি না তাহা হইলে ঐ খণ্ড যে ঐরূপে ব্যবহৃত বা প্রচারিত হওয়া অভিপ্রেত ছিল না ইহা প্রমাণ করিবার ভার অভিযুক্ত ব্যক্তির উপর থাকিবে।

৫ ধারা। (১) ৩ ধারায় যেরূপ খণ্ডের কথা আছে ঐ ধারা উল্লঙ্ঘন করিয়া সেইরূপ খণ্ড প্রস্তুত করার অপরাধ ধর্ত্তব্য অপরাধ হইবে।

ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুযায়ী অপরাধ ধর্ত্তব্য অপরাধ হইবার কথা।

(২) ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনে যাহা কিছু আছে তাহা সত্ত্বেও ৪ ধারানুসারে দণ্ডনীয় অন্য কোন অপরাধ ধর্ত্তব্য অপরাধ হইবে না এবং কোন প্রেসিডেন্সী সহরের সীমার বাহিরে হইলে ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেট বা মহকুমার মাজিষ্ট্রেট ছাড়া কোন মাজিষ্ট্রেট ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেট বা মহকুমার মাজিষ্ট্রেট অগ্রে মঞ্জুরি না দিলে ৪ ধারানুসারে দণ্ডনীয় অন্য কোন অপরাধ বিচারার্থে আনিতে পারিবেন না।

৬ ধারা। ৩ ধারায় যেরূপ ধাতুখণ্ডের উল্লেখ আছে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যদি কোন সময়ে সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৯ ধারানুসারে বিজ্ঞাপন দিয়া সেইরূপ ধাতুখণ্ড সমুদ্র পথ দিয়া বা স্থল পথ দিয়া বৃটিশ ভারতবর্ষে আনয়ন করা নিষেধ বা নিয়মিত করিয়া দেওয়া উপযুক্ত বিবেচনা করেন তাহা হইলে, তিনি ঐ বিজ্ঞাপনে এইরূপ আদেশ করিতে পারিবেন যে যেব্যক্তি ঐ নিষেধ বা নিয়ম লঙ্ঘন করেন সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৬৭ ধারায় যে দণ্ডের উল্লেখ আছে তাঁহার সে দণ্ড না হইয়া বৃটিশ ভারতবর্ষে ঐরূপ খণ্ড প্রস্তুত করার জন্য তিনি এই আইনানুসারে অপরাধী সাব্যস্ত হইলে তাঁহার যে দণ্ড হইতে পারিত সেই দণ্ড হইবে, এবং ঐরূপ খণ্ড প্রস্তুত করা রূপ অপরাধ সংক্রান্ত ৪ ধারার (৩) প্রকরণের বিধান ও ৫ ধারার (১) প্রকরণের বিধান বা তন্মধ্যে যে কোন প্রকরণের বিধান যতদূর খাটান যাইতে পারে সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের বিধান সত্ত্বেও ঐ আইনের ১৯ ধারানুসারে বিজ্ঞাপিত নিষেধ বা নিয়ম লঙ্ঘন করা রূপ অপরাধ সম্বন্ধে তাহা ততদূর খাটিবে।

টাকা স্বরূপ ব্যবহারার্থ ধাতুখণ্ড আমদানি করা সম্বন্ধে এই আইনের কোন কোন পূর্ব্ববর্ত্তী বিধান খাটিবার কথা।

৭ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ৯৮ ধারায় নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে অর্থাৎ :—

১৮৮২ সালের ১০ আইনের ৯৮ ধারায় যাহা যোগ করিতে হইবে তাহার কথা।

"(ক) কৃত্রিম মুদ্রা সম্বন্ধীয়,

(খ) কৃত্রিম বলিয়া সন্দেহ হয় এমন মুদ্রা সম্বন্ধীয় এবং

(গ) মুদ্রা কৃত্রিম করিবার যন্ত্র বা উপকরণ সম্বন্ধীয় এই ধারার বিধান যতদূর খাটান যাইতে পারে ততদূর যথা ক্রমে—

(ক) যে সকল ধাতুখণ্ড ধাতব নিদর্শন বিষয়ক ১৮৮৯ সালের আইন উল্লঙ্ঘন করিয়া প্রস্তুত করা হয় কিম্বা সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৯ ধারানুসারে যখন যে বিজ্ঞাপন প্রবল থাকে তাহা উল্লঙ্ঘন করিয়া বৃটিশ ভারতবর্ষে আনা হয় তৎসম্বন্ধে খাটিবে।

(খ) যে সকল ধাতুখণ্ড ঐ রূপে প্রস্তুত করা হইয়াছে বা ঐ রূপে বৃটিশ ভারতবর্ষে আনা হইয়াছে বা ঐ আইনদ্বয়ের মধ্যে প্রথমোক্ত আইন লঙ্ঘন করিয়া প্রচার করা অভিপ্রেত বলিয়া সন্দেহ করা যায় তৎসম্বন্ধে খাটিবে, এবং

(গ) ঐ আইন লঙ্ঘন করিয়া ধাতুখণ্ড প্রস্তুত করিবার যন্ত্র বা উপকরণ সম্বন্ধে।"

৮ ধারা। (১) ভারতবর্ষের দণ্ডবিধির আইনে মুদ্রার যে অর্থ করা গিয়াছে যে ধাতুখণ্ড সেই অর্থে মুদ্রা নয় তাহা কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন বা স্থানীয় কর্ত্তৃপক্ষ দ্বারা বা পক্ষে টাকা বলিয়া গ্রহণ করা হইবে না।

যে ধাতু মুদ্রা নয় স্থানীয় কর্ত্তৃপক্ষ ও রেলওয়ে কর্ত্তৃক তাহা টাকা বলিয়া গৃহীত হওয়া নিষেধের কথা।

(২) যদি কোন ব্যক্তি রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের পক্ষে বা কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের পক্ষে বা কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন বা স্থানীয় কর্ত্তৃপক্ষ আদায় করিতে পারেন এমন কোন

টোল, বা অপর মাস্তলের ইজারাদারের পক্ষে এমন কোন ধাতুখণ্ড গ্রহণ করেন যাহা উপরোক্ত মত মুদ্রা নয় তাহা হইলে তাঁহার দশ টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

৯ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২৮ ধারার যে ব্যাখ্যা আছে তৎপরিবর্ত্তে নিম্নলিখিত ব্যাখ্যা বসিবে, অর্থাৎ:—

ভারতবর্ষের দণ্ড বিধির আইনের ২৮ ধারা সংশোধন করিবার কথা।

"১ ব্যাখ্যা।—কৃত্রিম হইতে হইলে অনুকরণ যে ঠিক হইতেই হইবে তা নয়।

"২ ব্যাখ্যা।—যদি কোন ব্যক্তি কোন বস্তুকে অন্য কোন বস্তুর সদৃশ করান এবং সে সাদৃশ্য এমন হয় যে কোন ব্যক্তি তদ্দ্বারা প্রতারিত হইতে পারেন তাহা হইলে যে পর্য্যন্ত বিপরীত কথা প্রমাণ করা না হয় সে পর্য্যন্ত এইরূপ অনুমান করা যাইবে যে যে ব্যক্তি এই রূপে একটী বস্তুকে অপর বস্তুর সদৃশ করাইয়াছেন তাঁহার ঐ সাদৃশ্য দ্বারা প্রতারণা করিবার অভিপ্রায় ছিল অথবা তিনি জানিতেন যে তদ্দ্বারা প্রতারণা ঘটা সম্ভব।"

এস, হার্বি জেম্‌স,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

CHUNDER NATH BOSE,
*Bengali Translator.*

# গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৯ সাল, ২৬ ফেব্রুয়ারি।

সপ্তম খণ্ড।

হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ আজ্ঞাপত্র।


## রাজস্ব বিষয়ক সরকুল্যর।

১৮৮৮ সাল ডিসেম্বর মাস।

শ্রীযুক্ত রেমল ডক্ সাহেব।

১ নম্বর।

স্যালারিজ কমিশন তাঁহাদের রিপোর্টের ২৪০ পৃষ্ঠার ২২৩ দফার কালেক্টরি আফিসের তৌজি ও একৌণ্ট বিভাগের মিশ্রণ সম্বন্ধে যে পরামর্শ দিয়াছেন তৎসম্বন্ধে বোর্ডের ১৮৮৮ সালের ২৪ মার্চ্চ তারিখের রিপোর্টের উপর গবর্ণমেণ্টের নিম্নলিখিত মন্তব্যের প্রতি সকল কমিশনরের ও কালেক্টরের মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

* * * * "ক্রমে ক্রমে ইংরাজী জানা কেরাণী প্রবেশ করান ও তৌজি বিভাগ একৌণ্ট আফিস হইতে দূরে থাকার ন্যায় সামান্য সামান্য দোষ গুলি দূর করা, কেবল এই পরিবর্ত্তনই বাঞ্ছনীয় বলিয়া বোধ হয়।"

২ নম্বর।

১৮৮৮ সালের সেস বিষয়ক বিধিপুস্তকের ৭২ পৃষ্ঠার ৭ পরিচ্ছেদের ৫ ধারাস্বরূপ নিম্নলিখিত ধারাটী সন্নিবেশ করিতে হইবে :—

*শোণ খালের কার্য্যের জন্য ব্যবহৃত সমস্ত গবর্ণমেণ্টের জমি মুক্ত হইবার কথা।*

৫ ধারা। যে সকল জমি শোণ খালের অংশ স্বরূপ বা উহার কার্য্যের নিমিত্ত গবর্ণমেণ্ট কর্ত্তৃক অধিকৃত হয় তাহা ১৮৮৮ সালের ৩রা ডিসেম্বর তারিখের এক বিজ্ঞাপন দ্বারা সেস বিষয়ক আইনের কার্য্য হইতে মুক্ত করা হইয়াছে।

২। উক্ত বিধিপুস্তকের ২ পৃষ্ঠায় নিম্নলিখিত কথাগুলি সেস বিষয়ক আইনের ২ ধারার মন্তব্য স্বরূপ সন্নিবেশ করিতে হইবে।

মন্তব্য।—এই ধারা অনুসারে যে সকল মুক্তির অনুমতি দেওয়া হইয়াছে তাহা সেস বিষয়ক বিধিপুস্তকের ৭২ পৃষ্ঠার ৭ পরিচ্ছেদের ৩—৫ ধারায় দেখিতে পাওয়া যাইবে।

৩ নম্বর।

১৮৮৮ সালের ৩১ মার্চ তারিখে যে বৎসর শেষ হয় বোর্ডের সেই বৎসরের সেস সম্বন্ধীয় রিপোর্ট তৎসম্বন্ধীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণের সহিত অবগতি ও উপদেশের নিমিত্ত এতদ্দ্বারা প্রচার করা যাইতেছে।

২। উক্ত নির্দ্ধারণের ৪ দফার মন্তব্যের প্রতি বর্দ্ধমান, প্রেসিডেন্সি, পাটনা, ভাগলপুর ও উড়িষ্যা বিভাগের কমিশনরগণের ও ৫ দফার মন্তব্যের প্রতি উড়িষ্যা বিভাগের কমিশনরের বিশেষ মনোযোগ আকর্ষণ করা যাইতেছে।

---

৪ নম্বর।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের জুডিশ্যাল ডিপার্টমেণ্টের ১৮৮৩ সালের ১ আগষ্ট তারিখের ১৮ J নং সরকুলার উপলক্ষে রাজস্ব কর্ম্মচারীদের ১৮৮৮ সালের বিধিপুস্তকের ৮০ হইতে ৮৬ পর্য্যন্ত পৃষ্ঠায় যে পাঠগুলি আছে তৎপরিবর্ত্তে খতের নিম্নলিখিত পাঠ দেওয়া গেল। যে কোন স্থলে কোন কারণ বশতঃ গবর্ণমেণ্টের প্রমিসরী নোটে জামিন না লইয়া অন্য প্রকারে জামিন লইতে দেওয়া হয় সেই স্থলে এই পাঠ ব্যবহার করিতে হইবে।

এতদ্দ্বারা সকলে অবগত হউন যে আমরা ( প্রিন্সিপল ) এবং এবং ( জামীনদার ) টাকার নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নিকট বাধ্য। ঐ টাকা উক্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব কিম্বা তাঁহার উত্তরপদধারীদিগকে দিতে হইবে। এবং এই যে দলিল ১৮৮ সালের দিবসে আমাদিগের মোহরাঙ্কিত এবং স্বাক্ষরিত এবং তারিখ যুক্ত হইল এই দলিল দ্বারা আমরা আমাদিগকে এবং আমাদের প্রত্যেককে এবং আমাদের মধ্যে যে কোন ব্যক্তিকে এবং আমাদের এবং আমাদের প্রত্যেকের ওয়ারিসান, অছি, ধনাধ্যক্ষ এবং স্থলাভিষিক্তগণকে এবং তাঁহাদের প্রত্যেককে একযোগে এবং পৃথক ভাবে ঐ টাকা দিবার নিমিত্ত আবদ্ধ করিলাম।

কিম্বা। উপরোক্তমতে আবদ্ধ A. B. কে পদে নিযুক্ত করা হইয়াছে এবং উপরের লিখিত মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব উক্ত A. B. কে উক্ত পদে রাখিতে স্বীকৃত হইয়াছেন।

২। যেহেতু উক্ত A. B. এবং উপরোক্ত মতে আবদ্ধ C. D. এবং E. F. উপরের লিখিত খত লিখিয়া দেওয়ার এবং উপরের লিখিত টাকা দিবার জন্য উক্ত C. D. এবং E. F. তফসীলের লিখিত সম্পত্তিগুলি দায়যুক্ত করায় উপরের লিখিত মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেব উপরোক্তমতে আবদ্ধ A. B. কে পদে নিযুক্ত করিতে স্বকৃত হইয়াছেন।

৩। উপরের লিখিত খতের এই নিয়ম হইল যে যত দিন উক্ত A. B. উক্ত পদে থাকিবেন তত দিন তাঁহার হাতে যে সমস্ত টাকা আসিবে তিনি যদি সময়ে এবং অতঃপর সকল সময়ে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবকে কিম্বা যে ব্যক্তি কিম্বা যে সকল ব্যক্তি তদভিপ্রায়ে নিযুক্ত হন সেই ব্যক্তিকে বা সেই সকল ব্যক্তিকে যথারীতি এবং নিয়মিতরূপে সেই সমস্ত টাকার হিসাব দেন ও সেই সমস্ত টাকা দেন এবং অপর সকল বিষয় সম্বন্ধে উপরোক্ত পদধারীস্বরূপ তাঁহাকে সময়ে২ যে সকল কর্ত্তব্য কর্ম্ম করিতে ও বাধ্যতা নির্ব্বাহ করিতে হয় তিনি যদি তাহা সম্পূর্ণ ও বিশ্বাসযোগ্যরূপে নির্ব্বাহ করেন তাহা হইলে উপরের লিখিত খত বাতিল হইবে নচেৎ উহা সম্পূর্ণরূপে প্রবল থাকিবে।

৪। এবং উক্ত টাকা দিবার অধিকতর কায়দা করিবার অভিপ্রায়ে উক্ত টাকা দিবার জন্য আমি C. D. এতৎ সংযুক্ত প্রথম তফসীলের বর্ণিত সম্পত্তি এবং আমি E. F. এতৎ সংযুক্ত দ্বিতীয় তফসীলের বর্ণিত সম্পত্তি দায়যুক্ত করিয়া যথাক্রমে এইরূপ করার করিলাম যে যত দিন উপরের লিখিত খত প্রবল থাকিবে তত দিন আমরা কি আমাদের স্থলাভিষিক্তগণ যথাক্রমে আমাদের দ্বারা বন্ধক দেওয়া সম্পত্তিগুলি কোন রকমে হস্তান্তর করিব না, বন্ধক দিব না বা দায়যুক্ত করিব না এবং এইরূপে হস্তান্তরিত বন্ধক দত্ত বা দায়যুক্ত হওয়ার স্থলে যথাক্রমে আমাদের দ্বারা এইরূপে দায়যুক্ত করা উক্ত সম্পত্তি উক্ত খত ঘটিত সমস্ত দায়িত্বের পরিসমাপ্তির জন্য দায়ী থাকিবে।

---

৫ নম্বর।

বোর্ডের ১৮৮৮ সালের বিধিপুস্তকের ১৬৯ পৃষ্ঠায় ৯ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের ২১ ধারায় নিম্নলিখিত কথা গুলি যোগ করিতে হইবেঃ—

"বন্দোবস্ত বিষয়ক ১৮৮৮ সালের বিধিপুস্তকের ১১ অধ্যায়ের ৬ ধারায় যে সরাসরী বন্দোবস্তের নির্দ্দেশ করা হইয়াছে তাহার সমাপ্তি সম্বন্ধীয় কালেক্টরের বাৎসরিক রিপোর্ট কালেক্টরের ভূমি রাজস্ব সংক্রান্ত রিপোর্টের যে সকল দফার সহিত বন্দোবস্তের সম্পর্ক থাকে সেই সকল দফার অন্তর্ভুক্ত করিতে হইবে এবং বিধি অমান্য করা হইলে কমিশনর তাহা গুরুতর ত্রুটি বলিয়া বিবেচনা করিবেন।"

২। বন্দোবস্ত বিষয়ক ১৮৮৮ সালের বিধিপুস্তকের ১০ অধ্যায়ের ৩ ধারা উপলক্ষে "রাজস্ব কর্ম্মচারীদের ১৮৮৮ সালের বিধিপুস্তকের" ৬পৃষ্ঠায় ১ অধ্যায়ের ৮ ধারায় কমিশনরের ক্ষমতা নামক (ঘ) শীর্ষ হইতে নিম্নলিখিত কথাগুলি কাটিয়া দিতে হইবে:—

"যে সকল মহালের গবর্ণমেণ্ট রাজস্ব ৫০০০ টাকার অধিক নয় তাহার দুই বৎসরের বা দুই বৎসরের কমের জন্য সরাসরী বন্দোবস্ত।

যে সকল মহালের উপর ধার্য্য গবর্ণমেণ্ট রাজস্ব ৫০০০ টাকার অধিক নয় তাহার দস্তুরমত বন্দোবস্ত।

দশ বৎসরের অনধিক কালের জন্য চর মহালের বন্দোবস্ত।" (বন্দোবস্ত বিষয়ক বিধিপুস্তক দেখ।)

এবং উপরোক্ত কথাগুলির পরিবর্ত্তে নিম্নলিখিত কথাগুলি সন্নিবেশ করিতে হইবে—

"৫০০ টাকার খাজানা হইতে ১০,০০০ টাকা পর্য্যন্ত খাজানার অল্পকাল স্থায়ী দস্তুরমত বন্দোবস্ত।" (বন্দোবস্ত বিষয়ক বিধিপুস্তক দেখ।)

৩। রাজস্ব কর্ম্মচারীদের ১৮৮৮ সালের বিধিপুস্তকের ৪পৃষ্ঠায় ১ পরিচ্ছেদের ৭ ধারায় বোর্ডের ক্ষমতা নামক (গ) শীর্ষ হইতে নিম্নলিখিত কথাগুলি কাটিয়া দিতে হইবে—

"কমিশনরদিগের ক্ষমতার বহির্ভূত সরাসরী বন্দোবস্ত।" (বন্দোবস্ত বিষয়ক বিধিপুস্তক দেখ।)

---

শ্রীযুত এফ, এম, হালিডে সাহেব।

---

৬ নম্বর।

রেবিনিউ বোর্ড স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদন সহকারে ১৮৮৩ সালের বঙ্গীয় ১ আইনের ৬ ধারা দ্বারা সংশোধিত ১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনের ১৯ ক ধারা অনুসারে ব্রিটিস ভারতবর্ষে প্রস্তুত করা যে মদিরা সমুদ্রপথে কলিকাতায় আমদানী করা হয় তাহার আমদানী ও বিক্রয়ের বিধান করণার্থ ও তাহার উপর আবকারী মাসুল আদায় করণার্থ নিম্নলিখিত বিধি নির্দ্দেশ করিলেন। এই বিধিগুলি আবকারী বিধিপুস্তকের ১৫৬ পৃষ্ঠায় শিরোভাগে ৭ খ পরিচ্ছেদ স্বরূপ সন্নিবেশ করিতে হইবে—

৭ খ পরিচ্ছেদ।—ভারতবর্ষে প্রস্তুত করা যে মদিরা সমুদ্রপথে কলিকাতায় আমদানী করা হয় তদ্বিষয়ক বিধি।

১। যে সকল মদিরা ব্রিটিস ভারতবর্ষে প্রস্তুত করিয়া কলিকাতায় আমদানী করা যায় তাহা বাণ্ডমতে বা অন্য প্রকারে সমুদ্রপথে আমদানী করা গেলে কষ্টমের গ্রীন-বোট-নোটমতে জাহাজ হইতে নামাইয়া কষ্টম হৌসের গুদামে রাখিতে হইবে, এবং আমদানীকারক বা স্বামী কিম্বা এজেণ্ট যত দিন একসাইজ গুদামে লইয়া যাইবার প্রার্থনা না করেন ততদিন তাহা কষ্টমের কালেক্টর সাহেবের জিম্মায় থাকিবে।

২। বিল অফ লেডিং বা ডিলিবরি অর্ডর সহযোগে নিয়মিত বিল অফ এণ্টরির ফারমে লিখিয়া লইয়া যাইবার প্রার্থনা করিতে হইবে। এইরূপে "নগরের মধ্যে" লইয়া যাইবার প্রার্থনা যেমন করা গিয়া থাকে তাহা না করিয়া একসাইজ গুদামে লইয়া যাইবার নিমিত্ত বিল অফ এণ্টরি দিতে হইবে ও একসাইজ গুদামের কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ম্মচারী যত পিপা বা প্যাকেজ পাইয়াছেন কষ্টমের কর্ম্মচারীকে তাহার সম্পূর্ণ রসীদ দিবেন।

৩। মদিরা একসাইজ গুদামে গৃহীত হইবার পর যতশীঘ্র হইতে পারে আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব কর্ত্তৃক নিযুক্ত কর্ম্মচারী তাহা পরীক্ষা ও মাপ করিবেন। মদিরা বাণ্ডমতে জাহাজ হইতে নামান গেলে পরীক্ষার ফল মান্দ্রাজের বা অন্য স্থানের বাণ্ডধারী কর্ম্মচারিকে জানাইতে হইবে।

৪। সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১১৬ ধারামতে যত ঘরতি বাদ দিবার নিয়ম আছে আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব তদনুসারে বাদ দিয়া বাণ্ডমতে জাহাজ হইতে নামান সকল মদিরার উপর আবকারী মাসুল আদায় করিবেন।

৫। কলিকাতায় যে মাসুল লওয়া যায় রপ্তানীর বন্দরে মদিরার উপর দত্ত আবকারী মাসুল যদি তদপেক্ষা কম হয়, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট স্থানীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া সময়ে সময়ে যে হার ধার্য্য করেন আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব সেই হারে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১৫১ ধারামতে বক্রী মাসুল আদায় করিয়া লইবেন।

৬। আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব ১৮৭৮ সালের বঙ্গীয় ৭ আইনের ১৮ ধারানুসারে একসাইজ গুদাম হইতে মদিরা লইয়া যাইবার ছাড়পত্র দিবেন।

৭। মদিরা জাহাজ হইতে নামাইতে বা স্থানান্তরিত করিতে যত খরচ হয় সেই খরচ কষ্টমের কালেক্টর সাহেবকে আমদানীকারকের বা স্বামীর কিম্বা এজেণ্টের দিতে হইবে, না দিলে সামুদ্রিক কষ্টম বিষয়ক আইনের ১১৭ ধারামতে কষ্টমের কালেক্টর সাহেব ঐ টাকা আদায় করিবেন এবং আবকারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেব কষ্টমের কালেক্টর সাহেবের স্থানে "না দাবির সার্টিফিকেট" না পাইলে একসাইজ গুদাম হইতে মদিরার কোন অংশ ছাড়িয়া দিবেন না।

৮। মদিরা একসাইজ গুদামে গৃহীত হইবার পর, ভাড়া ও ক্লুপারেজের জন্য এবং গুদামজাত ও স্থানান্তর প্রভৃতি করণ জন্য যে খরচ হয়, রেবিনিউ বোর্ড সময়ে সময়ে যে হার ধার্য্য করেন একসাইজ গুদাম হইতে মদিরা লইয়া যাইবার পূর্ব্বে কারবারী রাজস্বের সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবকে আমদানী কারকের বা স্বামীর কিম্বা এজেণ্টের যে স্থলে যেরূপ হয়, সেই খরচ দিতে হইবে।

---

শ্রীযুত বেকল্‌ ডস্‌ সাহেব।

---

৭ নম্বর।

১০নং বিবরণের পাঠ সরল করণ সম্বন্ধে স্যালারিজ কমিশনের পরামর্শ উপলক্ষে বোর্ডের ১৮৮৮ সালের ১ মার্চ্চ তারিখের রিপোর্টের উপর গবর্ণমেণ্টের ১৮৮৮ সালের ১১ ডিসেম্বর তারিখের আদেশ উপলক্ষে জিলার কর্ত্তৃপক্ষগণকে এই অনুরোধ করা যাইতেছে যে, তাঁহারা ১৮৮৯—৯০ সালের প্রথম তিনমাস হইতে (বনের রাজস্ব) বিষয়ক ৫ম টেবিলের প্রথম অংশ বাদ দিয়া সংশোধিত পাঠে ১০নং বিবরণ দাখিল করিবেন। জিলার কর্ত্তৃপক্ষগণ ইণ্ডেণ্ট করিলে ষ্টেশনরীর সুপারিণ্টেণ্ডেণ্ট ঐ সংশোধিত পাঠ সরবরাহ করিবেন।

---

শ্রীযুত এফ্‌, এম, হালিডে সাহেব।

---

৮ নম্বর।

বোর্ডের মতে সদর ভাটীখানাগুলির উপযুক্ত কর্ত্তৃত্বের জন্য ঐ সকল ভাটীখানার ভারপ্রাপ্ত কর্ম্মচারিগণের এরূপ লোক হওয়া চাই যাঁহাদের উপযুক্ত শিক্ষা ও পদার্থ বিদ্যার কতক জ্ঞান আছে। যাঁহারা পরীক্ষা করিতে ও চোলাইয়ের কার্য্য তত্ত্বাবধান করিতে সক্ষম। অতএব ভবিষ্যতে ৫০২ টাকা মাহিয়ানার কানোনগোর নিম্নপদস্থ কোন ব্যক্তিকে ভাটীখানায় নিযুক্ত করা হইবে না।

এতদ্ভিন্ন বোর্ড তাঁহাদের আপিসে যোগ্য পদার্থীদিগের একখানি রেজিষ্টরী খুলিবার এবং ঐরূপ পদখালি হইলে যাঁহাদের নাম উক্ত প্রকারে রেজিষ্টরী করা হইয়াছে সাধারণতঃ তাঁহাদের মধ্য হইতে উক্ত পদে লোক নিযুক্ত করিবার সংকল্প করিয়াছেন। জিলার কর্ত্তৃপক্ষগণকে ও বিভাগীয় কমিশনরগণকে এইঅনুরোধ করা যাইতেছে যে তাঁহারা যেন অগ্রে বোর্ডের মঞ্জুরী না লইয়া ভাটীখানার ভার গ্রহণার্থ কোন লোককে নিযুক্ত না করেন।

---

৯ নম্বর।

কোন পরিদর্শনকারী কর্ম্মচারী কোন খোলাভাটী পরিদর্শন করিতে গেলে তাঁহাকে ঐ খোলাভাটীর সাধারণ কার্য্য সম্বন্ধে মন্তব্য লিপিবদ্ধ করিতে হইবে ও ব্যবহৃত ভাটীর ও চৌবাচ্চার পরিমাণ, যত মালমসলা গাজান হইতেছে, ভিন্ন ভিন্ন প্রকারের যে সকল মদিরা বিক্রয় করা হইতেছে তাহার উগ্রতা ও খুচরা দর, যত মদিরা মৌজুদ আছে, সিরিস্তার খরচা, মদিরা প্রস্তুত প্রভৃতি করিবার খরচা, বিক্রয়ের তারতম্যের কারণ ও লাইসেন্সের ভিন্ন ভিন্ন নিয়মগুলি ঠিক২ পালিত হয় কি না এই সকল বিষয়ও লিখিতে হইবে। এই উদ্দেশ্যে বিক্রেতাদিগকে দিবার পূর্ব্বে এই বৎসর "খোলাভাটীর অধিকারীদের জন্য হিসাবের রেজিষ্টরীর" শেষে সাদা পাতা যোগ করিতে হইবে। জিলার কর্ত্তৃপক্ষগণকে ঐ সকল বহী সরবরাহ করিবার পূর্ব্বে উহাতে সাদা পাতা যোগ করিবার জন্য ভবিষ্যতে ষ্টেশনরীর সুপারিণ্টেণ্ডেণ্টকে আদেশ করা যাইবে।

# গবর্ণমেণ্ট গেজেট


TUESDAY, FEBRUARY 26, 1889.

মঙ্গলবার, ১৮৮৯ সাল ২৬ ফেব্রুয়ারি।


## PART VIII.

### ADVERTISEMENTS.

### অষ্টম খণ্ড।

### ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভুমিবিষয়ক ইস্তাহার।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা বর্দ্ধমান।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে বর্দ্ধমান জেলার অন্তর্গত নেজামত টেটের নিম্নলিখিত নিষ্কর ভুমি জেলা বর্দ্ধমানের কালেক্টরী কাছারিতে ১৮৭৯ সালের ২৮ মার্চ্চ মোং ১২৯২ সালের ১৬ চৈত্র বৃহস্পতিবার তারিখে নিলামে বিক্রয় হইবেক খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নিলাম কালীন প্রত্যেক লাটের যে মূল্য অবধারিত হইবেক তাহার অতিরিক্ত মূল্যে যে ব্যক্তি খরিদ করিতে স্বীকার করিবেন তাহাকেই নিষ্করস্বরূপে বিক্রয় করা যাইবেক।

২। এক্ষণে যে সকল পাট্টা প্রচলিত আছে এবং বন্দবস্তী কান্য ও প্রচলিত আইনক্রমে যে সকল স্বত্ব অর্পিত হইয়াছে এই বিক্রয় কার্য্য তৎসমুদয়ের নিয়মাধীন থাকিল এবং রাজস্ব সম্পর্কীয় কর্ত্তৃপক্ষদের প্রস্তুত করা রাজস্বের তপশীলে যে রাইয়তেরা স্বাক্ষর করিয়াছে ক্রেতা তাহাদের স্বত্ব মান্য করিতে আবদ্ধ থাকিবেন।

৩। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হইলে মূল্যের সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক।

৪। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থাংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিবস গননা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনে দিবা দুই প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবেক দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথম স্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারি করিয়া ক্রটিকারি খরিদারের ঝুকিতে পুনরায় নিলাম করা যাইবেক।

৫। শ্রীযুত কালেক্টর সাহেব নিলাম মঞ্জুর করিলে খরিদারদিগকে দখল দেওয়া যাইবেক কিন্তু মহামান্য রেবিনিউ বোর্ড হইতে নিলাম চুড়ান্ত নিষ্পত্তি না হইলে ঐ দখল রদ হইবেক ইতি ১৮৬৮। ৮ ডিসেম্বর।

| তরতির নম্বর। | মহালের নাম। | মৌজা। | পরগণা। | ন্যূনাধিক জমির পরিমাণ। | জমির চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| ১ | জাইগির ডা-গরা। | আতুহাট ... | ইন্দ্রাণি ... | ১৮৪ | কাটঞা নিবাসী গোপালচন্দ্র রায়ের নিজ যোত জমির উত্তর এবং পূর্ব্ব মতিলাল সাহার লাখরাজ জমির পশ্চিম গ্রাম্য চৌকীদারদিগের চাকরাণ জমির দক্ষিণ। | দখিলকার উজল সরকার পিতা তিকু সেখ, আলি বক্স ও কাদের বক্স সাং কেশে বান্দড়া। |
| ২ | ঐ | ঐ | ঐ | ৪॥৹ | বলাই মহন্তর যোত জমির উত্তর সারদাপ্রসাদ ঘোষের যোত জমির পূর্ব্ব গবর্ণমেন্টের খাস পতিত জমির দক্ষিণ হাকিজদ্দীন সেখের পুষ্করিণীর পশ্চিম। | ঐ ঐ |
| ৩ | ঐ | ঐ | ঐ | ২৷৩৷৷৴ | মাতু সেখের জমাই জমির উত্তর গোপাল বাবুর লাখরাজ জমির পশ্চিম এবং পূর্ব্ব পরাণ ঠাকুরের যোত জমির দক্ষিণ। | ঐ ঐ |
| ৪ | ঐ | ঐ | ঐ | ১৯/১/ | সরকারি রাস্তার উত্তর বালীডাঙ্গার মাঠের পূর্ব্ব বলাই মণ্ডলের লাখরাজ জমির দক্ষিণ গোপাল বাবুর নিজ যোত জমির পশ্চিম। | ঐ ঐ |
| ৫ | ঐ | ঐ | [illegible] | ৩/৪।৴ | গোপাল বাবুর যোত জমির পূর্ব্ব এবং দক্ষিণ ও পশ্চিম শাম শশী মুচির যোত জমির উত্তর। | ঐ ঐ |
| ৬ | ঐ | ঐ | ঐ | ৬২।৶৹ | গলি রাস্তার পূর্ব্ব গোপাল গোস্বামীর ও কানাই দাসের বাটীর উত্তর সদর রাস্তার পশ্চিম উকীল রাধাসুন্দর মিত্রের বাটীর দক্ষিণ। | ঐ ঐ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭ | ঐ | শ্রীখণ্ড ... | ধেক্রা ... | ১৬৮২ | আয়জদ্দীন কারিকর ও আব্বাস সেখের যোত জমির পশ্চিম কৃষ্ণচন্দ্র কেওটের যোত জমির দক্ষিণ মিছির সেখ ও দবির সেখের যোত জমির পূর্ব্ব বালি উত্তরপাড়ার রাসবিহারি বাবুর পুষ্করিণীর উত্তর। | দখিলকার কোরবান হোসেনের স্ত্রী বদরুন্নেছা বিবি মথাক্র-জীনের পুত্র তোফেজ্জল হোসেন সাং শ্রীখণ্ড। |
| ৮ | ঐ | ঐ | ঐ | ৮৩ | সরকারি রাস্তার উত্তর এবং পূর্ব্ব গ্রাম্য চৌকীদারী চাকরাণ জমির পশ্চিম মুন্সী তফজ্জল হোসেনের যোত জমির দক্ষিণ। | সরকারি খাস। |
| ৯ | ঐ | ঐ | ঐ | ৫/৪৷৷ | মুন্সী কোরবান হোসেনের খড়গড়্যা নামক পুষ্করিণীর দক্ষিণ গৌরচন্দ্র সদ্‌গোপের যোত জমির পূর্ব্ব কাঙ্গালি সেখের যোত জমির উত্তর বেনাজদ্দী কারিগরের যোত জমার পশ্চিম। | যোত তিনকড়ি সেখের পুত্র বয়জদ্দী সেখ সাং শ্রীখণ্ড। |
| ১০ | ঐ | ঐ | ঐ | ১৮১৮৶ | কান্দর নদীর বান্দের উত্তর সরকারি নর্দ্দামার পশ্চিম কোরবান সেখের খাস জমির পূর্ব্ব ওমদা মল্লীকের যোত জমির দক্ষিণ। | যোত তফজ্জল হোসেন দিগর সাং শ্রীখণ্ড। |
| ১১ | ঐ | ঐ | ঐ | ২/৩৮৶ | নিলু ভট্টাচার্য্যদিগরের যোত জমির পশ্চিম কৈলাসচন্দ্র হালদার ও নবিন ঘোষালের যোত জমির পূর্ব্ব দ্বারকানাথ ঘোষালের যোত জমির উত্তর নারায়ণ কৈবর্ত্ত ও বঙ্কচন্দ্র ধরের যোত জমির দক্ষিণ। | যোত রাম প্রসাদ ধরের পুত্র বেনওয়ারি লাল ধর সাং শ্রীখণ্ড। |
| ১২ | ঐ | ঐ | ঐ | ৴২৷৶ | রামতারণ ঘোষালের যোত জমির দক্ষিণ আব্বাস সেখ দিগরের যোত জমির পূর্ব্ব ব্রজনাথ ঘোষদিগরের যোত জমির উত্তর পরাণ-কিশোর ঘোষালের যোত জমির পশ্চিম। | দখিলকার বনওয়ারি লাল ধর পিতা রামপ্রসাদ ধর সাং শ্রীখণ্ড। |
| ১৩ | ঐ | ঐ | ঐ | ১।০৮৶ | গদাধর সরকার এবং সীতানাথ ঘোষের যোত জমির পশ্চিম দ্বারকা-নাথ ঘোষালের যোত জমির দক্ষিণ রাম কৈবর্ত্ত এবং মদন ঠাকুরের যোত জমির পূর্ব্ব। | ঐ ঐ |
| ১৪ | ঐ | ঐ | ঐ | ১/৩৮৶ | সরকারী রাস্তার উত্তর ও পূর্ব্ব পরাণ দত্তদিগরের যোত জমির পশ্চিম যুগল ঠাকুরদিগরের যোত জমির দক্ষিণ। | যোত বলরাম সাহা। |
| ১৫ | ঐ | ঐ | ঐ | ৮১৷৷৶ | ফুটপাত্ত অর্থাৎ চলন রাস্তার উত্তর দ্বারকানাথ পোদ্দারের যোত জমির পূর্ব্ব হেম সরকারের যোত জমির দক্ষিণ অক্ষয় নাগের যোত জমির পশ্চিম। | ঐ ঐ |
| ১৬ | ঐ | ঐ | ঐ | ৮০৷৷৴ | অক্ষয় নাগ এবং যত্ন ঘোষের যোত জমির উত্তর হেম সরকারের যোত জমির দক্ষিণ ও পূর্ব্ব দ্বিজপদ মল্লিকের যোত জমির পশ্চিম। | ঐ ঐ |
| ১৭ | ঐ | ঐ | ঐ | ৷৷২৷৶ | নদীয়া বিহারি রায়ের যোত জমির দক্ষিণ মহেন্দ্র স্বর্ণকারের যোত জমির পশ্চিম দ্বিজপদ মল্লিকের যোত জমির উত্তর মধু ঠাকুরের যোত জমির পূর্ব্ব। | ঐ ঐ |

| জমির নম্বর। | মহালের নাম। | মৌজা। | পরগণা। | ন্যূনাধিক জমির পরিমাণ। | জমির চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| ১৮ | জাইগির ডাগরা | শ্রীখণ্ড ... | ধেঞা ... | ।৪৮/ | যদু ঘোষের যোত জমির উত্তর মধুসূদন ঠাকুরের যোত জমির পশ্চিম কৃষ্ণানন্দ ঠাকুরের যোত জমির দক্ষিণ গোবিন্দ মণ্ডলের যোত জমির পূর্ব্ব। | যোত বলরাম সাহা। |
| ১৯ | ঐ | ঐ | ঐ | ১৮৫৮৶ | গোবিন্দ চন্দ্র মহন্তর যোত জমির পূর্ব্ব ও ঐ ব্যক্তির যোত জমির উত্তর ও পশ্চিম নফরচন্দ্র দত্তর যোত জমির দক্ষিণ। | যোত নছির সেখ পিতা সেখ কোমেদ সাং চন্দ্রকোটা। |
| ২০ | ঐ | ঐ | ঐ | ১।১। | মোক্তার সেখের যোত জমির দক্ষিণ ও পূর্ব্ব কেশবচন্দ্র মহন্তর যোত জমির পশ্চিম বিজু সেখের যোত জমির উত্তর। | ঐ ঐ |
| ২১ | ঐ | ঐ | ঐ | ১।।৩।৶ | ফরদি মেজ্জার যোত জমির উত্তর ও দক্ষিণ মহন্ত মান্নার যোত জমির পূর্ব্ব আছির মণ্ডলের যোত জমির পশ্চিম। | ঐ ঐ |
| ২২ | ঐ | ঐ | ঐ | ৮৩৮৶ | কেনারাম মল্লিকের যোত জমির উত্তর দবির মোল্লার যোত জমির পূর্ব্ব সীতানাথ কোটালের যোত জমির দক্ষিণ মোক্তার সেখের যোত জমির পশ্চিম। | যোত ঐ ঐ |
| ২৩ | ঐ | ঐ | ঐ | ১/৩৶ | আশাম সেখের বশতবাটীর দক্ষিণ রেয়াজ সেখের বসতবাটীর পশ্চিম ও উত্তর এমাম সাহেবের দরগার পূর্ব্ব। | বশতবাটি বাহাল মোল্লা কীনু সেখ সাং চন্দ্রকোটা। |
| ২৪ | ঐ | ঐ | ঐ | ৮৭৶ | রেয়াজ সেখের যোত জমির উত্তর ও পূর্ব্ব সীতানাথ কোটালের যোত জমির পশ্চিম নেয়ামত সেখের যোত জমির দক্ষিণ। | যোত নছির সেখ পিতা উমেদ সেখ সাং চন্দ্রকোটা। |
| ২৫ | ঐ | ঐ | ঐ | ২৮৬।। | মানিরত সেখের যোত জমির দক্ষিণ নয়ান মল্লিকের যোত জমির পূর্ব্ব নিলমণি মুখোপাধ্যায়ের যোত জমির উত্তর হাজুদীন মল্লিকের যোত জমির পশ্চিম। | ঐ ঐ |
| ২৬ | ঐ | ঐ | ঐ | ৮৪। | গোপালচন্দ্র ভট্টাচার্য্যের যোত জমির পূর্ব্ব মোক্তার সেখের যোত জমির দক্ষিণ নিলু মুখোপাধ্যায়ের যোত জমির পশ্চিম রাম পোদ্দারের যোত জমির উত্তর। | ঐ ঐ |
| ২৭ | ঐ | ঐ | ঐ | ১।।২।. | সেয়াম চাঁদ মণ্ডলের যোত জমির দক্ষিণ গোপালচন্দ্র ভট্টাচার্য্যের যোত জমির পশ্চিম সাধবচন্দ্র মল্লিকের যোত জমির উত্তর সীতানাথ কোটালের যোত জমির পূর্ব্ব। | ঐ ঐ |
| ২৮ | ঐ | ঐ | ঐ | /৩৮ | আনন্দচন্দ্র সামন্তের বশতবাটীর পশ্চিম ও দক্ষিণ সরকারি রাস্তার পূর্ব্ব গলি রাস্তার উত্তর। | বশতবাটী বিপীন সামন্ত পিতা যুগল সামন্ত এবং যুগল গোঁসাই পিতা শ্রীরাম গোঁসাই সাং শ্রীখণ্ড। |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ২৯ | | জিলা ... | খেঞ্জা ... | ।।১। | বড় মাজরা পুষ্করিণীর পূর্ব্ব পতিত জমি ও ভুবন ঘশের পুষ্করিণীর দক্ষিণ সরকারি নর্দ্দামার পশ্চিম দিগড়াগড়্যা পুষ্করিণীর উত্তর। | যোত যোগেশ্বর শ্বর পিতা ঈশানচন্দ্র শ্বর সাং জিঙ্গন। | |
| ৩০ | ঐ | ঐ | ঐ | ১/২৶ | বিপীনদাস কোটালের পুষ্করিণীর উত্তর ঐ ব্যক্তির পুষ্করিণী সংলগ্ন নর্দ্দামার পূর্ব্ব আম্র বাগীচার ও গলিগড়্যার দক্ষিণ মধুসূদন দাস বৈরাগীর বসতবাটীর পশ্চিম। | যোগেশ্বর শাস্ত্রী পিতা ঈশ্বরচন্দ্র শাস্ত্রী সাং নিঙ্গন। | |
| ৩১ | ঐ | ঐ | ঐ | ।।৪৶ | বিপ্রদাস কোটালের যোত জমি উত্তর অখিলচন্দ্র সাহার যোত জমির পূর্ব্ব দিননাথ কোটালের যোত জমির দক্ষিণ নন্দলাল বৈটীর যোত জমির পশ্চিম। | ঐ | ঐ |
| ৩২ | ঐ | ঐ | ঐ | ৸৪ | পাঁচকোড়া পুষ্করিণীর পশ্চিম নন্দলাল বৈটীর যোত জমির উত্তর দিননাথ কোটালের জমির দক্ষিণ ও পূর্ব্ব। | ঐ | ঐ |
| ৩৩ | ঐ | ঐ | ঐ | ১০।৶ | মজলিস পুষ্করিণীর পশ্চিম প্যারিলাল অধিকারির যোত জমির উত্তর সীতানাথ অধিকারির যোত জমির দক্ষিণ পূর্ব্ব। | যোত—ঐ | ঐ |
| ৩৪ | ঐ | ঐ | ঐ | ১/০৸ | নর্দ্দামার পশ্চিম নদেরচাঁদ রায়ের যোত জমির দক্ষিণ অখিলচন্দ্র সাহার যোত জমির পূর্ব্ব মহেশচন্দ্র করের যোত জমির উত্তর। | দখিলকার—যোগেশ্বর সাহা পিতা ঈশানচন্দ্র সাহা সাং নিঙ্গন। | |
| ৩৫ | ঐ | ঐ | ঐ | ।২/ | অখিলচন্দ্র সাহার যোত জমির পশ্চিম এবং উত্তর ও দক্ষিণ তিন্ন মণ্ডলের যোত জমির পূর্ব্ব। | ঐ | ঐ |
| ৩৬ | ঐ | ঐ | ঐ | ২।।১৸৶০ | যোগেন্দ্রচন্দ্র দত্তর যোত জমির দক্ষিণ ও পূর্ব্ব নন্দলাল বৈটীর যোত জমীর উত্তর রমজান বৈটীর যোত জমির পশ্চিম। | ঐ | ঐ |
| ৩৭ | ঐ | ঐ | ঐ | ৸২।/০ | কাঙ্গালি মাজির যোত জমির উত্তর মাখন পোদ্দারের যোত জমির পূর্ব্ব নবিনচন্দ্র কোটালের যোত জমির দক্ষিণ ও পশ্চিম। | ঐ | ঐ |
| ৩৮ | ঐ | ঐ | ঐ | ।।২৸/০ | দীননাথ বৈটীর যোত জমির দক্ষিণ ও পূর্ব্ব বিহারি সিংহের যোত জমির পশ্চিম ব্রজনাথ ডোমের চৌকীদারি চাকরাণ জমির উত্তর। | ঐ | ঐ |
| ৩৯ | ঐ | ঐ | ঐ | ১২।।৶০ | নকড়িগড়্যা পুষ্করিণীর দক্ষিণ ও পশ্চিম ও রাখাল হরির যোত জমির উত্তর কুটপাতের পূর্ব্ব। | ঐ | ঐ |
| ৪০ | ঐ | ঐ | ঐ | ৬৮৩।।৶০ | গোষ্ঠবিহারি করের যোত জমির দক্ষিণ পূর্ব্ব দীন বৈটীর যোত জমির পশ্চিম রামকল্প ভট্টাচার্য্যের যোত জমির উত্তর। | ঐ | ঐ |
| ৪১ | ঐ | ঐ | ঐ | ৫।৪৶ | বগড়িয়া পুষ্করিণীর ও সীতানাথ অধিকারির জমির পূর্ব্ব রামচন্দ্র চক্রবর্ত্তীর এবং দীন রায়ের যোত জমির দক্ষিণ রাধানাথ রায়ের যোত জমির উত্তর ও পশ্চিম। | ঐ | ঐ |
| ৪২ | ঐ | ঐ | ঐ | ৩/১৸৶০ | সীতানাথ অধিকারির জমির উত্তর প্যারিলাল অধিকারির জমির পূর্ব্ব প্রতাপচন্দ্র নন্দীর জমির দক্ষিণ গোষ্ঠবিহারি করের জমির পশ্চিম। | ঐ | ঐ |
| ৪৩ | ঐ | ঐ | ঐ | ২।৪ | নন্দলাল করের নরদমার পশ্চিম রাধানাথ রায়ের যোত জমির উত্তর ও পূর্ব্ব সীতানাথ রায়ের চাকরাণ জমির দক্ষিণ। | ঐ | ঐ |

| তরতিব নম্বর। | মহালের নাম। | মৌজা। | পরগণা। | ন্যূনাধিক জমির পরিমাণ। | জমির চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| ৪৪ | জাইগির ভাগরা | নিঙ্গনা ... | ধেঞা ... | ৫/৩৮০ | বামুন পুষ্করিণী এবং বিহারিচরণ রায় ও রাধানাথ রায়ের যোত জমির এবং নদেরচাঁদ কোটালের চৌকীদারী চাকরাণ জমির দক্ষিণ কোটাল গড়্যা পুষ্করিণীর এবং কুঞ্জ অধিকারির যোত জমির ও নদেরচাঁদ কোটালের চাকরাণ জমির এবং বিহারি সিংহের চাকরাণ জমি পশ্চিম বিহারি রায়ের চৌকিদারী চাকরাণ জমি ও সীতানাথ রায় ও দীননাথ রায়ের যোত জমির উত্তর রাধানাথ রায় এবং সীতানাথ অধিকারির যোত জমি ও দীন কোটালের চাকরাণ জমির এবং তত্রস্থ জমিদারের খাস জায়গার পূর্ব্ব। | দখলিকার—যোগেশ্বর সাহা পিতা ঈশানচন্দ্র সাহা সাং নিঙ্গন। |
| ৪৫ | ঐ | কুলচণ্ডা ডিঃ সাহেবগঞ্জ। | সমরশাহি ... | ২।৩ | দীননাথ কোঙারের যোত জমির দক্ষিণ বিহারি কোঙারের যোত জমির পূর্ব্ব রামেশ্বর চট্টোপাধ্যায় যোত জমির উত্তর পাচু গরাঞের যোত জমির পশ্চিম। | দখলিকার—ভোলানাথ কোঙার পিতা বংশীধর কোঙার সাং কুলচণ্ডা। |
| ৪৬ | ঐ | ঐ | ঐ | ৮৩।৶০ | কেনারাম পাজার যোত জমির দক্ষিণ মিঞাজান সেখের যোত জমির পূর্ব্ব মতিলাল হাজরার যোত জমির উত্তর শিবত্তর জমির পশ্চিম। | দখলিকার—যোগেশ্বর কোঙার পিতা নন্দলাল কোঙার সাং কুলচণ্ডা। |
| ৪৭ | ঐ | ঐ | ঐ | ২।।১।।/০ | চাঁদ সেখের যোত জমির দক্ষিণ রামজীবন বন্দ্যোপাধ্যায় দিগরের যোত জমির পশ্চিম ও উত্তর নবকুমার বন্দ্যোপাধ্যায় দিগরের যোত জমির পূর্ব্ব। | ঐ ঐ |
| ৪৮ | ঐ | ঐ | ঐ | ৪।২।।৶০ | ত্রৈলোক্যনাথ হাজরার যোত জমির পূর্ব্ব মতিলাল হাজরার যোত জমির দক্ষিণ এবং পশ্চিম ও উত্তর। | দখলিকার—ভরত সামন্ত পিতা খুদিরাম সামন্ত সাং কুলচণ্ডা। |
| ৪৯ | ঐ | ঐ | ঐ | ।।৪ | কালিনাথ কুমারের যোত জমির এবং কাদদিগালি পুষ্করিণীর পশ্চিম যোগেশ্বর কোঙারের যোত জমির উত্তর কালিনাথ বন্দ্যোপাধ্যায়ের যোত জমির পূর্ব্ব ত্রৈলোক্য নাথ সামন্তর যোত জমির দক্ষিণ। | দখলিকার—সাতকড়ি সামন্ত পিতা মহাভারত সামন্ত। |
| ৫০ | ঐ | ঐ | ঐ | ।।৪৬/০ | দত্ত পুষ্করিণীর পূর্ব্ব খুদিরাম সামন্তর যোত জমির দক্ষিণ গোষ্ঠবিহারি গোস্বামির যোত জমির উত্তর কালিনাথ কোঙারের যোত জমির পশ্চিম। | যোত—সাতকড়ি সামন্ত পিতা মহাভারত সামন্ত সাং কুলচণ্ডা। |
| ৫১ | ঐ | ঐ | ঐ | ১০৬৶০ | ভরতগাড়্যা পুষ্করিণীর উত্তর দুর্গাদাস ঘোষালের বশতবাটীর পূর্ব্ব সাতকড়ি সামন্ত দিগরের বশতবাটীর দক্ষিণ খুদিরাম কোঙারের বশতবাটির পশ্চিম। | দখলিকার—হরিদাস সামন্ত পিতা মধুসূদন সামন্ত সাং কুলচণ্ডা। |
| ৫২ | ঐ | জনার্দ্দনপুর সামিল কাবনাড়া | বর্দ্ধমান ... | ৩/০৶ | টাবা পুষ্করিণীর উত্তর হরিশ্চন্দ্র বারিকের যোত জমির পশ্চিম মাতাবচন্দ্র ঘোষের যোত জমির দক্ষিণ বিহারিলাল ঘোষ দিগরের যোত জমির পূর্ব্ব। | যোত—বিহারিলাল ঘোষ সাং জনার্দ্দনপুর। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫৩ | ঐ | ঐ | ঐ | ৮৮৫৬৵১০ | লক্ষ্মীনাথ মালি এবং গয়ারাম মালির যোত জমির দক্ষিণ মোজাফর সেখ এবং হরনাথ গাঙ্গুলির যোত জমির পূর্ব্ব গয়ারাম মালি ও ত্রৈলোক্য কুণ্ডুর যোত জমির উত্তর হরিরাম কুণ্ডুর পুষ্করিণীর পশ্চিম। | যোত ঈশ্বরচন্দ্র কুণ্ডু ভুবনচন্দ্র সেন সাং জনার্দ্দনপুর। |
| ৫৪ | ঐ | ঐ | ঐ | ৪॥১/০ | ভুবন মালির যোত জমির দক্ষিণ ত্রৈলোক্য কুণ্ডু এবং বিহারি কঙ্কালি গোস্বামির যোত জমির পশ্চিম মোজফর সেখের যোত জমির উত্তর কুঞ্জলাল কোটালের যোত জমির পূর্ব্ব। | যোত—উমেশচন্দ্র হালদার এবং বিহারি কঙ্কালি গোস্বামি সাং জনার্দ্দনপুর। |
| ৫৫ | ঐ | ঐ | ঐ | ১৮৩৶০ | রোম দীঘী পুষ্করিণী এবং কানু সেখের যোত জমির পূর্ব্ব গোসাঞী দাসের যোত জমির দক্ষিণ বিহারি চৌকীদারের যোত জমির পশ্চিম গোলাম ফরিদের যোত জমির উত্তর। | ঐ ঐ |
| ৫৬ | ঐ | ঐ | ঐ | ৯১০।৶০ | শ্রীনিবাস হালদার গয়ানাথ সর্দ্দার ক্ষেত্রকালী ঠাকুর এবং গয়ানাথ সর্দ্দারের যোত জমি এবং বামনে কালির লাখরাজ জমির এবং রতন চৌধুরির ও রূপচন্দ্র রায়ের যোত জমির ও গোকালি সেখের লাখরাজ জমির পশ্চিম হারাধন বক্সী এবং গয়ারাম সর্দ্দারের যোত জমির দক্ষিণ মথুরানাথ ও আনন্দচন্দ্র বাগদীর ও ত্রৈলোক্য কুণ্ডুর যোত জমির পূর্ব্ব হারাধন বক্সীর যোত জমির উত্তর। | যোত—শ্রীমন্ত পড়েন পিতা কার্ত্তিক পড়েন সাং জনার্দ্দনপুর। |
| ৫৭ | ঐ | ঐ | ঐ | /২॥০ | মাখন মাজির যোত জমির উত্তর ও পূর্ব্ব মহেন্দ্রচন্দ্র হালদারের যোত জমির দক্ষিণ হরি মুচির খাস জমির পশ্চিম। | যোত হরিরাম কুণ্ডু পিতা সুন্দর কুণ্ডু সাং জনার্দ্দনপুর। |
| ৫৮ | ঐ | ঐ | ঐ | ১৮১৮০ | হরি মুচির খাসকর জমির পূর্ব্ব মহেন্দ্র হালদারের জমির উত্তর প্রতাপচন্দ্র মালির যোত জমির পশ্চিম মহেন্দ্র হালদারের এবং মাখন মাজির যোত জমির দক্ষিণ। | ঐ ঐ |
| ৫৯ | ঐ | ঐ | ঐ | ১৩॥০ | গয়ারাম সর্দ্দারের যোত জমির পূর্ব্ব মহেন্দ্র হালদারের যোত জমির উত্তর সরকারি নয়দমা পশ্চিম মোজফর সেখের পতিত জমির দক্ষিণ। | যোত—শ্রীবাস হালদার সাং ঐ |
| ৬০ | ঐ | ঐ | ঐ | ১১/০ | শ্রীনাথ মদকের যোত জমির উত্তর সাধুচরণ গুপ্তর যোত জমির দক্ষিণ হরনাথ গাঙ্গুলির যোত জমির পূর্ব্ব ক্ষেত্রনাথ মদকের যোত জমির পশ্চিম। | যোত—শ্রীনিবাস হালদার সাং ঐ |
| ৬১ | ঐ | ঐ | ঐ | ১৪॥/০ | মোজফর সেখের যোত জমির উত্তর সরকারি নয়দমার পশ্চিম শ্রীনাথ মদক ও গোলাম করিমের যোত জমির দক্ষিণ শ্রীনাথ মদকের যোত জমির পূর্ব্ব। | ঐ ঐ |
| ৬২ | ঐ | ঐ | ঐ | ১০/ | কাঙ্গালি ঘোষের বাগানের উত্তর রামরতন চৌধুরি এবং রসিক ঘোষের বাগানের দক্ষিণ আনন্দচন্দ্র বাগদীর জমির পশ্চিম রসিক ঘোষের যোত জমির পূর্ব্ব। | যোত—রসিকচন্দ্র ঘোষ সাং জনার্দ্দনপুর। |

| জরিপের নম্বর। | মহালের নাম। | মৌজা। | পরগণা। | ন্যূনাধিক জমির পরিমাণ। | জমির চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| ৬৩ | জায়গির ডাগরা | জনার্দ্দনপুর সামিল কামনাড়া। | বর্দ্ধমান .. | ।৪/০ | বৈষ্ণব গড়্যার পশ্চিম মহেন্দ্র বাগ্দী ও আনন্দচন্দ্র বাগ্দীর যোত জমির দক্ষিণ হরিমুচি ও মৃত্যুঞ্জয় দের যোত জমির পূর্ব্ব মহেন্দ্র বাগ্দী ও আনন্দচন্দ্র বাগ্দীর যোত জমির উত্তর। | যোত—মধুসূদন বাগ্দী সাং জনার্দ্দনপুর। |
| ৬৪ | ঐ | ঐ | ঐ | ৬/৪।০ | ক্ষেত্রনাথ মদক ও মাধব বাগ্দীর বাগানের দক্ষিণ সরকারি নন্দমায় ও বিহারি বাগ্দীর চাকরান জমির পশ্চিম মধুসূদন কুণ্ডুর যোত জমির উত্তর সরকারি নন্দমার ও কীর্ত্তিবাস ঘোষের যোত জমির পূর্ব্ব। | যোত—মহেন্দ্রচন্দ্র বাগ্দী এবং জনার্দ্দনপুর সাকিমের শ্রীমন্ত পরিয়ালের দখলি চাকরাণ জমি। |
| ৬৫ | ঐ | ঐ | ঐ | ।১।/০ | মাধব বাগ্দীর পতিত জমির পূর্ব্ব মাধব মাজির শ্রীনিবাস হালদারের বশতবাটীর দক্ষিণ শ্রীমন্ত পড়েলের বশতবাটীর পশ্চিম বিহারি চৌকিদারের বশতবাটীর ও চৌকিদারি চাকরাণ পুষ্করণীর উত্তর। | যোত—জনার্দ্দনপুর সাকীনের শ্রীমন্ত পুরিয়ালের দখলি চাকরান জমি। |
| ৬৬ | ঐ | নাড়িগ্রাম ডিঃ বাঁচনা। | পং সমরসাহী ... | ৫।৪।/০ | হারাধন সিংহের যোত জমির ও গয়ারাম সর্দ্দারের চৌকিদারি চাকরাণ জমির পশ্চিম বিপিনচন্দ্র চক্রবর্ত্তী ও হারাধন সিংহের যোত জমির ও নয়ান সর্দ্দারের চৌকীদারি চাকরাণ জমির উত্তর রামবংশী মুখোপাধ্যায়ের যোত জমিরও নিলমাধব সিংহ ও গৌর রায়ের যোত জমির উত্তর রাধানাথ চক্রবর্ত্তী ও রাজারাম ভট্টাচার্য্য ও ভুবনমোহন মজুমদার ও রামবংশী মুখোপাধ্যায় এবং রামচরণ চক্রবর্ত্তীর যোত জমির দক্ষিণ ও রামকুমার সরকার ও রামবংশী মুখোপাধ্যায় ও রামচরণ চক্রবর্ত্তীর যোত জমির পূর্ব্ব। | যোত—গুরুচরণ বাগ্দী সাং নারিগ্রাম ঈশ্বরচন্দ্র সুবর্ণবণীক সাং গোপালপুর। |
| ৬৭ | ঐ | ঐ | ঐ | ১।৪৮/০ | গৌরচন্দ্র রায়ের যোত জমির পশ্চিম মধুসূদন দত্ত ও কেদার রায় ও গৌরচন্দ্র রায়ের যোত জমির উত্তর নিলমাধব সিংহর যোত জমির পূর্ব্ব নারায়ণ সর্দ্দারের চৌকীদারি চাকরাণ জমির ও গৌর চন্দ্র রায়ের যোত জমির দক্ষিণ। | যোত—কৈলাসচন্দ্র বাগ্দী সাং নাড়িগ্রাম। |
| ৬৮ | ঐ | ঐ | ঐ | ১।২৸৶০ | মহেন্দ্রচন্দ্র নন্দির যোত জমির দক্ষিণ কালিচরণ ঘোষ ও মহেন্দ্রচন্দ্র নন্দির যোত জমির পশ্চিম ও কৈলাসচন্দ্র চক্রবর্ত্তীর যোত জমির উত্তর ঈশ্বরচন্দ্র চক্রবর্ত্তীর যোত জমির ও রামেশ্বর রায়ের পতিত জমির পূর্ব্ব। | যোত—কৈলাসচন্দ্র বাগ্দী সাং নাড়িগ্রাম। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৬৯ | ঐ | ঐ | ঐ | ১৷৪৷৷৶০ | কালিচরণ ঘোষের যোত জমির দক্ষিণ পশ্চিম রামমোহন মুখোপাধ্যায়ের যোত জমির এবং মহেন্দ্রচন্দ্র মন্দির যোত জমির উত্তর তিনকড়ি সর্দ্দারের যোত জমির পুর্ব্ব। | যোত মাধব বাগদী সাং মাড়িগ্রাম। |
| ৭০ | ঐ | ঐ | ঐ | ৮১৶০ | মধুসূদন দত্ত খরিদা লাখরাজ জমির দক্ষিণ ও পশ্চিম মহেন্দ্রচন্দ্র মন্দির যোত জমির পুর্ব্ব মৃগেন্দ্রনাথ ডক্তর যোত জমির উত্তর। | যোত—মধুসূদন দত্ত সাং মাড়িগ্রাম। |
| ৭১ | ঐ | ঐ | ঐ | ৮০৷৷৶ | মালার উত্তর মধুসূদন দত্তর লাখরাজ যোত জমির পুর্ব্ব ও দক্ষিণ মাধবচন্দ্র বাগদীর চৌকীদারি চাকরাণ জমির পশ্চিম। | যোত ঐ ঐ |
| ৭২ | ঐ | উখড়ি ডিঃ খণ্ডঘোষ। | ঐ | ৭১০৷৶০ | সাক প্রধানের যোত জমির পুর্ব্ব বুদ্ধ মোল্লার যোত জমির দক্ষিণ ও পশ্চিম বাসেদ মির্দ্ধার যোত জমির দক্ষিণ সরকারি রাস্তার ও মেহের মির্দ্ধার যোত জমির ও ভাগাড়ের ও সাক প্রধানের যোত জমির পুর্ব্ব। | যোত—সাকীর মণ্ডল জেহার বিবি খাদি ইছু মণ্ডল সাং মাড়িগ্রাম। |
| ৭৩ | ঐ | ঐ | ঐ | ১০১৪৸৶ | পীতাম্বর চাঁড়ালের ও কেদার চৌধুরির ও সেখ কাল্লর ও সেখ জোহাজের যোত জমির উত্তর মধু মির্দ্ধার ও দহির মির্দ্ধার ও কেদার চৌধুরির ও মাদিক মির্দ্ধার যোত জমির পশ্চিম সোণা মির্দ্ধা ও হাক মির্দ্ধা ও সেকন্দর মির্দ্ধার ও জমন মির্দ্ধা ও তারজ সেখের যোত জমির দক্ষিণ উনকু মণ্ডল ও তারজ সেখ ও কাল্ল সেখের যোত জমির ও ভাগাড়ের ও শাল্ল সেখের যোত জমির পুর্ব্ব ওয়াজ সেখের যোত জমির দক্ষিণ ও পুর্ব্ব। | যোত ঐ ঐ |
| ৭৪ | ঐ | ঐ | ঐ | ২।১৩৷৷৶০ | মানিক মির্দ্ধার যোত জমির উত্তর সোণা মির্দ্ধার ও ছুলাল খাঁএর যোত জমির পুর্ব্ব আমিরজী মির্দ্ধার যোত জমির দক্ষিণ ইছু চৌধুরির যোত জমির পশ্চিম। | যোত—টাকী মণ্ডল সাং মাড়িগ্রাম। |
| ৭৫ | ঐ | ঐ | ঐ | ৪৷৷১৩৸৶০ | তিনকড়ি হাড়ির চৌকীদারি চাকরাণ জমির উত্তর সেকন্দর মির্দ্ধার, মধু মির্দ্ধার ও সোণা উল্লা মির্দ্ধার ও রজলাল চাঁড়ালের যোত জমির পুর্ব্ব সোণাউল্লা মির্দ্ধার যোত জমির দক্ষিণ গৌর খাঁএর চৌকিদারি চাকরাণ জমির ও পতন ও রামধন বাগদীর জমির পশ্চিম। | যোত—মাকীর মণ্ডল সাং মাড়িগ্রাম। |
| ৭৬ | ঐ | মগলমারি সামিল গোপীনাথপুর। | ঐ | ২।১।৵০ | খাস খামারের দক্ষিণ প্যারিমোহন বাড়ুয্যার যোত জমির দক্ষিণ প্রতাপ দত্তের পুষ্করিণীর পশ্চিম প্যারিমোহন বাড়ুয্যার খাস খামার যোত জমির ও রাখাল ভায়ের যোত জমির উত্তর অধর ভায়ের যোত জমির ও সুচাঁদ দত্তর ও বামাসুন্দরী দাসী ও সুচাঁদ দত্তর যোত জমির পুর্ব্ব। | যোত—প্রতাপচন্দ্র চন্দ্র, মদনমোহন বাগদী, অখিলচন্দ্র বাগদী, কালীচন্দ্র বাগদী, গগনচন্দ্র বাগদী, সাং গোপীনাথপুর। |

| তরতিব নম্বর। | মহালের নাম। | মৌজা | পরগণা। | ন্যূনাধিক জমির পরিমাণ। | জমির চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|
| ৭৭ | জায়গির ডাগরা | মগল মারির সামিল গোপীনাথপুর। | ৩২ সমরসাহী... | ৭৮৪৷৶০ | প্রতাপচন্দ্র দত্তর যোত জমির দক্ষিণ গুরুদাস তায়ের ও মধু চৌকীদারের যোত জমির পূর্ব্ব পরমানন্দ দত্তর যোত জমির উত্তর কেদার হড়ের খাস যোত জমি ও প্রতাপচন্দ্র দত্তর খাস যোত জমি ও প্যারি মোহন বন্দ্যোপাধ্যায়ের যোত জমির পশ্চিম। | যোত—প্রতাপচন্দ্র দত্ত, দুর্য্যোধন বাগ্দী, অখিলচন্দ্র বাগ্দী, কালিচন্দ্র বাগ্দী, গগনচন্দ্র বাগ্দী, সাং গোপীনাথপুর। |
| ৭৮ | ঐ | ঐ | ঐ | ॥২॥০ | বনমালি দত্তর যোত জমির দক্ষিণ অধরচাঁদ পালের পতিত জমির পশ্চিম প্রতাপচন্দ্র দত্তর যোত জমির পূর্ব্ব প্রতাপ দত্ত ও রাখালচন্দ্র চক্রবর্ত্তীর পতিত জমির উত্তর। | যোত প্রতাপচন্দ্র দত্ত সাং গোপীনাথপুর। |
| ৭৯ | ঐ | ঐ | ঐ | ২॥০৮ | প্রতাপচন্দ্র দত্তর যোত জমির পূর্ব্ব অধর আচার্য্যের দখলি ব্রহ্মত্তর পতিত জমির উত্তর রাখাল কর্ম্মকারের জমির উত্তর রামেশ্বর তাঁএর যোত জমির পশ্চিম রাখালচন্দ্র সায়েন ও কীর্ত্তিবাস সায়েন যোত জমির দক্ষিণ। | যোত—প্রতাপচন্দ্র দত্ত, হৃদয় বাগ্দী, সাং গোপীনাথপুর। |
| ৮০ | ঐ | ঐ | ঐ | ১/০।/ | গলিরাস্তার পশ্চিম প্যারিমোহন বন্দ্যোপাধ্যায় খাস পতিত জমির ও প্রতাপচন্দ্র দত্তর পতিত জমির উত্তর পঞ্চানন ঠাকুরের অশ্বত্থ গাছের উত্তর ঐ ঠাকুরের দেবত্তর জমির ও দুর্য্যোধন পরামাণিকের ভাড়া পুষ্করিণীর পূর্ব্ব ও অম্বিকা চরণ সর্দ্দারের বশত বাটীর ও পঞ্চানন ঠাকুরের বাটীর ও দুর্য্যোধন পরামাণিকের খাস খামার বাস্তু বশত বাটীর দক্ষিণ। | বশত—দুর্য্যোধন বাগ্দী, অখিলচন্দ্র বাগ্দী, গগনচন্দ্র বাগ্দী, কালীচন্দ্র বাগ্দী, সাং গোপীনাথপুর। |
| ৮১ | ঐ | বুলচাঁদা ... | ঐ | ২।৪।/০ | মৌজে মান্দারপুরের অন্তর্গত স্থানের দক্ষিণ হৃদয় মির্দ্ধার পতিত জমির ও খুদিরাম মির্দ্ধার যোত জমির পশ্চিম বাউন মির্দ্ধার যোত জমির ও হৃদয় মির্দ্ধার পতিত জমির পূর্ব্ব নন্দরাম মির্দ্ধার যোত জমির উত্তর। | যোত—লক্ষ্মীমণী দাসী, স্বামি ভগবৎ বাগ্দী, সাং বুলচাঁদা। |
| ৮২ | ঐ | ঐ | ঐ | ১৮২৸৶০ | নিধিরাম চৌকদারের বশত বাটীর ও লক্ষ্মীমণি দাসীর পতিত জমির উত্তর ষষ্ঠীরাম হাড়ি ও কৃষ্ণ কামারে পুষ্করণীর পশ্চিম সর্ব্বেশ্বর কর্ম্মকারের যোত জমির দক্ষিণ কেনারাম মণ্ডলের বশত বাটীর পূর্ব্ব। | যোত—লক্ষ্মীমণী দাসী, ঈশ্বরচন্দ্র পাল. চণ্ডীচরণ বাগ্দী, গোষ্ঠবিহারি গোস্বামি, সাং বুলচাঁদা। |
| ৮৩ | ঐ | ঐ | ঐ | ৩/৩/০ | ভোলানাথ নন্দী এবং বিনদ বেহারি পালের যোত জমির পূর্ব্ব গোপাল ঠাকুরের কোরফা প্রজা বনমালি নন্দীর যোত জমির ও গোপাল ঠাকুরের দেবত্তর জমির উত্তর গোষ্ঠবিহারি গোস্বামির যোত জমির ও নদেরচাঁদ পালের ও গোষ্ঠবিহারি গোস্বামির পুষ্করিণীর পশ্চিম গয়ারাম পাল খুদিরাম মির্দ্ধা ও নবিন চৌকিদারের যোত জমির দক্ষিণ। | যোত—লক্ষ্মীমণী দাসী স্বামি ভগবৎ বাগ্দী, সাং বুলচাঁদা। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৮৪ | ঐ | ঐ | ঐ | ১/২।/০ | বামেশ্বর কোঙরের যোত জমির দক্ষিণ আনন্দচন্দ্র পালের যোত জমির উত্তর পূর্ব্ব খুদিরাম মির্জ্জা দিগরের পুষ্করিণীর পশ্চিম। | যোত—লক্ষ্মীমণী দাসী স্বামি ভগবৎ বাগ্দী সাং বুলচাঁদা। |
| ৮৫ | ঐ | ঐ | ঐ | ১।১৸/০ | বিপীনচন্দ্র দে মকরচন্দ্র পাল ও নিধিরাম মির্জ্জার পতিত জমির পূর্ব্ব নটবর দের পতিত জমির ও গয়ারাম বাগ্দির যোত চাকরাণ জমির উত্তর নারায়ণ নন্দির যোত জমির পশ্চিম কুঞ্জবিহারি নন্দী ও গোপীনাথ নন্দির যোত জমির পশ্চিম বিশু কারকের পতিত জমির দক্ষিণ। | যোত—গোষ্ঠ বেহারি গোস্বামি, ঈশ্বরচন্দ্র পাল, সাং বুলচাঁদা। |
| ৮৬ | ঐ | ঐ | ঐ | ৯।।৩।৶০ | বিপীনচন্দ্র দের যোত জমি ও মুক্তিরাম বাগ্দির চৌকিদারি চাকরাণ জমির দক্ষিণ নটবর দের যোত জমির পশ্চিম কালাচাঁদ কুণ্ডুর যোত জমির দক্ষিণ ও পশ্চিম নদেরচাঁদ চৌকিদারের চৌকিদারি চাকরাণ জমির উত্তর জাহানাবাদ যাইবার রাস্তার পূর্ব্ব। | যোত—গোষ্ঠ বেহারি গোস্বামি, ঈশ্বরচন্দ্র পাল, সাং বুলচাঁদা। |
| ৮৭ | ঐ | নিত্যানন্দপুর... | পং বেঞ্চা ... | ২৬।৩।৶০ | চৌহদ্দীর ঠিকানা হয় নাই ... | যোত—তারক সামন্ত, শ্রীরাম সামন্ত যোগাধ্যাচরণ সামন্ত। |
| ৮৮ | ঐ | ডাক আড্ডা মৌজে বালিটৌল মধুপুর। | পং মামদামিপুর | ৯৮০।।৶ | উত্তম মুখোপাধ্যায় রামধন ঘোষ দ্বারকাচন্দ্র ঘোষ ও সুচাঁদ ঘোষের যোত জমির পূর্ব্ব নকিম সেখের পতিত জমির এবং রামনাথ মুন্সীর পতিত ও আবাদি জমির উত্তর কালীচরণ দে ও গিরিশ মুখোপাধ্যায় ও রামনাথ মুখোপাধ্যায় যোত জমির পশ্চিম নকীম সেখের আবাদি জমির দক্ষিণ পশ্চিম ও নকিম সেখের পতিত জমির দক্ষিণ ও পূর্ব্ব। | যোত—রামনাথ মুন্সী, পিতা রাজচন্দ্র মুন্সী সাং মধুপুর। |
| ৮৯ | ঐ | শ্যামবাটী ... | পং কুবাজপুর ... | ৫৸০৸ | দেবনাথ পাল এবং কুঞ্জ মণ্ডলের যোত জমির দক্ষিণ দেবনাথ পালের লাখরাজ যোত জমির পূর্ব্ব ও লাখারাজ পতিত জমির উত্তর সরে রাস্তার পশ্চিম। | যোত—সীতানাথ পাল, দেবনাথ পাল, সাং শ্যাম বাটী। |
| ৯০ | ঐ | ডাক আড্ডা মির্জ্জাপুর। | পং রায়পুর ... | ৴১৸০ | পরেশ পুরের জমিদার কুমদাকান্ত রায় দিগরের লাখরাজ খাস পতিত জমির মধ্যে। | যোত—খাস নেজামত। |

A. AHMED, for Collector of Burdwan.

জেলা হুগলি।

ইস্তাহার কাছারি কালেক্টরি জেলা হুগলি।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করান যাইতেছে যে জেলা হুগলির অন্তর্গত যে সকল নেজায়ত লাখরাজ স্টেড আছে সেই সকল জমি সন ১৮৮৯ সালের ২১শে মার্চ্চ মোতাবেক বাঙ্গালা সন ১২৯৫ সালের ৯ই চৈত্র বৃহস্পতিবার তারিখে প্রকাশ্য নীলামে হুগলির কালেক্টরিতে বিক্রয় হইবে যে সকল ব্যক্তিরা এই সকল ভূমি ক্রয় করিবেন তাঁহারা নিম্নলিখিত নিয়মের (স্বর্ত্তের) বাধ্য থাকিবেন।

১। ভূমি সকল অপসেট প্রাইজ অর্থাৎ স্থিরীকৃত মূল্যের উপর সর্ব্বোচ্চ ডাক কারিকে নিষ্কর রূপে বিক্রয় হইবে।

২। সেই বিক্রয় বর্ত্তমান পাট্টার এবং চলিত আইন ও বন্দোবস্ত কার্য্যদ্বারা যে স্বত্ব অর্পিত হইয়াছে সেই স্বত্বের অধীন থাকিবেন যে সকল বাশেন্দা আবাদকারি প্রজারা রেভিনিউ কর্ত্তৃপক্ষগণ কৃত জমাবন্দীতে দস্তখত করিয়াছেন সেই সকল যোতদারদিগের স্বত্ব বজায় রাখিতে খরিদার বাধ্য থাকিবেন।

৩। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হইলে সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে।

৪। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থ অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনের দিবা দুই প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবেক ঐ দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে দুই প্রহরের মধ্যে দাখিল করিতে হইবেক দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথম পুনঃ বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারি করিয়া ঐ ভূমি ত্রুটিকারি খরিদারের ঝুঁকিতে পুনরায় নীলাম করা যাইবেক।

৫। কালেক্টর সাহেব কর্ত্তৃক সেই বিক্রয় মঞ্জুর করার অনুমতিপত্র পাইলে খরিদার সেই বিক্রীত সম্পত্তিতে দখল পাইবেন কিন্তু রেভিনিউ বোর্ড যদি ঐ বিক্রয় কার্য্য অনুমোদন না করেন তাহা হইলে খরিদারের সেই দখল স্থিরতর থাকিবেক না ইতি সন ১৮৮৯ সাল তারিখ ২রা জানুয়ারি।

| তরতিব নম্বর। | মহালের নাম। | মৌজার নাম। | পরগনার নাম। | জমির পরিমাণ ন্যূনাধিক | বৎসরিক জমা। | অপসেট প্রাইজ। | চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | জায়গিরি দগরা। | গোবিন্দপুর | জাহানাবাদ | ২৮২৮৴ | ৫।৶৬ | ৭৩৸৶৹ | পূর্ব্ব রামকুমার দের যোত জমি উত্তর আকুণ্ড পুষ্করিণী পশ্চিম ও দক্ষিণ ছাকদের যোত জমি। | গোবিন্দপুরের ১নং প্লাট ঐ সাকিনের নয়ান মণ্ডল ও দুর্গাদাস মণ্ডলের যোত। |
| ২ | ঐ | ঐ | ঐ | ১৸।৪।৶ | ৩৶৩ | ৪৩।৬ | পশ্চিম ও দক্ষিণ ও পূর্ব্ব আত্মারাম দের যোত জমি উত্তর বিন্দু মণ্ডলের যোত জমি। | ঐ গ্রামের ২নং প্লাট ঐ সাকিনের ফকিরচাঁদ রায়ের যোত। |
| ৩ | ঐ | ঐ | ঐ | [illegible]৹/১।৴ | ১২।৵৩ | ১৬৯৸৵৬ | উত্তর প্রেমচাঁদ চৌধুরির যোত জমি পশ্চিম ও দক্ষিণ ও পূর্ব্ব বলাক বড়াকের যোত জমি। | ঐ গ্রামের ৩নং প্লাট ঐ সাকিনের ফকিরচাঁদ রায় ও নয়ান মণ্ডল ও দুর্গাদাস মণ্ডলের যোত। |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৪ | জায়গিরি দগরা। | গোবিন্দপুর | জাহানাবাদ | ২॥২। | ৩।৩ | ৪৩৮/৩ | পূর্ব্ব মাটে চলিবার রাস্তা দক্ষিণ রামময় দের যোত জমি পশ্চিম ও উত্তর প্রেমচাঁদ দের যোত জমি। | ঐ গ্রামের ৪নং প্লাট ঐ সাকিনের ফকিরচাঁদ রায়ের যোত। |
| ৫ | ঐ | বলরামপুর | ঐ | ৪॥৫॥/ | ১৬॥/৯ | ২২৪॥৬ | পশ্চিম নারায়ণ সর্দ্দার ও নটবর দাসের বশতবাটী উত্তর নিত্যাই মাঝি ও মহেন্দ্র দের ও প্রেমচাঁদ দের বশতবাটী পূর্ব্ব সদয়রাম দের যোত জমি দক্ষিণ ও পশ্চিম বেহারি বণীকের বশতবাটী দক্ষিণ কৈলাস চন্দ্র ধর দিগরের বাঁশ বাগান ও নফর মাঝির বশতবাটী ও ভুতনাথ বণীক ও প্রসন্ন বড়ালের খামার বাটী। | বলরামপুরের ১নং প্লাট কুলকি সাকিনের বেহারি বাগ্দী ও হৃদয়নাথ মণ্ডলের বশত। |
| ৬ | ঐ | ঐ | ঐ | ৬৮১৮ | ১১৮/০ | ১৮৬।/৯ | পশ্চিম বশির খাঁ, তেলির যোত জমি উত্তর সেখ সানাউল্লা ও শ্রীনাথ নন্দীদিগরের ও জয়দেব জেলের যোত জমি পূর্ব্ব নবীনচন্দ্র নন্দী ও গোরাচাঁদ নন্দী দিগরের যোত জমি দক্ষিণ সোণাউল্লা সেখ ও বদন মণ্ডল ও হৃদয়নাথ মণ্ডলদিগরের যোত জমি। | বলরামপুরের ২নং প্লাট কুলকি সাকিনের হৃদয় মণ্ডলের যোত। |
| ৭ | ঐ | ঐ | ঐ | ৫৮২৷৴০ | ১৩৷৷০ | ১৭৮৷৯ | পশ্চিম কাঙ্গাচাঁদ রায় ফাঁড়িদার ও শঙ্কর ধাবুকের যোত জমি দক্ষিণ বৈদ্যনাথ ধাবুকের ও শঙ্কর ধাবুক ও রামমোহন ধাবুকের যোত জমি পূর্ব্ব ৺ মনসা দেবীর দেবত্তর শঙ্কর ধাবুক ও রামধন ধাবুকের যোত জমি ও সেওড়াগড়্যা পুষ্করিণী উত্তর মহেশচন্দ্র কল্যা ও নবিনচন্দ্র নন্দীর যোত জমি। | বলরামপুরের ৩নং প্লাট ঐ সাকিনের কেদারনাথ দে ও গোপাল দাস বৈরাগী ও বেচারাম পোদ্দারের যোত। |
| ৮ | ঐ | ঐ | ঐ | ৪।২৮/ | ৯৮৶৩ | ১১৩॥৩ | পশ্চিম পরন নাপিত ও পরমেশ্বর কুণ্ডুর যোত জমি উত্তর শ্রীশ্রী৺কালি ঠাকুরাণীর দেবত্তর জমি ও পরাণ নাপিত ও নারায়ণ সর্দ্দারের যোত জমি পূর্ব্ব প্রেমচাঁদ কুণ্ডু ও সোণাতন নিমুর যোত জমি দক্ষিণ কালাচাঁদ বাগ্দী ফাঁড়িদারের যোত জমি। | ঐ গ্রামের ৪নং প্লাট ঐ সাকিনের দিননাথ দে ও সদয়রাম দে ও মধুনাথ দে ও কেদারনাথ দের যোত। |
| ৯ | ঐ | ঐ | ঐ | ১১॥১১৶ | ১৭৮ | ২২৯॥৬ | (ক) উত্তর অক্ষয় দত্তর যোত জমি পশ্চিম দক্ষিণ শ্যামু সেখ দিগরের যোত জমি দক্ষিণ সেখ জমিদার ও সেখ ইলামের যোত জমি দক্ষিণ কেত্রী পুষ্করিণী।<br>(খ) দক্ষিণ সরকারি রাস্তা পূর্ব্ব শ্রীনিবাস দের যোত জমি উত্তর ও পশ্চিম যাদব নিমুর যোত জমি।<br>(গ) পূর্ব্ব যাদব নিমুর যোত জমি উত্তর সোণাতন নিমু ও বেহারি পাল ও ঝড়ু নাপিতের যোত জমি পশ্চিম বশিরদ্দী মোল্লার যোত জমি। | ঐ গ্রামের ৫নং প্লাট ঐ সাকিনের বশিরদ্দী মোল্লার যোত। |
| ১০ | ঐ | ঐ | ঐ | ২।২। | ৫।৶ | ৬৩।৬ | উত্তর রামকম্প কাটারির যোত জমি পূর্ব্ব সেখ মধু ও রামকম্প কাটারির যোত জমি দক্ষিণ রামকম্প কাটারির যোতজমি ড্রেন পার নিয়াজান সেখ ও রামকম্প কাটারির যোত জমি। | ঐ গ্রামের ৬নং প্লাট ঐ সাকিনের নারায়ণ বাগ্দীর যোত। |

| তরক্তিব নম্বর। | মহালের নাম। | মৌজার নাম। | পরগণার নাম। | জমির পরিমাণ ন্যূনাধিক | বাৎসরিক জমা। | অপসেট প্রাইজ। | চৌহদ্দি। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১১ | জায়গিরি দগরা। | কোটা ... | জাহানাবাদ | ৩৬০ | ৪॥৶ | ৬৩।৬ | পূর্ব্ব সুবলচন্দ্র দে ও সদয় মণ্ডল ও মুছু মল্লিক ও গণেশচন্দ্র দের যোত জমি দক্ষিণ বিনদ বাগদীর চৌকিদারি জাইগিরি জমি পশ্চিম বিনদ বাগদী ও তিতু মণ্ডলের যোত জমি উত্তর হৃদয় দে ও ঝড়ু পালের যোত জমি। | কোটার ১নং প্লাট ঐ সাকিনের প্রতাপচন্দ্র রায় ও রামকল্প রায় ও মাধবচন্দ্র রায় ও লালজি রায় ও কার্ত্তিক রায়ের যোত। |
| ১২ | ঐ | ঐ | ঐ | ১।০৮৶৴০ | ২।৶৯ | ৩২॥৶১॥ | পশ্চিম রামধন ঘোষের যোত জমি দক্ষিণ ডুমুরপাড়ার সীমানা পূর্ব্ব রামেশ্বর ঘোষের যোত জমি উত্তর কীর্ত্তিবাস বাগদীর ও ষষ্ঠীরাম বাগদীর যোত। | ঐ গ্রামের ২নং প্লাট ঐ ঐ ব্যক্তির যোত। |
| ১৩ | ঐ | ঐ | ঐ | ৩।০ | ৫।০ | ৭০৮৶০ | পূর্ব্ব যদুনাথ রায় ও গণেশচন্দ্র রায়ের যোত জমি উত্তর হৃদয় বাগদীর চৌকিদারি জাইগিরি জমি ও রমানাথ পাল ও বৈকুণ্ঠ পালের যোত জমি পশ্চিম রামকুমার ঘোষ দিগরের যোত জমি দক্ষিণ রামচাঁদ পাল ও যদুনাথ রায় ও মুচিরাম দে ও রামকুমার ঘোষ ও সুবলচন্দ্র দে ও রামকুমার দের যোত জমি। | ঐ গ্রামের ৩নং প্লাট ঐ ঐ ব্যক্তির যোত। |
| ১৪ | ঐ | ঐ | ঐ | ১/৩৮৶ | ১।৶৬ | ২৩৶৩ | উত্তর উত্তম মাল খোয়ালার ও কার্ত্তিকচন্দ্র রায়ের যোত জমি পশ্চিম দ্বারিকানাথ ঘোষ ও সার্ব্বভৌম ঘোষের যোত জমি দক্ষিণ তিতুরাম মণ্ডলের যোত জমি পূর্ব্ব সীতানাথ বাগদীর ও প্রতাপ বাগদীর ও মাধব বাগদীর যোত জমি। | ঐ গ্রামের ৪নং প্লাট ঐ ঐ ব্যক্তির যোত। |
| ১৫ | ঐ | ঐ | ঐ | ৮।২ | ১২৮৶৬ | ১৭৫/৩ | পূর্ব্ব রামধন ঘোষের যোত জমি উত্তর শ্রীনাথ ঘোষ ও মুচিরাম ঘোষের যোত জমি পশ্চিম গয়ারাম চামুকে গোয়ালা ও গয়ারাম বাগদীর যোত জমি দক্ষিণ গয়ারাম বাগদীর ও গদাই খাঁর যোত জমি। | ঐ গ্রামের ৫নং প্লাট ঐ ঐ ব্যক্তির যোত। |
| ১৬ | ঐ | ঐ | ঐ | ২।৪৮/ | ৩।৶৬ | ৪৬৩ | পশ্চিম শিবনারায়ণ ঠাকুরের আয়মা জমি দক্ষিণ মাল চাকরাণ জমি ও গয়ারাম বাগদীদিগরের যোত জমি পূর্ব্ব শ্রীরাম চক্রবর্ত্তীর যোত জমি উত্তর রামচন্দ্র পাল ও নফর ঘোষের যোত জমি। | ঐ গ্রামের ৬নং, প্লাট ঐ ঐ ব্যক্তির যোত। |
| ১৭ | ঐ | পাম্‌সা ... | ঐ | ২।৪৶ | ১৮॥৶৬ | ২৫২॥৶৯ | পশ্চিম শম্ভু ধর ও নারায়ণ সর্দ্দারের চৌকিদারি জাইগিরি জমি কেদার ঠাকুর ও কিনু সর্দ্দারের যোত জমি দক্ষিণ শ্রীরাম পর্ব্বত ও কেদার ভট্টাচার্য্যের ও শ্রীধর পালের যোত জমির পূর্ব্ব আএক্তদ্দিন সেখ ও মাধব সর্দ্দার ও ষষ্ঠীরাম ঘোষের যোত জমি উত্তর পদ্মদিঘী পুষ্করিণী ও গোলোক সিংহের যোত জমি উত্তর দক্ষিণ পূর্ব্ব হাক মুচির যোত জমি পূর্ব্ব করপদি বাগদীর যোত জমি। | পাম্‌সা গ্রামের ১নং প্লাট কোটা সাকিনের ঐ ঐ ব্যক্তির যোত। |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৮ | ঐ | ঐ | ঐ | ৯৮৩।৶ | ১৫৸৩ | ২০১৲৩ | দক্ষিণ সোণাতন ঘোষের জমি পূর্ব্ব নন্দরাম ঘোষের যোত জমি উত্তর ও দক্ষিণ ও পূর্ব্ব উমাচরণ সতগোপের যোত জমি পূর্ব্ব যুধিষ্ঠীর পালের যোত জমি ও নবিন পণ্ডিতের দেবত্তর জমি ও নূতন দিঘী পুষ্করিণী ও গোরচন্দ্র ভট্টাচার্য্যের ব্রহ্মত্তর জমি দক্ষিণ ও পূর্ব্ব শ্যামাচরণ চক্রবর্ত্তীর ব্রহ্মত্তর ও পূর্ব্ব ড্রেন। | ঐ গ্রামের ২নং প্লাট ঐ ঐ ব্যক্তির যোত। |
| ১৯ | ডাক আড্ডা | আবাদী সরাই রঘুনাথপুর। | সিলামপুর | /২।৶ | ১৶ | ১৫৸৶০ | পূর্ব্ব নর্ম্মার পুষ্করিণী উত্তর ইমাম সাহেবের দরগার সংলগ্ন পতিত জমি পশ্চিম সাধারণের রাস্তা দক্ষিণ রঙ্গলাল আপিতের বাসা বাটী। | খাশ মেজাবত। |
| ২০ | ঐ | হুগলি ... | আদা ... | /৩।/ | ৸৶৩ | ১২৲৬ | পূর্ব্ব সরকারি রাস্তা উত্তর জমিদার হরিহর বাবুর বাগান পশ্চিম ঐ দক্ষিণ ঐ। | ঐ |
| ২১ | ঐ | ইমচুরা ... | মামুদানি | /২৶০ | ৲৯ | ।৶০ | পূর্ব্ব সরকারি রাস্তা উত্তর কলাবাগান পশ্চিম ডাক বাঙ্গলা দক্ষিণ পুরাতন ডাক বাঙ্গালার সংলগ্ন পতিত জমি। | ঐ |

H. G. COOKE,
*Collector.*

## জেলা হুগলি।

### জমিদারি বিক্রয়ের ইস্তাহার কাছারি কালেক্টরী জেলা হুগলি।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারার বিধানানুসারে ইহার দ্বারা সকলকে জানান যাইতেছে যে জেলা হুগলির অন্তর্গত নিম্নলিখিত মহাল বা মহালের ভগ্নাংশ সন ১৮৮৯ সালের ১২ জানুয়ারি তারিখের প্রাপ্য বাকী রাজস্ব এবং যে সকল দাবি বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায়ের নিমিত্ত সন ১৮৮৯ সালের ২১ মার্চ্চ মোতাবেক বাঙ্গালা সন ১২৯৫ সালের ৯ চৈত্র বৃহস্পতিবার দিবসে হুগলির কালেক্টরি কাছারিতে প্রকাশ্য নিলামে বিক্রয় হইবেক ইতি সন ১৮৮৯ সাল ২ ফেব্রুয়ারি।

| তৌজীর নম্বর। | মহাল ও পরগণার নাম। | সমুদয় ষ্টেটের সদর জমা। | সমুদয় ষ্টেট বিক্রয় হইবে কি না। | যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে সেই অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম। | যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের সদর জমা। | যদি সমুদয় ষ্টেট বিক্রয় হয় তবে তাহার বাকী রাজস্ব। | যদি কোন অংশ বিক্রয় হয় তাহা হইলে ঐ অংশের বাকী রাজস্ব। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১১ | ছালালপুর পং পাণ্ডুয়া। | ৭০৭।/২ | ... | পৃথক হিসাব বাদে বক্রী অংশ। | আয়েসা খাতুন ওরফে আবেদন্নেছা বিবি দিগর। | ২৩৫৩/২ | ... | ৪৮৶০ |
| ৪৯ | হাতিশালা পং চৌমহা। | ১১১৬৯।/০ | ... | রকম ।/৬॥=আনা অংশ পৃথক হিসাব হইয়া (এ) চিহ্ন হইয়াছে। | শ্যামাসুন্দরী দেবী অলি অছি জানবে নাবালগ পুত্র আশুতোষ গোস্বামি দিগর। | ৩৮৪৬।৶০ | ... | ৯৮৯।৶০ |
| | ঐ | ঐ | ... | উক্ত পৃথক হিসাব বাদে বাকী রকম ॥৶১৩।— আনা। | প্যারিমোহন মুখোপাধ্যায় দিগর। | ৭৭১১৸৶০ | ... | ১৪৩৯।।৶৬ |
| ৫৯ | মাথালডিহি পং পাণ্ডুয়া। | ৭২২৯৶১ | ... | পৃথক হিসাব বাদে বক্রী অংশ। | রাজলক্ষ্মী দেব্যা দিগর। | ১১৪৮৶৭ | .. | ২।।০ |
| ৮৯ | রায়পুর পং পাণ্ডুয়া। | ৩.৮০।।/৪ | ... | রকম ১৬॥=গণ্ডা অংশে পৃথক হিসাব হইয়া (সি) চিহ্ন হইয়াছে। | উমেশচন্দ্র মুখোপাধ্যায় দিগর। | ১৬৫৸৶৯ | ... | ৩৮/৬ |
| ১১৭ | রাজহাট পং খোসালপুর। | ৭১৬৶৩ | ... | পৃথক হিসাব বাদে বক্রী অংশ। | জীবনকৃষ্ণ গোস্বামী দিগর। | ২৬৫॥৶১ | ... | ৩৫৸০ |
| ১২১ | সিলামপুর পং সিলামপুর। | ৫৭৬॥৶০ | ... | পৃথক হিসাব বাদে বক্রী অংশ। | হরিগোবিন্দ রায় দিগর। | ৫৭২।/১ | ... | ৩১।৶১ |
| ১৪৭ | সোমনগর পং চেতুয়া। | ১৮১০।।/২ | সম্পূর্ণ... | ...... | হেমাঙ্গিনী দাসী ... | ...... | ৩৭৫৶২ | ...... |
| ১৫৩ | মল্লিকহাটী পং বোর। | ২৯২৮৫৮ | ... | পৃথক হিসাব বাদে বক্রী অংশ। | প্রসাদদাস গোস্বামি দিগর। | ২০১২॥৶৮ | ... | ৩৫৯।/৪ |
| ১৫৯ | চাতরাবাদে পং বোর। | ৭৪০।।/৫ | .. | পৃথক হিসাব বাদে বক্রী অংশ। | ভোলানাথ মিত্র দিগর। | ৪৯৸১১ | .. | ৯৶০ |
| ১৯১ | হরিপুর আয়মা পং চৌমহা। | ৮৫১৶৯ | ... | পৃথক হিসাব বাদে বক্রী অংশ। | সত্যদয়াল বন্দ্যোপাধ্যায় দিগর। | ৭২৮ | ... | ৮৭।/০ |
| ৩৫২১ | দিগড়া পং বোর | ৫৩০৶৫ | সম্পূর্ণ... | ...... | রামদয়াল বন্দ্যোপাধ্যায়। | ...... | ১৯৮ | ...... |
| ৩৫৪১ | খরসরাই পং বোর। | ১৩১১।।৶৬ | ... | পৃথক হিসাব বাদে বক্রী অংশ। | ঐ | ৬৫৫৸/৩ | ... | ১৬২॥০ |

MOHANUND GUPTA,
*For Collector.*

## জিলা চট্টগ্রাম।

ইহাদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইন ও ১৮৭১ সালের ২ আইনের বিধান মতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে ৫০০ টাকার উর্দ্ধ জমার হাল বন্দবস্তি ২৫ বৎসর য়্যাদি নিম্নলিখিত নওয়াবাদ অন্তর্গত তালুকাদি ১৮৮৮ সাল মতাবেক ১২৯৫ বাঙ্গালার ২৬ ডিসেম্বর শেষ তারিখ পর্য্যন্ত উসুল বাদে বাকী পড়া রাজস্ব ও শেষ আদায়ের নিমিত্ত নিলামের দিন সন ১৮৮৯ সালের ২১শে ফেব্রুয়ারি মতাবেক ১২৯৫ বাঙ্গালা ১৭ই ফাল্গুন রোজ বুধবার ধার্য্যে জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নিলাম ধরা যাইবেক। ইতি সন ১৮৮৯ ইংরেজী তারিখ ২১শে জানুয়ারি।

| ক্রমিক নম্বর | ১নং রেজিষ্টরীর নম্বর। | মৌজা, থানা মহাল। | তালুকের নম্বর, ও নাম, ধাম। | মালিকের নাম ও ধাম। | খাজনা। | | | | সেস। | | | | সর্ব্ব মোট। | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজীর নম্বর। | মহাল ও পরগনার নাম। | পুরা ষ্টেটের সদর জমা। | পুরা ষ্টেট বিক্রয় হইবে কি না। | যদি একটা অংশ মাত্র বিক্রয় করিতে হয় সেই অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম। | যদি একটা অংশ বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার কত সদর জমা। | যদি পুরা ষ্টেট বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার বাকীর পরিমাণ। | যদি একটা অংশ বিক্রয় করিতে হয় তবে তাহার বাকীর পরিমাণ। |
| ২ | পরগণে মাগুরা কিঃ কাজল বেড়্যা ওগয়রহ। | ২৮৩৩।/ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ।৫॥ = ৪ দন্তি ৮১২দ৶১৭॥ = আনা | হরিশ্চন্দ্র রায় চৌধুরি ওগয়রহ | ৭৫০।৮ | ...... | ১৮৯/৪ |
| ৫ | পরগণে মাগুরা কিঃ আঙ্গার বেড্যা ওগয়রহ। | ২৭১৬৮৶৯॥ | পুরা মহাল | ...... | শ্রীনাথ রায় চৌধুরি ওগয়রহ | ...... | ৪৫২৸॥ | ...... |
| ১৫ | পরগণে মাগুরা কিঃ খড়ী বাড়ীয়া ওগয়রহ। | ৪০৯১।২। | পুরা মহাল | ...... | হেমচন্দ্র রায় চৌধুর ওগয়রহ | ...... | ৩৮০৶৯ | ...... |
| ৬৩ | পরগণে মাগুরা কিঃ বাঁশ দ্রোণী ওগয়রহ। | ৯১৩১।৶১॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥/১৩।৯॥ | আদিত্যনাথ রায় চৌধুরি ওগয়রহ। | ৫৫১৭।৶১১॥ | ...... | ১৭৪৩৸৶৯॥ |
| ৬৪ | পরগণে মাগুরা কিঃ বাঁস দ্রোণী ওগয়রহ। | ৬৮৪২।৯ | ..... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৶৮।৶৮ | প্রসন্নকুমার বন্দ্যোপাধ্যায় ওগয়রহ। | ৪৪৫৫দ৯ | ...... | ৩৭৷৩ |
| ৯৫ | পরগণে মাগুরা কিঃ শ্রীরাম পুর ওগয়রহ। | ৮৩০॥৶৩ | পুরা মহাল | ...... | জয়মণী দেব্যা ... | ...... | ১৬১॥৭ | ...... |
| ১২৩ | পরগণে মাগুরা মৌজে [illegible] রক ওগয়রহ। | ৫৫৮॥[illegible] | [illegible] মহাল | ...... | পার্ব্বতীচরণ রায় ওগয়রহ .. | ...... | ১৬৩৶১১ | ...... |
| ১১১ | পরগণে বরিদহাটি ওগয়রহ কি চক হাটুরিয়া ওগয়রহ। | ৩৯৯৩০॥৶[illegible]॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৫॥১২॥ | ত্রৈলোক্যনাথ বিশ্বাস ওগয়রহ | ৩১৩৭৪/১১॥ | ...... | ১৯০॥৶১০॥ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩৪৮ | পরগণে বালিয়া কিঃ পাঁচুড় ওগয়রহ। | ২১৩৬৸৶৪ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৶১৩।—আনা। | মণীন্দ্র মোহন মুখোপাধ্যায় ওগয়রহ। | ১৪২৩॥৶২৸ | ...... | ৪৭৯৶৪॥ |
| ৩৬৮।১ | পরগণে বালিয়া কিঃ পাঁচুড় ওগয়রহ। | [illegible]৬৸৶৪ | ...... | ১৮৭৯ সালের ১১ আইনের ১০ ধারামতে স্বতন্ত্র হিসাব ।/৬॥—আনা | মণীন্দ্র মোহন মুখোপাধ্যায় | ৭১২।/৬। | ...... | ২৮৭॥১০৸ |
| ৫৮৫ | পরগণে আজীমাবাদ [illegible] রূপধানী ওগয়রহ। | ১৯৪[illegible]।১॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭।। আনা। | রাধামোহন মণ্ডল ওগয়রহ ... | ১৮০৫৮॥৶৩॥ | ...... | ৩৯৩৶৬ |
| ৬৮৮ | পরগণে বালিয়া তরফ মলয়াপুরা ওগয়রহ। | ৮৩২৭।৬ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ | রাধামোহন মণ্ডল ওগয়রহ | ৭৭৪১৸৩৸ | ...... | ১৫৫।১০৸ |
| ৬৮৯ | পরগণে বালিয়া কিঃ সন্তোষপুর ওগয়রহ। | ৯১৩৪॥/৭ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ | রাধামোহন মণ্ডল ওগয়রহ | ৮৭৭৫৶৮ | ...... | ৩৩০।/১। |
| ৪২৯ | পরগণে বরিদহাটী আবাদ বালদাড়ী ওগয়রহ। | ১৮:৪॥/১১ | ...... | ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ৶১৩।—আনা স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট অংশ ৸/৬॥= আনা হইতে ৯৬৯৷১০ টাকার পৃথক হিসাব ১৮৭৬ সালের ৭ আইনের ৭০ ধারামতে হইয়াছে অবশিষ্ট ৫৪২৷৶১ টাকার অংশ। | গোপালদাস দত্ত ওগয়রহ | ৫৭২॥৶১ | ...... | ৫৷৶৯ |
| ৬২৪ | পরগণে বালিয়া কিঃ বহুরাটী ওগয়রহ। | ৮৬৫॥:১<br>পুলিস জমা৬।৶৪<br>৮৭:৸৶৩ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৶১৩।— | কেদারনাথ বসু ওগয়রহ ... | ৫৭৭৷৭<br>পুলিস ৪।৩<br>১৪ ৮।১০ | ...... | ৭৸৬॥ |
| ১৫৩৪ | পরগণে ময়দা তরফ বাড়িরা ওগয়রহ। | ১৪৬৮১।৶৪ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ।০॥= আনা। | সুরত মোহিনী দাসী ওগয়রহ | ৩৭০০৸৶৯ | ...... | ১৩১।৶৫ |

W. Grimley,
*Collector.*

## বিজ্ঞাপন।

### জিলা পাবনার কালেক্টরী।

১৮৫৯ সালের ১১ আইনের ৬,৭, ও ১৩ ধারামতে এতদ্দ্বারা ১৮৮৮।৮৯ কিঃ জানুয়ারি এই সংবাদ দেওয়া যাইতেছে যে পাবনা জিলার অন্তর্গত নিম্নলিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯।১৭ এপ্রেল মোং ১২৯৬।৫ বৈশাখ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে সেস্থলে এতৎ সংযুক্ত বর্ণনাপত্রের ৫,৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজীর নম্বর। | মহাল ও পরগণার নাম। | সম্পূর্ণ মহালের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না। | কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশের বা ঐ২ অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী। |
| ৬ | ডিহি ফতেপুর পঃ ইসফসাহী। | ২৭২০।/০ পুঃ ৩৩/০ | ... | মহালের রঃ ৶০ | দিগেন্দ্রনাথ সান্ন্যাল। | ৫১০/] পুঃ ৬৶০ | ... | ২০৫৸/০ ৩৶০ |

বাকী না পড়া অংশ।

কণীদাস সান্ন্যাল খাজানা ২৯৭॥০ পুঃ ৩॥৶০, ব্রজলাল সান্ন্যাল প্রভৃতি খাঃ ৮৫৲ পুঃ ১/০, উমাশঙ্কর সান্ন্যাল খাঃ ১১১॥০ পুঃ ১।৶০, মনমোহিনী দেব্যা খাঃ ২৫৫/০ পুঃ ৩৶০, ব্রজলাল সান্ন্যাল প্রভৃতি খাঃ ২৮।/০ পুঃ।/০, সর্ণময়ী দেব্যা খাঃ ৩৩১॥৶ পুঃ ৩৸৶।

অল্প সদর জমার জন্য গেজেটে দেওয়া গেল না।

প্রসন্নকুমার সান্ন্যাল রঃ /১০ খাঃ ২৫৫/০ পুঃ ৩৶০, ভুবনশঙ্কর সান্ন্যাল রঃ ১৭॥ খাঃ ১৪৮৸১ পুঃ ১৸/০, দুর্গাদাস সান্ন্যাল রঃ ১৫৶ খাঃ ১১২॥০ পুঃ ১।৶০, বৈকুণ্ঠকুমার সান্ন্যাল দিগর রঃ /১১ খাঃ ২৫৫/০ পুঃ ৩৶১, দ্বারকানাথ সান্ন্যাল প্রভৃতি রঃ ১২॥০ খাঃ ১০৭॥৶১ পুঃ ১।/০, হরসুন্দরী দেব্যা রঃ ৮৸ খাঃ ৭৪।৶ পুঃ ৸৶০, হরশঙ্কর সান্ন্যাল রঃ ১৭॥ খাঃ ১৪,৸/০ পুঃ ১৸/০।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩২০ | কিঃ এরণ্ড বহতি পঃ বড়বাজু। | ৮১৫।৶০ | ... | এজমালি অংশ ... | হরচন্দ্র ভৌমিক বৈদ্যনাথ চাকী প্রভৃতি। | ৭০১৶ | ... | ৭॥৶১৫ |

বাকী না পড়া অংশ।

জাহ্নবী চৌধুরাণী সদর জমা ৪২১৶ মহিমাচন্দ্র জোওয়াদার সদর জমা ২৭॥৶ একাব্বর ফকির সদর জমা ২৭॥৶ রহিমদ্দি মুনশী দিগর সদর জমা দিগর১॥৶

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৮৩১ | চরখাপুরা পঃ সেলগাছী। | ৫৫৩৲ | সম্পূর্ণ মহালের মালিকান ও মোকররী বন্দ সত্ত্ব স্বত্ত্ব। | ...... | ফএজ বকস চৌধুরি। | ... |  ৭৫৲ | ... |

C. H. Allen,
*For Collector.*

---

### জিলা বর্দ্ধমান।

#### ইস্তাহার নামা কাছারি ডিপুটী কালেক্টার মোং রাণীগঞ্জ।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে নিম্নলিখিত বিক্রয়ের শর্ত্ত অনুসারে বর্দ্ধমান জেলাস্থিত সব ডিবিজান রাণীগঞ্জর এলাকা ভুক্ত সীতারামপুর গ্রামের পুরাতন পোষ্ট আপিসের যায় গায় গবর্ণমেণ্টের যে স্বত্ব আছে তাহা নিষ্কর স্বরূপে মোং রাণীগঞ্জর সব ডিবিজানের কাছারিতে ১৮৮৯ সালের ২৬শে মার্চ্চ মোতাবেক বাঙ্গলা ১৪ই চৈত্র তারিখে নিলামে বিক্রয় হইবেক খরিদারগণ নিম্নলিখিত নিয়ম সকল প্রতিপালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্য যাহা নিলাম কালীন স্থির হইবেক তদপেক্ষায় যে ব্যক্তি অধিক মূল্য দিতে স্বীকার করিবেন তাহাকে বিক্রয় করা যাইবেক।

২। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হইলে মূল্যের সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক।

৩। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মূল্যের চতুর্থ অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনে দিবা দুই প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবেক ঐ দিবস বন্ধের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে দুই প্রহরের মধ্যে দাখিল করিতে হইবে। দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথম স্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারি করিয়া ক্রটিকারী খরিদারের ক্রটিতে পুনরায় নিলাম করা যাইবেক।

৪। নিলাম মঞ্জুর হইলে খরিদারদিগকে দখল দেওয়া যাইবেক। ইতি ১৮৮৯।

| লাটের তরতিব নম্বর। | জেলা। | মৌজা পরগণা। | একার হিসাবে জমির পরিমাণ। | জমির বাউণ্ডারি। |
|---|---|---|---|---|
| ১ | বর্দ্ধমান ... | সীতারামপুর পঃ সেরগড়। | এঃ—রোঃ পোল ০ ০ ২৭ | উত্তর মোশেদ লালবিহারি মিস্ত্রির দোকান দক্ষিণ উলফট সাহেবের বাটী; পশ্চিম ফিডর রোড, পূর্ব্ব কানাই গোপের আবাদি জমী। |

H. Cox,
*Sub-Divisional Officer, Raniganj.*

---

জিলা ফরিদপুর।

বিজ্ঞাপন।

১৮৫৯ সনের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে, ফরিদপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জেলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৮৯ সনের ১২ জানুয়ারি পর্য্যন্তের বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯ সালের ১৫ এপ্রিল মোতাবেক ১২৯৬ সনের ৩ বৈশাখ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যেস্থলে এতৎসংযুক্ত বর্ণনপত্রের ৫, ৭, ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেইস্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না ১৮৮৯। ৮ মার্চ্চ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজির নম্বর। | মাহা[illegible] এবং | সম্পূর্ণ মাহালের সদর জমা। | [illegible] | কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐ অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা। | [illegible] | কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী। |
| ১৭৭৬ | তাং তো[illegible]বি[illegible] পঃ জাল[illegible]পুর। | ৭২১/০ | ... | এজমালী অবশিষ্ট ॥/৫৲৬ দ্বিপ। | গোলাম ওয়াহেদ মিঞা জগতচন্দ্র পোদ্দার গয়রহ। | ৪১০/০ | ... | ৬৬॥/৫ |
| ৩৫৫৫ | রত্নেশ্বর [illegible] চৌধুরি নস[illegible]। | ২৫৫৯৲/৮ | ... | এজমালী অবশিষ্ট হিঃ ।৶৭ গণ্ডা। | উমাপ্রসন্ন পাল চৌধুরি সত্যচরণ ঘোষ গং। | ১১৭৫৲৶৮ | ... | ৪৮০৲৶৭ |
| ৪০২৮ | জমিদারী বাসুদেব রায় পঃ রাজনগর। | ৪১১৯।৯॥ | ... | ১নং হিস্যা পৃথক হিঃ ।৶ আনী। | গোপী মোহন বৈকুণ্ঠ মোহন কিশোরী মোহন রায় চৌধুরি গং। | ১৪৮১॥৶০ | ... | ১৶৪॥ |
| ৪০২৮ | জমিদারী বাসুদেব রায় পঃ রাজনগর। | ৪১১৯।৯॥ | ... | ২নং হিস্যা পৃথক হিঃ ॥৶ আনী। | ঐ | ২৭৭৫॥/৯॥ | ... | ৮৬১৶৩॥ |
| ৯১২০ | হিস্যে নিলমণি সেন পঃ রাজনগর। | ৫৯৭৲৩ | ... | হিস্যা পৃথক হিঃ ।৶১০ আনী। | রাজকুমার ও মহিমাচন্দ্র পাল। | ২৮০৶১॥ | ... | ৭৪৲২॥ |

ফরিদপুর কালেক্টরি
১৮৮৯। ৮ মার্চ্চ।

E. B. Harris.
*Offg. Collector.*

## জিলা যশোহর।

### জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, যশোহর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থা ক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯ সালের ১৬ এপ্রেল তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। অন্যান্য অংশ যাহা এই ইস্তাহারে লেখা হইল না সেইং অংশে কিছু বাকী নাথাকায় ঐং অংশ নিলাম হইতে ছাড়িয়া দেওয়া হইল ইতি সন ১৮৮৯। ৮ মার্চ্চ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজীর নম্বর। | মহলের ও পরগণার নাম। | সম্পূর্ণ মহালের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না। | কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশে বা ঐং অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী। | কোনঅংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী |
| ১৯২ | মাধবপাশা পরগনা ইসফপুর। | ২৫৮৭।৶৪ | ০ | ১ হিস্যা ... | মতিলাল বসু দিগর। | ৩০৫।৶৩।। | ... | ১৫৸৶১ |
| ৪৮১৯ | ধাণ বাড়িয়া পরগনা মুলঘড়। | ৩১৪৬৸৶২ | ০ | ১ হিস্যা ... | হাল নিলাম খরিদার মনমথনাথ রায় চৌধুরি দিগর। | ৭০৯।৶।। | ... | ৫২৯৸৶১৸ |

F. H. BARROW,
*Collector.*

## জিলা চট্টগ্রাম।

### ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জিলা চট্টগ্রাম।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে, সন ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকাদি ১৮৮৮ ইং ২৬ ডিসেম্বর তারিখে সূর্য্যাস্ত বাকীপড়া রাজস্ব রোড় ছেছ ও পাবলিক ছেছ আদায়ের নিমিত্ত ১৮৮৯ ইংরাজী তারিখ ৩ মেই মোং সন ১২৯৬ বাং তারিখ ২১ বৈশাখ রোজ শুক্রবার জিলা চট্টগ্রাম কালেক্টরিতে বিনা ওজরে প্রকাশ্য নীলাম করা যাইবে ইতি সন ১৮৮৯। ৬ মার্চ্চ।

| নম্বর মহাল। | নাম মহাল এবং মৌজা থানা। | সদর জমা। | | বাকীর পরিমাণ। | | | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|
| | | খাজানা | ছেছ | খাজানা | ছেছ | মোট | |
| | মহাল নয়াবাদ থানে চকরিয়া মৌঃ ভেওলা মাণিকচর। | | | | | | |
| ১৮১ / ২৭৪ | তালুক বিবি ইস্ত্রাক ... | ৭৫৭॥৶০ | ৯৬।৶০ | ১৮৯৲ | ৩২৶০ | ২২১৶০ | |
| | মাহাল নয়াবাদ থানে টেকনাপ মৌঃ দক্ষিণ হ্নিলা। | | | | | | |
| ৫০৬ / ১০৩৫ | তালুক শ্রীমতী খোয়ামে চৌং গাং। | ১১২৯৲ | ১০০৸৬ | ১৪২৯৲ | ১৪১৲৬ | ১৫৭০৲৬ | |

A. MANSON,
*Collector.*

## কাছারি কমিশনারি সুন্দর বন।

### ১৮৭৯ সালের নবেম্বর মাহার রুলের ১৭ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনের শ্রীযুত কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা প্যারিমোহন নিয়োগী পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন। ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পন্ন করিবার বিধান করণার্থ আইন মতে) দাওয়া বা আপত্তা করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৮৯ সালের ১ জুলাই মোতাবেক বাঙ্গালা সন ১২৯৬ সালের ১৮ আষাঢ় সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনার আপিসে বিক্রীত হইবে।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনার ও খুলনার ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখে বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবে।

### নিয়ম এই।

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোতের ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবেক।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সমস্ত জ্বালানি কি গুড়িকাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমির আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানি কাষ্ঠ কি গুড়িকাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবে।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথ স্বত্ব রক্ষা করা এবং যুক্তি সঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক, উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব থাকিবেক ও পাট্টা দারিকে কেবল দখলি স্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক। ইতি সন ১০৮৯ সাল তারিখ ৯ মার্চ্চ।

### তপসীল।

| মহালের নাম। | জেলা, সব-ডিবিজান ও থানা। | রকবা। | চৌহদ্দী। |
|---|---|---|---|
| চক [illegible] দ্বিতীয় খণ্ড। | জেলা বাকরগঞ্জ সব-ডিবিজান পটুয়াখালি থানা গুলিসাখালি। | ৫০০০/ | উত্তর—বিষখালি নদীর কিয়দংশ ও ঐ বিষখালি নদীর ধার হইতে গরজন বুনিয়া খালের একটি শাখার ধার পর্য্যন্ত এক সরল রেখা ও গরজন বুনিয়া খালের ঐ শাখা।<br>পূর্ব্ব—গরজন বুনিয়া খালের কিয়দংশ।<br>দক্ষিণ—নিশান বাড়িয়া খাল এবং ঐ নিশানবাড়িয়া খালের ধার হইতে ঐ গরজন বুনিয়া খালের ধার পর্য্যন্ত একটি সরল রেখা।<br>পশ্চিম—নিশান বাড়িয়া খাল ও বিষখালি নদীর কিয়দংশ।<br>ডেপুটি কালেক্টর শ্রীযুত জে জেমস্ এলিসন সাহেবের ১৮৮৮৮৯ সিজনের নকসা অনুসারে এই সীমানা লিখিত হইল। |

J. Ellison,
*Deputy Collector in-charge.*

## কাছারি কমিশনারি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৭ ধারামতে নোটিস।

এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনের শ্রীযুত কমিশনার সাহেবের অফিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা মথুরানাথ সেন পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন, ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্ত্য করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্ত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৮৯ সালের ১লা জুলাই মোতাবেক বাঙ্গালা সন ১২৯৬ সালের ১৮ আষাঢ় সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনার সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগ স্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য প্রত্যেক জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থে রাখা যাইবে।

পাট্টা দিবার সময়ে উক্ত ভূমিতে যে সমস্ত জ্বালানি কি গুঁড়িকাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়াল হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না; কিন্তু ঐ জ্বালানি কি গুড়ি কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেন্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে করধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেন্টের স্বত্ব থাকিবেক; তাহার সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করা এবং যুক্তি সঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক। উক্ত ভূমিতে গবর্ণমেন্টের মালিকি স্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলি স্বত্ব দেওয়া যাইবেক, সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৮৯। ৯ মার্চ্চ।

তপশীল।

| মহালের নাম | জেলা, সবডিবিজান ও থানা। | রকবা। | চৌহদ্দি। |
|---|---|---|---|
| চক নলটোলা প্রথম খণ্ড। | জেলা বাকরগঞ্জ সবডিবিজান পটুয়াখালি থানা গুলিষাখালি। | ৫০০০/ | উত্তর—নলটোলা দোনের কিয়দংশ।<br>পূর্ব্ব—নলটোলা দোনের কিয়দংশ।<br>দক্ষিণ—গর্জ্জনবুনিয়া খালের কিয়দংশ।<br>পশ্চিম—বিষখালি নদীর কিয়দংশ ও [illegible]খালি নদীর ধার হইতে গর্জ্জন বুনিয়া খালের [illegible] পর্য্যন্ত একটী সরল রেখা এবং গর্জ্জন [illegible] খালের ঐ শাখা।<br>ডেপুটী কালেক্টার শ্রীযুত মে জেমস্ এলি[illegible] সাহেবের ১৮৮৮। ৮৯ সিজনের নকসা অনুসারে [illegible] লিখিত হইল। |

J. Ell[illegible]

*Deputy Collector, in Charge.*

---

বিজ্ঞাপন।

জেলা ২৪ পরগনা সন ১৮৮৯। ৯০ সালের নিমিত্ত দেয় জমিদারি ডাকট্যাক্স ৫০৲ টাকা এবং ৫০৲ টাকার উর্দ্ধ রাজস্ব দায়ী মহালের সদর জমার উপর শত করা ৷০ আট আনার হিসাবে ধার্য্য হইয়াছে। প্রথম সস্ মাহার কিস্তির দেনা ১৮৮৯ সালের ১ জুন তারিখ ও দ্বিতীয় সস মাহার কিস্তির দেয়টাকা ঐ সালের ১-ই ডিসেম্বর তারিখে কি ঐ২ ধার্য্য তারিখের পূর্ব্বে উক্ত জেলার ট্রেজারিতে দাখিল করিতে হইবে।

D T MACSSHORSON.

*Magistrate.*

## Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pound* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8. The general public can be supplied by the Superintendent, Botanic Garden *or cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

---

### গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টিন ৪॥০ টাকা; প্রতি ৮ আউন্স টিন ৮॥০ টাকা প্রতি ১ পাউণ্ড টিন ১৬॥০ টাকা। এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তি-গণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টিন ৫॥০ টাকা; ৮ আউন্স টিন ১০॥০ টাকা ১ পাউণ্ড টিন ২০৲ টাকা। এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতা-গণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্যব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ॥০ আট আনা ও প্রতি পাউণ্ড টিনে ৸০ বার আনা ডাক মাশুল দিতে হইবে।

---

### জ্বরনাশক দানাবান্ধা সিন্‌কোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরে রয়েল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০ পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন ৬॥০ টাকায়, ৮ ঔন্স টিন ১২৷৷০ টাকায়, ও ১ পৌণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্ব-সাধারণে কোম্পানীর বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকটে নগদ মূল্য দিলে এইং হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টীন ৮॥০ [illegible] ৮ ঔন্স টীন ১৬॥০ টাকায় ও ১ পৌণ্ড টীন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধান২ ইউরোপীয় [illegible] দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হারের অতিরিক্ত ৪ ঔন্স টিনের [illegible] আনা, ৮ ঔন্স টিনের ॥০ আনা, ও ১ পৌণ্ড টিনের ৸০ আনা ডাক মাশুল দিতে হইবে।

---



OFFICE OF SUPDT. GOVT. PRINTING, No. 8 Hastings Street, Calcutta.

## NOTICE.

*The 21st February* 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

| *For the Mofussil.* | Rs. | A. | P. | |
|---|---|---|---|---|
| Entire Gazette ... ... ... | 10 | 0 | 0 | per annum. |
| Postage ... ... | 2 | 8 | 0 | " |
| Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal ... ... .. | 4 | 0 | 0 | " |
| Postage ... ... | 1 | 0 | 0 | " |
| For a single copy— | | | | |
| Entire Gazette ... ... ... | 0 | 4 | 0 | |
| Postage ... ... | 0 | 1 | 0 | |
| Parts III, IV, V, and VI .. ... | 0 | 1 | 0 | for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4. |
| Postage ... ... | 0 | 1 | 0 | |

*For Calcutta.*

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. Baker,
*Offg. Under-Secretary to the Govt. of Bengal.*

---

### বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

| মফঃসলে। | | টাকা |
|---|---|---|
| সম্পূর্ণ গেজেট .. ... | বৎসর | ১০৲ |
| ডাকমাসুল ... .. | " | ২॥০ |
| ৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে) ... .. | " | ৪৲ [illegible] |
| ডাকমাসুল ... ... | " | ১৲ |
| সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য ... ... | | ।০ |
| ডাকমাসুল ... ... | | /০ |
| ৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)... ... ... | | /০ ৪ [illegible]পর [illegible]ক হয় [illegible]হার প্রত্যেক [illegible]তাপ্রতি আর এক আনা] |
| ডাকমাসুল ... ... ... | | /০ |

### কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য. কলিকাতায় কেবল ডাক মাসুল লাগিবে না।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরী।

## NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
*Under-Secretary to the Govt. of Bengal.*

*The 12th December* 1882.

---

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

| | Rs. |
|---|---|
| Full page, per issue ... ... ... ... ... | 20 |
| Half „ ... ... ... ... ... | 10 |

Casual advertisements.—4 annas per line.

---

## বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা [illegible]তে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

[illegible] সালের ১২ ডিসেম্বর

---

[illegible]—কলিকাতা গেজেটে ইশ্তিহার প্রকাশ করিবার হার এই২।—

| | টাকা। |
|---|---|
| [illegible]পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের ... ... ... | ২০, |
| আধ পৃষ্ঠা ... ... ... | ১০, |
| কখন২ ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি ... ... | ।০ |

---

## বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্ট্র্যাণ্ড ওয়েষ্ট ষ্টৌন হাসের রাস্তায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

### FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

*N.B.*—Copies are still available.

---

### বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিল্ড এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী প্রজাবিষয়ক আইন সংহিতা।

একং খানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌন্টান্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

---

কলিকাতা বেঙ্গল সেক্রেটেরিয়ট প্রেস যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এডওয়ার্ড গুরিন লুইন সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 11—2-3-89—346-320

Numb. 2592 [২৫৯২ | REGISTERED No. 30

# গবর্ণমেণ্ট গেজেট

## TUESDAY, APRIL 2, 1889.

## মঙ্গলবার, ১৮৮৯ সাল ২ এপ্রেল।

CONTENTS.



নির্ঘণ্ট।



## PART IIA.

### Orders by the Lieutenant-Governor of Bengal.

### দ্বিতীয় ক খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আদেশ।

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

## MUNICIPAL AND LOCAL.

NOTIFICATION.

*The 25th March* 1889.—It is hereby notified for general information that, in the exercise of the power vested in the Local Government by section 221 of the Municipal Act III (B. C.) of 1884, and in accordance with the recommendation of the Commissioners of the South Dum-Dum Municipality, in the district of the 24-Pergunnahs, made at a meeting, the Lieutenant-Governor sanctions the extension of Part IX of the Act to the portions of the South Dum-Dum Municipality, the boundaries of which are specified below—

*North.*—The Nowpara Road up to Bengal Central Railway, Gate No. 3.

*West.*—The Bengal Central Railway Embankment as far as Gate No. 1, and thence the Bagjalla field up to the Dum-Dum Road west of Rai Luchmiput Sing Bahadoor's garden.

*South.*—Dum-Dum Road, Nager Bazar Road, and Gorakho Casiney Road.

*East.*—Rural tract.

H. J. S. COTTON,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

# বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

## মুনিসিপাল ও স্থানীয়।

বিজ্ঞাপন।

১৮৮৯ সাল ২৫ মার্চ্চ।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি মুনিসিপল বিষয়ক ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২২১ ধারামতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া এবং ২৪ পরগণা জিলার অন্তর্গত দক্ষিণ দমদমা মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের অনুরোধক্রমে উক্ত আইনের নবম পরিচ্ছেদের বিধান দক্ষিণ দমদমা মুনিসিপাটীর যেং অংশের সীমা নিম্ন ভাগে লেখা গেল সেইং অংশে প্রচলিত করিবার অনুমতি দিলেন।

উত্তর সীমা।—বেঙ্গল সেণ্ট্রাল রেলওয়ে ৩নং গেট পর্য্যন্ত নওয়াপাড়া পথ।

পশ্চিম সীমা।—১নং গেট পর্য্যন্ত বেঙ্গল সেণ্ট্রাল রেলওয়ে বাঁধ ও তথা হইতে—রা[illegible] লক্ষ্মীপৎ সিংহ বাহাদুরের বাগানের পশ্চিম দমদমা পথ পর্য্যন্ত বাগজলা ক্ষেত।

দক্ষিণ সীমা।—দমদমা পথ, নাগের বাজার পথ, ও গোরাখো কাসিনে পথ।

পূর্ব্ব সীমা।—গ্রাম্য প্রদেশ।

এচ. জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটি[illegible]ক্তা।

# গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮৯ সাল ২ এপ্রেল।

## চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইনের পাণ্ডুলিপি।

## ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি খানি আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় ১৮৮৯ সালের ১ ফেব্রুয়ারি তারিখে উপস্থিত করা হইয়াছিল।

### ১৮৮৯ সালের ২ নম্বর।

ভারতবর্ষীয় বন্দর বিষয়ক আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

ধারা।

১৭। হেল্‌থ আফিসেরর নিয়োগ ও ক্ষমতার কথা।

১৮। পোর্ট অফিশ্যাল বা পাইলটের কার্য্যে বা ত্রুটির নিমিত্ত গবর্ণমেন্টের ক্ষতি নিষ্কৃতির কথা।

## চতুর্থ অধ্যায়।

জাহাজের নিরাপদাবস্থার ও বন্দর রক্ষা করণের বিধি।

সাধারণ বিধি।

১৯। বয়া, নিশানী ও জাহাজ বাঁধিবার অন্য দ্রব্যের হানি করিবার কথা।

২০। ইচ্ছাপূর্ব্বক বয়া হইতে জলযান ছাড়াইয়া দিবার কথা।

২১। নিলম প্রভৃতি অনুচিত রূপে নামাইয়া দিবার কথা।

২২। নিষিদ্ধ সীমার মধ্যে জলযানের তলায় বুরুশঘর্ষণের কথা।

২৩। নিষিদ্ধ সীমার মধ্যে জলযানে ধুনা জ্বাল দিবার কথা।

২৪। উপযুক্ত মতে বন্ধ করা বাতী না লইয়া পিপা হইতে স্পিরিট বাহির করিয়া লইবার কথা।

২৫। হাঁসিল করিবার কথা।

২৬। সূর্য্যাস্তের পর পাগর বা হাসিল বাহিরে ফেলিয়া রাখিবার কথা।

২৭। বন্দরে আগ্নেয়াস্ত্র ছুড়িবার কথা।

২৮। মাস্টার অগ্নিনির্ব্বাণ করিবার উদ্যোগ না করিলে তাঁহার দণ্ডের কথা।

২৯। অনুমতি বিনা হারান দ্রব্যাদি খুঁজিয়া না লইবার কথা।

৩০। বন্দর হইতে পাতরাদি তুলিতে কিম্বা কিনারার হানি করিতে নিষেধের কথা।

বিশেষ বিধি।

৩১। পাইলট বিনা বা হারবর মাস্টারের অনুমতি বিনা জলযান সরাইবার কথা।

৩২। কোন২ জলযানে অগ্নি নির্ব্বাপক যন্ত্র রাখিবার কথা।

## পঞ্চম অধ্যায়।

বন্দরের মাসুল ও ফী ও অপর চার্জের কথা।

৩৩। বন্দরের মাসুল আদায় করিবার কথা।

৩৪। স্থানীয় গবর্ণমেন্ট কর্ত্তৃক বন্দরীয় মাসুল পরিবর্ত্তন করিবার কথা।

৩৫। বন্দরের চার্জের গ্রহণ, ব্যয় ও হিসাবের কথা।

৩৬। বন্দরের চার্জের জন্য রসীদের কথা।

৩৭। জাহাজ পঁহুছিলে মাস্টারের রিপোর্ট করিবার কথা।

৩৮। জাহাজ যত জল ভাঙ্গে কোন২ স্থলে কনসরবেটরের তাহা নিরূপণ করিয়া মাস্টারের স্থানে খরচ লইতে পারিবার কথা।

ধারা।

৩৯। বন্দরীয় মাসুল দিবার যোগ্য জলযানের টনেজ নিশ্চয় রূপে জানিবার কথা।

৪০। বন্দরীয় চার্জ না দেওয়া গেলে ক্রোক ও বিক্রয় করিবার কথা।

৪১। বন্দরীয় চার্জ না দেওয়া গেলে বন্দরের ছাড়পত্র না দিবার কথা।

৪২। এক বন্দরের দেয় বন্দরীয় চার্জ অন্য কোন বন্দরে আদায় হইতে পারিবার কথা।

৪৩। বন্দরীয় চার্জ দেওয়া এড়াইবার দণ্ডের কথা।

৪৪। নিলমে বোঝাই করা জলযানের বন্দরীয় মাসুলের কথা।

৪৫। জলযান মাল না নামাইলে বা তুলিয়া না লইলে তাহার উপর বন্দরীয় মাসুলের কথা।

৪৬। হাওয়া খাইবার জাহাজের উপর কিম্বা ঝড়ের বেগ প্রযুক্ত যে জলযান বন্দরে ফিরিয়া আইসে তাহার উপর বন্দরীয় মাসুল না লাগিবার কথা।

৪৭। হাঁস্পাতাল সম্পর্কীয় বন্দরীয় মাসুল বসাইবার ক্ষমতার কথা।

৪৮। হাঁস্পাতাল সম্বন্ধে বন্দরীয় মাসুল প্রয়োগের কথা।

৪৯। পাইলটের ও অন্য কএকটি কর্ম্মের নিমিত্ত ফীর কথা।

## ষষ্ঠ অধ্যায়।

সিকনেল তুলিয়া দিবার কথা।

৫০। মাস্টারের আপন জলযানের নম্বর দেখাইবার কথা।

৫১। মাস্টারের নম্বর তুলিতে পাইলটের আদেশ করিবার কথা।

৫২। পাইলট এই অধ্যায়ের বিধান অমান্য করিলে তাঁহার দণ্ডের কথা।

## সপ্তম অধ্যায়।

দণ্ড সম্বন্ধীয় বিধানের কথা।

৫৩। স্থানীয় গবর্ণমেন্টের বিধি ও আ[illegible] মান্য করিলে দণ্ডের কথা।

৫৪। অপরাধের যেরূপ বিচার [illegible] পারিবে ও দণ্ডের টাকা যেরূপে আদায় হইবে তাহার কথা।

৫৫। অপরাধ নির্ণয়ের খরচের কথা।

৫৬। এই আইনমতে দেয় খরচ ও হানি পূরণের টাকা নির্ণয় ও আদায় করিবার কথা।

৫৭। ক্রোক করিবার খরচের কথা।

৫৮। বিবাদ স্থলে কত টাকা আদায় করিতে হইবে মাজিস্ট্রেটের তাহা নির্ণয় করিবার কথা।

ধারা।

৫৯। বিচারাধিকারের স্থানীয় সীমার বাহিরে কৃত অপরাধ সম্বন্ধে বিচারাধিকারের কথা।

৬০। অপরাধ নির্ণয় হইলে কেবল গুণাগুণ বিবেচনায় তাহা অন্যথা হইবার কথা।

---

## অষ্টম অধ্যায়।

### অতিরিক্ত বিধি।

৬১। বন্দরে অবৈধ নিশান তুলিবার কথা।

৬২। ভিন্ন দেশীয় পলাতকদের কথা।

৬৩। ১০ ও ২১ ধারা খাটিবার কথা।

৬৪। বৌলবেন ও বাসেনের বন্দরীয় মাসুলের প্রয়োগের কথা।

ধারা।

৬৫। ইচ্ছাধীন চাঁদা দেওয়া হইয়া থাকিলে তাহা সিদ্ধ করিবার কথা।

৬৬। নাবিকদের ইনষ্টিটিউটের নিমিত্ত স্থান দিবার কথা।

৬৭। কনসর্বেটরের ক্ষমতা তাঁহার সহকারীদের চালনা করিবার ক্ষমতা।

৬৮। আদেশের লিখিত নোটিস জারী করিবার কথা।

৬৯। স্থানীয় গবর্ণমেন্টের আদেশ প্রকাশ করিবার কথা।

প্রথম তফসীল।—বন্দর, মাসুল যোগ্য জলযান, বন্দরীয় মাসুলের হার, ও যতদিন অন্তর পেমেন্ট করিতে হইবে তাহার কথা।

দ্বিতীয় তফসীল।—যে যে আইন রহিত হইল তাহার কথা।

বন্দর ও বন্দরের চার্জ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি।

বন্দর ও বন্দরের চার্জ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত মত বিধান করা যাইতেছে।

---

## প্রথম অধ্যায়।

### উপক্রমণিকা।

১ ধারা। (১) এই আইনটিকে ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৮৯ সালের আইন বলা যাইতে পারিবে। এবং

নাম, আরম্ভ ও ব্যাপ্তির কথা।

(২) ইহা ১৮৮৯ সালের এপ্রেল মাসের প্রথম দিবসে বলবৎ হইবে।

(৩) বিষয় বিবেচনায় বা সংযুক্ত বাক্যাবলী হইতে অন্যরূপ বোধ না হইলে এই আইন

(ক) প্রথম তফশীলে যে যে বন্দরের উল্লেখ আছে সেই সেই বন্দরের প্রতি এবং যে যে নাব্য নদী ও জলপ্রণালী দিয়া সেই সেই বন্দরে যাওয়া যায় তাহার যে যে অংশ (বন্দরের ও বন্দরীয় মাসুলের বিধি করিবার আইন নামে) ১৮৫৫ সালের ২২ আইন কিম্বা ভারতবর্ষের বন্দর বিষয়ক ১৮৭৩ সালের আইনের অধীন বলিয়া ব্যক্ত করা হইয়াছে সেই সেই অংশের প্রতি প্রচলিত হইবে। এবং

(খ) এবং এই আইনক্রমে পরে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইল ঐ গবর্ণমেণ্ট সেই ক্ষমতা পরিচালনা করিয়া অন্য যে যে বন্দরে বা নাব্য নদীর বা জলপ্রণালীর যে যে অংশে এই আইন প্রচলিত করেন তন্মধ্যেও এই আইন প্রচলিত হইবে।

(৪) কিন্তু

(৵০) শ্রীশ্রীমতীর কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের বা শ্রীশ্রীমতীর কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের কার্য্যে নিযুক্ত কোন জলযানের প্রতি কিম্বা ভিন্ন দেশীয় রাজার বা রাজ্যাধিকারের কোন যুদ্ধ জাহাজের প্রতি এই আইনের কোন কথা বর্ত্তিবে না। কিম্বা

(৶০) এই আইনে পরে কোন ব্যক্তির কোন সম্পত্তিগত স্বত্ব বা অপর কোন বেসরকারী স্বত্ব সম্বন্ধে অন্যরূপ স্পষ্ট বিধান না থাকিলে এই আইনের কোন কিছুর দ্বারা তাঁহার সেই স্বত্ব হরণ হইবে না। কিম্বা

(৷৴) এই আইনের কোন কথার দ্বারা কষ্টম বিষয়ক কোন আইনের বা বিধির, কিম্বা তদনুসারে যে কোন হুকুম বা আদেশ আইনমতে কৃত বা প্রদত্ত হয় তাহার কোন ব্যাঘাত হইবে না।

(৫) এবং স্থানীয় গবর্ণমেণ্ট কোন বন্দরে কি নদীতে কি জলপ্রণালীতে ৩১ ধারা বা ৩২ ধারা বিশেষরূপ না বর্ত্তাইলে ঐ বন্দরে কি নদীতে কি জলপ্রণালীতে ঐ ঐ ধারার কোন কথা বর্ত্তিবে না।

২ ধারা। (১) দ্বিতীয় তফশীলে যে যে আইনের উল্লেখ আছে ঐ তফশীলের তৃতীয় ঘরে যে পরিমাণ নির্দ্দিষ্ট হইল, সেই সেই আইন সেই সেই পরিমাণে এতদ্দ্বারা রহিত করা গেল।

রহিত করিবার কথা।

(২) উক্ত কোন আইনক্রমে কিম্বা উক্ত কোন আইন দ্বারা রহিত করা কোন আইনক্রমে যে সকল বিজ্ঞাপ্তি, নিয়োগ, আদেশ, হুকুম ও বিধি করা যায়, যে সকল ক্ষমতা, উপদেশ ও অনুমতি প্রদত্ত হয়, যে সকল নিষেধাজ্ঞা প্রচারিত ও বিজ্ঞাপন প্রকাশিত হয় তাহা এই আইন প্রচলিত হইবার সময়ে বলবৎ থাকিলে যতদূর হইতে পারে এই আইন অনুসারে কৃত, প্রদত্ত প্রচারিত ও প্রকাশিত হইয়াছে বলিয়া বিবেচিত হইবে। এবং

(৩) কোন আইন বা দলীলে রহিত করা উক্ত কোন আইনের উল্লেখ থাকিলে সেই আইন বা দলীলে এই আইন বা এই আইনে তাহার সমতুল্য যে অংশ থাকে সেই অংশের উল্লেখ হইয়াছে বলিয়া যতদূর হইতে পারে ব্যাখ্যা করিতে হইবে।

৩ ধারা। বিষয় বিবেচনায় বা সংযুক্ত বাক্যাবলীতে বিপরীত অর্থবোধ না হইলে, এই আইনে—

অর্থকরণের কথা।

(১) কোন নদীর বা জলপ্রণালীর যে কোন অংশে উপস্থিত সময়ে এই আইন প্রচলিত আছে "বন্দর" শব্দের মধ্যে তাহাও গণ্য।

(২) জলপথে লোক বা সম্পত্তি লইয়া যাইবার জন্য যে কোন যান প্রস্তুত করা যায় "জলযান" শব্দের মধ্যে তাহাও গণ্য।

(৩) কোন জলযান সম্বন্ধে "মাস্টার" শব্দ ব্যবহৃত হইলে পাইলট বা হারবরমাস্টার ছাড়া যৎকালে যে ব্যক্তি ঐ জলযানের ভারপ্রাপ্ত থাকেন বা তৎসম্বন্ধে কর্ত্তৃত্ব করেন উপস্থিত সময়ে অপর যে কোন আইন বলবৎ থাকে তাহার বিধানাধীনে ঐ "মাস্টার" শব্দে তাঁহাকে বুঝাইবে।

(৪) স্থানীয় গবর্ণমেণ্ট যৎকালে যে [illegible]কে জলযানের পথ দেখাইয়া দিবার [illegible]ন, "পাইলট" শব্দে তাঁহাকে বুঝাইবে।

(৫) জলযান যে এজেণ্টের নামে কান[illegible] যায় "অধিকারী" শব্দের মধ্যে তিনিও [illegible]।

(৬) বৃটিশ জাহাজের টনেজের পরিমাপ [illegible] করণার্থ যৎকালে যে বিধি [illegible] তদনুসারে যে টন নির্ণয় করা যা[illegible] নির্ণয় করা যাইতে পারে "টন" [illegible] সেই টন বুঝাইবে।

(৭) দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের যে ক্ষমতা থাকে ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইন অনুসারে কোন ব্যক্তি তাহার অন্যুন ক্ষমতা পরিচালন করিলে "মাজিষ্ট্রেট" শব্দে তাঁহাকে বুঝাইবে, এবং কলিকাতা, মান্দ্রাজ ও বোম্বাই নগরে ঐ শব্দে প্রেসিডেন্সি মাজিষ্ট্রেটও গণ্য।

## দ্বিতীয় অধ্যায়।

### স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

*এই আইন বা এই আইনের কোনং অংশ বর্ত্তাইবার বা তুলিয়া লইবার কথা।*

৪ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরী লইয়া রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া—

(ক) যে বন্দরে এই আইন প্রচলিত নাই সেই বন্দরে অথবা যে নাব্যনদী বা জলপ্রণালী দিয়া কোন বন্দরে যাওয়া যায় এবং যাহার মধ্যে এই আইন প্রচলিত না থাকে তাহার কোন অংশে এই আইন প্রচলিত করিতে পারিবেন।

(খ) যে কোন বন্দরে ৩১ ধারার বা ৩২ ধারার বিধান বিশেষরূপে প্রচলিত করা হয় নাই ঐ২ ধারার বিধান বিশেষরূপে সেই বন্দরে প্রচলিত করিতে পারিবেন।

(গ) যে কোন বন্দরে বা উহার অংশে উপস্থিত সময়ে এই আইন বা ৩১ ধারা বা ৩২ ধারা প্রচলিত আছে সেই বন্দরে বা বন্দরের অংশ হইতে এই আইন বা ৩১ ধারা বা ৩২ ধারা উঠাইয়া লইতে পারিবেন।

(২) ১ প্রকরণের (ক) বা (খ) দফানুযায়ী বিজ্ঞাপনে যে স্থানের উল্লেখ থাকে ঐ বিজ্ঞাপনে সেই স্থানের সীমা নির্ণীত থাকিবে।

(৩) সর্ব্বসাধারণের পক্ষে ট্রাফিকের সুবিধার নিমিত্ত জলযানের নিরাপদাবস্থার নিমিত্ত, কিম্বা ঐ বন্দরের বা ঐ বন্দরে যাইবার পথের উৎকর্ষ সাধন করিবার, উহা রক্ষা করিবার বা উহার সুব্যবস্থা করিবার নিমিত্ত যে পিয়র বা জেটী বা নামিবার ঘাট বা ওয়ার্ফ বা কী বা ডক বা অপর যে ওয়ার্ক নির্ম্মিত হয় তাহা জোয়ারের জল যত উচ্চ উঠে সেই দাগের নীচে কি উপরেই থাকুক তাহা, এবং ঐ দাগের উপর পঞ্চাশ গজের মধ্যে কূল বা তীরের যে অংশ থাকে তাহাতে বেসরকারী ব্যক্তির সম্পত্তিগত স্বত্ব মানিয়া তাহাও (২) প্রকরণানুসারে নির্দ্দিষ্ট সীমার মধ্যে ধরা যাইতে পারিবে।

(৪) ৩ প্রকরণে "জোয়ারের জল যত উচ্চ উঠে" এই কথায় বৎসরের কোন সময়ে সামান্য কটালে জোয়ারের জল অতি উচ্চ যে দাগ পর্য্যন্ত উঠে তাহা বুঝাইবে।

*বন্দরের [illegible] বর্ত্তন করিববার [illegible]*

৫ [illegible] (১) স্থানীয় গবর্ণমেণ্ট অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরী লইয়া ও বেসরকারী ব্যক্তির কোন সম্পত্তিগত স্বত্ব থাকিলে তাহা মানিয়া যে কোন বন্দরে এই আইন প্রচলিত থাকে তাহার সীমা পরিবর্ত্তন করিতে পারিবেন।

(২) স্থানীয় গবর্ণমেণ্ট (১) প্রকরণানুসারে কোন বন্দরের সীমা পরিবর্ত্তন করিলে, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া এবং অন্য কোন উপায় থাকিলে অন্য যে কোন উপায় উপযুক্ত বিবেচনা করেন সেই উপায়ে ঐ সীমার ঠিক পরিমাণ ব্যক্ত বা বর্ণনা করিবেন।

*বন্দর সম্বন্ধীয় বিধি করিবার ক্ষমতার কথা।*

৬ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট উপস্থিত সময়ে প্রচলিত অপর কোন আইন অনুসারে যে সকল বিধি প্রণয়ন করিতে পারেন তদতিরিক্ত নিম্নলিখিত কোন প্রয়োজনার্থে এই আইন সঙ্গত যে বিধি প্রণয়ন করা আবশ্যক বিবেচনা করেন তাহা করিতে পারিবেন।

(ক) এই আইন যে বন্দরে খাটে জলযান যে সময়ে ও যে প্রকারে সেই বন্দরে প্রবেশ করিবে বা সেই বন্দর ছাড়িয়া যাইবে তাহার ব্যবস্থা করিবার নিমিত্ত।

(খ) ঐ রূপ কোন বন্দরের যে স্থানে ও যে জায়গায় ও লঙ্গর করিবার উপযুক্ত যে স্থানে জলযান থাকিবে তাহার ব্যবস্থা করিবার নিমিত্ত।

(গ) ঐরূপ কোন বন্দর স্থিত জলযানের পরওয়ান ও গেলিডোল আরিয়া করিবার, ও বুম ও পরওয়ান অন্দর টানিয়া লইবার নিমিত্ত, এবং জলযানের বাহিরে যে ডেবী, নৌকা ও অপর দ্রব্য থাকে তাহা ঝুলাইয়া দিবার কিম্বা জলযানের ভিতর আনিয়া রাখিবার নিমিত্ত।

(ঘ) ঐরূপ কোন বন্দর স্থিত জলযানের অন্তর্গত বা তৎসংলগ্ন লঙ্গর, ফালতু বুম ও অপর দ্রব্য সরাইয়া রাখিবার বা উপযুক্ত রূপে ঝুলাইয়া দিবার বা স্থাপন করিবার নিমিত্ত।

(ঙ) ঐরূপ কোন বন্দরে বারোদ কি বিস্ফোরক কি মাল কিম্বা কোন বিশেষ প্রকারের মাল তুলিয়া লইবার বা নামাইয়া দিবার সময়ে জলযানের ব্যবস্থা করিবার নিমিত্ত এবং তৎকালে জলযান যে যে স্থানে থাকিবে তাহার ব্যবস্থা করিবার নিমিত্ত।

(চ) ঐরূপে কোন বন্দরে কিম্বা তাহার ধারে কি লাগাও যে পিয়র, জেটী, নামিবার ঘাট, ওয়ার্ফ, কী, ডক, লঙ্গর করিবার স্থান ও অন্যান্য ওয়ার্ক থাকে তথায় কিম্বা তাহার নিকট স্থানে যাইবার জন্য যত চৌড়া পথ খোলা রাখা আবশ্যক বিবেচিত হয় তাহা খুলিয়া রাখিবার নিমিত্ত এবং যে২ স্থানে পথ খোলা রাখিতে হইবে সেই২ স্থানে নিশানী দিবার নিমিত্ত।

(ছ) ঐরূপ কোন বন্দরে জলযান লঙ্গর করিবার ও দৃঢ় করিয়া বাঁধিবার ও বয়াতে বাঁধিবার ও খুলিয়া দিবার নিমিত্ত।

(জ) ঐরূপ কোন বন্দরে জলযান সরাইয়া দিবার ও হাঁসিল টানিবার ব্যবস্থা করিবার নিমিত্ত এবং বন্দরে হাঁসিলের ব্যবহার সম্বন্ধে ব্যবস্থা করিবার নিমিত্ত।

(ঝ) ঐরূপে কোন বন্দরে জলযান বাঁধিবার বয়া ও শিকল ও বাঁধিবার অন্য দ্রব্যের ব্যবহার সম্বন্ধে ব্যবস্থা করিবার নিমিত্ত।

(ঞ) উক্ত বয়া গবর্ণমেণ্টের হইলে, তাহার ব্যবহারের নিমিত্ত কিম্বা গবর্ণমেণ্টের কোন নৌকা, হাঁসিল কি অন্য দ্রব্যের ব্যবহার হইলে তন্নিমিত্ত যে রসুম দিতে হইবে তাহা ধার্য্য করিবার নিমিত্ত।

(ট) ঐরূপে কোন বন্দরে কিম্বা অংশত উহার ভিতরে ও অংশতঃ উহার বাহিরে যে সকল কাটামর ণ ভাড়া লইয়া যাওয়া আসা করে এবং যে সকল আরোহীর নৌকা মালের নৌকা ও অন্য নৌকা ভাড়া লইয়াই হউক বা না লইয়াই হউক ও নিয়মিত রূপেই হউক বা কেবল মাঝে মাঝেই হউক, যাওয়া আসা করে তাহার লাইসেন্স দিবার ও ব্যবস্থা করিবার নিমিত্ত এবং ঐরূপ কোন জলযান যে পরিমাণ মাল বা যত জন আরোহী লইয়া যাইবে তাহা নিরূপণ করিয়া দেবার নিমিত্ত।

(ঠ) ঐরূপ কোন বন্দরে অগ্নি ও আলোকের ব্যবহার সম্বন্ধে ব্যবস্থা করিবার নিমিত্ত।

(ড) ঐরূপ কোন বন্দরের জলযানে দিবাভাগে কিম্বা রাত্রিতে সিকনেল বা সিকনেল লাইট ব্যবহার করিতে বাধ্য করিবার ও ঐ ব্যবহার সম্বন্ধে ব্যবস্থা করিবার নিমিত্ত।

(ঢ) ঐরূপ কোন বন্দরের সীমার মধ্যে যে জলযান ভাসমান থাকে তাহাতে যত জন খালাসী প্রভৃতি থাকা চাই তাহার ব্যবস্থা করিবার নিমিত্তে।

(ণ) ঐরূপ কোন বন্দরে জলযান পরিষ্কার করিবার বা উহাতে রঙ্ দিবার জন্য অথবা জলযানের পাড়নে, বয়লারে কিম্বা ডবল বটমে কার্য্য করিবার জন্য নিযুক্ত লোকদের কর্ম্ম সম্বন্ধে ব্যবস্থা করিবার নিমিত্ত।

---

## ৃতীয় অধ্যায়।

### বন্দরের কর্ম্মচারীদের কথা ও তাঁহাদের ক্ষমতার ও কর্ত্তব্য কর্ম্মের কথা।

৭ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট কোন কর্ম্মচারী বা ব্যক্তি সমষ্টিকে এই আইনের অধীন প্রত্যেক বন্দরের কনসর্বেটর স্বরূপ নিযুক্ত করিবেন এবং ঐ কর্ম্মচারী বা ব্যক্তি সমষ্টিকে কর্ম্ম হইতে স্থগিত বা অপসারিত করিতে পারিবেন।

*কনসর্বেটর নিযুক্ত করিবার কথা।*

(২) স্থানীয় গবর্ণমেণ্ট বিপরীত ভাবের কোন আদেশ করিলে তদধীনে,

(ক) কোন বন্দরে পোর্ট আফিসর থাকিলে তিনিই কনসর্বেটর হইবেন।

(খ) কোন বন্দরে পোর্ট আফিসের না থাকিলে কিন্তু হারবর মাষ্টার থাকিলে, হারবর মাষ্টারই কনসর্বেটর হইবেন।

(৩) যে খানে হারবরমাষ্টার কনসর্বেটর নহেন সেখানে হারবর মাষ্টার ও তাঁহার সহকারীরা কনসর্বেটরের অধীন ও কর্ত্তৃত্বাধীন হইবেন।

(৪) কনসর্বেটর স্থানীয় গবর্ণমেণ্টের অথবা ঐ গবর্ণমেণ্ট মধ্যবর্ত্তী স্বরূপ অন্য যে কোন কর্ত্তৃপক্ষকে নিযুক্ত করেন তাঁহার কর্ত্তৃত্বাধীন হইবেন।

৮ ধারা। (১) এই আইনের অধীন কোন বন্দরের কনসর্বেটর, ঐ বন্দরস্থিত কোন জলযান সম্বন্ধে, ৬ ধারানুসারে ঐ বন্দরে উপস্থিত সময়ে যে কোন বিধি প্রচলিত থাকে তাহা প্রবল করণার্থ আদেশ দিতে পারিবেন।

*নির্দ্দিষ্ট কোনং প্রয়োজনার্থ কনসর্বেটরের আদেশ দিবার ও তাহা পালন করাইবার ক্ষমতার কথা।*

(২) কনসর্বেটর আইনমত কোন আদেশ দিলেও কোন ব্যক্তিকে সেই আদেশের নোটিস দেওয়া গেলে পর যদি তিনি ইচ্ছা পূর্ব্বক ও কোন ন্যায্য ওজর ব্যতিরেকে আদেশ মান্য করিতে অসম্মত হন বা অবহেলা করেন তাহা হইলে ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার এক শত টাকা পর্য্যন্ত জরিমানা হইতে ও পূর্ব্বোক্তরূপ নোটিস পাইবার পর ইচ্ছা পূর্ব্বক ও ন্যায্য ওজর ব্যতিরেকে যতদিন ঐ আদেশ অমান্য করিতে থাকেন ততদিন তাঁহার দিনপ্রতি আর এক শত টাকা পর্য্যন্ত জরিমানা হইতে পারিবে।

(৩) ঐরূপ অসম্মত হইবার বা অবহেলা করিবার স্থলে কনসর্বেটর এ আদেশ কার্য্যে পরিণত করিবার জন্য আবশ্যক সকল কার্য্য করিতে বা করাইয়া দিতে পারিবেন এবং তদভিপ্রায়ে উপযুক্ত লোককে মজুরী দিয়া খাটাইতে পারিবেন। এবং ঐ সকল কার্য্য করিতে যে যুক্তি সঙ্গত খরচ পড়ে তাহা তিনি যে ব্যক্তি ঐ আদেশ মান্য করিতে তদ্রূপে অসম্মত হইলেন বা অবহেলা করিলেন তাঁহার নিকট আদায় করিয়া লইতে পারিবেন।

৯ ধারা। ঐরূপ কোন বন্দরের কনসর্বেটর গুরুতর প্রয়োজনস্থলে বন্দরের মধ্যে কি বন্দরে প্রবেশ করিবার স্থানে কি তাহার নিকটে কোন হাঁসিল, কাচী, রসী বা পাকরদ্বারা কোন জলযানের বিপদ ঘটিবার সম্ভাবনা থাকিলে ঐ হাঁসিল প্রভৃতি কাটিয়া দিতে বা কাটিয়া দেওয়াইতে পারিবেন।

*হাঁসিল ও কাচী কাটিয়া দিবার ক্ষমতার কথা।*

১০ ধারা। (১) ঐরূপ কোন বন্দরের কোন অংশে বাহাদুরী [illegible] ভেলা কি অপর দ্রব্য ভা[illegible] থাকিলে বা থ কিলে এবং তদ্দ্বারা কনসর্বেটরের মতে ঐ বন্দরের মধ্যে স্বচ্ছন্দে নাব্য কার্য্যের বাধা বা আটক হই[illegible]রূপ কোন বেসরকারী ব্যক্তির সম্পত্তি না হইয়া [illegible]তীরের যে অংশ বন্দরের সীমার অন্তর্গ[illegible]র্দ্দিষ্ট করা হইয়াছে সেই অংশস্থিত কোন পি[illegible] জেটী, নামিবার ঘাট, ওয়ার্ক, কি, ডক, বাঁধিবার ব[illegible] অন্য ওয়ার্কের আইনমত ব্যবহারের বাধা বা আটক হইলে, কনসর্বেটর তাহা আপনি কি অন্যের দ্বারা সরাইয়া দিতে পারিবেন।

*বন্দরের সীমার মধ্যে বাধাজনক দ্রব্য সরাইয়া দিবার কথা।*

(২) ঐ বাহাদুরী কাষ্ঠ, ভেলা বা অপর দ্রব্য সরাইয়া দিবার জন্য যে যুক্তিযুক্ত খরচ লাগে ঐ কাষ্ঠ প্রভৃতির অধিকারী তাহা দিতে দায়ী হইবেন এবং যদি ঐ অধিকারী বা অপর ব্যক্তি ন্যায্য কারণ ব্যতিরেকে ঐরূপ কোন বাধা বা

আটক জন্মাইয়া থাকেন কিম্বা যাহাতে উক্তরূপ অবাধে নাব্য কার্য্যের বা পিয়র প্রভৃতির আইনমত ব্যবহারের ব্যাঘাত হয় বা হইবার সম্ভাবনা থাকে সাধারণের অনিষ্টজনক এরূপ কর্ম্ম করেন বা করান তাহা হইলে তাঁহার একশত টাকা পর্য্যন্ত জরিমানাও হইতে পারিবে।

(৩) কনসরবেটর কিম্বা ঐ অপরাধের বিচার করিবার ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেট ঐরূপ কোন অনিষ্ট নিবারণ করাইয়া দিতে পারিবেন।

সরাইয়া দিবার খরচ আদায় করিবার কথা।

১১ ধারা। উক্ত বাহাদুরী কাষ্ঠ ভেলা বা অপর দ্রব্যের অধিকারীর নিকট, কিম্বা যে ব্যক্তি ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার লিখিত বাধা, আটক বা সাধারণের অনিষ্টজনক কর্ম্ম করেন বা করান তাঁহার নিকট উক্ত দ্রব্য সরাইয়া দিবার যুক্তিযুক্ত খরচের দাওয়া হইলে পর যদি তিনি এক সপ্তাহের মধ্যে কিম্বা রাজকীয় গেজেটে নোটিস দিয়া বা স্থানীয় গবর্ণমেণ্ট সাধারণ বা বিশেষ হুকুম করিয়া অপর যে কোন প্রকারের আজ্ঞা করেন সেই প্রকারে ঐরূপ সরাইয়া দিবার সংবাদ হইবার পর চৌদ্দ দিনের মধ্যে তাহা দিতে অবহেলা করেন তাহা হইলে কনসরবেটর ঐ বাহাদুরী কাষ্ঠ, ভেলা, বা অপর দ্রব্য কিম্বা সাধারণের অনিষ্টজনক যে দ্রব্য তদ্রূপে সরাইয়া দেওয়া গেল তাহার মাল মসলা কিম্বা তাহার যে অংশ আবশ্যক সেই অংশ প্রকাশ্য নীলামে বিক্রয় করাইতে পারিবেন।

এবং নীলামোৎপন্ন টাকা হইতে ঐরূপ সরাইয়া দিবার ও নীলাম করিবার সকল খরচ লইতে পারিবেন ও উদ্বৃত্ত টাকা, অথবা ঐ দ্রব্য বা মাল মসলার যে অংশের নীলাম না হইয়া থাকে সেই অংশ, উহা পাইবার স্বত্ববান ব্যক্তিকে দিবেন।

এবং ঐরূপ কোন ব্যক্তি উপস্থিত না হইলে স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রকারের আদেশ করেন সেই প্রকারে তাহা আমানত করিয়া রাখিবেন।

এবং সেই দ্রব্য বা মাল মসলার যে অংশ নীলাম না হইয়া থাকে আবশ্যক হইলে তাহাও সময়ে২ নীলাম করিয়া তাহা রাখিবার ও নীলাম করিবার খরচ আদায় করিতে পারিবেন।

ন্যায্যমতে যে বাধাজনক দ্রব্য থাকে তাহা সরাইয়া দিবার কথা।

১২ ধারা। (১) এই আইনের অধীন কোন বন্দরের মধ্যে যদি নাব্য কার্য্যের বাধাজনক কোন বস্তু ন্যায্যমতে করা হইয়া থাকে কিম্বা দীর্ঘকাল থাকার দরুন বা অন্য কারণে [illegible] বাধাজনক বিষয় থাকা ন্যায্য হইয়া উঠে তাহা হইলে কনসরবেটর স্থানীয় গবর্ণমেণ্টের অবগতির নিমিত্ত ঐ বিষয় রিপোর্ট করিবেন এবং ঐ গবর্ণমেণ্টের মঞ্জুরী লইয়া ঐ বাধাজনক বিষয় স্থানান্তর বা পরিবর্ত্তন করাইয়া দিবেন ও ঐরূপ স্থানান্তর বা পরিবর্ত্তন করাতে যে ব্যক্তির হানি হয় তাঁহাকে যুক্তি সঙ্গত রূপ হানি পূরণের টাকা দিবেন।

(২) সেই হানিপূরণের টাকা সম্বন্ধে কোন বিবাদ উপস্থিত হইলে সরকারী কার্য্যের নিমিত্ত ভূমি লইবার স্থলে তদ্রূপ বিবাদ সম্বন্ধে যে আইন খাটে সেই আইন অনুসারে ঐ বিবাদের নিষ্পত্তি করা যাইবে।

গবর্ণমেণ্টের বয়াতে জড়িয়া যাইবার কথা।

১৩ ধারা। (১) ঐরূপ কোন বন্দরে স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক বা ঐ গবর্ণমেণ্টের অনুমতিক্রমে যে বয়া বা জলযান বাঁধিবার কোন দ্রব্য স্থাপিত হয় তাহাতে যদি কোন জলযানের হুক লাগিয়া যায় কি জলযান জড়িয়া যায় তাহা হইলে ঐ জলযানের মাষ্টার কিম্বা অপর কোন ব্যক্তি গুরুতর প্রয়োজনের স্থল ছাড়া, ঐ হুক ছাড়াইয়া দিবার বা বয়া হইতে জলযান ছাড়াইয়া লইবার জন্য কনসরবেটরের সাহায্য ব্যতিরেকে ঐ বয়া বা জলযান বাঁধিবার দ্রব্য তুলিবেন না।

এবং কনসরবেটর ঐরূপ দুর্ঘটনার সম্বাদ পাইলেই ঐ জলযান ছাড়াইয়া দিতে সাহায্য করিবেন ও ছাড়াইয়া দিবার কার্য্যের তত্ত্বাবধান করিবেন।

এবং জলযান ছাড়াইয়া দিবার যুক্তিযুক্ত যে খরচ হয় তাহার দাওয়া হইলেই ঐ জলযানের মাষ্টার তাহা দিবেন।

(২) কোন মাষ্টার এই ধারার বিধানের বিরুদ্ধে অপরাধ করিলে তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার একশত টাকা পর্য্যন্ত জরিমানা হইতে পারিবে।

বন্দরের সীমার মধ্যে জলযান মারা পড়াতে নাব্য কার্য্যের বাধা হইলে তাহা তুলিয়া দিবার কথা।

১৪ ধারা। (১) ঐরূপ কোন বন্দরে কোন জলযান মারা পড়িলে কি ডাঙ্গায় ঠেকিয়া ভাঙ্গিয়া গেলে কি ডুবিলে, ও তাহাতে ঐ বন্দরের নাব্য কার্য্যের বাধা হইলে কিম্বা হইবার সম্ভাবনা থাকিলে কনসরবেটর ঐ জলযান তোলাইয়া ফেলিতে কি সরাইয়া দিতে কি নষ্ট করাইতে পারিবেন।

(২) কোন কনসরবেটর (১) প্রকরণমতে কার্য্য করিয়া যে সম্পত্তি তোলাইয়া ফেলেন যদি কোন ব্যক্তি তাহা দাওয়া না করেন কিম্বা ঐ প্রকরণ অনুসারে কনসরবেটরের যে যুক্তিযুক্ত খরচ পড়ে যদি দাওয়াকারী ব্যক্তি সেই খরচ না দেন তাহা হইলে কনসরবেটর যদি ঐ সম্পত্তি আশু বিনষ্ট হইবার মত হয় তবে তৎক্ষণাৎ ও যদি আশু বিনষ্ট হইবার মত না হয় তবে তুলিবার পর ছয়মাসের অন্যূন কোন সময়ে তাহা প্রকাশ্য নীলামে বিক্রয় করিতে পারিবেন।

(৩) ২ প্রকরণ অনুসারে কনসরবেটরের যে খরচ পড়ে তাহা ঐ সম্পত্তির নীলামোৎপন্ন টাকা হইতে তাঁহাকে দেওয়া যাইবে এবং বাকী টাকা ঐ তোলা দ্রব্যে যে ব্যক্তির অধিকার থাকে তাঁহাকে দেওয়া যাইবে কিম্বা ঐরূপ কোন ব্যক্তি উপস্থিত হইয়া ঐ বাকী টাকা দাওয়া না করিলে ঐ টাকা আমানত স্বরূপ রাখা যাইবে। তাহার উপর সুদ চলিবে না। পশ্চাৎ কোন ব্যক্তি ঐ টাকার উপর আপনার স্বত্ব স্থাপন করিলে তাঁহাকে দেওয়া যাইবে।

কিন্তু নীলাম হইবার তারিখ হইতে এক বৎসরের মধ্যে তাঁহার দাওয়া উপস্থিত করিতে হইবে।

১৫ ধারা। (১) এই আইনের বিরুদ্ধ কোন অপরাধ করা গিয়াছে কিম্বা শীঘ্র করা হইবে কনসর্বেটর কি তাঁহার কোন সহকারীর এরূপ সন্দেহ হইলে কিম্বা এই আইন দ্বারা তাঁহার প্রতি যেং কর্ত্তব্য-কর্ম্ম অর্পিত হইল তদ্রূপ কোন কর্ম্ম করিবার নিমিত্ত আবশ্যক হইলে, তিনি,

জলযানে উঠিবার ক্ষমতার কথা।

এবং কোন জলযান সম্বন্ধে দেয় বন্দরীয় মাসুল, ফী বা অপর চার্জ গ্রহণ করণার্থে এই আইনানুসারে নিযুক্ত কোন ব্যক্তির প্রতি এই আইন দ্বারা যেং কর্ত্তব্য কর্ম্ম অর্পিত হইল তদ্রূপ কোন কর্ম্ম করিবার নিমিত্ত আবশ্যক হইলে, তিনি,

একলা কিম্বা অন্য ব্যক্তিকে লইয়া এই আইনের অধীন কোন বন্দরের সীমার অন্তর্গত কোন জলযানে কিম্বা কোন বিলডিঙ্গে কি স্থানে যাইতে পারিবেন।

(২) ১ প্রকরণের উল্লিখিত কোন ব্যক্তির প্রতি এই আইন দ্বারা যেং কর্ত্তব্যকর্ম্ম অর্পিত হইল তিনি সেই কর্ম্ম করিবার নিমিত্ত ঐ জলযানে উঠিতে কিম্বা ঐ বিলডিঙ্গে কি স্থানে প্রবেশ করিতে চাহিলে যদি ঐ জলযানের মাষ্টার কিম্বা ঐ বিলডিঙ্গ বা স্থান যে ব্যক্তির অধিকারের বা দখলে থাকে যদি সেই ব্যক্তি ন্যায্য কারণ ব্যতিরেকে তাঁহাকে ঐ জলযানে উঠিতে কি ঐ বিলডিঙ্গ বা স্থানে প্রবেশ করিতে না দেন তাহা হইলে এরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার দুইশত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

১৬ ধারা। (১) এই আইনের অধীন কোন বন্দরের মধ্যে আগুন লাগা নিবারণ করিবার জন্য কিম্বা লাগিলে তাহা নিবাইয়া ফেলিবার জন্য কনসর্বেটর বা পোর্ট আফিসর ঐ বন্দরস্থিত কোন জলযানের মাষ্টারের প্রতি এই আদেশ করিতে পারিবেন যে, তৎকালে ঐ মাষ্টারের আজ্ঞাধীনে যত জন খালাসী থাকে তাহার চারি ভাগের তিন ভাগের অনধিক যত জন খালাসীর আবশ্যক হয় তিনি তত জনকে আপনার আজ্ঞাধীনে স্থাপিত করিয়া দেন।

আগুন লাগা নিবারণের জন্য কিম্বা লাগিলে নিবাইয়া ফেলিবার জন্য খালাসীদিগকে আদেশ করিবার ক্ষমতার কথা।

(২) কোন মাষ্টার ঐ আদেশ পালন করিতে অসম্মত হইলে বা অবহেলা করিলে তাঁহার পাঁচশত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে এবং যে কোন নাবিক তৎকালে তাঁহার আজ্ঞাধীন থাকে মাষ্টার তাহাকে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত কনসর্বেটরের কিম্বা পোর্ট আফিসরের আজ্ঞা পালন করিতে আদেশ করিলে যদি সে ব্যক্তি ঐ আজ্ঞা পালন করিতে অসম্মত হন তবে তাঁহার পঁচিশ টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

১৭ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনের অধীন কোন বন্দরে হেলথ আফিসর বলিয়া একজন কর্ম্মচারীকে নিযুক্ত করিতে পারিবেন এবং তদ্রূপে নিযুক্ত কোন কর্ম্মচারীকে কর্ম্ম হইতে স্থগিত বা অপসারিত করিতে পারিবেন।

হেলথ আফিসরের নিয়োগ ও ক্ষমতার কথা।

(২) হেলথ আফিসর যে বন্দরের নিমিত্ত নিযুক্ত হন, সেই বন্দরের সীমার মধ্যে স্থানীয় গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বাধীনে নিম্নলিখিত ক্ষমতা প্রাপ্ত হইবেন, অর্থাৎ—

(ক) ১৮৫৯ সালের ১ আইনের ৭১ ধারা ক্রমে শিপিং মাষ্টারের প্রতি যে সকল ক্ষমতা প্রদত্ত হইয়াছে কোন জাহাজ সম্বন্ধে সেই সকল ক্ষমতা।

(খ) কোন জলযানে প্রবেশ করিবার এবং ঐ জলযানস্থিত সমস্ত বা কোন নাবিক বা আপ্রেনটিসের স্বাস্থ্য পরীক্ষা করিবার ক্ষমতা।

(গ) জলযানস্থিত ব্যক্তিদিগের স্বাস্থ্য ও চিকিৎসা সম্বন্ধে অবস্থার বিষয়ে অনুসন্ধান করিবার নিমিত্ত লগবুক বা অন্যান্য যে বহী, কাগজ বা দলীল তিনি আবশ্যক বিবেচনা করেন তাহা উপস্থিত করিবার জন্য আদেশ করিবার ও ঐ আদেশ পালন করাইবার ক্ষমতা।

(ঘ) ঐরূপ কোন কার্য্যের নিমিত্ত ঐ সকল ব্যক্তিকে বা তাঁহাদের কোন ব্যক্তিকে আপনার সম্মুখে ডাকিয়া জিজ্ঞাসা করিবার ও যে সকল কথা জিজ্ঞাসা করা তিনি উচিত বিবেচনা করেন সেই সকল কথার যথার্থ উত্তর দিবার জন্য আদেশ করিবার ক্ষমতা।

(ঙ) তদ্রূপে জিজ্ঞাসিত কোন ব্যক্তি যে সকল কথা বলেন তাহা সত্য বলিয়া একখানি নির্দ্দেশ-পত্র লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া দিতে ঐ ব্যক্তিকে আদেশ করিবার ক্ষমতা।

১৮ ধারা। এই আইনের অধীন কোন বন্দরের কনসর্বেটর পোর্ট আফিসর, বা হারবর মাষ্টরের কোন কার্য্য বা ত্রুটির নিমিত্ত, কিম্বা পূর্ব্বোক্ত কোন কর্ত্তৃপক্ষের কোন ডেপুটী বা অসিষ্টান্টের কিম্বা ঐ কর্ত্তৃপক্ষ, ডেপুটী বা অ্যাসিষ্টান্টের কর্ত্তৃত্বাধীনে বা আজ্ঞানুসারে কার্য্যকারী কোন ব্যক্তির কোন কার্য্য বা ত্রুটির নিমিত্ত, কিম্বা কোন পাইলটের কোন কার্য্য বা ত্রুটির নিমিত্ত, কিম্বা কোন জলযান গবর্ণমেণ্টের কোন বয়া হাঁসিল কি অন্য যে দ্রব্য ব্যবহার করে উহার দোষ থাকার দরুন ঐ জলযানের হানি হইলে সেই হানির নিমিত্ত [illegible]মেণ্ট দায়ী হইবেন না।

পোর্ট অফিশ্যাল বা পাইলটের কার্য্য বা ত্রুটির নিমিত্ত গবর্ণমেণ্টের ক্ষতি নিষ্কৃতির কথা।

কিন্তু গবর্ণমেণ্টের দ্বারা কিম্বা গব[illegible]মেণ্টের স্পষ্ট আজ্ঞা বা মঞ্জুরীক্রমে যে কোন কর্ম্ম করা যায় সেই কার্য্যের নিমিত্ত, এই ধারার কোন কথাক্রমে [illegible] পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত ষ্টেট সেক্রে[illegible]রের নামে মোকদ্দমা করিবার কোন বাধা [illegible]

## চতুর্থ অধ্যায়।

### জাহাজের নিরাপদাবস্থার ও বন্দর রক্ষা করণের বিধি।

### সাধারণ বিধি।

১৯ ধারা। (১) এই আইনের অধীন কোন বন্দরে স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা বা অনুমতিক্রমে যে বয়া কি নিশানি কি জাহাজ বাঁধিবার দ্রব্য স্থাপিত হয় কি বসান যায় কোন ব্যক্তি ন্যায্য কারণ ব্যতিরেকে তাহা তুলিবেন

বয়া, নিশানী ও জাহাজ বাঁধিবার জন্য দ্রব্যের হানি করিবার কথা।

না, তাহার হানি করিবেন না, তাহা আলগা করিয়া দিবেন না কিম্বা ভাসাইয়া দিবেন না।

(২) যদি কোন ব্যক্তি এই ধারার বিধানের বিরুদ্ধে অপরাধ করেন তাহা হইলে তাঁহার দ্বারা যত হানি হয় তাঁহার সেই হানি পূরণ করিতে হইবে ও তাহা ছাড়া ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার দুই হাজার টাকা পর্য্যন্ত জরিমানা কিম্বা দুই বৎসরকাল পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে।

ইচ্ছাপূর্ব্বক বয়া হইতে জলযান ছাড়াইয়া দিবার কথা।

২০ ধারা। ঐরূপ কোন বন্দরের মধ্যে কোন জলযান বয়াতে বাঁধা থাকিলে যদি কোন ব্যক্তি ঐ জলযানের অধিকারীর বা মাস্টারের অনুমতি বা আজ্ঞা না পাইয়া ইচ্ছাপূর্ব্বক ও ন্যায্যকারণ ব্যতিরেকে ঐ বয়া হইতে ঐ জলযান খুলিয়া দেয় কিম্বা স্থানান্তরে লইয়া যায় তবে ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত ঐ ব্যক্তির দুইশত টাকা পর্য্যন্ত জরিমানা কিম্বা ছয় মাসকাল পর্য্যন্ত কারাদণ্ড হইবে।

নিলম প্রভৃতি অনুচিতরূপে নামাইয়া দিবার কথা।

২১ ধারা। (১) নিলম কি রাবিশ কি অন্য যে দ্রব্য পড়িলে চড়া বা পুলিন হইতে পারে কিম্বা নাব্য কার্য্যের বাধাজনক হইতে পারে, ন্যায্য কারণ ব্যতিরেকে ঐরূপ কোন বন্দরে তাহা ফেলিতে হইবে না কিম্বা কিনারায় যে স্থানে পড়িলে তাহা সামান্য জোয়ারের কি কটালে জোয়ারের বলে কি ঝড়ের জোরে কি তীর হইতে যে জল পড়ে তাহার বেগে উক্ত বন্দরের মধ্যে গড়িয়া পড়িতে পারে এমত স্থানে তাহা ফেলিতে হইবে না।

(২) নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে কোন ব্যক্তির, অর্থাৎ—

(ক) যে ব্যক্তি আপনি বা অন্যের দ্বারা নিলম কি রাবিশ কি ঐরূপ অন্য কোন দ্রব্য তদ্রূপে ফেলেন, তাঁহার—

(খ) যে জলযান হইতে ঐ দ্রব্য তদ্রূপে ফেলা হয় সেই জলযানের মাস্টারের,

(গ) নিলম কি রাবিশ কি ঐরূপ অন্য কোন দ্রব্য স্থানান্তর করিবার জন্য নিযুক্ত যে কোন [illegible] ক্তির এজেণ্ট বা চাকরেরা ঐ দ্রব্য তদ্রূপে ফেলে বা তদ্রূপে ফেলায়,

তাঁহার পাঁচশত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে এবং ঐ দ্রব্য স্থানান্তর করিয়া দিবার জন্য যে যুক্তিযুক্ত খরচ পড়ে [illegible] তাহা দিতে হইবে।

(৩) [illegible] মাস্টার বন্দরের কনসরবেটরের স্থানে [illegible] রাবিশ কি ঐরূপ অন্য কোন দ্রব্য ত[illegible] ফেলা হইতে নিরস্ত হইবার নোটিস প[illegible]র পর ঐ দ্রব্য তদ্রূপে ফেলিতে থাকেন তাহা হইলে তাঁহার দুইমাস কাল পর্য্যন্ত সামান্য কারাদণ্ড হইতে পারিবে।

(৪) কনসরবেটরের লিখিত অনুমতি লইয়া ঐরূপ কোন বন্দরে নিলম কি রাবিশ কি ঐরূপ অন্য কোন দ্রব্য ফেলা গেলে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট যে সীমার মধ্যে ঐ দ্রব্য ফেলিবার অনুমতি দেন সেই সীমার মধ্যে তাহা ফেলা গেলে, এই ধারার কোন কথা খাটিবে না।

নিষিদ্ধ সীমার মধ্যে জলযানের তলায় ঘুশ ঘর্ষণের কথা।

২২ ধারা। কনসরবেটরের আদেশের বিরুদ্ধে যদি কোন ব্যক্তি ঐরূপ কোন বন্দরে কোন জলযানের তলায় ঘুশ ঘষেন কি লোণা পোড়ান কি ধুঁয়া দেন কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক যে সময়ে ও যে সীমার মধ্যে ঐ২ কর্ম্ম করা নিষিদ্ধ হয় সেই সময়ে ও সেই সীমার মধ্যে ঐ২ কর্ম্ম করেন তাহা হইলে সেই ব্যক্তির ও ঐ জলযানের মাস্টারেরা প্রত্যেকের ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত পাঁচশত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

নিষিদ্ধ সীমার মধ্যে জলযানে ধুনা জ্বাল দিবার কথা।

২৩ ধারা। ধুনা কি আলকাতরা কি রজন কি ডামর কি তার্পিন কি তৈল কি ঐরূপ অপর যে দ্রব্য হঠাৎ জ্বলিয়া উঠিতে পারে, ঐরূপ কোন বন্দরের অন্তর্গত কিম্বা উক্ত বন্দরের সীমার অন্তর্গত যে স্থানে স্থানীয় গবর্ণমেণ্ট সেই২ দ্রব্য জ্বাল দিতে নিষেধ করেন, কোন ব্যক্তি সেই স্থানের কোন জলযানে কিম্বা কনসরবেটরের আদেশের বিরুদ্ধে ঐ২ দ্রব্য জ্বাল দিলে, সেই ব্যক্তির ও ঐ জলযানের মাস্টারের প্রত্যেকের ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত দুই শত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

উপযুক্ত মতে বদ্ধ করা বাতী না লইয়া পিপা হইতে শরাব বাহির করিয়া লইবার কথা।

২৪ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের অধীন কোন বন্দরের মধ্যে কোন জলযানে যাহা উপযুক্তরূপে বদ্ধ নয় এরূপ কোন বাতী লইয়া পিপা হইতে শরাব বাহির করিয়া লয় তাহা হইলে সেই ব্যক্তির ও ঐ জলযানের মাস্টারের প্রত্যেকের দুই শত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

হাঁসিল করিবার কথা।

২৫ ধারা। (১) এই আইনের অধীন কোন বন্দরে যে জলযান থাকে কনসরবেটর সেই জলযানের মাস্টারকে আদেশ করিলে তিনি ঐ বন্দরের মধ্যে অন্য কোন জলযান টানিবার নিমিত্ত আপনার জলযানে হাঁসিল কি কাচী বাঁধিতে অনুমতি দিবেন ও আজ্ঞা না পাইলে ঐরূপ কোন হাঁসিল কি কাচী ছাড়িয়া দিবার অনুমতি দিবেন না।

(২) কোন মাস্টার (১) প্রকরণের বিরুদ্ধে অপরাধ করিলে ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

সূর্য্যাস্তের পর পাগর বা হাঁসিল বাহিরে ফেলিয়া রাখিবার কথা।

২৬ ধারা। (১) কোন জলযানের মাস্টার এই আইনের অধীন কোন বন্দরে সূর্য্যাস্ত হইবার পর আপনার জলযান সংলগ্ন কোন পাগর বা হাঁসিল ঐ জলযানের বাহিরে এমন করিয়া পড়িয়া থাকিতে দিবেন না যাহাতে তদ্দ্বারা ঐ বন্দরে নাব্যকার্য্য করিতেছে এরূপ অন্য কোন জলযানের সঙ্কট জন্মিতে পারে।

(২) কোন মাস্টার (১) প্রকরণের বিরুদ্ধে অপরাধ করিলে ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার দুই শত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

বন্দরে আগ্নেয়াস্ত্র ছুড়িবার কথা।

২৭ ধারা। যদি কোন ব্যক্তি কোন ন্যায্য কারণ ব্যতিরেকে এই আইনের অধীন কোন বন্দরে কিম্বা ঐ বন্দরের কোন পিয়র, মাল্লিগার ঘাট ওয়াফ´ বা কিতে বা তথা হইতে কোন আগ্নেয়াস্ত্র ছুড়েন, তাহা হইলে ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

কিন্তু বিপত্তির চিহ্ন স্বরূপ কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যে কার্য্যের অনুমতি দেন তদ্রূপ কোন কার্য্যের নিমিত্ত কেবলমাত্র বারুদপূর্ণ কামান ছুড়িলে তাঁহার দণ্ড হইবে না।

মাষ্টার অগ্নিনির্ব্বাণ করিবার উদ্যোগ না করিলে তাঁহার দণ্ডের কথা।

২৮ ধারা। ঐরূপ কোন বন্দরে জলযান থাকিবার সময়ে উহাতে আগুন লাগিলে যদি ঐ জলযানের মাষ্টার ইচ্ছা পূর্ব্বক সেই আগুন নিবাইবার উদ্যোগ না করেন কিম্বা কনসর্বেটর কি পোর্ট-আফিসরকে কিম্বা কনসর্বেটর কি পোর্ট আফিসরের অনুমতি ক্রমে কার্য্যকারী কোন ব্যক্তিকে সেই আগুন নিবাইতে কি নিবাইবার চেষ্টা করিতে বাধা দেন তাহা হইলে তাঁহার ছয়মাস পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা একহাজার টাকা পর্য্যন্ত জরিমানা কিম্বা ঐ উভয় দণ্ড হইবে।

অনুমতি বিনা হারান দ্রব্যাদি খুঁজিয়া না লইবার কথা।

২৯ ধারা। (১) এই আইনের অধীন কোন বন্দরে লঙ্গর কি কাচা কি অন্য সরঞ্জাম হারাইলে কিম্বা হারাইয়াছে বোধ হইলে, কোন ব্যক্তি কনসর্বেটরের অনুমতি না লইয়া তাহা খুঁজিয়া তুলিবার নিমিত্ত হামাগুড়ি দিয়া যাইবেন না ও জালাদি টানিবেন না।

(২) যদি কোন ব্যক্তি (১) প্রকরণের বিধানের বিরুদ্ধে অপরাধ করেন তাহা হইলে তাঁহার এক শত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

বন্দর হইতে পাথরাদি তুলিতে কিম্বা কিনারার হানি করিতে নিষেধের কথা।

৩০ ধারা। (১) কনসর্বেটরের অনুমতি না পাইলে কোন ব্যক্তি এই আইনের অধীন কোন বন্দরের মধ্যে ঐ বন্দরের তীর বা কিনারার কোন স্থান হইতে কোন শিলা, পাথর, মুড়ী, কাঁকর বালি কি মাটী কিম্বা তীর বা কিনারা নিরাপদ করণার্থ নির্ম্মিত কোন দ্রব্য সরাইয়া কি তুলিয়া লইয়া যাইবেন না।

এবং কোন ব্যক্তি সেই তীরের কি কিনারার কোন স্থান সরকারী সম্পত্তিই হউক বা বেসরকারী সম্পত্তিই হউক, সেই স্থানে জলযানাদি বাঁধিবার খোঁটা কি লঙ্গর কিম্বা অন্য কোন দ্রব্য বসাইবেন না কি পুঁতিবেন না কিম্বা এরূপ কিছু করিবেন না যাহাদ্বারা ঐ তীর বা কিনারার হানি হইতে পারে কিম্বা যাহার ব্যবহার হইলে ঐ তীর বা কিনারার হানি হওয় সম্ভব। কিন্তু কনসর্বেটরের অনুমতি লইয়া এবং তিনি ঐ কার্য্যে সাহায্য করিবার কিম্বা উহার তত্ত্বাবধান করিবার নিমিত্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিলে, তাঁহারই সাহায্যে কি পরিদর্শনাধীনে ঐ কার্য্য করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তি (১) প্রকরণের বিরুদ্ধে অপরাধ করেন তাহা হইলে ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার এক শত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে এবং তাঁহার দ্বারা তীরের বা কিনারার যে হানি করা হয় তাহা পূরণ করিতে যে যুক্তিযুক্ত খরচ পড়ে তাঁহার তাহাও দিতে হইবে।

## বিশেষ বিধি।

পাইলাট বিনা বা হারবর মাষ্টারের অনুমতি বিনা জলযান সরাইবার কথা।

৩১ ধারা। (১) যে বন্দরে এই ধারা বিশেষমত প্রচলিত করা হইয়াছে যে জলযানে দুইশত কি তাহার অধিক টন ধরে এরূপ কোন জলযানে পাইলট কি হারবর মাষ্টার কি পোর্ট আফিসরের বা হারবর মাষ্টারের কোন সহকারী না থাকিলে ঐ জলযান সেই বন্দরে প্রবেশ করিবে না কিম্বা সেই বন্দর ছাড়িয়া যাইবে না কিম্বা সেই বন্দরের মধ্যে এক স্থান হইতে অন্যস্থানে সরাইয়া লইতে হইবে না।

এবং যে জলযানে দুইশত টনের কম ও একশত টনের অধিক ধরে এরূপ কোন জলযান পাইলট কি হারবর মাষ্টার কি পোর্ট আপিসর বা হারবর মাষ্টারের কোন সহকারী না থাকিলে ঐ জলযান ঐরূপ কোন বন্দরে প্রবেশ করিবে না কিম্বা সেই বন্দর ছাড়িয়া যাইবে না কিম্বা সেই বন্দরের এক স্থান হইতে অন্য স্থানে সরাইয়া লইতে হইবে না। কিন্তু কনসরবেটর কিম্বা তাঁহার স্থানে লিখিত অনুমতি দিবার ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মচারী উক্ত কার্য্য করিবার লিখিত অনুমতি দিলে উক্ত কার্য্য করা যাইবে।

(২) কেবল গুরুতর প্রয়োজনের স্থল ভিন্ন যদি কোন জলযান (১) প্রকরণের বিধানের বিরুদ্ধে ঐ বন্দরে প্রবেশ করে কিম্বা ঐ বন্দর ছাড়িয়া যায় কিম্বা ঐ বন্দরের মধ্যে এক স্থান হইতে অন্যস্থানে সরাইয়া লওয়া যায় তাহা হইলে এরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত ঐ জলযানের মাষ্টারের দুইশত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে। কিন্তু যদি উপযুক্ত কর্ম্মচারীর নিকট দরখাস্ত করা গেলেও মাষ্টার কোন পাইলট বা হারবর মাষ্টার কিম্বা পোর্ট আপিসর বা হারবরমাষ্টারের সহকারীকে জলযানে যাইবার নিমিত্ত না পাইয়া থাকেন তবে তাঁহার ঐ দণ্ড হইবে [illegible]।

(৩) কোন দেশীয় জলযান যখন বোম্বা[illegible]ন্দরে প্রবেশ করে বা ঐ বন্দর ছাড়িয়া [illegible] ঐ বন্দরের মধ্যে সরাইয়া লওয়া হয় [illegible] (১) বা (২) প্রকরণের কোন কথা ঐরূপ [illegible] প্রতি বর্ত্তিবে না।

(৪) কোন জলযান এই ধারার [illegible]র দেশীয় জলযান কি না, যদি এই [illegible] উত্থিত হয় তবে মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বা[illegible]যুক্ত গবর্ণর সাহেব এই কার্য্যপক্ষে যে কর্ত্তৃপক্ষকে নিযুক্ত করেন সেই প্রশ্ন সম্বন্ধে সেই কর্ত্তৃপক্ষের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

কোন২ জলযানে অগ্নি নির্ব্বাপক যন্ত্র রাখিবার কথা।

৩২ ধারা। (১) দুইশত টনের অধিক যে জলযানে ধরে ঐরূপ কোন জলযান যে বন্দরে এই ধারা বিশেষ মতে প্রচলিত করা হইয়াছে সেই বন্দরে থাকিলে তাহাতে আগু

লাগিলে তাহা নিবাইয়া ফেলিবার জন্য তাহাতে উপযুক্ত দমকল, নল ও অন্যান্য সরঞ্জাম রাখিতে হইবে।

(২) কনসর্বেটর ঐরূপ কোন জলযানের মাষ্টারকে (১) প্রকরণের বিধান পালন করিতে আদেশ করিলেও যদি মাষ্টার ন্যায্য কারণ ব্যতিরেকে ঐ আদেশ পাইবার পর সাত দিন পর্য্যন্ত সেই আদেশ পালন করিতে অবহেলা করেন বা অসম্মত হন তাহা হইলে তাঁহার পাঁচশত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

---

## পঞ্চম অধ্যায়।

### বন্দরের মাসুল ও ফী ও অপর চার্জ্জের কথা।

বন্দরের মাসুল আদায় করিবার কথা।

৩৩ ধারা। (১) প্রথম তফসীলে যে সকল বন্দরের নাম লেখা আছে তাহার কোন বন্দরে ঐ তফসীলের দ্বিতীয় ঘরের বর্ণিত জলযান প্রবেশ করিলে ঐ বন্দরের জন্য তফশীলের তৃতীয় ঘরের নির্দ্দিষ্ট টাকার অনধিকরে বন্দরের মাসুল স্থানীয় গবর্ণমেন্ট অথবা বোম্বাই বন্দরের বেলা ঐ বন্দরের বোর্ড অব ট্রষ্টীস সময়েং আদেশ করেন ঐ জলযান হইতে সেই মাসুল আদায় করা যাইবে। কিন্তু ঐ তফসীলের চতুর্থ ঘরে ঐ বন্দরের নিমিত্ত যতবার মাসুল লওয়া স্থির হইল তাহার অধিকবার লওয়া যাইবে না।

(২) অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরী লইয়া যখন স্থানীয় গবর্ণমেন্ট অপর কোন বন্দরকে এই আইনের অধীন বলিয়া ব্যক্ত করেন তখনই উক্ত গবর্ণমেন্ট ঐরূপ মঞ্জুরী লইয়া উক্ত একই বা পরবর্ত্তী কোন বিজ্ঞাপনক্রমে পশ্চাল্লিখিত বিষয়ও ব্যক্ত করিতে পারিবেন—

(ক) যেং জলযান ঐ বন্দরে প্রবেশ করিলে বন্দরের মাসুল দিবার যোগ্য হইবে প্রথম তফশীলের দ্বিতীয় ঘরের লিখিত কোন দফার অনুরূপ শব্দ প্রয়োগ করিয়া তাহা ব্যক্ত করিতে পারিবেন।

(খ) যেং জলযানের উপর উক্ত মাসুল চার্জ্জ করা [illegible] পারিবে তৎসম্বন্ধে সর্ব্বোচ্চ যে হারে ঐ মাসুল আদায় করা যাইতে পারিবে তাহা [illegible] করিতে পারিবেন।

[illegible] সময়ে ঐ সকল জলযানের উপর ঐরূপে [illegible] চার্জ্জ করা যাইতে পারিবে।

(৩) এক [illegible] কোন বন্দরে বন্দরে যে সকল মাসুল [illegible] করা যাইতে পারে এই ধারাক্রমে প্রদত্ত এমতানুসারে কার্য্য করিয়া যাবৎ অন্য প্রকার ব্যক্ত করা না যায় তাবৎ সেই সকল মাসুল ঐরূপে আদায় হইতে থাকিবে।

(৪) এই ধারানুসারে কোন বন্দরীয় মাসুল বাড়াইবার বা বসাইবার আদেশ যে দিন স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত হয় সেই দিন হইতে ষাইট দিন গত না হইলে ঐ আদেশ কার্য্যকর হইবে না।

স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক বন্দরীয় মাসুল পরিবর্ত্তন করিবার কথা।

৩৪ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট অথবা বোম্বাই বন্দর সম্বন্ধে ঐ বন্দরের বোর্ড অব ট্রষ্টীস এই আইনের অধীন কোন বন্দরে কোন জলযান আসিলে সময়ে সময়ে সেই জলযানকে বন্দরীয় মাসুল দেওন হইতে নিষ্কৃতি দিতে ও ঐ নিষ্কৃতি আজ্ঞা রহিত করিতে পারিবেন কিম্বা কোন বন্দরের হিসাবে যতটাকা আয় ও ব্যয় করিতে হয় তৎপ্রতি দৃষ্টি রাখিয়া যেরূপ বিহিত বোধ করেন তদ্রূপে ঐ সকল মাসুল বা উহার মধ্যে কোন মাসুল কমাইয়া বা বাড়াইয়া ঐ বন্দরে যে হারে বন্দরীয় মাসুল আদায় করা যাইতে পারে তাহা পরিবর্ত্তন করিতে পারিবেন।

কিন্তু এই আইন দ্বারা বা এই আইন অনুসারে যত টাকা লইবার অনুমতি হইবে কোন স্থলেই ঐ হার তাহার অধিক হইবে না।

বন্দরের চার্জ্জের গ্রহণ, ব্যয় ও হিসাবের কথা।

৩৫ ধারা। (১) যে বন্দরে এই আইন দ্বারা বা এই আইন অনুসারে কোন মাসুল ফী বা অপর চার্জ্জ লইবার অনুমতি হইল স্থানীয় গবর্ণমেন্ট সেই বন্দরের ঐ মাসুল প্রভৃতি গ্রহণ করিবার নিমিত্ত এবং এই আইন দ্বারা যেং কার্য্যের অনুমতি হইল তাহার কোন কার্য্যের জন্য স্থানীয় গবর্ণমেন্টের কর্ত্তৃত্বাধীনে ঐ প্রাপ্ত টাকা ব্যয় করিবার নিমিত্ত কোন কর্ম্মচারী বা ব্যক্তি সমষ্টিকে নিযুক্ত করিবেন।

(২) উক্ত কর্ম্মচারী বা ব্যক্তি সমষ্টি ঐ বন্দরের নিমিত্ত পোর্ট ফণ্ডের খাতা বলিয়া একটি পৃথক হিসাব রাখিবেন স্থানীয় গবর্ণমেন্ট যেরূপ বিস্তারিত ভাবে নির্দ্দেশ করেন ঐ হিসাবের মধ্যে বন্দরের আয় ও ব্যয় সেইরূপে দেখাইতে হইবে। এবং উক্ত কর্ম্মচারী বা ব্যক্তি সমষ্টি প্রতি বৎসর এপ্রেল মাসের প্রথম দিবসের পর যত শীঘ্র সম্ভব হয় স্থানীয় গবর্ণমেন্টের নির্দ্দিষ্ট পাঠে রাজস্ব সম্পর্কীয় বিগত বৎসরের নিমিত্ত ঐ হিসাবের একখানি সংক্ষিপ্ত বিবরণ প্রকাশ করিবেন।

(৩) যদি এই আইনের কোন প্রয়োজনার্থ এই আইনের অধীন কোন বন্দরের নিমিত্ত গবর্ণমেন্ট কর্ত্তৃক কোন অগ্রিম টাকা দেওয়া হইয়া থাকে বা হয় তাহা হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে হার নিরূপণ করেন সে হারে ঐ অগ্রিম দত্ত টাকার উপর বা উহার যে অংশ পরিশোধ করা না হইয়া থাকে তাহার উপর ঐ বন্দরের পোর্ট ফণ্ড খাতায় সামান্য সুদ চার্জ্জ করা যাইবে।

(৪) এই আইনের অধীন কোন বন্দরে বা বন্দরের হিসাবে পাইলটেজের নিমিত্ত প্রাপ্ত টাকা ছাড়া কিন্তু জরিমানা ও পড়িয়া পাওয়া কোন দ্রব্যের জন্য প্রাপ্ত টাকা ধরিয়া এই আইন অনুসারে যে সমস্ত টাকা পাওয়া যায় তাহা ঐ বন্দরের পোর্টফণ্ড খাতায় জমা করিয়া লওয়া যাইবে।

(৫) পাইলটেজের হিসাবে যে খরচ হয় তাহা ছাড়া কিন্তু নিম্নলিখিত সকল খরচ ধরিয়া ঐরূপে কোন বন্দরের নিমিত্ত যে সমস্ত খরচ করা হয় তাহা ঐ বন্দরের পোর্টফণ্ড খাতায় খরচ লেখা যাইবে।

(ক) বন্দরের সিবিলিস্তাভুক্ত সকল ব্যক্তির বেতন ও বৃত্তি।

(খ) যে সকল জলযান বন্দরে আইসে কি থাকে কি বন্দর হইতে যায় কি বন্দরে পঁহুছিবার নদীতে কি জল পথে যাওয়া আসা করে প্রধানতঃ সেই সকল জলযানের উপকারার্থ যে বয়া ও নিসানী ও আলো ও অপর ওয়ার্ক রক্ষিত হয় তাহার খরচ।

(গ) ঐ বন্দরে এই আইন মতে বা বন্দর ও বন্দরীয় মাসুল সম্বন্ধীয় অপর কোন আইনমতে যে ব্যক্তিরা কর্ম্মে নিযুক্ত হইয়া থাকেন, তাঁহাদিগের পেনশ্যন, বৃত্তি ও পরিতোষিক বা ঐ পেনশ্যন, বৃত্তি ও পারিতোষিকের যে যে অংশ স্থানীয় গবর্ণমেণ্ট বিধি প্রণয়ন করিয়া নিরূপণ করেন তাহা।

(ঘ) নাবিকদিগকে গ্রহণ করিবার ও তাহাদের উপকারের উপযোগী সরকারী হাঁস্পাতাল বা ঔষধালয়ের রক্ষার নিমিত্ত অথবা বন্দরস্থ শিপিঙ্গের ও বন্দরস্থ জাহাজের নাবিকেরা জাহাজেই থাকুন বা ডাঙ্গাতেই থাকুন অন্য কোন রকমে তাঁহাদের স্বাস্থ্য সংক্রান্ত তত্ত্বাবধারণও চিকিৎসা সাহায্যের ব্যবস্থা করণার্থ অগ্রে স্থানীয় গবর্ণমেণ্টের মঞ্জুরী লইয়া যে চাঁদা দেওয়া যায় তাহা। এবং

(ঙ) ঐ রূপ মঞ্জুরী লইয়া নাবিকদের হোম, ইনষ্টিটিউট, বিশ্রাম বাটী ও কাফী হৌসের সাহায্যার্থ এবং নাবিকদের স্বাস্থ্য, বিশ্রাম ও ঐহিক মঙ্গল সংক্রান্ত অন্যান্য প্রয়োজনার্থ যে চাঁদা দেওয়া যায় তাহা।

(৬) স্থানীয় গবর্ণমেণ্ট এরূপ আদেশ করিতে পারিবেন যে, এই ধারার কার্য্যপক্ষে কএকটি বন্দর সমাহার করিয়া একই বন্দর স্বরূপ বিবেচনা করা যাইবে, এবং তাহা হইলে (৪) প্রকরণ অনুসারে পোর্টফণ্ড খাতায় যে সমস্ত টাকা জমা করিতে হইবে তাহা একটি সাধারণ পোর্ট ফণ্ড খাতা হইয়া ঐ সকল বন্দরের কোন বন্দরের নিমিত্ত যে সমস্ত খরচ হয় তাহা দিবার জন্য পাওয়া যাইতে পারিবে।

কিন্তু কলিকাতা মান্দ্রাজ, বোম্বাই, করাচী ও রেঙ্গুন এই সকল বন্দরের মধ্যে কোন বন্দর অন্য কোন বন্দরের সহিত এক সমষ্টিভুক্ত করা যাইতে পারিবে না এবং উক্ত প্রত্যেক বন্দরের পোর্টফণ্ড খাতা অপর কোন বন্দরের পোর্টফণ্ড খাতা হইতে পৃথক রাখিতে হইবে।

(৭) কোন পোর্টফণ্ড খাতার নামে সময়ে২ যে উদ্বৃত্ত টাকা জমা থাকে তাহার ব্যবস্থা সম্বন্ধে কোন স্থানীয় আইনে বিধান থাকিলে সেই বিধানের অধীনে ঐরূপ উদ্বৃত্ত টাকা স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রকারের আদেশ করেন তদনুসারে কিয়ৎকালের নিমিত্ত খাটাইতে পারা যাইবে।

বন্দরের চার্জের জন্য রসীদের কথা।

৩৬ ধারা। এই আইনের দ্বারা বা এই আইন অনুসারে যে মাসুল, ফী, বা অপর চার্জ গ্রহণ করিবার অনুমতি হইল তাহা যে ব্যক্তিকে দেওয়া যায় তিনি যে ব্যক্তি ঐ মাসুল প্রভৃতি দিলেন তাঁহাকে নিজের সহীকরা উপযুক্ত একখানি লিখিত রসীদ দিবেন। ঐ রসীদে তাঁহার পদের নাম, যে বন্দরে বা স্থানে ঐ মাসুল, ফী বা অপর চার্জ প্রদত্ত হইল তাহার নাম ও যে জলযান সম্বন্ধে ঐ মাসুল দেওয়া গেল তাহার নাম ও টনেজ ও অন্য উপযুক্ত বর্ণনা লিখিত থাকিবে।

জাহাজ পঁহুছিলে মাষ্টারের রিপোর্ট করিবার কথা।

৩৭ ধারা। (১) এই আইন অনুসারে বন্দরের মাসুল দিবার যোগ্য এরূপ কোন জলযান এই আইনের অধীন কোন বন্দরের সীমার মধ্যে পঁহুছিলে পর চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ জলযানের মাষ্টার ঐ বন্দরের কনসর্বেটরের নিকট ঐ জলযান পঁহুছিবার কথা রিপোর্ট করিবেন।

(২) কোন মাষ্টার ন্যায্য কারণ ব্যতিরেকে পূর্ব্বোক্ত সময়ের মধ্যে ঐ রূপ রিপোর্ট না করিলে, ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার এক শত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

(৩) এই আইনের অধীন কোন বন্দরের মধ্যে যে টগ ষ্টীমর কি ফেরী ষ্টীমর কি নদীর ষ্টীমর যাওয়া আসা করে তাহার প্রতি এই ধারার কোন কথা খাটে না।

জাহাজ যত জল ভাঙ্গে কোন২ স্থলে কনসর্বেটরের তাহা নিরূপণ করিয়া মাষ্টরের স্থানে খরচ লইতে পারিবার কথা।

৩৮ ধারা। যে জলযানের বন্দরীয় মাসুল লাগিতে পারে যদি এরূপ কোন জলযান ঐরূপ কোন বন্দরে থাকে কিন্তু জলযানে যত জল ভাঙ্গে উহার সম্মুখের কি পিছন ভাগের তক্তায় তাহা নিরূপণ করিবার উপযুক্ত অঙ্ক না থাকে তাহা হইলে কনসর্বেটর হুক লাগান দ্বারা তাহা নিশ্চয়রূপে জানিয়া লইতে পারিবেন। এবং ঐ জলযানের মাষ্টার ঐ কার্য্যের খরচা দিতে দায়ী হইবেন।

বন্দরীয় মাসুল দিবার যোগ্য জলযানের টনেজ নিশ্চয় রূপে জানিবার কথা।

৩৯ ধারা। [illegible]র মাসুল দিবার যোগ্য [illegible] জলযানের টনেজ নিশ্চয় [illegible] জানিবার নিমিত্ত নিম্নলিখিত বিধি পালন করিতে হইবে।

(১) (ক) যদি জলযান বৃটিশ রেজিষ্টরী [illegible]ন হয় কিম্বা ১৮৪১ সালের ১০ [illegible] ১৮৫০ সালের ১১ আইন অনুসারে [illegible] জলযান রেজেষ্টরী করিবার জন্য বৃটিশ ভারতবর্ষে যৎকালে অন্য যে আইন প্রবল থাকে তদনুসারে রেজেষ্টরী করা জলযান হয় বা তাহা হইলে কনসর্বেটর ঐ জলযানের অধিকারী বা মাষ্টারকে বা অপর যে ব্যক্তির দখলে ঐ জলযানের রেজিষ্টরী থাকে তাঁহাকে ঐ রেজিষ্টরী দেখাইবার জন্য উপস্থিত করিবার আদেশ করিতে পারিবেন।

(খ) যদি অধিকারী বা মাষ্টার বা ঐ ব্যক্তি রেজিষ্টরী উপস্থিত করিতে কিম্বা ঐ জলযানের যে প্রকৃত টনেজ সম্বন্ধে বন্দরীয় মাসুল দেয় হয় তৎসম্বন্ধে অন্য কোন প্রকারে কনসর্বেটরের সন্তোষ জন্মাইতে অবহেলা করেন বা অসম্মত হন তাহা হইলে তাঁহার এরশত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে এবং কনসর্বেটর বৃটিশ জাহাজের পরিমাপের ব্যবস্থা করণার্থ যৎকালে যে বিধি প্রবল থাকে সেই বিধির নির্দ্দিষ্ট পরিমাপ প্রণালী অনুসারে ঐ জলযান পরিমাপ করাইতে ও উহার টনেজ নিশ্চয় করিয়া জানিয়া লইতে পরিবেন। এবং ঐরূপ স্থলে ঐ জলযানের অধিকারী বা মাষ্টারকে পরিমাপকরণের খরচও দিতে দায়ী হইতে হইবে।

(২) যদি জলযান বৃটিশ রেজিষ্টরী করা জলযান না হয় কিম্বা ১৮৪১ সালের ১০ আইন কি ১৮৫১ সালের ১১ আইন অনুসারে কিম্বা জলযান রেজিষ্টরী করিবার জন্য বৃটিশ ভারতবর্ষে যৎকালে অন্য যে আইন প্রবল থাকে তদনুসারে রেজিষ্টরী করা জলযান না হয় এবং উহার অধিকারী বা মাষ্টার বৃটিশ জাহাজের পরিমাপের ব্যবস্থা করণার্থ যৎকালে যে বিধি প্রবল থাকে সেই বিধির নির্দ্দিষ্ট পরিমাপ প্রণালী অনুসারে তাহার প্রকৃত টনেজ কি তদ্বিষয়ে কনসর্বেটরের সন্তোষ জন্মাইতে না পারেন তাহা হইলে কনসর্বেটর পুর্ব্বোক্ত প্রণালী অনুসারে ঐ জলযান পরিমাপ করাইবেন ও উহার টনেজ নিশ্চয় করিয়া জানিয়া লইবেন। এবং ঐরূপ স্থলে জলযানের অধিকারী বা মাষ্টার পরিমাপ করণের খরচ দিতে দায়ী হইবেন।

(৩) যদি ঐ জলযান এরূপ হয় যে (১) ও (২) প্রকরণের লিখিত পরিমাপ প্রণালী অনুসারে উহার টনেজ নিশ্চয় করিয়া জানা যাইতে পারা না যায় তাহা হইলে কনসর্বেটর জলযানে যত ধরে ইহার যেরূপ অনুমান ন্যায্য বিবেচনা করেন সেইরূপ অনুমান করিয়া লইয়া ঐ জলযানের টনেজ নিরূপণ করিবেন।

বন্দরীয় চার্জ্জ না দেওয়া গেলে ক্রোক ও বিক্রয় করিবার কথা।

৪০ ধারা। [illegible] জলযান সম্বন্ধে এই আইন অনুসারে কোন বন্দরীয় মাসুল কি ফী কি অপর কোন চার্জ্জ দেও য়া যদি তাহার মাষ্টার ঐ মাসুল প্রভৃতির দাওয়া হইল তাহা দিতে অসম্মত [illegible] অবহেলা করেন তাহা হইলে ঐ মাসুল, ফী বা অপর [illegible] গ্রহণার্থ নিযুক্ত কর্ত্তৃপক্ষ ঐ জলযান ও তাহার রশী [illegible] প্রভৃতি সরঞ্জাম কি উহার কোন অংশ ক্রোক [illegible] ধৃত করিতে এবং যাবৎ দেয় টাকা দেওয়া না হয় তাবৎ তাহা আটক রাখিতে পারিবেন। এবং যে স্থলে বন্দরীয় মাসুল কি ফী কি অপর চার্জ্জের কোন অংশ কিম্বা ক্রোক বা ধৃত করা জলযান বা অন্য দ্রব্য ক্রোক কি ধৃত করিবার কি রাখিবার খরচের কোন অংশ ঐরূপ ক্রোক বা ধৃত করিবার ঠিক পর পাঁচ দিন পর্য্যন্ত দেওয়া না হয় সেস্থলে ক্রোক বা ধৃত করা ঐ জলযান বা অন্য দ্রব্য বিক্রয় করাইতে পারিবেন এবং বিক্রয়োৎপন্ন টাকা হইতে বন্দরীয় মাসুল, ফী বা অপর চার্জ্জ ও বিক্রয় করিবার খরচ সুদ্ধ যে সকল খরচ দেওয়া না হইয়া থাকে তাহা পরিশোধ করিতে পারিবেন ও উদ্বৃত্ত থাকিলে তাহা জলযানের মাষ্টার দাওয়া করিলে তাঁহাকে দিবেন।

বন্দরীয় চার্জ্জ দেওয়া না গেলে বন্দরের ছাড়পত্র না দিবার কথা।

৪১ ধারা। (ক) কোন জলযান সম্বন্ধে বন্দরের ছাড়পত্র দেওয়া গবর্ণমেণ্টের যে কর্ম্মচারীর কর্ত্তব্য কর্ম্ম,

(ক) কোন জলযানের অধিকারী বা মাষ্টার বা অন্য কোন ব্যক্তি এই আইন অনুসারে যে বন্দরীয় মাসুল, ফী ও অপর চার্জ্জের সমস্ত টাকা ও যে জরিমানা, দণ্ড ও খরচের জন্য ঐ জলযান বা উহার অধিকারী বা মাষ্টার এই আইনানুসারে দায়ী হন সেই সমস্ত টাকা যে পর্য্যন্ত সেই কর্ম্মচারীকে না দেন কিম্বা তন্নিমিত্ত তাঁহার সন্তোষজনক জামিন না দেন।

(খ) সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৪ সালের আইনের ২২৮ ধারানুসারে যে সকল খরচ জলযানের অধিকারীর বহন করিতে হয় যে বন্দর হইতে তিনি ছাড়পত্র চাহেন সেই বন্দরে পঁহুছিবার পর তাঁহার উক্ত প্রকার যত খরচ লাগিয়াছে যে পর্য্যন্ত তাহা দেওয়া না হয়।

সেই পর্য্যন্ত ঐ কর্ম্মচারী ঐ ছাড়পত্র দিবেন না।

এক বন্দরে দেয় বন্দরীয় চার্জ্জ অন্য কোন বন্দরে আদায় হইতে পারিবার কথা।

৪২ ধারা। (১) যে জলযান সম্বন্ধে ঠিক পুর্ব্ববর্ত্তী ধারার লিখিত কোন টাকা দেয় হয় যদি সেই জলযানের মাষ্টার ঐ টাকা না দিয়া কোন বন্দর হইতে জলযান খুলিয়া যান তাহা হইলে এই আইন অনুসারে ঐ বন্দরে বন্দরীয় মাসুল, ফী ও অপর চার্জ্জ গ্রহণার্থ নিযুক্ত কর্ত্তৃপক্ষ বৃটিশ ভারতবর্ষের অন্য যে বন্দরে ঐ জলযান যায় কি থাকে এই আইন অনুসারে সেই বন্দরে বন্দরীয় মাসুল, ফী ও অপর চার্জ্জ গ্রহণার্থ নিযুক্ত কর্ত্তৃপক্ষকে ঐ টাকা আদায় করিবার নিমিত্ত লিখিত আদেশ দিতে পারিবেন।

(২) যে কর্ত্তৃপক্ষের নিকট ঐ আদেশ প্রেরিত হয় তিনি ৪০ ধারার নির্দ্দিষ্ট প্রকারে ঐ টাকা আদায় করিতে প্রবৃত্ত হইবেন। এবং ঠিক পুর্ব্ববর্ত্তী ধারার লিখিত টাকা যে বন্দরে দেয় হইল সেই বন্দরে বন্দরীয় মাসুল ফী ও অপর চার্জ্জ গ্রহণার্থ নিযুক্ত কর্ত্তৃপক্ষের প্রদত্ত সর্টিফিকট বলিয়া যে সর্টিফিকটে এত টাকা পাওনা আছে লেখা থাকে, ৪০ ধারামত কোন কার্য্যানুষ্ঠানে এবং (দেয় টাকা কত তৎসম্বন্ধে বিবাদ হইলে) ৫৮ ধারামত পরবর্ত্তী কোন কার্য্যানুষ্ঠানে ও সেই সর্টিফিকটই আপাততঃ ঐ টাকা পাওনা হইবার উপযুক্ত প্রমাণ হইবে।

বন্দরীয় চার্জ্জ দেওয়া এড়াইবার দণ্ডের কথা।

৪৩ ধারা। (১) যদি কোন জলযানের মাষ্টার ৪১ ধারার লিখিত কোন টাকা দেওয়া এড়াইবার চেষ্টা করেন তাহা হইলে ঐ টাকার পাঁচ গুণ পর্য্যন্ত টাকা তাঁহার জরিমানা হইবে।

(২) ১ প্রকরণ অনুযায়ী কোন অভিযোগক্রমে কোন মাজিষ্ট্রেটের নিকট কার্য্যানুষ্ঠান হইলে ৪২ ধারার (২) প্রকরণের লিখিত যে সর্টিফিকেটে এরূপ লেখা থাকে যে মাষ্টার ঐরূপ টাকা দেওয়া এড়াইবার চেষ্টা করিয়াছেন ঐ কার্য্যানুষ্ঠানে সেই সর্টিফিকেটই টাকা দেওয়া এড়াইবার চেষ্টার আপাততঃ উপযুক্ত প্রমাণ হইবে। কিন্তু যদি মাষ্টার মাজিষ্ট্রেটের হৃদ্বোধমতে দেখান যে ঝড়ের বেগ বশতই জলযান টাকা না দিয়া ছাড়িয়া গিয়াছিল কিম্বা ঐরূপ ছাড়িয়া যাইবার আইনসঙ্গত বা যুক্তিযুক্ত অন্য কারণ ছিল তাহা হইলে ঐ সর্টিফিকট ঐরূপ প্রমাণ হইবে না।

(৩) ঐ জলযান যে বন্দরে যায় বা যে বন্দরের মধ্যে পাওয়া যায় তথায় এই আইন অনুসারে যে মাজিষ্ট্রেটের বিচারাধিকার থাকে, এই ধারাগত কার্য্যানুষ্ঠানে তাঁহার বিচারাধিকার আছে বলিয়া বিবেচনা করা যাইবে।

নিলম বোঝাই করা জলযানের বন্দরীয় মাসুলের কথা।

৪৪ ধারা। ব্রহ্মদেশের অন্তর্গত কোন বন্দর ছাড়া এই আইনের অধীন কোন বন্দরে যদি কোন জলযান আরোহী না লইয়া নিলম বোঝাই লইয়া আইসে তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট অথবা বোম্বাই বন্দর সম্বন্ধে ঐ বন্দরের বোর্ড অব ট্রষ্টীস যে হার নিরূপণ করেন সেই হারে তাহার উপর বন্দরীয় মাসুল চার্জ্জ করা যাইবে। কিন্তু ঐ জলযানের উপর অন্য রকমে যে হার চার্জ্জ করা যাইতে পারিত উক্ত হার সেই হারের চারি ভাগের তিন ভাগের অধিক হইবে না।

জলযান মাল না নামাইলে বা তুলিয়া না লইলে তাহার উপর বন্দরীয় মাসুলের কথা।

৪৫ ধারা। কোন জলযান এই আইনের অধীন কোন বন্দরে প্রবেশ করিলে কিন্তু কেবল মেরামতের জন্য মালের যে অংশ নামাইয়া দেওয়া ও আবার তুলিয়া লওয়া প্রয়োজন তাহা ছাড়া ঐ বন্দরে কোন মাল বা আরোহী না নামাইলে বা তুলিয়া না লইলে, স্থানীয় গবর্ণমেণ্ট অথবা বোম্বাই বন্দর সম্বন্ধে ঐ বন্দরের বোর্ড অব ট্রষ্টীস ঐ জলযানের উপর অন্য রকমে যে হার চার্জ্জ করা যাইতে পারিত সেই হারের অর্দ্ধেকের অনধিক যে হার নিরূপণ করেন সেই হারে ঐ জলযানের উপর বন্দরীয় মাসুল চার্জ্জ করা যাইবে।

কিন্তু ফোর্ট সেণ্ট জর্জের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর সাহেবের শাসনাধীন দেশের অন্তর্গত কোন বন্দরে কোন জলযান প্রবেশ করিয়া আরোহী বা মাল না নামাইয়া ও না লইয়া আটচল্লিশ ঘণ্টার মধ্যে সেই বন্দর হইতে খুলিয়া গেলে, তাহার উপর বন্দরীয় মাসুল চার্জ্জ করা যাইবে না।

হাওয়া খাইবার জাহাজের উপর কিম্বা ঝড়ের বেগ প্রযুক্ত যে জলযান বন্দরে ফিরিয়া আইসে তাহার উপর বন্দরীয় মাসুল না লাগিবার কথা।

৪৬ ধারা। হাওয়া খাইবার জাহাজের উপর কিম্বা যে জলযান কোন বন্দর হইতে খুলিয়া গিয়া ঝড়ের বেগ প্রযুক্ত অথবা কোন প্রকার হানি হওয়াতে আবার সেই বন্দরে ফিরিয়া আসিতে বাধ্য হয় তাহার উপর বন্দরীয় মাসুল চার্জ্জ করা যাইবে না।

হাঁস্পাতাল সম্পর্কীয় বন্দরীয় মাসুল বসাইবার ক্ষমতার কথা।

৪৭ ধারা। (১) এই আইনের অধীন যে বন্দর হইতে যুক্তিমত দূরে এরূপ কোন সরকারী হাঁস্পাতাল বা ঔষধালয় থাকে যাহা চিকিৎসা সাহায্য প্রার্থী নাবিকদের থাকিবার ও ঔষধাদি পাইবার পক্ষে উপযোগী হয় কোন জলযান তদ্রূপ কোন বন্দরে প্রবেশ করিলে, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া এরূপ আদেশ করিতে পারিবেন যে, ঐরূপ প্রত্যেক জলযান সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট টন প্রতি এক আনার অনধিক আরও যে বন্দরীয় মাসুল উচিত বোধ করেন সেই মাসুল দিতে হইবে।

(২) ঐরূপ বন্দরীয় মাসুলকে হাঁস্পাতাল সম্বন্ধে বন্দরীয় মাসুল বলা যাইবে, এবং স্থানীয় গবর্ণমেণ্ট (১) প্রকরণানুসারে কোন আদেশ করিবার সময় ৩৫ ধারার (৫) প্রকরণের (ঘ) দফানুসারে যে চাঁদা দেওয়া যায় তৎপ্রতি দৃষ্টি রাখিবেন।

(৩) হাঁস্পাতাল সম্বন্ধে বন্দরীয় মাসুল বসাইবার বা বাড়াইবার কোন আদেশ হইলে, সেই আদেশ স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত হইবার দিন অবধি ষাইট দিন গত না হইলে প্রবল হইবে না।

(৪) কোন শ্রেণীর জলযানে যে নাবিকেরা কর্ম্মে নিযুক্ত থাকে ঐ শ্রেণীর জলযানের অধিকারীরা বা এজেণ্টেরা তাহাদের চিকিৎসার নিমিত্ত উপযুক্তরূপ ব্যবস্থা করিয়াছেন কিম্বা কোন শ্রেণীর জলযান সম্বন্ধে ঐ রূপ ব্যবস্থাকরণ অনাবশ্যক, এই বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের হৃদ্বোধ হইলে, উক্ত গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া ঐ শ্রেণীর জলযানকে এই ধারানুসারে টাকা দেওয়া হইতে অব্যাহতি দিতে পারিবেন।

(৫) স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া (১) প্রকরণমত কোন আদেশ রহিত কিম্বা (৪) প্রকরণমত কোন অব্যাহতি রহিত করিতে পারিবেন।

হাঁস্পাতাল সম্বন্ধে বন্দরীয় মাসুল প্রয়োগের কথা।

৪৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট [illegible] আদেশ করেন হাঁস্পাতাল স[illegible] বন্দরীয় মাসুল তদ্রূপে [illegible]মত কোন হাঁস্পাতাল বা ঔষধ[illegible] ব্যয়-পোষণের নি[illegible] কিম্বা যে বন্দরে ঐ মাসুল আদায় করা যায় সেই [illegible]পিজের ও সেই বন্দরস্থ জাহাজের নাবিকেরা [illegible]জেই থাকুক কি ডাঙ্গাইতেই থাকুক, অন্য রকম [illegible]হাদের, স্বাস্থ্য সংক্রান্ত তত্ত্বাবধান ও চিকিৎসাকার্য্যের নিমিত্ত প্রয়োগ করা যাইবে।

পাইলটেজ ও অন্য কএকটি কর্ম্মের নিমিত্ত ফীর কথা।

৪৯ ধারা। (১) এই আইনের অধীন কোন বন্দরের মধ্যে পাইলটেজের নিমিত্ত ও জলযান টাণন, বাঁধান, পুনর্ব্বার বাঁধান, হুকলাগান, পরিমাপ করণ ও জলযান সম্বন্ধে কৃত অন্য কর্ম্মের নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট যে হারের আদেশ করেন সেই হারে ফী চার্জ্জ করা যাইতে পারিবে।

কিন্তু পাইলটেজের নিমিত্ত ফীর সম্বন্ধে ইহা প্রয়োজন যে, অগ্রে সভিনসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরী লওয়া হয়।

(২) ১ প্রকরণ অনুসারে প্রদত্ত ক্ষমতা চালনা করিয়া যদিও যে পর্য্যন্ত এই সকল কার্য্যের নিমিত্ত ফী পরিবর্ত্তিত করা না হয় তবে ও সেই পর্য্যন্ত এইক্ষণে যত ফী চার্জ করা যাইতেছে তাহা চার্জ করা যাইতে থাকিবে।

## ষষ্ঠ অধ্যায়।

### সিকনেল তুলিয়া দিবার কথা।

৫০ ধারা। (১) হুগলী নদীর সীমার মধ্যে কিম্বা এই আইনের অধীন কোন বন্দরে যাইবার কোন নদী কি জলপ্রণালীর কোন অংশের সীমার মধ্যে যে কোন সিকনেল ষ্টেশন স্থাপিত হয় তথা হইতে যে স্থানে সিকনেল দেখা যাইতে পারে বন্দরগামী কি সমুদ্রগামী কোন জলযান সেই স্থানে পঁহুছিলে ঐ জলযান যে পাইলটের জিম্মায় থাকে তিনি আদেশ করিলে জলযান যে নম্বরের দ্বারা জানা যায় উহার মাষ্টার সেই নম্বর উঠাইয়া কিম্বা এতৎ অভিপ্রায়ে অন্য যে উপায় সুসাধ্য ও রীতিসঙ্গত হয় সেই উপায়ে ঐ জলযানের নাম জানাইবেন। এবং সিকনেল ষ্টেশন হইতে যে পর্য্যন্ত সেই সিকনেলের উত্তর না পাওয়া যায় সেই পর্য্যন্ত সেই সিকনেল তোলা রাখিবেন।

*মাষ্টারের আপন জলযানের নম্বর দেখাইবার কথা।*

(২) যে জলযান পূর্ব্বোক্ত মতে পঁহুছায় যদি তাহার মাষ্টার (১) প্রকরণের বিরুদ্ধে অপরাধ করেন তাহা হইলে ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার এক হাজার টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

৫১ ধারা। (১) জলযানের ভারপ্রাপ্ত প্রত্যেক পাইলট ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার বিধানুসারে ঐ জলযানের নম্বর যথারীতি সিকনেল করিবার নিমিত্ত আদেশ করিবেন।

*মাষ্টারকে নম্বর তুলিতে পাইলটের আদেশ করিবার কথা।*

(২) পাইলট ঐরূপ আদেশ করিলে মাষ্টার জলযানের [illegible] তুলিয়া দেখাইতে অথবা ঐ জলযানের [illegible]ম জানাইবার জন্য অন্য যে উপায় সুসাধ্য ও রীতিসঙ্গত হয় তাহা অবলম্বন করিতে অসম্মত হইলে, পাইলট জলযান লঙ্গর করাইবার উপযুক্ত প্রথম স্থানে পঁহুছিলেই জলযান লঙ্গর [illegible]রাইতে পারিবেন এবং যে পর্য্যন্ত তাঁহার [আ]দেশ পালিত না হয় সেই পর্য্যন্ত জলযান [চা]লাইতে অস্বীকার করিতে পারিবেন।

৫২ ধারা। কোন জলযানের ভারপ্রাপ্ত কোন পাইলট এই অধ্যায়ের কোন বিধান অমান্য করিলে কিম্বা অমান্যকরণে সহায়তা করিলে, যতবার অমান্য করেন বা অমান্য করণে সহায়তা করেন তাহার প্রত্যেকবার তাঁহার পাঁচশত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে ও তদতিরিক্ত তাঁহার পাইলট স্বরূপ কার্য্য করিবার অনুমতিপত্র রহিত করা যাইতে পারিবে।

*পাইলট এই অধ্যায়ের বিধান অমান্য করিলে তাঁহার দণ্ডের কথা।*

## সপ্তম অধ্যায়।

### দণ্ড সম্বন্ধীয় বিধানের কথা।

৫৩ ধারা। কোন স্থানীয় গবর্ণমেণ্ট এই আইন অনুসারে যে বিধি বা আদেশ করেন এবং যে বিধি বা আদেশ অমান্য করিবার দণ্ড সম্বন্ধে এই আইনের অন্য কোন স্থলে স্পষ্ট বিধান করা হয় নাই, যদি কোন ব্যক্তি সেই বিধি বা আদেশ অমান্য করেন তাহা হইলে ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত তাঁহার একশত টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

*স্থানীয় গবর্ণমেণ্টের বিধি ও আদেশ অমান্য করিলে দণ্ডের কথা।*

৫৪ ধারা। এই আইনের বিরুদ্ধে যে সকল অপরাধ করা হয়, কোন মাজিষ্ট্রেট তাহার বিচার করিতে পারিবেন ও এবং কোন জলযানে কোন অপরাধ করা গেলে কিম্বা ঐ জলযানের কার্য্যাধ্যক্ষতা বিষয়ে বা অন্য কোন প্রকারে ঐ জলযান সম্বন্ধে কোন অপরাধ করা গেলে, এবং অধিকারীর বা মাষ্টারের সেই অপরাধ নির্ণয় হইলে, তাঁহার যত টাকা জরিমানা হয়, কোন মাজিষ্ট্রেট আপনার স্বাক্ষরিত ওয়ারেণ্টক্রমে ঐ জলযান ও তাহার রসী কাচী প্রভৃতি সরঞ্জাম কিম্বা উহার যে অংশ আবশ্যক হয় সেই অংশ ক্রোক ও বিক্রয় করিয়া ঐ জরিমানার টাকা আদায় করাইতে পারিবেন।

*অপরাধের যেরূপ বিচার হইতে পারিবে ও দণ্ডের টাকা যেরূপে আদায় হইবে তাহার কথা।*

৫৫ ধারা। (১) এই আইন অনুসারে কোন অপরাধ নির্ণয় হইলে, অপরাধী যে জরিমানা কি খরচা দিবার যোগ্য হয় অপরাধ নির্ণয়কারী মাজিষ্ট্রেট তাহা ছাড়া অপরাধীকে সেই অপরাধ নির্ণয়ের খরচা দিবার আদেশ করিতে পারিবেন।

*অপরাধ নির্ণয়ের খরচের কথা।*

(২) মাজিষ্ট্রেট ঐরূপ খরচা ধার্য্য করিতে পারিবেন এবং এই আইনমতে কোন জরিমানা যে রকমে আদায় করা যাইতে পারে ঐ খরচাও সেই রকমে আদায় করা যাইতে পারিবে।

৫৬ ধারা। (১) কোন স্থলে এই আইন অনুসারে খরচ বা হানিপূরণ বলিয়া, কত টাকা দিতে হইবে যদি তদ্বিষয় কোন বিবাদ উপস্থিত হয় তাহা হইলে বিবাদকারী পক্ষের কোন এক পক্ষ ঐ বিবাদ নিষ্পত্তি করিয়া দিবার জন্য মাজিষ্ট্রেটের নিকট প্রার্থনা করিলে তিনি উহার নিষ্পত্তি করিয়া দিবেন।

*এই আইনমতে দেয় খরচ ও হানি পূরণের টাকা নির্ণয় ও আদায় করিবার কথা।*

(২) কোন ব্যক্তি এই আইন অনুসারে খরচ বা হানি পূরণ বলিয়া অনধিক এক হাজার টাকা দিবার দায়ী হইলে যে কর্ত্তৃপক্ষকে ঐ টাকা দেয় হয় তিনি কোন মাজিষ্ট্রেটের নিকট দরখাস্ত করিলে, মাজিষ্ট্রেট টাকা আদায় করাইবার অপর যে কোন উপায় থাকে সেই উপায় অবলম্বন করা ছাড়া বা সেই উপায় অবলম্বন করিবার পরিবর্ত্তে জরিমানার টাকার ন্যায় ঐ টাকা আদায় করিতে পারিবেন।

৫৭ ধারা। ক্রোক ও নিলাম করিয়া এই আইন অনুসারে কোন জরিমানা, খরচা বা হানিপূরণের টাকা আদায় করা গেলে, ঐ জরি

*ক্রোক করিবার খরচের কথা।*

মানা, খরচা বা হানিপূরণের টাকা ছাড়া ঐ ক্রোক ও নিলাম করিবার খরচও সেই প্রকারে আদায় করা যাইতে পারিবে।

বিবাদ স্থলে কত টাকা আদায় করিতে হইবে ম্যাজিষ্ট্রেটের তাহা নির্ণয় করিবার কথা।

৫৮ ধারা। এই আইন অনুসারে ক্রোক কি আটক করণ দ্বারা যত টাকা আদায় করিতে হইবে তদ্বিষয়ে বা ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে দেয় খরচা সম্বন্ধে যদি কোন বিবাদ উপস্থিত হয় তাহা হইলে যে ব্যক্তি ক্রোক করেন বা আটক করিয়া রাখেন তিনি যে পর্য্যন্ত কোন মাজিষ্ট্রেট কত টাকা আদায় করিতে হইবে ইহা নিরূপণ করিয়া না দেন সেই পর্য্যন্ত ক্রোক বা আটক করা দ্রব্য বা তাহার নীলামোৎপন্ন টাকা আটক রাখিতে পারিবেন। কত টাকা আদায় করিতে হইবে ইহা নিরূপণ করিয়া দিবার নিমিত্ত কোন মাজিষ্ট্রেটের নিকট দরখাস্ত করা গেলে তিনি উহা নিরূপণ করিয়া দিতে পারিবেন এবং এক পক্ষের অন্যপক্ষকে দিবার জন্য যেরূপ খরচ ধার্য্য করা সঙ্গত বোধ করেন সেইরূপ খরচা ধার্য্য করিতে পারিবেন। এবং যদি ঐ খরচার দাওয়া হইলে দেওয়া না হয় তবে জরিমানার ন্যায় উহা আদায় করা যাইতে পারিবে।

বিচারাধিকারের স্থানীয় সীমার বাহিরে কৃত অপরাধ লইবে বিচারাধীকারের কথা।

৫৯ ধারা। (১) কোন ব্যক্তি এই আইনের অধীন কোন বন্দরে এই আইনের বিধানের বিরুদ্ধে কোন অপরাধ করিলে ঐ বন্দরের লাগাও জিলায় বা স্থানে যে মাজিষ্ট্রেটের বিচারাধিকার থাকে তিনি তাঁহার দণ্ড বিধান করিতে পারিবেন।

(২) ঐ মাজিষ্ট্রেটের বিচারাধিকারের স্থানীয় সীমার মধ্যে ঐ অপরাধ করা গেলে তিনি যে প্রকারে ও যত দূর এই আইনমত মাজিষ্ট্রেটের ক্ষমতা চালনা করিতে পারিতেন ঐ অপরাধ উক্ত সীমার মধ্যে করা না গেলেও তিনি সেই প্রকারেও ততদূর ক্ষমতা চালনা করিতে পারিবেন। এবং ঐরূপ কোন মাজিষ্ট্রেটের প্রতি এতদ্দ্বারা যে বিচারাধিকার আপত হইল তিনি তাহা পরিচালনা করিলে, অপরাধ তাঁহার বিচারাধীকারের স্থানীয় সীমার মধ্যে করা হইল, সর্ব্ব প্রয়োজনের নিমিত্ত এইরূপ বিবেচনা করা যাইবে।

অপরাধ নির্ণয় হইলে কেবল গুণাগুণ বিবেচনায় তাহা অন্যথা হইবার কথা।

৬০ ধারা। (১) এই আইন অনুসারে কোন মাজিষ্ট্রেটের দ্বারা যে অপরাধ নির্ণয় হয় কিম্বা যে আদেশ বা নিষ্পত্তি হয় দাঁড়ার কি কার্য্যপ্রণালীর কোন ভুল হেতুক তাহার অন্যথা হইতে পারিবে না, কেবল দোষগুণ হেতুক হইতে পারিবে। এবং যে প্রমাণ ক্রমে অপরাধ নির্ণয় কি আদেশ কি নিষ্পত্তি করা যায় তাহা ঐ নির্ণয় পত্রে কি আদেশ কি নিষ্পত্তিপত্রে লেখা প্রয়োজন নাই।

(২) যদি অপরাধ নির্ণয় পত্র কিম্বা আদেশ বা নিষ্পত্তি পত্র দৃষ্টে বিচারাধীকার না থাকার কথা প্রকাশ হয় কিন্তু যে জোবানবন্দী লওয়া হয় তদ্দ্বারা সেই দোষের প্রতিকার হয় তাহা হইলে ঐ জোবানবন্দীর মধ্যে তদ্রূপ যাহা দেখা যায় তদ্দ্বারা ঐ অপরাধ নির্ণয়ের কি আদেশের কি বিচারের পোষকতা হইবে।

---

## অষ্টম অধ্যায়।

### অতিরিক্ত বিধি।

বন্দরে অবৈধ নিশান তুলিবার কথা।

৬১ ধারা। (১) শ্রীশ্রীমতী মহারাণীর কোন প্রজার কোন জলযান কিম্বা বৃটিশ নিশান তুলিয়া যে জলযান যায় সেই জলযানে সওদাগরী জাহাজ বিষয়ক ১৮৫৩ সালের আইনক্রমে কিম্বা অপর যে আইন এইক্ষণে প্রচলিত আছে কি পরে প্রচলিত হইবে সেই আইনক্রমে কিম্বা উক্ত কোন আইন অনুসারে যে ঘোষণাপত্র করা গিয়াছে কি পরে করা যায় কিম্বা শ্রীশ্রীমতীর যে আইন যৎকালে প্রবল থাকে তদনুসারে, যে নিসান কি বাওতা প্রভৃতি তুলিতে নিষেধ আছে যদি ঐ জলযান এই আইনের অধীন কোন বন্দরের সীমার মধ্যে সেই নিশান কি বাওতা প্রভৃতি তুলে কিম্বা জলযানে উঠায় তাহা হইলে ঐরূপ প্রত্যেক অপরাধের নিমিত্ত ঐ জলযানের মাষ্টারের পঞ্চাশটাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

(২) ঐরূপ অপরাধ সম্বন্ধে অপর যে দণ্ড আদায় করা যাইতে পারে তাহা ছাড়া ঐ জরিমানা হইবে।

(৩) ঐ বন্দরের সীমার মধ্যে শ্রীশ্রীমতীর যুদ্ধ জাহাজের বা ভারতবর্ষীয় মেরিণ সর্ব্বিসের কোন কর্ম্মচারী কিম্বা ঐবন্দরের কনসর্ব্বেটর উক্ত কোন জলযানে গিয়া ঐ প্রকারে বেআইনীমতে যে নিশান কি বাওতা প্রভৃতি তোলা কি রাখা কি উড়ান গিয়াছে তাহা কাড়িয় আনিতে পারিবেন।

ভিন্ন দেশীয় পলাতকের কথা।

৬২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞাক্রমে ভিন্ন দেশীয় পলাতক বিষয়ক ১৮৫২ সালের আইন যে ভিন্ন দেশের [illegible] বর্ত্তিয়াছে বলিয়া ব্যক্ত করা হইয়াছে কিম্বা বর্ত্তে বলি[illegible]রে ব্যক্ত করা হয় সেই ভিন্ন দেশের কনসল কি[illegible] ঐ [illegible] স্থলাভিষিক্ত কোন ব্যক্তি কোন মা[illegible]ষ্ট্রেটের [illegible] প্রার্থনা করিলে এবং উক্ত ভিন্ন দেশের কো[illegible] [illegible]জ হইতে ক্রীতদাস ছাড়া কোন নাবিক পলায়[illegible] [illegible]ছে নালিশ করিলে, মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রী[illegible]র ঐ আজ্ঞা রহিত হইবার নোটিস প্রক[illegible] না হওন পর্য্যন্ত ঐ মাজিষ্ট্রেট ঐরূপ কোন পল[illegible]তককে ধরিবার জন্য পরওয়ানা জারী করিতে পারিবেন, এবং সে যে জলযানের লোক হয়, পলাতক হওয়ার প্রমাণ হইলে তাহাকে সেই জলযানে চালান করিবার আজ্ঞা দিতে পারিবেন কিম্বা কনসলের প্রার্থনা মতে জলযান যে পর্য্যন্ত খুলিয়া যাইতে প্রস্তুত না হয় সেই পর্য্যন্ত, কিম্বা যদি জলযান চলিয়া গিয়া থাকে তবে এক মাসের অনধিক সঙ্গত সময়ের নিমিত্ত তাঁহাকে আটক রাখিবার আজ্ঞা দিতে পারিবেন।

কিন্তু এমত স্থলে পলাতকের আটক থাকনকালে তাহার ভরণপোষণের জন্য মাজিষ্ট্রেট যত টাকা আবশ্যক, বিবেচনা করেন অগ্রে তত টাকা আমানত রাখিতে হইবে ও পলাতককে বারো সপ্তাহের অধিক আটক রাখিতে হইবে না।

১০ ও ২১ ধারা খাটিবার কথা।

৬৩ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট ইতিপূর্ব্বে বা অতঃপর যে সকল বন্দরকে মাল তুলিবার ও নামাইবার বন্দর কিন্তু অন্যরকমে এই আইনের অধীন নয় বলিয়া ব্যক্ত করেন, সেই সকল বন্দরের প্রতি ১০ ও ২১ ধারার বিধান খাটিবে এবং সেই বন্দর যে মাজিষ্ট্রেটের সাধারণ বিচারাধিকারের অধীন থাকে তিনি ঐ সকল বিধান প্রবল করিতে পারিবেন।

(২) উক্ত সকল বিধান অনুসারে তিনি কোন দণ্ড ধার্য্য করিলে কিম্বা তাঁহার আদেশক্রমে কোন খরচা হইয়া থাকিলে তাহা ক্রমান্বয়ে ৫৪ ও ৫৬ ধারার লিখিত প্রকারে আদায় করা যাইতে পারিবে।

(৩) মাল তুলিবার ও নামাইবার পূর্ব্বোক্ত কোন বন্দরে ঐ বন্দরস্থ কষ্টমের প্রধান কর্ম্মচারী অথবা স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক তৎপক্ষে নিযুক্ত অপর কোন কর্ম্মচারী ২১ ধারার (৪) প্রকরণের লিখিত অনুমতি দিতে পারিবেন।

মৌলমেন ও বাসেনের বন্দরীয় মাসুলের প্রয়োগের কথা।

৬৪ ধারা। মৌলমেন ও বাসেন বন্দরদ্বয়ের মধ্যে কোন বন্দরে এই আইন অনুসারে যে বন্দরীয় মাসুল আদায় করা যাইতে পারে তাহা টন প্রতি দেড় আনা পর্য্যন্ত হিসাবে ব্রহ্মদেশে উপস্থিত সময়ে যে সকল বন্দরীয় আলোক আছে তাহা রক্ষা করিবার ব্যয় পোষণার্থ প্রথমতঃ প্রয়োগ করা যাইবে।

ইচ্ছাধীন চাঁদা দেওয়া হইয়া থাকিলে তাহা সিদ্ধ করিবার কথা।

৬৫ ধারা। নাবিকদের স্বাস্থ্য বিশ্রাম ও মঙ্গল সংক্রান্ত কোন কার্য্যের নিমিত্ত কোন বন্দরীয় ফণ্ড হইতে এই আইন পাস হইবার পূর্ব্বে কোন টাকা চাঁদা দেওয়া হইয়া থাকিলে ঐ টাকা ঐ ফণ্ড হইতে আইনমতে চাঁদা দেওয়া হইয়াছে এরূপ বিবেচনা করা যাইবে।

নাবিকদের ইনষ্টিটিউটের নিমিত্ত স্থান দিবার কথা।

৬৬ ধারা। কোন বন্দরের মধ্যস্থ বা বন্দরের নিকটস্থ কোন স্থাবর সম্পত্তি যে কোন স্থানীয় কর্ত্তৃপক্ষে বর্ত্তিয়াছে তিনি অগ্রে স্থানীয় গবর্ণমেণ্টের মঞ্জুরী লইয়া নাবিকদের স্বাস্থ্য, বিশ্রাম ও ঐহিক মঙ্গল সাধনার্থ নাবিকদের হোম বা অপর ইনষ্টিটিউশন নির্ম্মাণ করিবার স্থানের জন্য বা ঐরূপ হোম প্রভৃতি স্বরূপ ব্যবহার হইবার জন্য ঐ সম্পত্তির সমুদয় বা কোন অংশ গ্রহণ করিয়া উহা হয় রক্ষা ও প্রয়োগ করিতে পারিবেন নয় দান করিয়া বা অন্য রকমে উহা হস্তান্তর করিতে পারিবেন।

কনসর্বেটরের ক্ষমতা তাঁহার সহকারীদের চালনা করিবার ক্ষমতা।

৬৭ ধারা। (১) যে সকল কার্য্য, আজ্ঞা বা আদেশ এই আইন ক্রমে কোন কনসর্বেটরের দ্বারা কৃত বা প্রদত্ত হইবার অনুমতি হইল, তাহা তাঁহার কর্ত্তৃত্বাধীনে কোন হারবর মাষ্টারের দ্বারা কিম্বা ঐরূপ কোন কনসর্বেটর বা হারবরমাষ্টারের কোন সহকারী দ্বারা কৃত বা প্রদত্ত হইতে পারিবে।

(২) যে কোন ব্যক্তির প্রতি এই আইনক্রমে কোন কার্য্য করিবার অনুমতি হইল তিনি যেরূপ সাহায্য আবশ্যক হয় তাহা লইতে পারিবেন।

আদেশের লিখিত নোটিস জারী করিবার কথা।

৬৮ ধারা। কোন জলযানের মাষ্টারের নিমিত্ত এই আইন অনুসারে প্রদত্ত কোন আদেশের লিখিত নোটিস ঐ জলযানে নিযুক্ত কোন ব্যক্তির নিকট রাখিয়া দেওয়া গেলে কিম্বা ঐ জলযানের কোন সুপ্রকাশ্য স্থলে লটকাইয়া দেওয়া গেলে, তাহা এই আইনের কার্য্যপক্ষে ঐ জলযানের মাষ্টারকে দেওয়া হইয়াছে, এরূপ বিবেচনা করা যাইবে।

স্থানীয় গবর্ণমেণ্টের আদেশ প্রকাশ করিবার কথা।

৬৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক এই আইন অনুসারে কৃত প্রত্যেক নির্দ্দেশ আদেশ ও বিধি রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে এবং উহার একখানি নকল যে বন্দরের সহিত ঐ নির্দ্দেশ আদেশ বা বিধির সম্পর্ক থাকে সেই বন্দরে কনসর্বেটরের আফিসে ও কষ্টম হৌস থাকিলে তথায় রাখা যাইবে এবং যে কোন ব্যক্তির দেখিবার নিমিত্ত কোন ফী না লইয়া সকল সঙ্গত সময়ে তথায় উহা খুলা থাকিবে।

## প্রথম তফসীল।

**বন্দর, মাসুলযোগ্য জলযান, বন্দরীয় মাসুলের হার, ও যতদিন অন্তর পেমেণ্ট করিতে হইবে তাহার কথা।**

(১ ও ৩১ ধারা দেখ।)

প্রথম ভাগ।—বঙ্গদেশ।

| বন্দরের নাম। | যেং জলযানের উপর মাসুল লাগিবে। | বন্দরীয় মাসুলের হার। | একি জলযান সম্বন্ধে মাসুল যতবার লাগিবে। |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| কলিকাতা ... | সমুদ্রগামী যে জলযানে বিশটন ও তাহার অধিক ধরে। | টন প্রতি চারি আনার অধিক নয়। কিন্তু ধোনী প্রভৃতি দেশীয় যে জলযান বাণিজ্য দ্রব্য লইয়া সমুদ্রকূলে যায়, অন্য জলযানের যত লাগে ঐং জলযানের তাহার অর্দ্ধেক লাগিবে। | জলযান যতবার বন্দরে আইসে। কিন্তু ধোনী প্রভৃতি দেশীয় যে জলযান সমুদ্রকূলের বাণিজ্য কার্য্যে নিযুক্ত থাকে তাহার স্থানে একি বন্দরে ষাইট দিনের মধ্যে একবারের অধিক বন্দরীয় মাসুল লওয়া যাইবে না। |
| | টগ ষ্টীমর ও নদীর ষ্টীমর | টন প্রতি চারি আনার অধিক নয়। | প্রতিবৎসর ১লা জানুয়ারি ও ৩০শে জুনের মধ্যে একবার এবং ১লা জুলাই ও ৩১শে ডিসেম্বরের মধ্যে একবার। |
| চট্টগ্রাম .. | সমুদ্রগামী যে জলযানে দশ টন ও তাহার অধিক ধরে। | টন প্রতি সাড়ে চারি আনার অধিক নয়। | জলযান যতবার বন্দরে আইসে। কিন্তু মেল ষ্টীমর ও যে ষ্টীমর সমুদ্র কূলেং যায় তাহার স্থানে ষাইট দিনের মধ্যে এক বারের অধিক বন্দরীয় মাসুল লওয়া যাইবে না। |
| | টগষ্টীমর ও নদীর ষ্টীমর | ঐ | প্রতি বৎসর ১লা জানুয়ারি ও ৩০শে জুনের মধ্যে একবার এবং ১লা জুলাই ও ৩১শে ডিসেম্বরের [illegible] একবার। |
| কটকের বন্দর সমূহ. অর্থাৎ ফলস্পাইণ্ট ও পুরী। | সমুদ্রগামী যে জলযানে দশ টন ও তাহার ধিক ধরে। | টন প্রতি চারি আনার অধিক নয়। | জলযান ঐ সকল বন্দরের [illegible] যতবার আইসে। কিন্তু [illegible] ষ্টীমর ও যে ষ্টীমর সমুদ্রকূলে [illegible] তাহার স্থানে ষাইট দিনের [illegible] একবারের অধিক বন্দরীয় মাসুল লওয়া যাইবে না। |
| বালেশ্বরের বন্দর সমূহ, অর্থাৎ বালেশ্বর, চুড়ামন, লৈছমপুর, চাসুয়া, সুবর্ণরেখা, ধামরা (চাঁদবালি) ও সারথা। | ঐ | ঐ | ঐ |

## দ্বিতীয় ভাগ।—মান্দ্রাজ প্রেসিডেন্সী।

| বন্দরের নাম। | যে যে জলযানের উপর মাসুল লাগিবে। | বন্দরায় মাসুলের হার। | একি জলযান সম্বন্ধে মাসুল যতবার লাগিবে। |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

মান্দ্রাজ ... ...

পূর্ব্বদিগের বন্দর সমষ্টি।

| জিলা। | বন্দর। |
|---|---|
| | ১। গোপালপুর ... |
| | ২। সোন্নাপুরাম ... |
| গাঞ্জাম ... | ৩। বারুভা ... |
| | ৪। পুণ্ডী ... |
| | ৫। কলিঙ্গপাটাম... |
| | ৬। কোনাদা .. |
| | ৭। বিমলিপাটাম .. |
| বিজাগাপটাম | ৮। বিজাগাপাটাম |
| | ৯। পুডিমাদাকা ... |
| | ১০। পেন্টাকোটা ... |
| | ১১। উপ্পাদা ... |
| | ১২। কোকনদা ... |
| | ১৩। করিঙ্গা ... |
| গোদাবরী .. | ১৪। বেন্দামুরলঙ্কা... |
| | ১৫। নরশাপুর ... |
| | ১৬। পেরুপালেম ... |
| | ১৭। মাসুলিপাটাম .. |
| | ১৮। পেনুমুদী ... |
| | ১৯। মোকটোটা ... |
| | ২০। নাগয়লঙ্কা ... |
| | ২১। কোট্টাপালেম |
| কৃষ্ণা ... | ২২। গঙ্গাদিপালেম |
| | ২৩। নিজামপাটনাম |
| | ২৪। ইপুরুপালেম ... |
| | ২৫। বন্দুরাণীপালেম |
| | ২৬। মতুপাল্লে ... |
| | ২৭। কামুপর্ত্তি ... |
| | ২৮। কোট্টাপাটনাম |
| | ২৯। ইটামুক্কলা .. |
| | ৩০। পকলা ... |
| | ৩১। কারেতু ... |
| | ৩২। রামায়পাটনাম |
| | ৩৩। চেন্নায্যপালেম |
| | ৩৪। তুম্মলাপেন্টা .. |
| নেলোর ... | ৩৫। জুবলদিন্নে ... |
| | ৩৬। ইস্কাপাল্লে ... |
| | ৩৭। পোন্নাপুদী ... |
| | ৩৮। মাইপদূ ... |
| | ৩৯। কৃষ্ণাপাটাম ... |
| | ৪০। পামঞ্জী ... |
| | ৪১। তুপিলী ... |
| | ৪২। দুগারাজপাটনাম |
| | ৪৩। পুদী .. |

(২) সমুদ্রগামী যে জলযানের বহর টন ও তাহার ভগ্নাংশ হয়।

| বন্দরায় মাসুলের হার। | একি জলযান সম্বন্ধে মাসুল যতবার লাগিবে। |
|---|---|
| ভিন্ন দেশীয় জলযান। | |
| (ক) ষ্ট্রেটস সেটলমেণ্টসের সহিত বাণিজ্য কার্য্যে নিযুক্ত যে ভিন্নদেশীয় জাহাজ বা ষ্টীমর মান্দ্রাজ কিম্বা পূর্ব্বদিগের বন্দর সমষ্টির অন্তর্গত কোন একটি বন্দরে কিম্বা পশ্চিমদিগের বন্দর সমষ্টির অন্তর্গত কোন একটি বন্দরে আইসে তৎসম্বন্ধে টন প্রতি তিন আনার অধিক নয়। | ইহার কোন বন্দরে মাসুল দেওয়া গেলে, জাহাজের বা ষ্টীমরের যাইটদিগের মধ্যে ঐ বন্দরে আবার ঐ মাসুল লাগিবে না। |
| (খ) ভিন্নদেশীয় অন্য কোন জাহাজ বা ষ্টীমর মান্দ্রাজে কিম্বা পূর্ব্বদিগের বন্দর সমষ্টির অন্তর্গত কোন একটী বন্দরে কিম্বা পশ্চিমদিগের বন্দর সমষ্টির অন্তর্গত কোন একটি বন্দরে আইসে, তৎসম্বন্ধে টন প্রতি তিন আনার অধিক নয়। | বন্দরে যতবার আইসে, তাহার প্রতিবার মাসুল দিতে হইবে। |
| (গ) ষ্ট্রেটস সেটলমেণ্টসের সহিত বাণিজ্য কার্য্যে নিযুক্ত যে ভিন্ন দেশীয় জাহাজ বা ষ্টীমর পূর্ব্বদিগের বন্দর সমষ্টির অন্তর্গত একাধিক বন্দরে কিম্বা পশ্চিমদিগের বন্দর সমষ্টির অন্তর্গত একাধিক বন্দরে আইসে, তৎসম্বন্ধে টন প্রতি সাড়ে চারি আনার অধিক নয়। | বন্দর সমষ্টির অন্তর্গত প্রথম বন্দরে যাইয়া মাসুল দেওয়া গেলে, জাহাজের বা ষ্টীমরের যাইটদিগের মধ্যে ঐ বন্দর সমষ্টির অন্তর্গত ঐ বন্দর বা অন্য কোন বন্দরে আবার ঐ মাসুল লাগিবে না। |
| (ঘ) ভিন্ন দেশীয় অন্য যে কোন জাহাজে বা ষ্টীমর পূর্ব্বদিগের বন্দর সমষ্টির অন্তর্গত একাধিক বন্দরে কিম্বা পশ্চিমদিগের বন্দর সমষ্টির অন্তর্গত একাধিক বন্দরে আইসে, তৎসম্বন্ধে টন প্রতি সাড়ে চারি আনার অধিক নয়। | জল যাত্রার নিমিত্ত মাসুল একবার দেয়। |
| যে সকল জলযান সমুদ্রের কূলে২ যায়। | |
| (ঙ) যে জাহাজ সমুদ্রের কূলে২ যায় তাহা কোন বন্দরে আসিলে তৎসম্বন্ধে টন প্রতি দেড় আনার অধিক নয়। | ইহার কোন বন্দরে মাসুল দেওয়া গেলে জাহাজের যাইটদিগের মধ্যে ঐ বন্দরে আবার ঐ মাসুল লাগিবে না। |
| (চ) যে ষ্টীমর সমুদ্রের কূলে২ যায় তাহা— | |

## দ্বিতীয় ভাগ। মান্দ্রাজ প্রেসিডেন্সী।—(চলিতেছে)

<table>
<tr><th colspan="2">বন্দরের নাম।</th><th>যে যে জলযানের উপর মাসুল লাগিবে।</th><th>বন্দরীয় মাসুলের হার।</th><th>একি জলযান সম্বন্ধে মাসুল কতবার লাগিবে।</th></tr>
<tr><td colspan="2">১</td><td>২</td><td>৩</td><td>৪</td></tr>
<tr><td colspan="2">পূর্ব্বদিগের বন্দর সমষ্টি।—(চলিতেছে)</td><td rowspan="6">সমুদ্রগামী যে জলযানের পরিমাণ পনর টন ও তাহার অধিক হয়।</td><td>ভিন্ন দেশীয় জলযান।</td><td></td></tr>
<tr><td>জিলা।</td><td>বন্দর।</td><td></td><td></td></tr>
<tr><td>চিঙ্গলপুট ...<br><br><br><br>দক্ষিণ আর্কট</td><td>৪৪। পুলীকাট ...<br>৪৫। এন্নোর ..<br>৪৬। কবিলঙ্গ ...<br>৪৭। মারাকানাম ...<br>৪৮। কুড্ডালোর ...<br>৪৯। পোর্টনোবো ...</td><td>(১) পূর্ব্বদিগের বন্দর সমষ্টির অন্তর্গত এক বা তদধিক বন্দরে এই প্রকরণের (৩) দফায় যেরূপ বিধান হইল তদ্রূপে ছাড়া) কিম্বা পশ্চিমদিগের বন্দর সমষ্টির অন্তর্গত এক বা তদধিক বন্দরে আসিলে, তৎসম্বন্ধে টন প্রতি তিন আনার অধিক নয়।<br>(২) ঐ দুই বন্দর সমষ্টির মধ্যে কোন একটিতে মাসুল দিবার পর ত্রিশ দিনের মধ্যে মান্দ্রাজে আসিলে. তৎসম্বন্ধে টন প্রতি দেড় আনার অধিক নয়।<br>(৩) এই প্রকরণের (২) দফায় যেরূপ বিধান হইল তদ্রূপ ছাড়া মান্দ্রাজে আসিলে, তৎসম্বন্ধে টন প্রতি সাড়ে চারি আনার অধিক নয়।</td><td>বন্দর সমষ্টির অন্তর্গত প্রথম বন্দরে যাইয়া, মাসুল দিলে, ষ্টীমারের ত্রিশ-দিনের মধ্যে ঐ বন্দর সমষ্টির অন্তর্গত ঐ বন্দর, বা অন্য কোন বন্দরে আবার ঐ মাসুল লাগিবে না।<br>ত্রিশ দিনের মধ্যে মাসুল একবার দেয়।<br>মাসুল একবার দেওয়া গেলে, মান্দ্রাজে বা পূর্ব্বদিগের বন্দর সমষ্টির অন্তর্গত কোন বন্দরে ত্রিশদিনের মধ্যে ষ্টীমরে আবার ঐ মাসুল লাগিবে না।</td></tr>
<tr><td rowspan="2">তাঞ্জোর ...</td><td rowspan="2">৫০। তিরুমালবসাল।<br>৫১। কোদিয়ম পলেয়াম।<br>৫২। ট্রানকুইবার।<br>৫৩। নাগোর।<br>৫৪। নেগাপাটাম।<br>৫৫। বেলানকনী।<br>৫৬। তপপুতুরাই।<br>৫৭। পাইন্ট কালিমিয়ার।<br>৫৮। মুটুপেট।<br>৫৯। আদিরাম পটনাম।<br>৬০। গোপালা পটনাম।<br>৬১। কত্তুমাবাদী।<br>৬২। কৃষ্ণজী পটনাম।<br>৬৩। অম্মা পটনাম।<br>৬৪। কোট্টাই পটনাম।<br>৬৫। সুন্দরপণ্ডীয় পটনাম।</td><td>(ক) ষ্ট্রেটস সেটলমেণ্টসের সহিত বাণিজ্য কার্য্যে নিযুক্ত যে ভিন্ন দেশীয় জাহাজ বা ষ্টীমার মান্দ্রাজে কিম্বা পূর্ব্বদিগের বন্দর সমষ্টির অন্তর্গত কোন একটি বন্দরে কিম্বা পশ্চিম দিগের বন্দর সমষ্টির অন্তর্গত কোন একটী বন্দরে আইসে তৎসম্বন্ধে টন প্রতি তিন আনার অধিক নয়।</td><td>ইহার কোন বন্দরে মাসুল দেওয়া গেলে, জাহাজের বা ষ্টীমরের ষাইট দিনের মধ্যে ঐ বন্দরে আবার ঐ মাসুল লাগিবে না।</td></tr>
<tr><td>(খ) ভিন্ন দেশী অন্য যে কোন জাহাজ বা ষ্টীমর মান্দ্রাজ কিম্বা পূর্ব্ব দিগের বন্দর সমষ্টির অন্তর্গত কোন একটী বন্দরে পশ্চিমদিগের বন্দর সমষ্টির অন্তর্গত কোন একটী বন্দরে আইসে, তৎসম্বন্ধে তিন আনার অধিক নয়।</td><td>বন্দরে যত[illegible] আইসে তাহার প্রতি[illegible] মাসুল দিতে হই[illegible]।</td></tr>
<tr><td>মাদুরা ...</td><td>৬৬। পাসী পনাম।<br>৬৭। দামোদর পটনাম।<br>৬৮। টোণ্ডী।<br>৬৯। নাম্বি তলাই।<br>৭০। পুত্ত পটনাম।</td><td>(গ) ষ্ট্রেটস সেটলমেণ্টের সহিত বাণিজ্য কার্য্যে নিযুক্ত যে ভিন্ন দেশীয় জাহাজ বা ষ্টীমর পূর্ব্বদিগের বন্দর সমষ্টির অন্তর্গত একাধিক বন্দরে কিম্বা পশ্চিমদিগের বন্দর সমষ্টির অন্তর্গত একাধিক বন্দরে আইসে, তৎসম্বন্ধে টন প্রতি সাড়ে চারি আনার অধিক নয়।</td><td>বন্দর সমষ্টির [illegible]গত প্রথম বন্দরে যাইয়া মাসুল দেওয়া গেলে, জাহাজের বা ষ্টীমরের ষাইট দিনের মধ্যে ঐ বন্দর সমষ্টির অন্তর্গত ঐ বন্দর বা অন্য কোন বন্দরে আবার ঐ মাসুল লাগিবে না।</td></tr>
</table>

## দ্বিতীয় ভাগ।—মান্দ্রাজ প্রেসিডেন্সী।—(চলিতেছে)।

| বন্দরের নাম। | | যে যে জলযানের উপর মাশুল লাগিবে। | বন্দরীয় মাশুলের হার। | একি জলযান সম্বন্ধে মাশুল যতবার লাগিবে। |
|---|---|---|---|---|
| ১ | | ২ | ৩ | ৪ |
| (পূর্ব্ব দিগের বন্দর সম(ষ্টি) চলিতেছে) | | | | |
| জিলা। | বন্দর। | | | |
| মাদুরা ... | ৭১। করাঙ্গাড়ু।<br>৭২। তিরুপনলাকুদী।<br>৭৩। দেবীপটনাম।<br>৭৪। মুদিয়ন পটনাম।<br>৭৫। আট্টন করাই।<br>৭৬। এমাম্মানাগুণ্ডু।<br>৭৭। পিল্লই মাড়ুম।<br>৭৮। পাম্বম।<br>৭৯। রামেশ্বরম।<br>৮০। মণ্ডাপাম।<br>৮১। দেবালই।<br>৮২। মরক্কায়ার পটনাম।<br>৮৩। মুটু পোট্টাই।<br>৮৪। কিলা করাই।<br>৮৫। ত্রবাদী।<br>৮৬। ভাটি-নোক্কম। | সমুদ্রগামী যে জলযানের পরিমাণ ৫০ টন ও তাহার ঊর্দ্ধ হয়। | (ঘ) ভিন্ন-দেশীয় অন্য যে কোন জাহাজ বা ষ্টীমর পূর্ব্বদিগের বন্দর সমষ্টির অন্তর্গত একাধিক বন্দরে কিম্বা পশ্চিমদিগের বন্দর সমষ্টির অন্তর্গত একাধিক বন্দরে আইসে, তৎসম্বন্ধে টন প্রতি সাড়ে চারি আনার অধিক নয়।<br>যে সকল জলযান সমুদ্রের কূলে২ যায়<br>(ঙ) যে জাহাজ সমুদ্রের কূলে২ যায় তাহা কোন বন্দরে আসিলে, তৎসম্বন্ধে টন প্রতি দেড় আনার অধিক নয়।<br>চ) যে ষ্টীমর সমুদ্রের কূলে২ যায় তাহা। | জলযাত্রার নিমিত্ত মাশুল একবার দেয়।<br><br>ইহার কোন বন্দরে মাশুল দেওয়া গেলে, তাহার ষাইট দিনের মধ্যে ঐ বন্দরে আবার ঐ মাশুল লাগিবে না। |
| টিনেবেলী ... | ৮৭। বৈপার।<br>৮৮। টুটি কোরিন।<br>৮৯। কয়াল পটনাম।<br>৯০। কুলশেখর পটনাম। | | (১) পূর্ব্বদিগের বন্দর সমষ্টির অন্তর্গত এক বা তদধিক বন্দরে (এই প্রকরণের (৩) দফায় যে রূপ বিধান হইল তদ্রূপে ছাড়া) কিম্বা পশ্চিম দিকের বন্দর সমষ্টির অন্তর্গত এক বা তদধিক বন্দরে আসিলে, তৎসম্বন্ধে টন প্রতি তিন আনার অধিক নয়। | বন্দর সমষ্টির অন্তর্গত প্রথম বন্দরে যাইয়া মাশুল দেওয়া গেলে, ষ্টীমরের ত্রিশ দিনের মধ্যে ঐ বন্দর সমষ্টির অন্তর্গত ঐ বন্দর বা অন্য কোন বন্দরে আবার ঐ মাশুল লাগিবে না। |
| | পশ্চিম দিগের বন্দর সমষ্টি। | | | |
| মলাবার | ৯১। কোচিন।<br>৯২। আরুপুরম।<br>৯৩। কুক্কুই।<br>৯৪। মদয়া।<br>৯৫। অল্লক্রী।<br>৯৬। চাবকাদ।<br>৯৭। বেলিয়ঙ্গদ।<br>৯৮। পোনানী।<br>৯৯। কুট্টই।<br>১০০। পরপন্ন।<br>১০১। তনুর।<br>১০২। পর্পনঙ্গদী।<br>১০৩। কদলন্দী।<br>১০৪। বেপুর।<br>১০৫। মোলক্কদবা।<br>১০৬। কালিকট।<br>১০৭। পুদিয়াঙ্গদী।<br>১০৮। এলাত্তুর।<br>১০৯। কপপডা।<br>১১০। কুইলন্দী।<br>১১১। কোল্লোম। | | (২) ঐ দুই বন্দর সমষ্টির মধ্যে কোন একটিতে মাশুল দিবার পর ত্রিশ দিনের মধ্যে মান্দ্রাজে আসিলে, তৎসম্বন্ধে টন প্রতি দেড় আনার অধিক নয়।<br>(৩) এই প্রকরণের (২) দফায় যে রূপ বিধান হইল তদ্রূপে ছাড়া মান্দ্রাজে আসিলে, তৎসম্বন্ধে টন প্রতি সাড়ে চারি আনার অধিক নয়। | ত্রিশ দিনের মধ্যে মাশুল একবারে দেয়।<br><br>মাশুল একবার দেওয়া গেলে, মান্দ্রাজ বা পূর্ব্বদিগের বন্দর সমষ্টির অন্তর্গত কোন বন্দরে ত্রিশ দিনের মধ্যে ষ্টীমরের আবার ঐ মাশুল লাগিবে না। |

## দ্বিতীয় ভাগ। মান্দ্রাজ প্রেসিডেন্সী। (সমাপ্ত)।

| বন্দরের নাম। | | যে যে জলযানের উপর মাসুল লাগিবে। | বন্দরীয় মাসুলের হার। | একি জলযান সম্বন্ধে মাসুল যতবার লাগিবে। |
|---|---|---|---|---|
| ১ | | ২ | ৩ | ৪ |
| পশ্চিমদিগের বন্দর সমষ্টি—(চলিতেছে)। | | | | |
| জিলা। | বন্দর। | | | |
| মালাবার ... | ১১২। কদালুরা। | সমুদ্র গামী যে জলযানের পনর টন ও তাহার অধিক হবে। | | |
| | ১১৩। ত্রিকোদী। | | | |
| | ১১৪। কোট্টাক্কাল। | | | |
| | ১১৫। বাদাগড়া। | | | |
| | ১১৬। মুট্টুনকাল। | | | |
| | ১১৭। চম্পাই। | | | |
| | ১১৮। কল্লায়ী। | | | |
| | ১১৯। তলায়ী। | | | |
| | ১২০। তেলিচেরী। | | | |
| | ১২১। ধর্ম্মপটনাম। | | | |
| | ১২২। এঝরা। | | | |
| | ১২৩। কান্নানোর। | | | |
| | ১২৪। পুদিয়াঙ্গদী। | | | |
| | ১২৫। পলপটনাম (বলিয়া পটাম)। | | | |
| | ১২৬। এত্তিকুলাম। | | | |
(A) ভবিষ্যতে বিশেষ সৎকার্য্যের জন্য দেশীয় সৈনিক কর্ম্মচারীদিগকে যে পতিত ভূমির গ্রাণ্ট দেওয়া হয় তাহা প্রতি বৎসর একটী নির্দ্দিষ্ট সংখ্যার অধিক হইবে না। সাধারণ সময়ে যদি এই সংখ্যা অপেক্ষা দরখাস্তকারী অধিক ব্যক্তি পুরস্কারের যোগ্য হয়, তবে যতজন বেশী হইবে তাহাদের দাবী অন্য সুযোগ উপস্থিত না হওয়া পর্য্যন্ত স্থগিত থাকিবে; অন্য সুযোগ উপস্থিত হইলে তাহাদের দরখাস্ত অন্যান্য দরখাস্তের সহিত একত্র বিবেচনা করা হইবে।

(B) প্রতিগ্রাণ্টে ঊর্দ্ধসংখ্যা ৫০০ শত একর পতিত ভূমি প্রদান করা হইবে। সাধারণতঃ ইহা অপেক্ষা কম পরিমাণ ভূমি দেওয়া যাইবে। কেবল সর্ব্বোৎকৃষ্ট ও সর্ব্বাপেক্ষা প্রশংসিত কার্য্যের জন্যই উক্ত ঊর্দ্ধসংখ্যা (অর্থাৎ ৫০০ একর) প্রদত্ত হইবে।

(C) নিম্নলিখিত সর্ত্তে ভূমি প্রদান করা হইবে।—

(ক) প্রথম দুই বৎসর ভূমি নিষ্কর থাকিবে। তাহার পর তিন বৎসর অল্প পরিমাণ খাজানা ও মালিকানা দিতে হইবে। তাহার পরে সম্পূর্ণ খাজানা দিতে হইবে।

(খ) পাট্টাগ্রহণের সময় হইতেই গ্রাণ্ট গ্রহীতার খালের রেট ও সকল সেস পুরা দিতে হইবে।

(গ) প্রথম দশ বৎসরের জন্য ভূমিতে পাট্টাই স্বত্বথাকিবে। যদি গ্রহীতা ভূমির সদ্ব্যবহার করিয়া উহা যথারীতি চাস আবাদ করে তবে দশ বৎসর পরে ভূমিতে মালিকী স্বত্বজন্মিবে

(D) যে স্থানে ভূমি পাওয়া যায় সে স্থানেই ভূমি দেওয়া যাইবে; কিন্তু গ্রহীতার রেজিমেণ্ট যে প্রদেশ সম্বন্ধীয় তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখিতে হইবে।

৩। ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অধীনস্থ কোরভুক্ত দেশীয় সৈনিক কর্ম্মচারী ব্যতীত অন্যান্য দেশীয় সৈনিক কর্ম্মচারীগণের ভূমি প্রাপ্তির দরখাস্ত ও সেই সঙ্গে যাহাদিগকে ভূমি প্রদানের জন্য মনোনীত করা হয় তাহাদের নাম, তাহাদিগকে মনোনীত করার কারণ এবং প্রত্যেক স্থলে প্রস্তাবিত পুরস্কারের বিবরণ ভারতবর্ষীয় কমেণ্ডারইন চীফ কর্ত্তৃক আদেশের জন্য ভারতবর্ষীয় গবর্ণমেণ্টে প্রেরিত হইবে। প্রত্যেক দরখাস্তকারীর মোট প্রাপ্য বেতন কিম্বা পেনশ্যন এবং তাহার বিষয়েও সংবাদ পাঠাইতে হইবে।

৪। ১৮৮৯ সালের ১লা জানুয়ারি তারিখে, ও তাহার পর প্রতি বৎসর ১লা আগষ্ট তারিখে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকট দরখাস্ত পাঠাইতে হইবে।

৫। মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ঊর্দ্ধসংখ্যা ৫০০ একর পর্য্যন্ত ভূমি প্রদান স্থির করিলে পর, গ্রাণ্ট গ্রহীতাকে ভূমির চৌহদ্দি প্রভৃতি বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের সহিত স্বয়ং বন্দোবস্ত করিতে হইবে। ফাইনান্স, রাজস্ব ও কৃষি এবং মিলিটারী ডিপার্টমেণ্টে রিকার্ড হইবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেণ্ট ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে পাকা বন্দোবস্তের বিষয় রিপোর্ট করিবেন।

---

২ নম্বর।

১৮৮৮ সালের ওয়ার্ডস বিধিপুস্তকের ২ খণ্ডে নিম্নলিখিত সংযোগ ও সংশোধন করিতে হইবে:—

১। ঐ বিধিপুস্তকের ১৪৩ পৃষ্ঠায়—১৮৮২ সালের ১০ আইনের ৮৮ ধারায় "জিলার মাজিষ্ট্রেট সাহেব" এই কথার পরে, " * কিম্বা প্রধান প্রেসিডেন্সি মাজিষ্ট্রেট * " এই কথা সন্নিবেশ করিতে হইবে; এবং পৃষ্ঠার পার্শ্বে " * ১৮৮৬ সালের ১০ আইনের ৪ ধারা দেখ।" এই নোট করিতে হইবে।

২। ঐ বিধিপুস্তকের ১৮৯ পৃষ্ঠায়—১৮৮২ সালের ১৪ আইনের ৫০৩ ধারার (য) চিহ্নিত প্রকরণে "তাহার পারিশ্রমিক বলিয়া" এই কথার পর " * যাহা আদালত উচিত বোধ করেন, * " এই কথা গুলি সন্নিবেশ করিতে হইবে; পৃষ্ঠার পার্শ্বে " * ১৮৮৮ সালের ৭ আইনের ৪২ ধারা দেখ।" এই নোট করিতে হইবে।

পূর্ব্বোক্ত আইনের ৫০৪ ধারায় " কালেক্টর সাহেবকে " এই কথার পরিবর্ত্তে " * কালেক্টর সাহেবের সম্মতি গ্রহণ পূর্ব্বক তাঁহাকে * " এই কথা বসাইতে হইবে; এবং পৃষ্ঠার পার্শ্বে " * ১৮৮৮ সালের ৭ আইনের ৪৩ ধারা দেখ।" এই নোট করিতে হইবে।

৩। ঐ বিধিপুস্তকের ১৫৪ পৃষ্ঠায়—৯ ধারায় " সম্পর্কযুক্ত ব্যক্তিগণের স্বার্থের জন্য কালেক্টরকে নিযুক্ত করিতে" এই কথার পরিবর্ত্তে " কালেক্টরের সম্মতি গ্রহণ পূর্ব্বক তাঁহাকে নিযুক্ত করিতে " এই কথা গুলি সন্নিবেশ করিতে হইবে।

---

৩ নম্বর।

১৮৮৮ সালের ওয়ার্ডস বিধিপুস্তকের ২ খণ্ডে নিম্নলিখিত কথা যোগ করিতে হইবে।

১। ১৩৯ পৃষ্ঠায় " ১৮৮২ সালের ৮ আইনের ৯৩ হইতে ১০০ ধারা " এই কথা ও অঙ্কের নীচে "মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন। ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৫৫ হইতে ৫৯ ধারা।" এই কথা ও অঙ্ক সন্নিবেশ করিতে হইবে।

২। ১৫২ পৃষ্ঠার শেষে নিম্নলিখিত কথা ও অঙ্ক সন্নিবেশ করিতে হইবে:—

"মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন।

"১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইন।

(১৮৭৬ সালের ২২শে জুলাই তারিখে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক এবং ১৮৭৬ সালের ৯ই আগষ্ট তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত।)

রাজস্বদায়ি ও নিষ্কর ভূমি ও ভূমাধিকারিদের ও কার্য্যাধ্যক্ষদের নাম রেজিষ্টরী করি[বার] বিধান করণার্থ আইন।

অধিকার বা উত্তরাধিকারিত্ব বা হস্তান্তর করণক্রমে প্রাপ্তি বিষয়ে বিবাদের কথা।

" ৫৫ ধারা। * প্রার্থক স্বার্থের যে পরিমাণ উপলক্ষে রেজিষ্টরী হইবার প্রার্থনা করেন তাঁহার সেই স্বার্থের পরিমাণ অধিকার করণ কিম্বা উত্তরাধিকারিত্বক্রমে কি হস্তান্তর করণ ক্রমে প্রাপণ বিষয়ে সেই স্বার্থের বিপরীত কোন দাওয়াদারের দ্বারা কি তাঁহার সপক্ষে প্রতিবাদ হইলে, ও প্রার্থনাপত্রানুসারে প্রার্থকের অধিকারের কথা কালেক্টর সাহেবের হুদোমতে প্রমাণ না করা গেলে, তিনি বিবাদীয় স্বার্থের অধিকার পাইবার স্বত্ব সরাসরীমতে নির্ণয় করিয়া তদনুসারে অধিকার দেওয়াইবেন এবং রেজিষ্টরী বহীতে প্রয়োজনীয় কথা লিখিবেন। *

---

* ১৮৭৮ সালের বঙ্গীয় ৫ আইনের ১ ধারা দেখ।

"কিম্বা দেওয়ানী আদালতে ঐ বিবাদ আরো উত্তম রূপে নিষ্পত্তি হইতে পারিবে, কালেক্টর সাহেবের এই অনুভব থাকিলে, তিনি পশ্চাৎ লিখিত বিধানমতে ঐ বিবাদ নিষ্পত্তি করিবার জন্য জিলার প্রধান দেওয়ানী আদালতে অর্পণ করিবেন।

"কিন্তু প্রার্থনাপত্রে প্রার্থকের স্বার্থের যে পরিমাণ লেখা থাকে সেই পরিমাণানুসারে তাঁহার অধিকার বিষয়ে প্রতিবাদ না হইলে, কিম্বা কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে ঐ অধিকারের প্রমাণ করা গেলে, স্বার্থের ঐ পরিমাণের উপলক্ষে কালেক্টর সাহেব প্রার্থকের নাম রেজিষ্টরী করিতে পারিবেন, ও প্রার্থক স্বার্থের অন্য যে পরিমাণ বিষয়ে রেজিষ্টরী হইবার প্রার্থনা করেন তৎসম্পর্কে প্রার্থকের রেজিষ্টরী হওয়ার স্বত্বের বিষয়ে প্রতিবাদ হইলে ও কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে তাহার প্রমাণ না হইলে, তিনি তৎকালে সেই বিবাদ নিষ্পত্তি করণার্থে নিম্নলিখিত বিধানমতে দেওয়ানী আদালতে অর্পণ করিতে পারিবেন।

"৫৬ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে স্বার্থের উপলক্ষে প্রার্থনা করা যায় সেই স্বার্থের পরিমাণের অধিকারের বা উত্তরাধিকারিত্ব বা হস্তান্তর করণক্রমে প্রাপ্তির বিষয়ে বিবাদ হইলে কালেক্টর সাহেব ঐ বিবাদীয় স্বার্থের পরিমাণের খাজানা আদায় করণার্থে গ্রাহক নিযুক্ত করিতে পারিবেন, ও তদ্রূপে যে টাকা আদায় হয় তাহা হইতে কার্য্যাধ্যক্ষতার খরচ ও গবর্ণমেণ্টের পাওনা রাজস্ব দেওয়া যাইবে। অবশিষ্ট টাকা কালেক্টর সাহেবের কাছারিতে আমানত থাকিবে। ও বিবাদীয় সেই স্বার্থের পরিমাণের উপলক্ষে কালেক্টর সাহেবের দ্বারা কিম্বা দেওয়ানী আদালতের আজ্ঞাক্রমে যাঁহাকে রেজিষ্টরী করা যায় তাঁহাকে দেওয়া যাইবে।"

অধিকারাদি বিষয়ক বিবাদ হইলে কালেক্টর সাহেবের গ্রাহক নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৩। ১৫৫ পৃষ্ঠায় ১৬ ধারার পর নিম্নলিখিত ধারাটি সন্নিবেশ করিতে হইবে:—

"১৬ক। কোন মহাল বা নিষ্কর সম্পত্তিগত কোন স্বার্থের পরিমাণ সম্বন্ধে অধিকার উত্তরাধিকারিত্ব কিম্বা হস্তান্তর দ্বারা প্রাপ্তি বিষয়ক বিবাদ উপস্থিত হইলে কালেক্টর সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৭ আইনের ৫৬ ধারানুসারে স্বার্থের ঐ পরিমাণের জন্য একজন গ্রাহক নিযুক্ত করিতে পারিবেন। গ্রাহক উহার খাজানা আদায় করিবেন, এবং তদ্রূপে আদায় করা টাকা হইতে কার্য্যাধ্যক্ষতার খরচ ও গবর্ণমেণ্টের প্রাপ্য খাজানা প্রদান করিবেন। অবশিষ্ট টাকা কালেক্টর সাহেবের কাছারীতে আমানত রাখিতে হইবে এবং বিবাদীয় সেই স্বার্থের পরিমাণের উপলক্ষে কালেক্টর সাহেবের দ্বারা কিম্বা দেওয়ানী আদালতের আজ্ঞাক্রমে যাঁহাকে রেজিষ্টরী করা যায় তাঁহাকে দেওয়া যাইবে।"

অধিকারাদি বিষয়ক বিবাদ হইলে, কালেক্টর সাহেবের গ্রাহক নিযুক্ত করিতে পারিবার কথা।

---

শ্রীযুত এফ, এম, হেলিডে সাহেব।

---

৪ নম্বর।

ভাটীখানার ভারপ্রাপ্ত কর্ম্মচারীকে নিম্নলিখিত পাঠে একখানি রোজনামচা রাখিতে হইবে, এবং প্রতিদিন যেমন আবশ্যক হয় তেমনি আবশ্যক সব বিবরণ ঐ রোজনামচায় লিখিতে হইবে।

জিলার অন্তর্গত ——— স্থিত ভাটীখানার ভারপ্রাপ্ত কর্মচারীর রোজনামচা।

| | | |
|---|---|---|
| ১ | তারিখ। | |
| ২ | ব্যবহৃত ভাটীর ক্রমিক নম্বর। | |
| ৩ | চোয়ানের জন্য ব্যবহৃত গাঁজাইবার হৌজের সংখ্যা। | |
| ৩ক | হৌজে কি পরিমাণ তরল দ্রব্য ধরে। | |
| ৪ | ব্যবহৃত মাল মসলার পরিমাণ। | |
| ৫ | হৌজ পূর্ণ করিবার তারিখ। | |
| ৬ | চোয়ানের তারিখ। | |
| ৭ | জল ও বায়ুর উষ্ণতা। | |
| ৮ | ভাটী পূর্ণ করিবার সময়। | |
| ৯ | চোয়ান আরম্ভ হইবার সময় অর্থাৎ যে সময় পাত্রে ইস্পিরিট জমিতে আরম্ভ হয়। | |
| ১০ | চোয়ান শেষ হইবার সময়। | |
| ১১ | যে পরিমাণ মদ চোয়ান হয়। | |
| ১২ | মদের উগ্রতা। | |
| ১৩ | মাসুলের হার। | |
| ১৪ | মোট উৎপন্নের উপর মাসুল। | |
| ১৫ | ব্যবহৃত মাল মসলার মণ প্রতি মাসুলের হার। | |
| ১৬ | মন্তব্য। | |

২। পরিদর্শক কর্ম্মচারীগণ দেখিবেন যে এই রোজনামচা যেন যথারীতি লিখিত হয়।

---

৫ নম্বর।

বোর্ড বিবেচনা করেন যে এক ভাটীখানাতে প্রস্তুত মদ দুই কি ততোধিক দোকানে সরবরাহ করা গেলে যে যে দোকানে মদ বিক্রীত হয় তথায় ২৫নং পাঠের হিসাব বহীর পরিবর্ত্তে ১৮৮৪ সালের আবকারী বিধিপুস্তকের ২৪৯ পৃষ্ঠায় ভাটীখানার জন্য নির্দ্দিষ্ট ছাপার হিসাব বহী রাখিতে হইবে। কেবল ৩ ঘরের অন্তর্গত "মাসুল" এই ছোট ঘরটি রাখিতে হইবে না। যে স্থানে ভাটীর কার্য্য চলে তথায় ১৮৮৪ সালের আবকারী বিধিপুস্তকের ২৬৪ পৃষ্ঠার লিখিত ২৫ নং পাঠ অনুযায়ী হিসাব রাখিতে হইবে এবং ঐ হিসাবের ৬ ঘরে প্রত্যেক দোকানে যত মদ পাঠান হয় তাহা পৃথক পৃথক লিখিতে হইবে এবং যে দোকানে মদ পাঠান যায় তাহার নাম সর্ব্বস্থলেই লিখিতে হইবে।

২। কি পরিমাণ প্রস্তুত হয় ও কি পরিমাণ বিক্রয় হয় তাহা পৃথক পৃথক লিখিতে হইবে। যে স্থানে ভাটীর কার্য্য চলে ও যে যে দোকানে বিক্রয় হয় এই উভয় স্থানেই রক্ষিত হিসাব পরিদর্শক কর্ম্মচারীগণকে পরীক্ষা করিয়া মোকাবিলা করিতে হইবে।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 9, 1889.

মঙ্গলবার, ১৮৮৯ সাল ৯ এপ্রেল।

## PART VIII.

### ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

নিলামের নোটিস।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগণা এই যে,—

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ২৪ পরগনার নীচের লিখিত মহালাতের সন ১৮৮৯ সালের ১২ই জানুয়ারি কিস্তীর বাকী বাবত সন ১৮৮৯ সালের ১০ই মে তারিখে ঐ জেলার কালেক্টরিতে বিনা ওজর নিলাম ধরা যাইবেক ইতি সন ১৮৮৯ সাল তারিখ ২২ ফেব্রুয়ারি।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজীর নম্বর। | মহাল ও পরগনার নাম। | পুরা ষ্টেটের সদর জমা। | পুরা ষ্টেট বিক্রয় হইবে কি না। | যদি একটা অংশ মাত্র বিক্রয় করিতে হয় সেই অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম। | যদি একটা অংশ বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার কত সদর জমা। | যদি পুরা ষ্টেট বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার বাকীর পরিমাণ। | যদি একটা অংশ বিক্রয় করিতে হয় তবে তাহার বাকীর পরিমাণ। |
| ২ | পরগণে মাগুরা কিঃ কাজল বেড্যা ওগয়রহ। | ২৮৩৩।/ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ।১॥=৪ দস্তি ৭১২৮/১৭॥ = আনা | হরিশ্চন্দ্র রায় চৌধুরি ওগয়রহ | ৭৫৮।৮ | ...... | ১৮৭/৪ |
| ৫ | পরগণে মাগুরা কিং আন্দার বেড্যা ওগয়রহ। | ২৭১৬৮/৯॥ | পুরা মহাল | ...... | শ্রীনাথ রায় চৌধুরি ওগয়রহ | ...... | ৫১২৲॥ | ...... |
| ১৫ | পরগণে মাগুরা কিঃ খড়ী বাড়ীয়া ওগয়রহ। | ৫০৯১।২। | পুরা মহাল | ...... | হেমচন্দ্র রায় চৌধুরি ওগয়রহ | ...... | ৩৮০/৯। | ...... |
| ৬৩ | পরগণে মাগুরা কিঃ বাঁশ দ্রোণী ওগয়রহ। | ৯১৩১।/১॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥/১৩।৯॥ | আদিত্যনাথ রায় চৌধুরি ওগয়রহ। | ৫৫১৭।/১১॥ | ...... | ১৭৪১৮/৯॥ |
| ৬৪ | পরগণে মাগুরা কিঃ বাঁশ-দ্রোণী ওগয়রহ। | ৬৮৪২।৯ | ..... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৵৮৵৮ | প্রসন্নকুমার বন্দ্যোপাধ্যায় ওগয়রহ। | ৪৪৫৫৮৯ | ...... | ৩৭৲ |
| ৯৫ | পরগণে মাগুরা কিঃ শ্রীরাম পুর ওগয়রহ। | ৮৩৯॥/৩ | পুরা মহাল | ...... | জয়রণী দেব্যা ... | ...... | ১৬১॥৭ | ...... |
| ১২৩ | পরগণে মাগুরা মৌজে [illegible] ব্রুক ওগয়রহ। | [illegible]৮॥/১ | পুরা মহাল | ...... | পার্ব্বতীচরণ রায় ওগয়রহ .. | ... .. | ১৬১৫/১১ | ...... |
| ১১১ | পরগণে বরিদহাটি ওগয়রহ কিচক হাটুরিয়া ওগয়রহ। | ৩১৯৩০॥/১১॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৮/১১॥১২॥ | ত্রৈলোক্যনাথ বিশ্বাস ওগয়রহ | ৩১৩৭৫/১১॥ | ...... | ১৯০॥/১০॥ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩৪৮ | পরগণে বালিয়া কিঃ পাঁচুড় ওগয়রহ। | ২১৩৬৮৶৴৪ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৶১৩৷—আনা। | মণীন্দ্র মোহন মুখোপাধ্যায় ওগয়রহ। | ১৪৯৩১॥৶২৮ | ...... | ৪৭৯৶৯॥ |
| ৩৫৮।১ | পরগণে বালিয়া কিঃ পাঁচু ওগয়রহ। | ২১৩৬৮৶৴ | ...... | ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা-মতে স্বতন্ত্র হিসাব।/৬॥=আনা | মণীন্দ্র মোহন মুখোপাধ্যায় | ৭১২।/৬। | ...... | ২৮৭॥১০৮ |
| ৫৮৫ | পরগণে আজীমাবাদ হুদা রসথালী ওগয়রহ। | ১৯৫২৫॥১॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ আনা। | রাধামোহন মণ্ডল ওগয়রহ ... | ১৮০৫০॥৶৩॥ | ...... | ৩৯৩৶৬ |
| ৬৮৮ | পরগণে বালিয়া তরফ মলয়া-পুরা ওগয়রহ। | ৮৩২৭।৬ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ | রাধামোহন মণ্ডল ওগয়রহ | ৭৭৫১৸১৮ | ...... | ১৬৬।১০৮ |
| ৬৮৯ | পরগণে বালিয়া কিঃ সন্তোষপুর ওগয়রহ। | ৯১৩৪॥/৭ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৹১৭॥ | রাধামোহন মণ্ডল ওগয়রহ | ৮৭৭৫৶৮, | ...... | ৩৩০।/১। |
| ৫২৯ | পরগণে বরিদহাটী আবাদ বালদাড়ী ওগয়রহ। | ১৮১৪।/১১ | ...... | ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ৶১৩।—আনা স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট অংশ ৸/৬॥= আনা হইতে ৯৬৯॥১০ টাকার পৃথক হিসাব ১৮৭৬ সালের ৭ আইনের ৭০ ধারামতে হইয়াছে অবশিষ্ট ৫৪২॥৶১ টাকার অংশ। | গোপালদাস দত্ত ওগয়রহ | ৫৭২॥৶১ | ...... | ৫'৶৯ |
| ৬২৪ | পরগণে বালিয়া কিঃ মদুরাটী ওগয়রহ। | ৮৬৫৫।১<br>পুলিস জমা৬।৶৪<br>৮৭১৸৶৩ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৶১৩—| কেদারনাথ বসু ওগয়রহ ... | ৫৭'৲৭<br>পুলিস ৫।৩<br>৫৮১।১০ | ...... | ৭০৬। |
| ১৫৩৫ | পরগণে ময়দা তরফ বাত্তির ওগয়রহ। | ১৫৬৮১।৶৪ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ।০॥= আনা। | সুরত মোহিনী দাসী ওগয়রহ | ৩৭০০৸৶৯ | ...... | ১৩১।৶৫ |

W. GRIMLEY,
*Collector.*

## বিজ্ঞাপন।

### জিলা পাবনার কালেক্টরী।

১৮৫৯ সালের ১১ আইনের ৬,৭, ও ১৩ ধারামতে এতদ্দ্বারা ১৮৮৮।৮৯ কিঃ জানুয়ারি এই সংবাদ দেওয়া যাইতেছে যে পাবনা জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯।১৭ এপ্রেল মোং ১২৯৬।৫ বৈশাখ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে সেস্থলে এতৎ সংযুক্ত বর্ণমাপত্রের ৫,৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

<table>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td><td>৯</td></tr>
<tr><td>তৌজীর। নম্বর।</td><td>মহাল ও পরগণার নাম।</td><td>সম্পূর্ণ মহালের সদর জমা।</td><td>সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।</td><td>কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশের বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।</td><td>যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।</td><td>কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।</td><td>সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।</td><td>কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।</td></tr>
<tr><td>৬</td><td>ডিহি ফতেপুর পং ইসফসাহী।</td><td>৩৭২০।/০<br>পুঃ ৩৩/০</td><td>...</td><td>মহালের রঃ ৶০</td><td>দিগেন্দ্রনাথ সান্যাল।</td><td>৫১০/<br>পুঃ ৬৶০</td><td>...</td><td>২০৫৸/০<br>৩৶০</td></tr>
<tr><td></td><td colspan="8">বাকী না পড়া অংশ।<br>কশীদাস সান্যাল খাজানা ২৯৭॥০ পুঃ ৩॥৶০, ব্রজলাল সান্যাল প্রভৃতি খাঃ ৮৫৲ পুঃ ১/০, উমাশঙ্কর সান্যাল খাঃ ১১১॥০ পুঃ ১৷৶০, মনমোহিনী দেব্যা খাঃ ২৫৫/০ পুঃ ৩৶০, ব্রজলাল সান্যাল প্রভৃতি খাঃ ২৮৷/০ পুঃ ৷/০, স্বর্ণময়ী দেব্যা খাঃ ৩৩১॥৶ পুঃ ৩৸৶।<br>অল্প সদর জমার জন্য গেজেটে দেওয়া গেল না।<br>প্রসন্নকুমার সান্যাল রঃ /১০ খাঃ ২৫৫/০ পুঃ ৩৶০, ভুবনশঙ্কর সান্যাল রঃ ১৭॥ খাঃ ১৪৮৸০ পুঃ ১৸/০, দুর্গাদাস সান্যাল রঃ ১১৶ খাঃ ১১১॥০ পুঃ ১৷৶০, বৈকুণ্ঠকুমার সান্যাল দিগর রঃ /১০ খাঃ ২৫৫/০ পুঃ ৩৶০, দ্বারকানাথ সান্যাল প্রভৃতি রঃ ১২॥= খাঃ ১০৭॥৶০ পুঃ ১৷/০, হরসুন্দরী দেব্যা রঃ ৮৸ খাঃ ৭৩৷৶ পুঃ ৸৶০, হরশঙ্কর সান্যাল রঃ ১৭॥ খাঃ ১৪,৸/০ পুঃ ১৸/০।</td></tr>
<tr><td>৩২০</td><td>কিঃ এরণ্ড বহুতি পং বড়বাজু।</td><td>৮২৪৷৶০</td><td>...</td><td>এজমালি অংশ ...</td><td>হরচন্দ্র ভৌমিক বৈদ্যনাথ চাকী প্রভৃতি।</td><td>৭০১৶</td><td>...</td><td>৭॥৶</td></tr>
<tr><td></td><td colspan="8">বাকী না পড়া অংশ।<br>জাহ্নবী চৌধুরাণী সদর জমা ৪২৷৶ মহিমাচন্দ্র জোওয়াদার সদর জমা ২৭॥৶ একাব্বর ফকির সদর জমা ২৭॥৶ রহিমদ্দি মুনশী দিগর সদর জমা দিগর৫৫৷৶</td></tr>
<tr><td>১৮৩১</td><td>চরখাপুরা পং. বেলগাছী।</td><td>৫৫৬৲</td><td>সম্পূর্ণ মহালের মালিকা ও মেয়াদ বন্দবস্ত স্বত্ব।</td><td>......</td><td>ফএজ বকস চৌধুরি।</td><td>...</td><td>১৫০৲</td><td>...</td></tr>
</table>

C. G. H. Allen,
*For Collector.*

## জিলা যশোহর।—জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, যশোহর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থা ক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯ সালের ১৬ এপ্রেল তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। অন্যান্য অংশ যাহা এই ইস্তাহারে লেখা হইল না সেইং অংশে কিছু বাকী নাথাকায় ঐং অংশ নিলাম হইতে ছাড়িয়া দেওয়া হইল ইতি সন ১৮৮৯। ৮ মার্চ্চ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজীর নম্বর। | মহলের ও পরগণার নাম। | সম্পূর্ণ মহালের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না। | কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশে বা ঐং অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী। | কোনঅংশ মাত্র বিক্রয় হইলেতা হার বাকী। |
| ১৯২ | মাধবপাশা পরগনা ইসকপুর। | ২৫৮৭৶৪ | ০ | ১ হিস্যা ... | মতিলাল বসু দিগর। | ৩০৫।৶৩।। | ... | ১১৮৶১ |
| ৪৮১৯ | ধাণ বাড়িয়া পরগনা মুলঘড়। | ৩৫৪৬৷৶২ | ০ | ১ হিস্যা ... | হাল নিলাম খরিদার মনমথনাথ রায় চৌধুরি দিগর। | ৭০৯।৶।। | ... | ৫২৯৸৶১৸ |

F. H. Barrow, *Collector.*

## জিলা ফরিদপুর।

### বিজ্ঞাপন।

১৮৫৯ সনের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দারা সংবাদ দেওয়া যাইতেছে যে, ফরিদপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহালগুলি বা মহালের অংশগুলি উক্ত জেলার কালেক্টর সাহেবের আফিসে ১৮৮৯ সনের ১২ জানুয়ারি পর্য্যন্তের বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯ সালের ১৫ এপ্রিল মোতাবেক ১২৯৫ সনের ৩ বৈশাখ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে যেস্থলে এতৎসংযুক্ত বর্ণনপত্রের ৫, ৭, ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে, সেইস্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না। ১৮৮৯। ৮ মার্চ্চ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজির নম্বর। | মহালের নাম এবং পরগনা। | সম্পূর্ণ মহালের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না। | কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশ বা ঐং অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিক গণের নাম। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে ঐ অংশের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী। |
| ১৭৭৬ | তাং তোতা[illegible]বি পং জালালপুর। | ৭২১/০ | ... | এজমালী অবশিষ্ট ॥/১২৬ দ্বিপ। | গোলাম ওয়াহেদ মিঞা জগত ঐ পোদ্দার গয়রহ। | ৪১৩/০ | ... | ৬৬।/৫ |
| ৩৫৫৫ | রত্নেশ্বর [illegible] চৌধুরি [illegible] [illegible]নী। | ২৫৫৯৸/৮ | ... | এজমালী অবশিষ্ট হিঃ ।৶৭ গণ্ডা। | উমাপ্রসন্ন পাল চৌধুরি সত্যচরণ ঘোষ গং। | ১১৭৫৸৶৮ | ... | ৪৮০৸৶৭ |
| ৪০২৮ | জমিদারী বাসুদেব রায় পং রাজনগর। | ৫১১৯।৯॥ | ... | ১নং হিস্যা পৃথক হিঃ ।৶ আনী। | গোপী মোহন বৈকুণ্ঠ মোহন কিশোরী মোহন রায় চৌধুরি গং। | ১৪৮১॥৶০ | ... | ১৶৪॥ |
| ৪০২৮ | জমিদারী বাসুদেব রায় পং রাজনগর। | ৫১১৯।৯॥ | ... | ২নং হিস্যা পৃথক হিঃ ॥৶ আনী। | ঐ | ২৫৭৪৫/৯॥ | ... | ৮৬১৶১॥ |
| ৬২২০ | হিস্যে মিলমণি সেন পং রাজনগর। | ৫৯৭৸৩ | ... | হিস্যা পৃথক হিঃ ।৶১০ আনী। | রাজকুমার ও মহিমাচন্দ্র পাল। | ২৮০৶১॥ | ... | ৭৪৲২॥ |

ফরিদপুর কালেক্টরি
১৮৮৯। ৮ মার্চ্চ।

E. B. Harris
*Offg. Collector.*

## জিলা চট্টগ্রাম।

### ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জিলা চট্টগ্রাম।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে, সন ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকাদি ১৮৮৮ ইং ২৬ ডিসেম্বর তারিখে সূর্য্যাস্ত বাকীপড়া রাজস্ব রোড় ছেছ ও পাবলিক ছেছ আদায়ের নিমিত্ত ১৮৮৯ ইংরাজী তারিখ ৩ মেই মোং সন ১২৯৬ বাং তারিখ ২১ বৈশাখ রোজ শুক্রবার জিলা চট্টগ্রাম কালেক্টরিতে বিনা ওজরে প্রকাশ্য নীলাম করা যাইবে ইতি সন ১৮৮৯। ৬ মার্চ্চ।

| নম্বর মহাল। | নাম মহাল এবং মৌজা থানা। | সদর জমা। | | বাকীর পরিমাণ। | | | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|
| | | খাজানা | ছেছ | খাজানা | ছেছ | মোট | |
| ২৮৯ / ২৭৪ | মহাল নরাবাদ থানে চকরিয়া মৌঃ ভেওলা মাণিকচর। তালুক বিবি ইস্প্রাক ... | ৭৫৭৸৶০ | ৯৬৷৶০ | ১৮৯৲ | ৩২৶০ | ২২১৶০ | |
| ৫৫৬ / ১০৩৫ | মাহাল নয়াবাদ থানে টেকনাপ মৌঃ দক্ষিণ হ্নিলা। তালুক শ্রীমতী খোয়ামে চৌং গং। | ১১২৯৲ | ১০০৮৬ | ১৪২৯৲ | ১৪১৲৬ | ১৫৭০৲৬ | |

A. Manson,
*Collector.*

---

## কাছারি কমিশনারি সুন্দরবন।

### ১৮৭৯ সালের নবেম্বর মাসের রূলের ১৭ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনের শ্রীযুত কমিশনার সাহেবের অফিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা মথুরানাথ সেন পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন, ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্তি করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৮৯ সালের ১লা জুলাই মোতাবেক বাঙ্গালা সন ১২৯৬ সালের ১৮ আষাঢ় সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনার সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগ স্বত্বের নিয়মাধীন থাকিবেক।

নৌকাগম্য প্রত্যেক জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম নাহয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা দিবার সময়ে উক্ত ভূমিতে যে সমস্ত জ্বালানি কি গুঁড়িকাঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না; কিন্তু ঐ জ্বালানি কি গুড়ি কাঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক; তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করা এবং যুক্তি সঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক। উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলি স্বত্ব দেওয়া যাইবেক, সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১২৮৯। ৯ মার্চ্চ।

তপশীল।

| মহালের নাম | জেলা, সবডিবিজান ও থানা। | রকবা। | চৌহদ্দি। |
|---|---|---|---|
| চক মলটোলা প্রথম খণ্ড। | জেলা বাকরগঞ্জ সবডিবিজান পটুয়াখালি থানা গুলিষাখালি। | ৫০০০/ | উত্তর—মলটোলা দোনের কিয়দংশ।<br>পূর্ব্ব—মলটোলা দোনের কিয়দংশ।<br>দক্ষিণ—গর্জ্জনবুনিয়া খালের কিয়দংশ।<br>পশ্চিম—বিষখালি নদীর কিয়দংশ ও ঐ বিষখালি নদীর ধার হইতে গর্জ্জন বুনিয়া খালের শাখা পর্য্যন্ত একটী সরল রেখা এবং গর্জ্জন বুনিয়া খালের ঐ শাখা।<br>ডেপুটী কালেক্টার শ্রীযুত যে জেমস্ এলিসন সাহেবের ১৮৮৮। ৮৯ সিজনের নক্সা অনুসারে এই সীমানা লিখিত হইল। |

J. Ellison,
*Deputy Collector, in Charge.*

---

কাছারি কমিশনারি সুন্দর বন।

১৮৭৯ সালের নবেম্বর মাহার কলের ১৭ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনের শ্রীযুত কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা পাইবার নিয়োগী পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন। ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাবির নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইন মত) দাওয়া বা আপত্তি করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৮৯ সালের ১ জুলাই মোতাবেক বাঙ্গালা সন ১২৯৬ সালের ১৮ আষাঢ় সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনার আপিসে বিক্রীত হইবে।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনার ও খুলনার ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখে বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবে।

নিয়ম এই।

[illegible] ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

[illegible]গাম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোতের ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবেক।

পাট্টা বিলির সময় উক্ত ভূমিতে যে সমস্ত জ্বালানি কি গুড়িকাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমির আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানি কাষ্ঠ কি গুড়িকাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবে।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথ স্বত্ব রক্ষা করা এবং যুক্তি সঙ্গত অন্য যে সুবিধা করা আব-

শ্যক তাহা করিতে হইবেক, উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব থাকিবেক ও পাট্টা দারিকে কিবল দখলি স্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক। ইতি সন ১৮৮৯ সাল তারিখ ৯ মার্চ্চ।

তপসীল।

| মহালের নাম। | জেলা, সব-ডিবিজান ও থানা। | রকবা। | চৌহদ্দী। |
|---|---|---|---|
| চক মলটোলার দ্বিতীয়খণ্ড। | জেলা বাকরগঞ্জ সব-ডিবিজান পটুয়াখালি থানা গুলিসাখালি। | ৫০০০/ | উত্তর—বিষখালি নদীর কিয়দংশ ও ঐ বিষখালি নদীর ধার হইতে গরজন বুনিয়া খালের একটি শাখার ধার পর্য্যন্ত এক সরল রেখা ও গরজন বুনিয়া খালের ঐ শাখা।<br>পূর্ব্ব—গরজন বুনিয়া খালের কিয়দংশ।<br>দক্ষিণ—নিশান বাড়িয়া খাল এবং ঐ নিশানবাড়িয়া খালের ধার হইতে ঐ গরজন বুনিয়া খালের ধার পর্য্যন্ত একটি সরল রেখা।<br>পশ্চিম—নিশান বাড়িয়া খাল ও বিষখালি নদীর কিয়দংশ।<br>ডেপুটি কালেক্টর শ্রীযুত যে জেমস এলিসন সাহেবের ১৮৮৮।৮৯ সিজনের নকশা অনুসারে এই সীমানা লিখিত হইল। |

J. ELLISON,
*Deputy Collector in-charge.*

---

বিজ্ঞাপন।

জেলা ২৪ পং সন ১৮৮৯। ৯০ সালের নিমিত্ত রোড অমিদারি ডাকট্যাক্স ৫০৲ টাকা এবং ৫০৲ টাকার ঊর্দ্ধ রাজস্ব দায়ী মহালের সদর জমার উপর শতকরা ৷৹ আট আনার হিসাবে ধার্য্য হইয়াছে। প্রথম সম মাহার কিস্তির দেনা ১৮৮৯ সালের ১ জুন তারিখ ও দ্বিতীয় সম মাহার কিস্তির দেয়টাকা ঐ সনের ১৫ই ডিসেম্বর তারিখে কি ঐর ধার্য্য তারিখের পূর্ব্বে উক্ত জেলার ট্রেজারিতে দাখিল করিতে হইবে।

D T MACSSHORSON.
*Magistrate.*

---

## Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pound* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8. The general public can be supplied by the Superintendent, Botanic Garden *for cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

---

## গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টিন ৪৷৷৹ টাকা; প্রতি ৮ আউন্স টিন ৮৷৷৹ টাকা প্রতি ১ পাউণ্ড টিন ১৬৷৷৹ টাকা। এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টিন ৫৷৷৹ টাকা; ৮ আউন্স টিন ১০৷৷৹ টাকা ১ পাউণ্ড টিন ২০৲ টাকা। এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্যব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ৷৷৹ আট আনা ও প্রতি পাউণ্ড টিনে ৷৷৹ বার আনা ডাক মাসুল দিতে হইবে।

## জ্বরনাশক দানাবান্ধা সিনকোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরে রয়্যল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০ পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন ৬।।০ টাকায়, ৮ ঔন্স টিন ১২।।০ টাকায়, ও ১ পৌণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্ব-সাধারণে কোম্পানীর বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকটে নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টীন ৮।।০ টাকায় ৮ ঔন্স টীন ১৬।।০ টাকায় ও ১ পৌণ্ড টীন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হারের অতিরিক্ত ৪ ঔন্স টিনের ।০ আনা, ৮ ঔন্স টিনের ।।০ আনা, ও ১ পৌণ্ড টিনের ৸০ আনা ডাক মাশুল দিতে হইবে।

---



---

## NOTICE.

*The 21st February 1883.*—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

| *For the Mofussil.* | | Rs. | A. | P. | |
|---|---|---|---|---|---|
| Entire Gazette | ... ... ... | 10 | 0 | 0 | per annum. |
| Postage | ... ... | 2 | 8 | 0 | " |
| Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal | ... ... ... | 4 | 0 | 0 | " |
| Postage | ... ... | 1 | 0 | 0 | " |
| For a single copy— | | | | | |
| Entire Gazette | ... ... ... | 0 | 4 | 0 | |
| Postage | ... ... | 0 | 1 | 0 | |
| Parts III, IV, V, and VI | .. ... | 0 | 1 | 0 | for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4. |
| Postage | ... ... | 0 | 1 | 0 | |

*For Calcutta.*

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. Baker,

*Offg. Under-Secretary to the Govt. of Bengal.*

### বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

| মফঃসলে। | | | টাকা | |
|---|---|---|---|---|
| সম্পূর্ণ গেজেট | ... ... | বৎসর | ১০৲ | |
| ডাকমাশুল | ... ... | „ | ২৷৷০ | |
| ১ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে) | ... ... | „ | ৪৲ | |
| ডাকমাশুল | ... ... | „ | ১৲ | |
| সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য ... | ... | | ।০ | |
| ডাকমাশুল | ... ... | | /০ | |
| ১ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)... | ... | ... | /০ | ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর একং আনা) |
| ডাকমাশুল | ... ... | ... | /০ | |

### কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাশুল লাগিবে না।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং জোট সেক্রেটরী।

---

### NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
*Under-Secretary to the Govt. of Bengal.*

*The 12th December* 1882.

---

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

| | Rs. |
|---|---|
| Full page, per issue ... ... ... ... ... | 20 |
| Half „ ... ... ... ... ... ... | 10 |

Casual advertisements.—4 annas per line.

## বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল,

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারীয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কোণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৵০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী

১৮৮২ সালের ১২ ডিসেম্বর

---

মন্তব্য —কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এইং।—

| | | | | টাকা। |
|---|---|---|---|---|
| পূরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের | ... | ... | ... | ২০৲ |
| আধ পৃষ্ঠা | ... | ... | ... | ১০৲ |
| কখনং ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি | | ... | ... | ।০ |

---

## বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার প্ল্যানেড ওয়েস্ট টৌন হালের তাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

---

## For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of he Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

*N.B.*—Copies are still available.

---

## বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বৰ্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিলড এম. এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী প্রজাবিষয়ক আইন সংহিতা।

একংখানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

## ইন্‌কম ট্যাক্স নোটিস।

অত্র ইন্‌কম ট্যাক্স আফিসের তালিকাভুক্ত ব্যক্তিদিগকে এতদ্দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে তাহাদিগের উপরোক্ত তালিকার লিখিত বিবরণে সন ১৮৮৬ সালের ২ আইনের ৪র্থ খণ্ডের ২নং তফসীলের বিধানমতে সন ১৮৮৯—৯০ সালের জন্য ট্যাক্স ধার্য্য করা হইয়াছে; এবং তাহাদিগকে আদেশ করা যাইতেছে যে তাহারা এই ইস্তাহারের তারিখ হইতে ৬০ দিনের মধ্যে ট্রেজারি আফিসারের নিকট আপন আপন দেয় ট্যাক্স দেয়, কিম্বা তাহাদের ধার্য্য ট্যাক্স কমাইবার বা আদৌ মকুফ পাইবার জন্য ৩০ দিনের মধ্যে আমার নিকট দরখাস্ত দাখিল করে; নচেৎ, আইন আমলে আসিবেক।

ইন্‌কম ট্যাক্স আফিস,<br>
১৩নং ষ্ট্রাণ্ড রোড, কষ্টম হাউস,<br>
সন ১৮৮৯। ১ এপ্রেল।

স্যাণ্ড ফার্ড, জে, কিলবি,<br>
ইন্‌কম ট্যাক্স কলেক্টর।

কলিকাতা বেঙ্গল সেক্রেটেরিয়েট প্রেস যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত এডওয়ার্ড মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 16a—8-4-89—364—320

Numb. 2594 [২৫৯৪]

REGISTERED No. 30

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 16, 1889.

মঙ্গলবার ১৮৮৯ সাল ১৬ এপ্রেল।

CONTENTS.



নির্ঘণ্ট।



## PART I.

### Resolutions, Orders, and Notifications of the Government of India.

## প্রথম খণ্ড।

### ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

No. 549.

GOVERNMENT OF INDIA.

## HOME DEPARTMENT.

PUBLIC.

## NOTIFICATION.

*Calcutta, the 21st March 1889.*

In accordance with the provisions of section 18, sub-section (1) of the Indian Explosives Act IV of 1884, and with the directions contained in Home Department Notification No. 1964, dated the 2nd September 1887, the Governor-General in Council is pleased to publish, for the information of persons likely to be affected thereby, the following draft addition to Rules 12 and 17 of the rules to regulate the transport and importation of explosives (published in Home Department Notification No. 1417, dated the 24th June 1887,) which he proposes to make under the Act.

The draft will be taken into consideration on the expiry of two months from the date of this notification.

*Draft addition to Rules 12 and 17.*

but if any explosive imported under a license into a British port is exported thence to another British port named in Rule 10, the necessary license for such re-import may be granted on payment of a fee of one rupee instead of 10 rupees.

J. P. Hewett,
*Offg. Secy. to the Govt. of India.*

৫৪৯ নম্বর।

## ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

---

## হোম ডিপার্টমেণ্ট।

---

পবলিক।

---

বিজ্ঞাপন।

---

কলিকাতা, ২১ মার্চ্চ ১৮৮৯ সাল।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব স্ফোটনীয় দ্রব্য বিষয়ক ১৮৮৪ সালের ৪ আইনের ১৮ ধারার (১) প্রকরণের বিধান এবং হোম ডিপার্টমেণ্টের ১৮৮৭ সালের ২রা সেপ্টেম্বর তারিখের ১৯৬৪নং বিজ্ঞাপনের লিখিত আদেশানুসারে যে সকল ব্যক্তির ইহাতে ক্ষতিবৃদ্ধির সম্ভাবনা তাঁহাদিগের অবগত্যর্থে হোম ডিপার্টমেণ্টের ১৮৮৭ সালের ২৪ জুন তারিখের ১৪১৭নং বিজ্ঞাপনে স্ফোটনীয় দ্রব্যের রফ্তানী ও আমদানীর নিয়ম করণার্থ বিধির ১২ ও ১৭ ধারায় উক্ত আইনানুসারে তিনি নিম্নলিখিত যে কথাগুলি যোগ করিবার প্রস্তাব করেন তাহার পাণ্ডুলেখ্য প্রকাশ করিলেন।

এই বিজ্ঞাপনের তারিখ হইতে তুইমাস অতীত হইবার পর এই পাণ্ডুলেখ্য বিবেচনা করা যাইবে।

১২ ও ১৭ ধারায় যে কথা যোগ করিতে হইবে তাহার পাণ্ডুলেখ্য।

কিন্তু লাইসেন্সক্রমে কোন বৃটিশ বন্দরে কোন স্ফোটনীয় দ্রব্য আমদানী করা গেলে ও তথা হইতে উহা ১০ ধারার উল্লিখিত অপর কোন বৃটিশ বন্দরে রফ্তানী করা গেলে ঐরূপ পুনর্ব্বার আমদানীর জন্য যে লাইসেন্স প্রয়োজন হইবে তাহা এক টাকা ফী দিলেই দেওয়া যাইতে পারিবে ও তাহার জন্য দশ টাকা ফী লাগিবে না।

জে, পি, হিউয়েট.

ভারতবর্ষের গবর্ণমেণ্টর একটিং সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট।

TUESDAY, APRIL 16, 1889.

মঙ্গলবার ১৮৮৯ সাল ১৬ এপ্রেল।

## PART II.

**Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.**

## দ্বিতীয় খণ্ড।

**বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি।**

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 3374A

REGISTRATION.—*The 8th April* 1889—Moulvie Moojir-uddin Ahmed, Officiating Rural Sub-Registrar of Putiya, in the district of Rajshahye, is confirmed in that appointment, *vice* Moulvie Syud Ali Raza.

J. WARE EDGAR,
*Chief Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The 9th April* 1889.—In column 4 of Schedule II annexed to the Resolution of the 23rd May, 1888, on the subject of the preparation of price-lists of staple food-crops under section 39 of the Bengal Tenancy Act, VIII of 1885, published at pages 444-449, Part I of the *Calcutta Gazette* of the same date, *for* "Panchgachia Hât" *substitute* "Fenny Hât" against the Fenny sub-division of the district of Noakholly in the Chittagong Division.

P. NOLAN,
*Secretary to the Govt. of Bengal.*

## JUDICIAL DEPARTMENT.

No 3375A.

*The 5th April* 1889.—Baboo Prosanno Kumar Ghosh, Second Munsif of Burdwan, is vested with the powers of a Judge of a Court of Small Causes for the trial of suits cognizable by such a Court up to the value of Rs. 50 within the local limits of the Sudder Munsifi.

Mr. E. F. Ainslie, Deputy Magistrate and Deputy Collector, Rajshahye, is vested with powers under sections 110, 133 and 524 of the Code of Criminal Procedure.

He is also vested with powers to try summarily the offences mentioned in section 260 of the Code.

The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates for the Independent Bench at Nattore, in the district of Rajshahye, and are vested with the powers of a Magistrate of the third class :—

Moulvie Wakiluddin Ahmed.
" Abdul Hakim Khan Chowdhury.
Baboo Hari Mohon Ghose.
" Hari Mohon Chakrabartty.

The undermentioned gentlemen are appointed to be Honorary Magistrates of the Independent Bench at Sooree, in the district of Beerbhoom, and are vested with the powers of a Magistrate of the third class—

Baboo Hari Mohan Bhuttacharjee.
Baboo Gopal Chunder Chuckerbutty.
Baboo Komolakhya Chatterjee.

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

৩৩৭৪A নম্বর।

রেজিষ্টরিকরণ বিষয়ক।—১৮৮৯ সাল ৮ এপ্রেল।—রাজশাহী জেলার অন্তর্গত পুটীয়ার একটিং গ্রাম্য সব-রেজিষ্টর শ্রীযুত মৌলবী মুজিরুদ্দীন আহম্মদ শ্রীযুত মৌলবী সায়েদ আলি রাজার পদে উক্ত কার্য্যে স্থায়ী হইলেন।

পি, নোলান,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৯ সাল ৯ আপ্রিল।—বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ৩৯ ধারানুসারে প্রধান উৎপাদ্য খাদ্য শস্যের মূল্যের তালিকা প্রস্তুত করণ বিষয়ে ১৮৮৮ সালের ২৩শে মে তারিখের নির্দ্ধারণের সংযুক্ত যে দ্বিতীয় তফসীল উক্ত তারিখের বাঙ্গলা গেজেটের প্রথম খণ্ডের ২০৫ পৃষ্ঠায় প্রকাশিত হইয়াছে সেই তফসীলের ৪র্থ ঘরে চট্টগ্রাম বিভাগের অন্তর্গত নোয়াখালী জেলার ফেণী মহকুমার পার্শ্বস্থ "পাঁচগাছিয়া হাট" এই কথার পরিবর্ত্তে "ফেণীহাট" এই কথা সন্নিবেশ করিতে হইবে।

পি, নোলান,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

## জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৩৭৫ A নম্বর।

১৮৮৯ সাল ৫ আপ্রিল।—বর্দ্ধমানের দ্বিতীয় মুন্সেফ শ্রীযুত বাবু প্রসন্নকুমার ঘোষ সদর মুন্সেফীর স্থানীয় সীমার মধ্যে ছোট আদালতের বিচার্য্য ৫০৲ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমা বিচার করিবার জন্য ছোট আদালতের জজের ক্ষমতা পাইলেন।

রাজসাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই, এফ, এঁদসী সাহেব ফৌজদারী কার্য্য-প্রণালী বিষয়ক বিধির ১১০, ১৩৩ এবং ৫২৪ ধারানুযায়ী ক্ষমতা পাইলেন।

নিম্নলিখিত ব্যক্তিগণ রাজশাহী জেলার অন্তর্গত নাটোরের স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেট নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন :—

শ্রীযুত মৌলবী বকিলুদ্দিন আহম্মদ।
,, ,, আবদুল হাকিম খাঁ চৌধুরী।
শ্রীযুত বাবু হরিমোহন ঘোষ।
,, ,, হরিমোহন চক্রবর্ত্তী।

নিম্নলিখিত ব্যক্তিগণ বীরভুম জেলার অন্তর্গত সুরীর স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেট নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন :—

শ্রীযুত বাবু হরিমোহন ভট্টাচার্য্য।
শ্রীযুত বাবু গোপালচন্দ্র চক্রবর্ত্তী।
শ্রীযুত বাবু কমলাক্ষ চট্টোপাধ্যায়।

# গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮৯ সাল ১৬ এপ্রেল।


## তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

## ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮৯ সালের ১লা মার্চ্চ তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচার করা গেল।—

### ১৮৮৯ সালের 4 আইন।

বাণিজ্যদ্রব্যের প্রতারণাজনক মার্কা সম্বন্ধীয় আইন সংশোধন করণার্থ আইন।

বাণিজ্যদ্রব্যের প্রতারণাজনক মার্কা সম্বন্ধীয় আইন সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত-মত বিধান করা গেল।—

১ ধারা। নাম, ব্যাপ্তি ও আরম্ভের কথা।

(১) এই আইনটীকে ভারতবর্ষীয় বাণিজ্যদ্রব্যের মার্কা বিষয়ক ১৮৮৯ সালের আইন বলা যাইতে পারিবে।

(২) ইহা সমস্ত বৃটিশ ভারতবর্ষে ব্যাপ্ত হইবে। এবং এই আইনের শেষ ধারার বিধানের অধীনে

(৩) ইহা ১৮৮৯ সালের এপ্রেল মাসের প্রথম দিবসে প্রবল হইবে।

২ ধারা। অর্থ করণের কথা।

বিষয় বা সংযুক্ত বাক্যাবলীতে বিপরীত ভাবের কিছু না থাকিলে এই আইনে—

(১) এই আইন দ্বারা সংশোধিত ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৭৮ ধারায় "ব্যবসায়ের-মার্কা" এই কথার যে অর্থ নির্দ্দিষ্ট হইয়াছে "ব্যবসায়ের মার্কা" এই কথার সেই অর্থ হইবে।

(২) "ব্যবসায়ের বিবরণ" এই কথার অর্থ—

(ক) কোন মালের সংখ্যা, পরিমাণ, মাপ, কুৎ বা ওজন সম্বন্ধীয়, বা

(খ) যে স্থানে বা দেশে অথবা যে সময়ে কোন মাল তৈয়ার করা বা উৎপন্ন করা হইয়াছে সেই স্থান বা দেশ বা সময় সম্বন্ধীয়, বা

(গ) কোন মাল গড়িবার বা উৎপন্ন করিবার প্রণালী সম্বন্ধীয়, বা

(ঘ) কোন মাল যে জিনিষ দিয়া নির্ম্মিত হয় তৎসম্বন্ধীয়, বা

(ঙ) কোন মাল কোন বর্ত্তমান পেটেণ্ট, অধিকার বা কপিরাইটের বিষয় হওয়া সম্বন্ধীয়—

কোন সাক্ষাৎ ভাবের বা পরোক্ষ ভাবের বিবরণ বর্ণনা বা অপর নিদর্শন।

এবং যে কোন সংখ্যাবাচক চিহ্ন, শব্দ, বা মার্কা ব্যবসায়ের রীতি অনুসারে উপরোক্ত কোন বিষয়ের নিদর্শন বলিয়া সাধারণতঃ বুঝা হয় তাহার ব্যবহারকে এই আইনের অর্থানুসারে ব্যবসায়ের বিবরণ গণ্য করা যাইবে।

(৩) যদি কোন মালে কোন ব্যবসায়ের বিবরণ প্রয়োগ করা হয় এবং সেই ব্যবসায়ের বিবরণ যদি সেই মাল সম্বন্ধে সারাংশে অসত্য হয় তাহা হইলে সেই ব্যবসায়ের বিবরণকে "ব্যব-

সায়ের মিথ্যা বিবরণ" বলিয়া বুঝিতে হইবে। এবং যোগ করিয়া, মুছিয়া ফেলিয়া বা অন্য কোন প্রকারে কোন ব্যবসায়ের বিবরণ পরিবর্ত্তন করিলে যে স্থলে সেই বিবরণ সারাংশে অসত্য হইয়া পড়ে "ব্যবসায়ের মিথ্যা বিবরণ" বলিতে সেই পরিবর্ত্তিত ব্যবসায়ের বিবরণও বুঝাইবে। এবং কোন ব্যবসায়ের বিবরণ কোন ব্যবসায়ের মার্কা বা ব্যবসায়ের মার্কার অংশ হয় বলিয়া এই আইনের অর্থানুসারে উহার ব্যবসায়ের মিথ্যা বিবরণ হইবার পক্ষে প্রতিবন্ধক হইবে না।

(৪) "মাল" শব্দের অর্থ যাহা কিছু ব্যবসা বা শিল্পের বিষয়। এবং

(৫) "নাম শব্দে সংক্ষেপ নামও বুঝাইবে।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন সংশোধন করিবার কথা।

ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৭৮ হইতে ৪৮৯ পর্য্যন্ত ধারাগুলির পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

৩ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৮ অধ্যায়ের ব্যবসা ও স্বামিত্বের মার্কা সম্বন্ধীয় অংশের পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাগুলি বসাইতে হইবে, অর্থাৎ:—

"ব্যবসা স্বামিত্ব এবং অন্য মার্কার কথা।"

ব্যবসায়ের মার্কার কথা।

"৪৭৮ ধারা। কোন মাল কোন ব্যক্তি বিশেষ দ্বারা গড়া হইয়াছে বা কোন ব্যক্তি বিশেষের বাণিজ্য দ্রব্য ইহা জ্ঞাপন করণার্থ যে মার্কা ব্যবহার করা হয় তাহাকে ব্যবসায়ের মার্কা বলে, এবং ভারতবর্ষের দণ্ডবিধির আইনের প্রয়োজনার্থ,, ব্যবসায়ের মার্কা" এই কথায় পেটেন্ট, ছক ও ব্যবসায়ের মার্কা বিষয়ক ১৮৮৩ সালের আইনানুসারে ব্যবসায়ের মার্কার যে রেজেষ্টরী বহি রাখা হয় তাহাতে যে কোন ব্যবসায়ের মার্কা রেজেষ্টরী করা হয় তাহা এবং মন্ত্রি সভাধিষ্ঠিত হইয়া প্রদত্ত হুকুম অনুসারে যে বৃটিশ অধিকারে বা ভিন্নরাজ্যে পেটেন্ট, ছক ও ব্যবসায়ের মার্কা বিষয়ক ১৮৮৩ সালের আইনের ১০৩ ধারার বিধান উপস্থিত সময়ে খাটান যাইতে পারে তথায় যে ব্যবসায়ের মার্কা রেজেষ্টরী হইয়া হউক বা না হইয়াই হউক আইন দ্বারা রক্ষিত হয় তাহাও বুঝাইবে।

স্বামিত্বের মার্কার কথা।

"৪৭৯ ধারা। কোন অস্থাবর সম্পত্তি কোন ব্যক্তি বিশেষের সম্পত্তি এই কথা জ্ঞাপনার্থ যে মার্কা ব্যবহার করা হয় তাহাকে স্বামিত্বের মার্কা বলে।

ব্যবসায়ের মিথ্যা মার্কা ব্যবহার করিবার কথা।

"৪৮০ ধারা। যদি কোন ব্যক্তি কোন মালে কিম্বা কোন মালভরা বাক্সে, বস্তায় বা অপর আধারে এমন করিয়া কোন মার্কা দেন কিম্বা মার্কা বিশিষ্ট কোন বাক্স, বস্তা বা অপর আধার এমন করিয়া ব্যবহার করেন যে তজ্জন্য এরূপ বিশ্বাস জন্মান যুক্তিযুক্তরূপে সম্ভব যে এইরূপে মার্কা করা মাল বা এই রূপে মার্কা করা আধারস্থিত মাল যে ব্যক্তি দ্বারা গড়া হয় নাই বা যে ব্যক্তির বাণিজ্য দ্রব্য নয় উহা সেই ব্যক্তি দ্বারা গড়া হইয়াছে বা উহা সেই ব্যক্তির বাণিজ্য দ্রব্য তাহা হইলে তিনি ব্যবসায়ের মিথ্যা মার্কা ব্যবহার করেন এই কথা বলা যায়।

স্বামিত্বের মিথ্যা মার্কা ব্যবহার করিবার কথা।

"৪৮১ ধারা। যদি কোন ব্যক্তি অস্থাবর সম্পত্তিতে বা মালে কিম্বা অস্থাবর সম্পত্তি বা মালভরা কোন বাক্সে, বস্তায় বা অপর আধারে এমন করিয়া মার্কা দেন অথবা কোন মার্কাযুক্ত বাক্স, বস্তা বা অপর আধার এমন করিয়া ব্যবহার করেন যে তজ্জন্য এরূপ বিশ্বাস জন্মান যুক্তিযুক্তরূপে সম্ভব যে এইরূপে মার্কা করা সম্পত্তি বা মাল বা এইরূপে মার্কা করা আধারস্থিত সম্পত্তি বা মাল যে ব্যক্তির নয় উহা সেই ব্যক্তির তাহা হইলে তিনি স্বামিত্বের মিথ্যা মার্কা ব্যবহার করেন এই কথা বলা যায়।

ব্যবসায়ের বা স্বামিত্বের মিথ্যা মার্কা ব্যবহার করিবার দণ্ডের কথা।

"৪৮২ ধারা। যে ব্যক্তি ব্যবসায়ের মিথ্যা মার্কা অথবা স্বামিত্বের মিথ্যা মার্কা ব্যবহার করেন তিনি যদি এরূপ প্রমাণ না করেন যে প্রতারণা করিবার অভিপ্রায়ে তিনি ঐরূপ করেন নাই তাহা হইলে তাঁহার এক বৎসরের অনধিক কালের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।

অপর ব্যক্তি কর্ত্তৃক ব্যবহৃত ব্যবসায়ের বা স্বামিত্বের মার্কা কৃত্রিম করিবার কথা।

"৪৮৩ ধারা। যদি কোন ব্যক্তি অপর কোন ব্যক্তি কর্ত্তৃক ব্যবহৃত কোন ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা কৃত্রিম করেন তাহা হইলে তাঁহার দুই বৎসরের অনধিক কালের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।

কোন রাজকীয় কার্য্যকারক কর্ত্তৃক ব্যবহৃত কোন মার্কা কৃত্রিম করিবার কথা।

"৪৮৪ ধারা। কোন রাজকীয় কার্য্যকারক যে স্বামিত্বের মার্কা ব্যবহার করেন যদি কোন ব্যক্তি তাহা কৃত্রিম করেন কিম্বা কোন সম্পত্তি কোন ব্যক্তি বিশেষ দ্বারা অথবা কোন বিশেষ সময়ে বা স্থানে প্রস্তুত করা হইয়াছে কিম্বা সম্পত্তিটী ভালমন্দ বিবেচনায় কোন একটী বিশেষ রকমের বা কোন একটী বিশেষ আপিসের ভিতর দিয়া চলিয়া গিয়াছে কিম্বা উহা কোন নিষ্কৃতি পাইতে স্বত্ববান এই কথা জ্ঞাপন করিবার নিমিত্ত কোন রাজকীয় কার্য্যকারক যে কোন মার্কা ব্যবহার করেন যদি কোন ব্যক্তি তাহা কৃত্রিম করেন কিম্বা এরূপ কোন [illegible] কৃত্রিম [illegible] জানিয়া যদি কোন ব্যক্তি তাহা প্রকৃত [illegible] ব্যবহার করেন তাহা হইলে তাঁহার অনধিক তিন বৎসরের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড হইবে এবং জরিমানাও হইতে পারিবে।

ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা কৃত্রিম করিবার জন্য কোন যন্ত্র প্রস্তুত করিবার বা দখলে রাখিবার কথা।

"৪৮৫ ধারা। যদি কোন ব্যক্তি কোন ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা কৃত্রিম করিবার জন্য কোন ছেনি, পাট বা অপর যন্ত্র প্রস্তুত করেন বা আপন দখলে রাখেন কিম্বা যে ব্যক্তি কোন মাল যে ব্যক্তি দ্বারা গড়া নয় বা যে ব্যক্তির বাণিজ্য দ্রব্য নয় উহা সেই ব্যক্তি দ্বারা

গড়া হইয়াছে বা উহা সেই ব্যক্তির বাণিজ্য দ্রব্য অথবা উহা যে ব্যক্তির নয় উহা সেই ব্যক্তির ইহা জ্ঞাপন করিবার জন্য কোন ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা আপন দখলে রাখেন তাঁহার অনধিক তিন বৎসরের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।

কৃত্রিম ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কাযুক্ত মাল বিক্রয় করিবার কথা।

"৪৮৬ ধারা। যে মালে বা দ্রব্য অথবা যে মালের বাক্সে বস্তায় বা অপর আধারে কোন কৃত্রিম ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা সংযুক্ত বা ছাপ দেওয়া থাকে যদি কোন ব্যক্তি সেই মাল বা দ্রব্য বিক্রয় করেন অথবা বিক্রয় করিবার নিমিত্ত কিম্বা ব্যবসায় বা শিল্পের কোন প্রয়োজনে প্রকাশ্য স্থানে রাখিয়া দেন বা আপন দখলে রাখেন তাহা হইলে তিনি যদি এরূপ প্রমাণ না করেন যে—

(ক) এই ধারার বিরুদ্ধে পাছে অপরাধ করা হয় তজ্জন্য সমস্ত যুক্তিযুক্তরূপ সতর্কতা অবলম্বন করিয়াও কথিত অপরাধ করিবার সময় মার্কার প্রকৃততা সন্দেহ করিবার তাঁহার কোন হেতু ছিল না। এবং

(খ) অভিযোগকারীর দ্বারা বা পক্ষে চাওয়া হইলে পর যে সকল ব্যক্তির নিকট হইতে তিনি ঐ সকল মাল বা দ্রব্য পাইয়াছিলেন তাহাদের সম্বন্ধে যত সন্ধান দেওয়া তাঁহার ক্ষমতায় ছিল তিনি তত সন্ধান দিয়াছেন। অথবা।

(গ) অন্যান্য বিষয়ে তিনি নির্দ্দোষভাবে কার্য্য করিয়াছেন তবে তাঁহার অনধিক এক বৎসরের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।

যে আধারে মাল থাকে তদুপরি মিথ্যা মার্কা দিবার কথা।

"৪৮৭ ধারা। যে বাক্স, বস্তা বা অপর আধারে মাল থাকে যদি কোন ব্যক্তি তদুপরি এমন করিয়া কোন মিথ্যা মার্কা দেন যে তজ্জন্য কোন রাজকীয় কার্য্যকারক বা অপর ব্যক্তির এরূপ বিশ্বাস জন্মান যুক্তিযুক্ত রূপে সম্ভব হয় যে ঐ আধারে যে মাল নাই উহাতে সেই মাল আছে কিম্বা যে মাল উহাতে আছে সে মাল উহাতে নাই অথবা ঐ আধারে যে মাল আছে তাহা প্রকৃত পক্ষে যে প্রকৃতির বা ভাল মন্দ বিবেচনায় যে রকমের [illegible] হইতে ভিন্ন প্রকৃতির বা রকমের তাহা হইলে যদি তিনি এরূপ প্রমাণ না করেন যে প্রতারণা করিবার অভিপ্রায়ে তিনি কার্য্য করেন নাই তবে তাঁহার অনধিক তিন বৎসরের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।

এরূপ মিথ্যা মার্কা ব্যবহার করিবার দণ্ডের কথা।

"৪৮৮ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারায় যে কোন প্রণালী নিষিদ্ধ হইয়াছে যদি কোন ব্যক্তি সেই প্রণালীতে এরূপ কোন মিথ্যা মার্কা ব্যবহার করেন তাহা হইলে তিনি যদি এরূপ প্রমাণ না করেন যে প্রতারণা করিবার অভিপ্রায়ে তিনি কার্য্য করেন নাই তবে তাঁহাকে এই ভাবে দণ্ডিত করা যাইবে যেন তিনি ঐ ধারার বিরুদ্ধে অপরাধ করিয়াছেন।

হানি করিবার অভিপ্রায়ে স্বামিত্বের মার্কা পরিবর্ত্তন করিবার কথা।

"৪৮৯ ধারা। কোন স্বামিত্বের মার্কা তুলিয়া ফেলিয়া, নষ্ট করিয়া, বিকৃত করিয়া বা উহাতে কিছু যোগ করিয়া কোন ব্যক্তির হানি করিবার অভিপ্রায়ে অথবা উহা তুলিয়া ফেলিলে, নষ্ট করিলে, বিকৃত করিলে বা উহাতে কিছু যোগ করিলে কোন ব্যক্তির হানি হওয়া সম্ভব জানিয়া যদি কোন ব্যক্তি উহা তুলিয়া ফেলেন, নষ্ট করেন, বিকৃত করেন বা উহাতে কিছু যোগ করেন তাহা হইলে তাঁহার অনধিক এক বৎসরের নিমিত্ত কোন এক প্রকারের কারাদণ্ড কিম্বা জরিমানা কিম্বা উভয় দণ্ড হইবে।"

## ব্যবসায়ের বিবরণের কথা।

ব্যবসায়ের মিথ্যা বিবরণের অর্থ সম্পূর্ণ করণার্থ বিধানের কথা।

৪ ধারা। (১) যে সকল সংখ্যা বাচক চিহ্ন শব্দ, বা মার্কা বা উহার বিন্যাস বা সংযোগ দেখিলে লোকের মনে এরূপ বিশ্বাস হওয়া যুক্তিসঙ্গত যে, ব্যবসায়ের মার্কা উহার অন্তর্গত হউক বা না হউক, উহা যে মালে লাগান যায় সে মাল প্রকৃতপক্ষে যে ব্যক্তির গড়া বা বাণিজ্যদ্রব্য, তাহা সেই ব্যক্তি হইতে কোন ভিন্ন ব্যক্তির গড়া বা বাণিজ্যদ্রব্য, মালে সেই সকল সংখ্যা বাচক চিহ্ন, শব্দ বা মার্কা বা উহার বিন্যাস বা সংযোগ লাগান সম্বন্ধে এবং যে মালে ঐ রূপ সংখ্যা বাচক চিহ্ন শব্দ বা মার্কা বা উহার বিন্যাস বা সংযোগ লাগান থাকে তৎসম্বন্ধে মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান সম্বন্ধীয় কিম্বা যে মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান হয় সেই মাল সম্বন্ধীয় এই আইনের বিধান সকল খাটিবে।

(২) মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান সম্বন্ধে কিম্বা যে মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান হয় তৎসম্বন্ধে এই আইনের যে সকল বিধান আছে তাহা এই ভাবে মালে কোন ব্যক্তির মিথ্যা নাম বা মিথ্যা নামের আদ্যক্ষর লাগান সম্বন্ধে এবং কোন ব্যক্তির মিথ্যা নাম বা মিথ্যা নামের আদ্যক্ষর যুক্ত মাল সম্বন্ধে খাটিবে যেন ঐ নাম বা নামের আদ্যক্ষরও ব্যবসায়ের বিবরণ হয়। এবং এই আইনের প্রয়োজনার্থ মিথ্যা নাম বা মিথ্যা নামের আদ্যক্ষর এই কথা মাল সম্বন্ধে ব্যবহৃত হইলে ইহাতে যে নাম বা নামের আদ্যক্ষর—

(ক) ব্যবসায়ের মার্কা বা ব্যবসায়ের মার্কার অংশ নয় সেই নাম বা নামের আদ্যক্ষর এবং

(খ) সেই রকম মালের কারবারে যে ব্যক্তি নিযুক্ত থাকেন এবং যিনি আপন নাম বা নামের আদ্যক্ষর ব্যবহার করিবার অনুমতি দেন নাই তাঁহার নামের বা নামের আদ্যক্ষরের সহিত এক হয় বা তাহার ভান রকম অনুকরণ হয় সেই নাম বা নামের আদ্যক্ষর—

বুঝাইবে।

(৩) যে ব্যবসায়ের বিবরণ এইরূপ জ্ঞাপন করে বা যাহার অর্থ এইরূপ যে, যে মালে উহা লাগান হয় তাহাতে যত মান গজ, মান ফুট ও মান ইঞ্চি আছে তাহাতে তদপেক্ষা বেশী গজ, ফুট বা ইঞ্চি আছে সেই ব্যবসায়ের বিবরণ ব্যবসায়ের মিথ্যা বিবরণ।

ব্যবসায়ের বিবরণ লাগাইবার কথা।

৫ ধারা। (১) যে ব্যক্তি—

(ক) মালের গায়ে ব্যবসায়ের বিবরণ লাগান। বা

(খ) যে আবরণ, লেবেল, রীল বা অপর জিনিষ বা জিনিষের সহিত মাল বিক্রয় করা হয় অথবা বিক্রয় করিবার জন্য কিম্বা ব্যবসায় বা শিল্পের কোন প্রয়োজনার্থ প্রকাশ্যস্থানে রাখিয়া দেওয়া হয় বা দখলে রাখা হয় তাহাতে ব্যবসায়ের বিবরণ লাগান। বা

(গ) যে আবরণ, লেবেল, রীল বা অপর জিনিষে ব্যবসায়ের বিবরণ লাগান হইয়াছে তাহাতে বা তাহা দিয়া যে মাল বিক্রয় করা হয় অথবা বিক্রয় করিবার জন্য কিম্বা ব্যবসায় বা শিল্পের কোন প্রয়োজনার্থ প্রকাশ্য স্থানে রাখিয়া দেওয়া হয় বা দখলে রাখা হয় সেই মাল রাখেন, মুড়েন বা সংলগ্ন করেন। বা

(ঘ) এমন করিয়া কোন ব্যবসায়ের বিবরণ ব্যবহার করেন যে তজ্জন্য এরূপ বিশ্বাস উৎপন্ন হওয়া যুক্তিযুক্ত রূপে সম্ভব যে, যে মাল সম্বন্ধে উহা ব্যবহার করা হয় তাহা ঐ ব্যবসায়ের বিবরণ দ্বারা আখ্যাত বা বর্ণিত হয়—

তিনি মালে ব্যবসায়ের বিবরণ লাগান বলিয়া বিবেচনা করা যাইবে।

(২) কোন ব্যবসায়ের বিবরণ মালে বা কোন আবরণে, লেবেলে, রীলে বা অপর জিনিষে বুনিয়া দেওয়া হইলেই কি, ছাপিয়া দেওয়া হইলেই কি অথবা প্রকারান্তরে বসাইয়া, সংযোগ করিয়া বা যুড়িয়া দেওয়া হইলেও কি উহা লাগান হইয়াছে বলিয়া বিবেচনা করা যাইবে।

(৩) "আবরণ" শব্দে ছিপি পিপে বোতল পাত্র বাক্স মোড়ক কেপসুল কেস ফ্রেম বা রেপারও বুঝাইবে এবং "লেবেল" শব্দে বন্দ বা টিকিটও বুঝাইবে।

ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগাইবার দণ্ডের কথা।

৬ ধারা। যদি কোন ব্যক্তি মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান তাহা হইলে এই আইনের বিধানাধীনে এবং যদি তিনি এরূপ প্রমাণ না করেন যে প্রতারণা করিবার অভিপ্রায়ে তিনি কার্য্য করেন নাই তবে তাঁহার অনধিক তিন মাসের নিমিত্ত কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অনধিক জরিমানা হইবে। এবং তাঁহার বিরুদ্ধে দ্বিতীয় বার কিম্বা পরবর্ত্তী অপরাধ সাব্যস্ত হইলে তাঁহার এক বৎসর পর্য্যন্ত কারাদণ্ড বা জরিমানা বা উভয় দণ্ড হইবে।

যে মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান থাকে তাহা বিক্রয় করিবার দণ্ডের কথা।

৭ ধারা। যে মালে বা দ্রব্যে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান হইয়াছে যদি কোন ব্যক্তি তাহা বিক্রয় করেন অথবা বিক্রয় করিবার নিমিত্ত কিম্বা ব্যবসায় বা শিল্পের কোন প্রয়োজনার্থ প্রকাশ্য স্থানে রাখিয়া দেন বা দখলে রাখেন তাহা হইলে তিনি যদি এরূপ প্রমাণ না করেন যে—

(ক) এই ধারার বিরুদ্ধে পাছে অপরাধ করা হয় তজ্জন্য সমস্ত যুক্তিযুক্ত সতর্কতা অবলম্বন করিয়াও কথিত অপরাধ করিবার সময় ব্যবসায়ের বিবরণের প্রকৃততা সন্দেহ করিবার তাঁহার কোন হেতু ছিল না। এবং

(খ) অভিযোগকারির দ্বারা বা পক্ষে চাওয়া হইলে পর যে সকল ব্যক্তির নিকট হইতে তিনি ঐ সকল মাল বা দ্রব্য পাইয়াছিলেন তাহাদের সম্বন্ধে যত সন্ধান দেওয়া তাঁহার ক্ষমতায় ছিল তিনি তত সন্ধান দিয়াছেন। অথবা

(গ) অন্যান্য বিষয়ে তিনি নির্দ্দোষভাবে কার্য্য করিয়াছেন—

তবে তাঁহার অনধিক তিন মাসের নিমিত্ত কারাদণ্ড কিম্বা দুইশত টাকার অনধিক জরিমানা হইবে। এবং তাঁহার বিরুদ্ধে দ্বিতীয়বার কিম্বা পরবর্ত্তী অপরাধ সাব্যস্ত হইলে তাঁহার এক বৎসর পর্য্যন্ত কারাদণ্ড বা জরিমানা বা উভয় দণ্ড হইবে।

## মার্কা ও বিবরণ সম্বন্ধীয় আইন উল্লঙ্ঘন করিবার অভিপ্রায়ে উল্লঙ্ঘন না করিবার কথা।

মার্কা ও বিবরণ সম্বন্ধীয় আইন উল্লঙ্ঘন করিবার অভিপ্রায়ে উল্লঙ্ঘন না করিবার কথা।

৮ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৮০ ধারা বা ৪৮১ ধারার মধ্যে যেখানে যে ধারা খাটে সেখানে সেই ধারায় যে প্রকার লিখিত আছে কোন ব্যক্তি সেই প্রকারে কোন মালে, সম্পত্তিতে কিম্বা আধারে কোন মার্কা লাগাইবার দরুন যদি ঐ আইনের ৪৮২ ধারানুসারে তাঁহার নামে এইরূপ অভিযোগ করা হয় যে তিনি ব্যবসায়ের মিথ্যা মার্কা বা স্বামিত্বের মিথ্যা মার্কা ব্যবহার করিয়াছেন, অথবা মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগাইয়াছেন বলিয়া যদি কোন ব্যক্তির নামে এই আইনের ৬ ধারানুসারে অভিযোগ করা হয়, অথবা ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা কৃত্রিম করিবার জন্য কোন ছেনি, পট্ট বা অপর যন্ত্র প্রস্তুত করিয়াছেন বলিয়া যদি কোন ব্যক্তির নামে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৮৫ ধারানুসারে অভিযোগ করা হয়, এবং সেই ব্যক্তি যদি এরূপ প্রমাণ করেন যে—

(ক) তিনি তাঁহার কর্ম্মের গতিকে অপর ব্যক্তিদিগের পক্ষে ব্যবসায়ের মার্কা বা স্বামিত্বের মার্কা বা ব্যবসায়ের [illegible] লাগাইবার জন্য, কিম্বা যদি [illegible] ব্যবসায়ের মার্কা বা স্বামি[illegible] মার্কা দিবার নিমিত্ত বা দিবার জন্য [illegible] নিমিত্ত ছেনি, পট্ট বা অপর যন্ত্র প্রস্তুত করিবার জন্য নিযুক্ত আছেন এবং যে বিষয় সম্বন্ধে অভিযোগ হইয়াছে সেই বিষয়ে তিনি ঐরূপে নিযুক্ত ছিলেন এবং মাল বা অপর দ্রব্য বিক্রয় হইলে তিনি উপস্বত্ব বা কমিশন পাইবার নিয়মে ঐ মালে বা অপর দ্রব্যে স্বার্থযুক্ত ছিলেন না। এবং

(খ) যে অপরাধের অভিযোগ হইয়াছে পাছে তাহা করিয়া ফেলেন সেই জন্য তিনি যুক্তিযুক্ত সতর্কতা অবলম্বন করিয়াছেন এবং

(গ) যে সময়ে কথিত অপরাধ করা হইয়াছিল সেই সময়ে তাঁহার মার্কা বা বিবরণের প্রকৃততা সন্দেহ করিবার কোন হেতু ছিল না। এবং

(ঘ) অভিযোগকারীর দ্বারা বা পক্ষে চাওয়া হইলে পর যে সকল ব্যক্তির পক্ষে মার্কা বা বিবরণ লাগান হইয়াছিল তাহাদের সম্বন্ধে যত সন্ধান দেওয়া তাঁহার ক্ষমতায় ছিল তিনি তত সন্ধান দিয়াছেন—

তাহা হইলে তাঁহাকে মুক্ত করিয়া দেওয়া যাইবে।

মাল জব্দ করিবার কথা।

মাল জব্দ করিবার কথা।

৯ ধারা। (১) যদি কোন ব্যক্তি ব্যবসায়ের মিথ্যা মার্কা ব্যবহার করিয়াছেন বলিয়া ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৮২ ধারানুসারে অপরাধী সাব্যস্ত হন, কিম্বা ব্যবসায়ের কৃত্রিম মার্কা যুক্ত মাল বা বস্তু বিক্রয় করিয়াছেন বা বিক্রয় করিবার জন্য কিম্বা ব্যবসা বা শিল্পের প্রয়োজনার্থ প্রকাশ্যস্থানে রাখিয়া দিয়াছেন বা দখলেরাখিয়াছেন বলিয়া ঐ আইনের ৪৮৬ ধারানুসারে অপরাধী সাব্যস্ত হন, কিম্বা মিথ্যা মার্কা দিয়াছেন বা ব্যবহার করিয়াছেন বলিয়া ঐ আইনের ৪৮৭ বা ৪৮৮ ধারা অনুসারে অপরাধী সাব্যস্ত হন, কিম্বা মালে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগাইয়াছেন বলিয়া অথবা যে মালে বা বস্তুতে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান থাকে তাহা বিক্রয় করিয়াছেন বা বিক্রয় করিবার জন্য বা ব্যবসায় বা শিল্পের প্রয়োজনার্থ প্রকাশ্য স্থানে রাখিয়া দিয়াছেন বা দখলে রাখিয়াছেন বলিয়া এই আইনের ৬ ধারা বা ৭ ধারা অনুসারে অপরাধী সাব্যস্ত হন, কিম্বা ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৮৬ ধারার বা এই আইনের ৭ ধারা বা ৮ ধারায় যে বিষয় বা বিষয়গুলির নির্দ্দেশ আছে তাহা প্রমাণ হওয়া ক্রমে মুক্তিলাভ করেন, তাহা হইলে যে আদালত তাঁহাকে অপরাধী সাব্যস্ত করেন বা মুক্ত করিয়া দেন সেই আদালত এইরূপ আদেশ করিতে পারিবেন যে যে সকল মাল ও বস্তুর দ্বারা বা সম্বন্ধে অপরাধ করা হইয়াছে, অথবা, উপরোক্তমত প্রমাণের অভাবে, করা হইত সেই সকল মাল ও বস্তু শ্রীশ্রীমতীর পক্ষে জব্দ করা যাইবে।

(২) যে স্থলে অপরাধ সাব্যস্ত করাক্রমে জব্দ করিবার আদেশ করা হ[illegible] অপরাধ সাব্যস্ত করার বিরুদ্ধে আপীল চলে[illegible]লে জব্দ করিবার আদেশের বিরুদ্ধে আপীল [illegible]।

(৩) যে স্থলে নিষ্কৃতি দেওয়া ক্রমে জব্দ করিবার আদেশ করা হয় এবং যে মাল বা বস্তু সম্বন্ধে ঐ আদেশ করা হয় তাহার মূল্য পঞ্চাশ টাকার অধিক হয় সে স্থলে যে আদালত জব্দ করিবার আদেশ করেন সেই আদালতের দণ্ডাজ্ঞার বিরুদ্ধে আপীলের যোগ্য মোকদ্দমায় যে আদালতে আপীল চলে সেই আদালতে ঐ আদেশের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে জব্দ করিবার আদেশের বিরুদ্ধে আপীল উপস্থিত করা যাইতে পারিবে।

সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইন সংশোধন করিবার কথা।

১৮৭৮ সালের ৮ আইনের ১৮ ধারা সংশোধন করিবার কথা।

১০ ধারা। সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৮ ধারার (ঘ) দফার পরিবর্ত্তে নিম্নলিখিত দফা দুইটি বসিবে, অর্থাৎ :—

"(ঘ) যে মালে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের অর্থানুসারে ব্যবসায়ের কৃত্রিম মার্কা লাগান থাকে কিম্বা ভারতবর্ষীয় বাণিজ্য দ্রব্যের মার্কা বিষয়ক ১৮৮৯ সালের আইনের অর্থানুসারে ব্যবসায়ের মিথ্যা বিবরণ লাগান থাকে।

(ঙ) যে মাল ইউনাইটেড কিংডম ও বৃটিশ ভারতবর্ষের সীমার বাহিরে তৈয়ার বা উৎপন্ন করা হইয়াছে এবং যাহাতে এমন নাম বা ব্যবসায়ের মার্কা লাগান থাকে যাহা ইউনাইটেড কিংডম বা বৃটিশ ভারতবর্ষস্থিত কোন শিল্পকার, কারবারী বা ব্যবসায়ীর নাম বা ব্যবসায়ের মার্কা হয় কিম্বা নাম বা ব্যবসায়ের মার্কা হয় বলিয়া বুঝা যায় কিম্বা নাম বা ব্যবসায়ের মার্কার ভাল রকম অনুকরণ হয়। কিন্তু—

(৴) যে যে স্থলে নাম বা ব্যবসায়ের মার্কা লাগান হয় সেই সেই স্থলেই যদি তাহার সঙ্গে ইউনাইটেড কিংডম ও বৃটিশ ভারতবর্ষের সীমার বাহিরের কোন স্থানে তৈয়ার বা উৎপন্ন হওয়ার একটি নির্দ্দিষ্ট নিদর্শন থাকে। এবং

(৵) নাম বা ব্যবসায়ের মার্কার কোন অক্ষর যত বড় ও জাজ্বল্যমান থাকে যদি তত বড় ও জাজ্বল্যমান অক্ষরে এবং নাম বা ব্যবসায়ের মার্কা যে ভাষায় ও যে ভাষার অক্ষরে লেখা থাকে সেই ভাষায় ও সেই ভাষার অক্ষরে সেই স্থান এবং উহা যে দেশে অবস্থিত তাহা সেই নিদর্শনে প্রদর্শিত হয়—

তাহা হইলে মাল বৃটিশ ভারতবর্ষে আনা যাইতে পারিবে।"

(২) সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৮ ধারা (১) প্রকরণ ক্রমে যে ভাবে সংশোধিত হইল তাহাতে নিম্নলিখিত দফাটি যোগ করিতে হইবে, অর্থাৎ :—

"(চ) দৈর্ঘ্য বা পীস হিসাবে সচরাচর বিক্রীত হয় এমন :—

(৴) যে সকল পীস-গুডের প্রত্যেক পীসের প্রকৃত দৈর্ঘ্য অনুসারে তাহার দৈর্ঘ্য যত মানগজ ও মান গজের ভগ্নাংশ হয় তাহা তদুপরি ইংরাজি সংখ্যাবাচক চিহ্নে জাজ্বল্যমানরূপে ছাপ দেওয়া না থাকে সেই সকল পীস-গুড। এবং

(৵) যে সকল পীস-গুড ভারতবর্ষের সীমার বাহিরে করা হইয়াছে। অথবা

(ঘ) যে সকল পীস-গুড ঐ সীমার মধ্যে নির্ম্মিত হইয়া বৃটিশ ভারতবর্ষের সীমার বাহিরে এমন প্রেমিসে নির্ম্মিত হইয়াছে যাহা বৃটিশ ভারতবর্ষের মধ্যে অবস্থিত হইলে ভারতবর্ষীয় কারখানা বিষয়ক ১৮৮১ সালের আইনের অর্থনির্দ্দেশ অনুসারে কারখানা হয়।"

১৮৭৮ সালের ৮ আইনের ১৯ ধারার পরে একটী ধারা যোগকরিবার কথা।

১১ ধারা। সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৯ ধারার পর নিম্নলিখিত ধারাটী যোগ করিতে হইবে।

অর্থাৎ:—

"১৯ক ধারা। (১) ১৮ ধারা ও ১৯ ধারার মধ্যে যেখানে যে ধারা খাটে সেখানে সেই ধারানুসারে যে কোন মাল নির্দ্দিষ্ট হয় বা হইতে পারে তাহা আটক করিবার পূর্ব্বে অথবা এই আইনানুসারে তাহা জব্দ করিবার অভিপ্রায়ে অন্য কোন কার্য্যের অনুষ্ঠান করিবার পূর্ব্বে কষ্টমের প্রধান কর্ম্মচারী বা স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক এতৎপক্ষে নিযুক্ত অপর কর্ম্মচারী এইরূপ আদেশ করিতে পারিবেন যে, ঐ ধারানুযায়ী সম্বাদ সম্বন্ধীয়ই কি, সিকিউরিটি সম্বন্ধীয়ই কি নিয়ম সম্বন্ধীয়ই কি, আর অপর বিষয় সম্বন্ধীয়ই কি, সমস্ত ব্যবস্থানুসারে কার্য্য করিতে হইবে, এবং যে প্রকারের মাল আমদানি করা নিষিদ্ধ মালগুলি যে সেই প্রকারের মাল তদ্বিষয়ে যাহাতে নিজের প্রতীতি হয় ঐ সকল ব্যবস্থানুসারে তাহা করিতে পারিবেন।

(২) যে মাল আমদানি করা নিষেধ করা যায় তাহা আটক ও জব্দ করা সম্বন্ধীয় এবং ঐরূপ আটক বা জব্দ করিবার পূর্ব্বে যদি কোন নিয়ম প্রতিপালন করিতে হয় তবে সেই নিয়ম সম্বন্ধীয় সাধারণ বা বিশেষ ব্যবস্থা সকল মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব প্রণয়ন করিতে পারিবেন। এবং যে সম্বাদ নুটিস ও সিকিউরিটি দিতে হইবে এবং এই ধারার কোন প্রয়োজনার্থ যে প্রমাণ আবশ্যক হইবে এবং যে প্রণালীতে সেই প্রমাণের সত্যতা নিরূপিত হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহা ঐ সকল ব্যবস্থায় স্থির করিয়া দিবেন।

(৩) যদি কোন মালের উপর এমন কোন নাম থাকে যাহা ইউনাইটেড কিংডম বা বৃটিশ ভারতবর্ষস্থিত কোন স্থানের নামের সহিত এক হয় বা উহার সম্ভবনীয় অনুকরণ হয় এবং ঐ স্থান যে দেশে থাকে যদি সেই দেশের নাম ঐ নামের সঙ্গে তেমনি বড় ও জাজ্জল্যমান অক্ষরে এবং সেই ভাষায় ও সেই ভাষার অক্ষরে দেওয়া না থাকে তাহা হইলে ১৮ ও ১৯ ধারার প্রয়োজনার্থে ঐ নামটীকে ইউনাইটেড কিংডম বা বৃটিশ ভারতবর্ষস্থিত কোন স্থানের নাম গণ্য করিয়া কার্য্য করা যাইবে।

(৪) ১৮ ধারা বা ১৯ ধারা অনুসারে যে সমস্ত মাল আমদানি করা নিষিদ্ধ হয় ঐ সকল ব্যবস্থা সেই সমস্ত মাল সম্বন্ধে খাটিতে পারিবে অথবা এরূপ মালের ভিন্ন ভিন্ন শ্রেণী সম্বন্ধে বা এরূপ মাল সম্বন্ধীয় ভিন্ন ভিন্ন শ্রেণীর অপরাধ সম্বন্ধে ভিন্ন ভিন্ন ব্যবস্থা করা যাইতে পারিবে।

(৫) কোন সম্বাদদাতার সম্বাদ দেওয়া মতে কোন মাল আটক করা সম্বন্ধে এবং ঐরূপ আটক করিবার দরুণ কোন কার্য্যানুষ্ঠান করা সম্বন্ধে যে সমস্ত খরচ ও খেসারত দিতে হয় কোন সরকারী কর্ম্মচারী এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটারী, সাহেবকে সম্বাদদাতা তাহা ফেরত দিবেন। ব্যবস্থাগুলিতে এইরূপ বিধান করা যাইতে পারিবে।

(৬) এই ধারানুযায়ী সমস্ত ব্যবস্থা ইণ্ডিয়া গেজেটে এবং কলিকাতা, ফোর্ট সেণ্ট জর্জ, বোম্বাই ও বর্ম্মা গেজেটে প্রকাশ করা যাইবে।

### বৃটিশ ভারতবর্ষের মধ্যে নির্ম্মিত পীস-গুডের দৈর্ঘ্যের ছাপ দিবার কথা

বৃটিশ ভারতবর্ষের মধ্যে নির্ম্মিত পীস-গুডের দৈর্ঘ্যের ছাপ দিবার কথা।

১২ ধারা। (১) দৈর্ঘ্য বা পীস হিসাবে সচরাচর বিক্রীত হয় এরূপ যে সমস্ত পীস-গুড এমন প্রেমিসে তৈয়ার করা হইয়াছে যাহা ভারতবর্ষীয় কারখানা বিষয়ক ১৮৮১ সালের আইনের অর্থ নির্দ্দেশ অনুসারে কারখানা বলা যায় তাহার প্রত্যেক পীসের প্রকৃত দৈর্ঘ্য অনুসারে তাহার দৈর্ঘ্য যত মানগজ বা যত মানগজ ও মানগজের ভগ্নাংশ হয় তাহা ইংরাজি সংখ্যাবাচক চিহ্নে তদুপরি জাজ্জ্বল্যমানভাবে ছাপিয়া দেওয়া না হইলে এরূপ পীস-গুড ঐ প্রেমিস হইতে স্থানান্তরিত করা হইবে না।

(২) এরূপ প্রত্যেক পীস-গুডের দৈর্ঘ্য (১) প্রকরণের লিখিত প্রণালীতে তদুপরি ছাপিয়া না দেওয়ার স্থলে যদি কোন ব্যক্তি ঐরূপ কোন পীস-গুড ঐরূপ কোন প্রেমিস হইতে স্থানান্তরিত করেন বা স্থানান্তরিত করিবার চেষ্টা করেন তাহা হইলে ঐরূপ প্রত্যেক পীস এবং তাহা বস্তাবন্দি বা স্থানান্তরিত করিবার জন্য যাহা কিছু ব্যবহার করা হয় তাহা শ্রীশ্রীমতীর পক্ষে জব্দ করা যাইবে এবং সেই ব্যক্তির এক সহস্র টাকা পর্য্যন্ত জরিমানা হইবে।

### পরিশিষ্ট বিধান।

সমুদ্রপথদিয়া আমদানি করা মালের উৎপত্তির প্রমাণের কথা।

১৩ ধারা। যে সকল মাল সমুদ্রপথদিয়া বৃটিশ ভারতবর্ষে আনা হয় সেই সকল মাল সম্বন্ধে এই আইনের বিরুদ্ধে বা এই আইনের দ্বারা সংশোধিত সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের ১৮ ধারার বিরুদ্ধে কোন অপরাধের অভিযোগে শিপমেণ্টের বন্দর সম্বন্ধীয় প্রমাণ যে স্থানে বা দেশে ঐ সকল মাল প্রস্তুত করা [illegible] উৎপন্ন হয় সেই স্থান বা দেশ সম্বন্ধে স্বতঃ[illegible] হইবে।

অভিযুক্ত ব্যক্তির বা অভিযোগকারীর পক্ষের খরচার কথা।

১৪ ধারা। (১) ঠিক পূর্ব্বব[illegible] যেরূপ অভিযোগের [illegible] লিখিত হইল সেইরূপ কোন অভিযোগে বা ব্যবসায়ের স্বামিত্বের বা অপর মার্কা সম্বন্ধীয় এই আইনের দ্বারা সংশোধিত ভারতবর্ষের দণ্ডবিধির আইনের কোন ধারার বিরুদ্ধে কোন অপরাধের অভিযোগে আদালত অভিযুক্ত ব্যক্তি যে সম্বাদ দিয়াছেন এবং অভিযোগকারী যেরূপ আচরণ করিয়াছেন তাহা বিবেচনা করিয়া এইরূপ হুকুম করিতে পারিবেন যে অভিযোগকারী অভিযুক্ত ব্যক্তিকে খরচা দিবেন কিম্বা অভিযুক্ত ব্যক্তি অভিযোগকারিকে খরচা দিবেন।

(২) আদালতে দরখাস্ত করিয়া এইরূপ খরচা জরিমানা স্বরূপ আদায় করা যাইতে পারিবে।

১৫ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী ধারায় যেরূপ অভিযোগের উল্লেখ আছে অপরাধ কৃত হইবার ঠিক পরে তিন বৎসর বা অভিযোগকারী অপরাধকৃত হওয়া কথা জানিবার পর এক বৎসর, এই দুইটী সময়ের মধ্যে যে সময়টী অগ্রে অতীত হয় সেই সময়ের পরে সেরূপ অভিযোগ আরম্ভ করা হইবে না।

অভিযোগের মিয়াদের কথা।

১৬ ধারা। (১) এই আইনের বিধান কার্য্যে পরিণত করিবার জন্য ফৌজদারী আদালত সমূহ মানিয়া চলিবেন বলিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে ও স্থানীয় রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া উপদেশ প্রচার করিতে পারিবেন।

এই আইন কার্য্যে পরিণত করিবার জন্য যে সকল উপদেশ মত চলিতে হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের তাহা প্রচার করিবার ক্ষমতার কথা।

(২) কোন মাল সম্বন্ধে সংখ্যা, পরিমাণ, মাপ, কুৎ বা ওজনের যত কমবেশী করা যাইতে পারিবে বলিয়া ফৌজদারী আদালত সমূহ কর্ত্তৃক স্বীকৃত হইবে (১) প্রকরণানুযায়ী উপদেশে অন্যান্য বিষয়ের মধ্যে তৎসম্বন্ধেও বিধান করা যাইতে পারিবে।

১৭ ধারা। যে মালে কোন ব্যবসায়ের মার্কা বা মার্কা বা ব্যবসায়ের বিবরণ লাগান হইয়াছে তাহা বিক্রয় করিলে কিম্বা বিক্রয় করিবার চুক্তি করিলে মার্কাটী যে প্রকৃত মার্কা এবং কৃত্রিম বা মিথ্যা করিয়া ব্যবহৃত মার্কা নয় অথবা ব্যবসায়ের বিবরণটী এই আইনের অর্থানুসারে যে ব্যবসায়ের মিথ্যা বিবরণ নয় বিক্রেতা তাহা ওয়ারান্ট করিয়াছেন বলিয়া বিবেচনা করা যাইবে। কিন্তু বিক্রেতাদ্বারা বা তাঁহার পক্ষে স্বাক্ষরিত এবং বিক্রয় বা চুক্তির সময় ক্রেতাকে প্রদত্ত এবং তাঁহা দ্বারা গৃহীত কোন লিখনে যদি বিপরীত কথা ব্যক্ত করা হয় তাহা হইলে ঐরূপ বিবেচনা করা যাইবে না।

মার্কাযুক্ত মাল বিক্রয়ে ভাবওয়ারাণ্টীর কথা।

১৮ ধারা। (১) এই আইনের বিধানের অভাবে কোন ব্যক্তির বিরুদ্ধে যে মোকদ্দমা বা অপর অনুষ্ঠানে উপস্থিত করা যাইতে পারিত এই আইনের কোন বিধান তাঁহাকে তাহা হইতে নিষ্কৃতি দিবে না।

বাঁচাইবার কথা।

(২) এই আইনের কোন বিধান কোন ব্যক্তিকে কোন মোকদ্দমায় বা অপর অনুষ্ঠানে সমস্ত কথা প্রকাশ করিতে বা কোন প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করিতে স্বত্ববান করিবে না। কিন্তু যে সকল কথা এই রূপে প্রকাশ করা হয় অথবা এরূপ উত্তর ১৪ ধারার যেরূপ অভিযোগের উল্লেখ আছে সেরূপ কোন অভিযোগে ঐ ব্যক্তির বিরুদ্ধে প্রমাণ স্বরূপ গ্রহণ করা যাইতে পারিবে না।

(৩) বৃটিশ ভারতবর্ষে বাস করেন এমন প্রভুর যে চাকর সরল ভাবে ঐ প্রভুর আদেশ মানিয়া কার্য্য করেন এবং কোন অভিযোগকারি দ্বারা বা তাঁহার পক্ষে চাওয়া হইলে তাঁহার প্রভু সম্বন্ধে এবং তাঁহার প্রভুর নিকট হইতে তিনি যে সকল উপদেশ পাইয়াছেন তৎসম্বন্ধে সমস্ত সম্বাদ দেন এই আইনের কোন বিধানের যেরূপ অর্থ করিলে সেই চাকরকে অভিযোগের দায়ে পড়িতে হয় বা দণ্ডনীয় হইতে হয় এই আইনের কোন বিধানের সেরূপ অর্থ করা যাইবে না।

### স্বল্পকালস্থায়ী বিধান।

১৯ ধারা। এই আইনদ্বারা সংশোধিত সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ১৮ ধারার (চ) দফায় যেরূপ পীস-গুড বর্ণিত আছে তাহা বৃটিশ ভারতবর্ষে আনয়ন করা নিষেধ করিয়া যে বিধান করা গিয়াছে তাহা ১৮৮৯ সালের আগষ্ট মাসের প্রথম দিবস পর্য্যন্ত কার্য্যে পরিণত করা হইবে না। এবং ১৮৮৯ সালের এপ্রেল মাসের প্রথম দিবসের পূর্ব্বে কোন কারখানায় যে সকল পীস-গুডের গাঁইট বাঁধা হইয়াছে সেই সকল পীস-গুড সম্বন্ধে ১২ ধারার বিধানগুলি ১৮৮৯ সালের জুলাই মাসের প্রথম দিবস পর্য্যন্ত স্থগিদ থাকিবে।

যে সকল পীস-গুডে ছাপ না থাকে তৎসম্বন্ধে এই আইন যে তারিখে আরম্ভ হইবে তাহার কথা।

এস, হার্বি জেম্‌স্‌,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটরী।

# ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

## ব্যবস্থা বিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনটী ১৮৮৯ সালের ৮ই মার্চ্চ তারিখে মন্ত্রিবর শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় সাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচার করা গেল।—

### ১৮৮৯ সালের ৬ আইন।

১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইন, আদালতের রসুমের ১৮৭০ সালের আইন এবং ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইন সংশোধন করণার্থ এবং অপর কোন কোন বিষয় সম্বন্ধে বিধান করণার্থ আইন।

১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন, প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইন, আদালতের রসুমের ১৮৭০ সালের আইন এবং ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইন সংশোধন করা এবং অপর কোন কোন বিষয় সম্বন্ধে বিধান করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিতমত বিধান করা গেল।

নাম, ব্যাপ্তি এবং আরম্ভের কথা।

১ ধারা। (১) এই আইনটীকে প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮৯ সালের আইন বলা যাইতে পারিবে।

(২) ইহা (সান ইষ্টেট বাদে উত্তর ব্রহ্ম সুদ্ধ) সমস্ত বৃটিশ ভারতবর্ষে খাটিবে। এবং

(৩) ইহা অবিলম্বে প্রবল হইবে।

১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন।

১৮৬৫ সালের ১০ আইনের ২৩৪ ধারা সংশোধন করিবার কথা।

২ ধারা। ১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের ২৩৪ ধারার ব্যাখ্যার চতুর্থ দফার পর নিম্নলিখিত দফাটী যোগ করিতে হইবে, অর্থাৎঃ—

"৫। যে ব্যক্তিকে ক্ষমতা দান করা হইয়াছে তিনি ইচ্ছা করিয়া এবং যুক্তিযুক্ত হেতু ব্যতিরেকে চতুস্ত্রিংশ ভাগের বিধানানুসারে তালিকা বা হিসাব প্রদর্শন করিতে ত্রুটি করিয়াছেন অথবা ঐ ভাগানুসারে এমন একখানি তালিকা বা হিসাব প্রদর্শন করিয়াছেন যাহা কোন গুরুতর বিষয়ে অসত্য।"

১৮৬৫ সালের ১০ আইনের ২৪৪ ধারা সংশোধন করিবার কথা।

৩ ধারা। ঐ আইনের ২৪৪ ধারায় "এবং তন্মধ্যে নামের উল্লেখ দ্বারা নির্দ্দিষ্ট অছি প্রার্থনাকারি আমিআছি" এই শব্দগুলির পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসিবে, অর্থাৎ—

"প্রার্থনাকারির হস্তে যত পাওনা টাকা আসা সম্ভব, ও চরমপত্রে যে অছির নাম উল্লেখ করা আছে, প্রার্থনাকারীই সেই অছি,।"

১৮৬৫ সালের ১০ আইনের ২৫৪ ধারা সংশোধন করিবার কথা।

৪ ধারা। ১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের ২৫৪ ধারার শেষ চৌত্রিশটী শব্দের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসিবে, অর্থাৎ:—

"ও তিনি তাহা নির্ব্বাহ করিতে এবং প্রবেট দিবার তারিখ হইতে ছয় মাসের মধ্যে অথবা আদালত সময়ে সময়ে যে অতিরিক্ত সময় ধার্য্য করেন তাহার মধ্যে উক্ত সম্পত্তি ও পাওনা টাকার একখানি সম্পূর্ণ ও যথার্থ তালিকা প্রস্তুত করিতে এবং এই আদালতে তাহা দেখাইতে স্বীকার করিয়াছেন এবং ঐ তারিখ হইতে এক বৎসরের মধ্যে অথবা আদালত সময়ে সময়ে যে অতিরিক্ত সময় ধার্য্য করেন তাহার মধ্যে এই আদালতে উক্ত সম্পত্তি ও পাওনা টাকার যথার্থ হিসাব দিতেও স্বীকার করিয়াছেন।

১৮৬৫ সালের ১০ আইনের ২৫৫ ধারা সংশোধন করিবার কথা।

৫ ধারা। ঐ আইনের ২৫৫ ধারার শেষ পঁয়ত্রিশটী শব্দের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দ গুলি বসিবে, অর্থাৎ:—

"ও তিনি তাহা নির্ব্বাহ করিতে এবং এই প্রবেট দিবার তারিখ হইতে ছয় মাসের মধ্যে অথবা আদালত সময়ে সময়ে যে অতিরিক্ত সময় ধার্য্য করেন তাহার মধ্যে উক্ত সম্পত্তি ও পাওনা টাকার এক খানি সম্পূর্ণ ও যথার্থ তালিকা প্রস্তুত করিতে এবং এই আদালতে তাহা দেখাইতে স্বীকার করিয়াছেন এবং ঐ তারিখ হইতে এক বৎসরের মধ্যে অথবা আদালত সময়ে সময়ে যে অতিরিক্ত সময় ধার্য্য করেন তাহার মধ্যে এই আদালতে উক্ত সম্পত্তি ও পাওনা টাকার যথার্থ হিসাব দিতেও স্বীকার করিয়াছেন।"

১৮৬৫ সালের ১০ আইনের ২৫৬ ধারা সংশোধন করিবার কথা।

৬ ধারা। [illegible] সংশোধন অনাবশ্যক [illegible]

১৮৬৫ সালের ১০ আইনের ২৭৭ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

[illegible]। ঐ আইনের ২৭৭ [illegible] পরিবর্ত্তে নিম্নলিখিত ধা[illegible] বসিবে, অর্থাৎ :—

"২৭৭ ধারা। (১) প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতা পত্র দিবার পর ছয় মাসের মধ্যে অথবা যে আদালত প্রবেট বা পত্র দেন সেই আদালত সময়ে সময়ে অতিরিক্ত যে সময় ধার্য্য করেন সেই সময়ের মধ্যে অছি বা ধনাধ্যক্ষ সেই আদালতে এমন একখানি তালিকা দেখাইবেন যাহাতে দখলস্থিত সমস্ত সম্পত্তির এক খানি সম্পূর্ণ ইষ্টিমেট থাকে এবং সমস্ত পাওনা টাকার এবং কোন ব্যক্তি কর্ত্তৃক দেয় যে সমস্ত দেনার টাকা অছি বা ধনাধ্যক্ষ অছি বা ধনাধ্যক্ষ স্বরূপ

তালিকা ও হিসাবের কথা।

পাইতে অনুবান তাহার বিবরণ দেখাইবেন এবং সেই প্রকারে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতা পত্র দিবার পর এক বৎসরের মধ্যে অথবা উক্ত আদালত সময়ে সময়ে যে অতিরিক্ত সময় ধার্য্য করেন সেই সময়ের মধ্যে অছি বা ধনাধ্যক্ষ ইষ্টেটের এমন একখানি হিসাব দেখাইবেন যাহাতে তাঁহার হস্তে আগত সমস্ত সংস্থান এবং সেই সমস্ত সংস্থানের যে প্রয়োগাদি করা হইয়াছে তাহা প্রদর্শিত থাকে।

"(২) এই ধারানুযায়ী তালিকা বা হিসাব যে পাঠে দেখাইতে হইবে হাই কোর্ট তাহা সময়ে সময়ে নির্দ্দেশ করিয়া দিতে পারিবেন।

"(৩) যদি কোন অছি বা ধনাধ্যক্ষ এই ধারানুসারে তালিকা বা হিসাব দেখাইতে আদিষ্ট হইয়া ইচ্ছা করিয়া আদেশ পালন করিতে ত্রুটি করেন তাহা হইলে তিনি ভারতবর্ষের দণ্ড বিধির আইনের ১৭৬ ধারার লিখিত অপরাধ করিয়াছেন বলিয়া বিবেচনা করা যাইবে।

"(৪) ইচ্ছা করিয়া এই ধারানুসারে মিথ্যা তালিকা বা হিসাব প্রদর্শনকরাকে ভারতবর্ষের দণ্ড বিধির আইনের ১৯৩ ধারানুযায়ী অপরাধ বলিয়া বিবেচনা করা যাইবে।"

৮ ধারা। ঐ আইনের ২৭৭ ক ধারায় "পাইবার প্রার্থনা হইলে" এই শব্দ গুলির পরিবর্ত্তে "প্রদত্ত হইয়া থাকিলে" এই শব্দ গুলি বসিবে এবং "১৮৭১ সালের আপ্রিল মাসের প্রথম দিবসের পর যে ব্যক্তি দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র প্রার্থনা করেন তিনি" এই সকল শব্দ ও অঙ্কের পরিবর্ত্তে "ধনাধ্যক্ষ" এই শব্দ বসিবে।

১৮৬৫ সালের ১০ আইনের ২৭৭ ক ধারা সংশোধন করিবার কথা।

৯ ধারা। (১) ঐ আইনের ২৮৩ ধারায় "তাঁহার নিবাস স্বত্ব যে দেশে ছিল সেই দেশের" এই শব্দগুলির পরিবর্ত্তে "বৃটিশ ভারতবর্ষ" এই দুইটী শব্দ বসিবে।

১৮৬৫ সালের ১০ আইনের ২৮৩ ধারা সংশোধন করিবার কথা।

(২) ঐ ধারার উদাহরণ এতদ্দ্বারা উঠাইয়া দেওয়া গেল।

১০ ধারা। ঐ আইনে নিম্নলিখিত ধারাটী যোগ করিতে হইবে, অর্থাৎ :—

১৮৬৫ সালের ১০ আইনে ধারা যোগ করিবার কথা।

"৩৩১ ধারা। (১) য[illegible] প্রবেট বা ধনাধ্যক্ষতার [illegible] দান এই আইনানু[illegible] তাহার বা অনিচ্ছ[illegible] তাহা হইলে যে ব্যক্তি[illegible] দান করা হইয়াছে তিনি [illegible] আদালত ঐ দান করিয়াছিলেন সেই আদালতকে ঐ প্রবেট বা পত্র তৎক্ষণাৎ প্রত্যার্পণ করিবেন।

প্রত্যাহার করা প্রবেট বা ধনাধ্যক্ষতার [illegible]পত্র প্রত্যার্পণ করিবার কথা।

"(২) যদি সেই ব্যক্তি ইচ্ছা করিয়া এবং যুক্তিযুক্ত কারণ ব্যতিরেকে এইরূপে প্রবেট বা পত্র প্রত্যার্পণ করিতে ত্রুটি করেন তাহা হইলে তাঁহার এক সহস্র টাকা পর্য্যন্ত জরিমানা বা তিনমাস পর্য্যন্ত দুই প্রকার কারাদণ্ডের মধ্যে এক প্রকার কারাদণ্ড বা উভয়দণ্ড হইবে।"

## প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইন।

১১ ধারা। প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনের ৫০ ধারার ব্যাখ্যার ৪ দফার পরে নিম্নলিখিত দফাটী যোগ করিতে হইবে, অর্থাৎ :—

১৮৮১ সালের ৫ আইনের ৫০ ধারা সংশোধন করিবার কথা।

"৫। যে ব্যক্তিকে ক্ষমতা দান করা হইয়াছে তিনি ইচ্ছা করিয়া এবং যুক্তিযুক্ত হেতু ব্যতিরেকে এই আইনের সপ্তম অধ্যায়ের বিধানানুসারে তালিকা বা হিসাব প্রদর্শন করিতে ত্রুটি করিয়াছেন অথবা ঐ অধ্যায়ানুসারে এমন একখানি তালিকা বা হিসাব প্রদর্শন করিয়াছেন যাহা কোন গুরুতর বিষয়ে অসত্য।"

১২ ধারা। প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনের ৭৬ ধারার যে অংশের প্রারম্ভে "ও তিনি তাহা নির্ব্বাহ করিতে" এই শব্দগুলি আছে এবং শেষে "দিতে স্বীকার করিয়াছেন" এই শব্দগুলি আছে সেই অংশের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসিবে অর্থাৎ :—

১৮৮১ সালের ৫ আইনের ৭৬ ধারা সংশোধন করিবার কথা।

"ও তিনি তাহা নির্ব্বাহ করিতে এবং এই প্রবেট দিবার তারিখ হইতে ছয় মাসের মধ্যে অথবা আদালত সময়ে সময়ে যে অতিরিক্ত সময় ধার্য্য করেন তাহার মধ্যে উক্ত সম্পত্তি ও পাওনা টাকার একখানি সম্পূর্ণ ও যথার্থ তালিকা প্রস্তুত করিতে এবং এই আদালতে তাহা দেখাইতে স্বীকার করিয়াছেন এবং ঐ তারিখ হইতে এক বৎসরের মধ্যে অথবা আদালত সময়ে সময়ে যে অতিরিক্ত সময় ধার্য্য করেন তাহার মধ্যে এই আদালতে উক্ত সম্পত্তি ও পাওনা টাকার যথার্থ হিসাব দিতেও স্বীকার করিয়াছেন।"

১৩ ধারা। ঐ আইনের ৭৭ ধারার যে অংশের প্রারম্ভে "ও তিনি তাহা নির্ব্বাহ করিতে" এই শব্দগুলি আছে এবং শেষে "দিতে স্বীকার করিয়াছেন" এই শব্দগুলি আছে, সেই অংশের পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসিবে, অর্থাৎ :—

১৮৮১ সালের ৫ আইনের ৭৭ ধারা সংশোধন করিবার কথা।

"ও তিনি তাহা নির্ব্বাহ করিতে এবং এই প্রবেট দিবার তারিখ হইতে ছয় মাসের মধ্যে অথবা আদালত সময়ে সময়ে যে অতিরিক্ত সময় ধার্য্য করেন তাহার মধ্যে উক্ত সম্পত্তি ও পাওনা টাকার একখানি সম্পূর্ণ ও যথার্থ তালিকা প্রস্তুত করিতে এবং এই আদালতে তাহা দেখাইতে স্বীকার করিয়াছেন এবং ঐ তারিখ হইতে এক বৎসরের মধ্যে অথবা আদালত সময়ে সময়ে যে অতিরিক্ত সময় ধার্য্য করেন তাহার মধ্যে এই আদালতে উক্ত সম্পত্তি ও পাওনা টাকার যথার্থ হিসাব দিতেও স্বীকার করিয়াছেন।"

১৪ ধারা। ঐ আইনের ৯০ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী বসিবে, অর্থাৎ :—

১৮৮১ সালের ৫ আইনের ৯০ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

সম্পত্তির বিলি ব্যবস্থা করা সম্বন্ধে অছি বা ধনাধ্যক্ষের ক্ষমতার কথা।

"৯০ ধারা। (১) ৪ ধারানুসারে যখন যে সকল বা যে কোন সম্পত্তি অছি বা ধনাধ্যক্ষে বর্ত্তিত থাকে তিনি তাহার যে প্রকার বিলিব্যবস্থা করা উপযুক্ত মনে করেন এই ধারার বিধান মানিয়া সেই প্রকারে তাহার বিলিব্যবস্থা করিবার ক্ষমতা তাঁহার থাকিবে।

"(২) যে চরম পত্রানুসারে কোন ব্যক্তি অছি নিযুক্ত হন তাহাতে স্থাবর সম্পত্তির বিলিব্যবস্থা করিবার পক্ষে অছির ক্ষমতার যে সীমা নির্দ্দিষ্ট থাকে যে স্থাবর সম্পত্তি অছিতে এইরূপে বর্ত্তে তাঁহার দ্বারা বিলিব্যবস্থা করিবার ক্ষমতা সেই সীমার অধীন হইবে। কিন্তু তাঁহাকে যদি প্রবেট দেওয়া হইয়া থাকে এবং যে আদালত প্রবেট দিয়াছেন তিনি যদি সেই সীমা নির্দ্দেশ সত্ত্বেও একখানি লিখিত আদেশপত্র দিয়া তাঁহাকে এইরূপ অনুমতি করেন যে ঐ আদেশপত্রে যে স্থাবর সম্পত্তির উল্লেখ থাকে আদেশপত্রে তাহা যে প্রকারে বিলিব্যবস্থা করিবার অনুমতি থাকে তাহা তিনি সেই প্রকারে বিলিব্যবস্থা করিতে পারিবেন তাহা হইলে তাঁহার বিলিব্যবস্থা করিবার ক্ষমতা সেই সীমার অধীন হইবে না।"

"(৩) যে আদালত কর্ত্তৃক ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া হইয়াছে অগ্রে তাঁহার অনুমতি না লইয়া ধনাধ্যক্ষ"—

(ক) ৪ ধারানুসারে তাঁহাতে যখন যে স্থাবর সম্পত্তি বর্ত্তিত থাকে সে সম্পত্তি বন্ধক দিতে, দায়যুক্ত করিতে বা বিক্রয়, দান, বিনিময় বা অন্য কোন প্রকারে হস্তান্তর করিতে পারিবেন না। অথবা

(খ) পাঁচ বৎসরের অধিক মিয়াদে এরূপ কোন সম্পত্তির পাট্টা দিতে পারিবেন না।

"(৪) অছি বা ধনাধ্যক্ষ (২) প্রকরণ বা (৩) প্রকরণ লঙ্ঘন করিয়া সম্পত্তির বিলিব্যবস্থা করিলে ঐ সম্পত্তিতে স্বার্থবিশিষ্ট অপর কোন ব্যক্তির অনুষ্ঠানে সেই বিলিব্যবস্থা অসিদ্ধ হইতে পারিবে।"

"(৫) এই আইনানুসারে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবার পূর্ব্বে তাহার পৃষ্ঠে বা তৎসহ স্থল বিবেচনায় (১), (২) এবং (৪) প্রকরণের অথবা (১), (৩) এবং (৪) প্রকরণের নকল লিখিয়া বা যোগ করিয়া দিতে হইবে।"

"(৬) ঠিক পূর্ব্ববর্ত্তী প্রকরণে যে পৃষ্ঠলিপির বা যোগ করিবার ব্যবস্থা আছে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্রে সেই পৃষ্ঠলিপি না লিখিত হইবার বা সেই সংযোগ না করিবার দরুন প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র অসিদ্ধ হইবে না। এবং এইরূপ পৃষ্ঠলিপির বা সংযোগের অভাব অছি বা ধনাধ্যক্ষকে এই ধারার বিধানমতে ভিন্ন অন্য কোন প্রকারে কার্য্য করিতে সক্ষম করিবেনা।"

১৮৮১ সালের ৫ আইনের ৯৮ ধারার পরিবর্ত্তে নূতন ধারা বসাইবার কথা।

১৫ ধারা। ঐ আইনের ৯৮ ধারার পরিবর্ত্তে নিম্নলিখিত ধারাটী বসিবে, অর্থাৎ:—

তালিকা ও হিসাবের কথা।

"৯৮ ধারা। (১) প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবার পর ছয়মাসের মধ্যে অথবা যে আদালত প্রবেট বা পত্র দেন সেই আদালত সময়ে সময়ে অতিরিক্ত যে সময় ধার্য্য করেন সেই সময়ের মধ্যে অছি বা ধনাধ্যক্ষ সেই আদালতে এমন একখানি তালিকা দেখাইবেন যাহাতে দখলস্থিত সমস্ত সম্পত্তির একখানি সম্পূর্ণ ও যথার্থ ইষ্টিমেট থাকে এবং সমস্ত পাওনা টাকার এবং কোন ব্যক্তি কর্ত্তৃক দেয় যে সমস্ত দেনার টাকা অছি বা ধনাধ্যক্ষ অছি বা ধনাধ্যক্ষ স্বরূপ পাইতে স্বত্ত্ববান তাহার বিবরণ দেখাইবেন" এবং সেই প্রকারে প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবার পর এক বৎসরের মধ্যে অথবা উক্ত আদালত সময়ে সময়ে যে অতিরিক্ত সময় ধার্য্য করেন সেই সময়ের মধ্যে অছি বা ধনাধ্যক্ষ ইষ্টেটের এমন একখান হিসাব দেখাইবেন যাহাতে তাঁহার হস্তে আগত সমস্ত সংস্থান এবং সেই সমস্ত সংস্থানের যে প্রয়োগাদি করা হইয়াছে তাহা প্রদর্শিত থাকে।

(২) এই ধারানুযায়ী তালিকা বা হিসাব যে পাঠে দেখাইতে হইবে হাই কোর্ট তাহা সময়ে সময়ে নির্দ্দেশ করিয়া দিতে পারিবেন।

"(৩) যদি কোন অছি বা ধনাধ্যক্ষ এই ধারানুসারে তালিকা বা হিসাব দেখাইতে আদিষ্ট হইয়া ইচ্ছা করিয়া আদেশ পালন করিতে ত্রুটি করেন তাহা হইলে তিনি ভারতবর্ষের দণ্ডবিধি আইনের ১৭৬ ধারার লিখিত অপরাধ করিয়াছেন বলিয়া বিবেচনা করা যাইবে।

"(৪) ইচ্ছা করিয়া এই ধারানুসারে মিথ্যা তালিকা বা হিসাব প্রদর্শন করাকে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯৩ ধারানুযায়ী অপরাধ বলিয়া বিবেচনা করা যাইবে।"

১৮৮১ সালের ৫ আইনের ৯৯ ধারা সংশোধন করিবার কথা।

১৬ ধারা। ঐ আইনের ৯৯ ধারায় "পাইতে যে সকল স্থলে চেষ্টা হয়" এই শব্দগুলির পরিবর্ত্তে "যে সকল স্থলে প্রদত্ত হইয়াছে" এই শব্দগুলি বসিবে এবং "ধনাধ্যক্ষতার প্রার্থী ব্যক্তি" এই শব্দগুলির পরিবর্ত্তে "ধনাধ্যক্ষ এই শব্দ বসিবে।

১৮৮১ সালের ৫ আইনে ধারা যোগ করিবার কথা।

১৭ ধারা। ঐ আইনে নিম্নলিখিত ধারাটী যোগ করিতে হইবে, অর্থাৎ

প্রত্যাহার করা প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র প্রত্যর্পণ করিবার কথা।

১৫৭ ধারা। (১) যদি কোন প্রবেট বা ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দান এই আইনানুসারে প্রত্যাহার বা অসিদ্ধ করা হয় তাহা হইলে যে ব্যক্তিকে [illegible] করা হইয়াছে তিনি যে আদালত ঐ দান করিয়াছিলেন সেই আদালতকে [illegible] বা পত্র তৎক্ষণাৎ প্রত্যর্পণ করিবেন।

"(২) যদি সেই ব্যক্তি [illegible] করিয়া এবং যুক্তিযুক্ত কারণ ব্যতিরেক এই [illegible] প্রবেট বা পত্র প্রত্যর্পণ করিতে ত্রুটি করেন তাহা হইলে তাহার এক সহস্র টাকা পর্য্যন্ত জরিমানা বা তিন মাস পর্য্যন্ত দুই প্রকার কারা দণ্ডের মধ্যে এক প্রকার কারাদণ্ড বা উভয় দণ্ড হইবে।"

### আদালতের রসুমের ১৮৭০ সালের আইন এবং ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইন।

১৮৭০ সালের ৭ আইন ও ১৮৭৯ সালের ১ আইন সংশোধন করিবার কথা।

১৮ ধারা। (১) আদালতের রসুমের ১৮৭০ সালের আইনের দ্বিতীয় তফসীলের ১৬ দফা (দ্রব্য নিরূপণকারিত্ব সম্পর্কীয় নিবন্ধ পত্র) এতদ্বারা রদ করা গেল।

(২) আদালতের রসুমের ১৮৭০ সালের আইনের দ্বিতীয় তফসীলের ৬ দফায় "দর্শনি প্রতিভূর নিবন্ধপত্র কিম্বা এই আইনেতে নিবন্ধ সূচক অন্য যে নিদর্শনপত্রের প্রকারান্তরের বিধান হয় নাই, তাহা কোন আদালতের কিম্বা রাজকার্য্য সম্পাদক কর্ত্তৃপক্ষের আদেশ মতে দেওয়া গেলে" এই শব্দগুলির পরিবর্ত্তে নিম্নলিখিত শব্দগুলি বসিবে, অর্থাৎ:—

"ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের কিম্বা দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের কোন ধারানুসারে কোন আদালত বা মাজিষ্ট্রেট যে হুকুম করেন তদনুসারে লিখিয়া দেওয়া মোচলেকা বা বাধ্যতার অপর নিদর্শন পত্র।"

(৩) ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইনের প্রথম তফসীলের ২ দফায় "দ্রব্য নিরূপণাধিকারিত্ব পত্র" এই দুই শব্দের পর "যার ১৮৫৬ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের ২১৬ ধারানুসারে, গবর্ণমেণ্টের সেবিং ব্যাঙ্ক বিষয়ক ১৮৭৩ সালের আইনের ৬ ধারানুসারে, প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনের ৭৮ ধারানুসারে বা উত্তরাধিকারিত্বের সার্টিফিকেট বিষয়ক ১৮৮৯ সালের আইনের ৯ ধারা বা ১০ ধারা অনুসারে দেওয়া নিবন্ধ পত্র।"

(৪) ভারতবর্ষীয় ইষ্টাম্প বিষয়ক ১৮৭৯ সালের আইনের প্রথম তফসীলের ১৩ দফায় "অর্থাৎ এই আইনে" এই শব্দগুলির পর "কিম্বা আদালতের রসুমের ১৮৭০ সালের আইন ক্রমে" এই শব্দগুলি বসিবে।

## বিবিধ বিষয়।

পূর্ব্বে প্রদত্ত ধনাধ্যক্ষতাঃ ক্ষমতা পত্রানুসারে যে সকল কার্য্য করা হইয়াছে তাহা সিদ্ধ করিবার কথা।

১৯ ধারা। যে অছি বা ধনাধ্যক্ষ এই আইন আরম্ভ হইবার পূর্ব্বে নিযুক্ত হইয়াছিলেন এবং প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনের ৯০ ধারার বিধান যাঁহার সম্বন্ধে খাটিতে পারিত তিনি সম্পত্তির যে বিলিব্যবস্থা করিয়াছেন তাহা, প্রবেট ও ধনাধ্যক্ষতা বিষয়ক ১৮৮১ সালের আইনের ৯০ ধারার বিধান সত্ত্বেও, তৎসম্বন্ধে আদালতের সম্মতি লওয়া হয় নাই কেবল এই কারণে অসিদ্ধ হইবে না।

১৮৭০ সালের ৭ আইনানুসারে জরিমানার ও জব্দ করা টাকা আদায় করিবার কথা।

২০ ধারা। (১) কর্ত্তৃত্বকারী প্রধান রাজস্ব বিষয়ক কর্ত্তৃপক্ষ সার্টিফিকেট দিলে আদালতের রসুমের ১৮৭০ সালের আইনের ১৯ G ধারা বা ১৯ H ধারা অনুযায়ী জরিমানার বা জব্দ করা টাকা ব্রিটিশ ভারতবর্ষের ভিতর যে কোন কালেক্টর কর্ত্তৃক ভূমির বাকি রাজস্ব স্বরূপ অছি বা ধনাধ্যক্ষের নিকট হইতে আদায় করা যাইতে পারিবে।

(২) কর্ত্তৃত্বকারী প্রধান রাজস্ব বিষয়ক কর্ত্তৃপক্ষ এইরূপ কোন জরিমানা বা জব্দ করা টাকার সমস্ত বা কোন অংশ বা উক্ত আইনের ১৯ G ধারানুসারে দেয় কোন অতিরিক্ত জরিমানার কোন অংশ ছাড়িয়া দিতে পারিবেন।

১৮৮০ সালের বঙ্গীয় ৭ আইনের ৭ (৩) ধারার অংশ রদ হইবার কথা।

২১ ধারা। রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক ১৮৮০ সালের আইন এই আখ্যাবিশিষ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৮০ সালের ৭ আইনের ৭ ধারার (৩) দফার নিম্নলিখিত অংশ অর্থাৎ:—

"অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইনের নিম্নলিখিত ধারায় ও অংশে, অর্থাৎ, আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ১৯ G ও ১৯ H ধারায়" এতদ্দ্বারা রদ করা গেল।

এস্, হার্বি জেমস্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮৯ সাল ১৬ এপ্রেল।

## চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইনের পাণ্ডুলিপি।

## ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

### ব্যবস্থা বিভাগ।

আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৮৮ সালের ২৬এ অক্টোবর তারিখে উপাস্থত করা হইয়াছিল।

### ১৮৮৮ সালের ২০ নম্বর।

ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক আইনের পাণ্ডুলিপি।

### সূচী।

#### প্রথম অধ্যায়।

সূচনা।

ধারা।

১। নাম ব্যাপ্তি ও অ[illegible] কথা।
২। [illegible] করি[illegible]
৩। অর্থ [illegible]রণের [illegible]

#### দ্[illegible] [illegible]ধ্যায়।

রেলওয়ে প[illegible]শনের কথা।

৪। ইন্‌স্পেক্টরদিগের নিয়োগ ও কর্ত্তব্যকর্ম্মের কথা।
৫। ইন্‌স্পেক্টরদিগের ক্ষমতার কথা।
৬। ইন্‌স্পেক্টরদিগকে যে সকল সুবিধা করিয়া দিতে হইবে তাহার কথা।

#### তৃতীয় অধ্যায়।

ওয়ার্ক নির্ম্মাণ ও রক্ষা করিবার কথা।

৭। রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের সমস্ত আবশ্যক ওয়ার্ক নির্ম্মাণ করিবার ক্ষমতার কথা।

ধারা।

৮। জল ও মর্দ্দামা পরিবর্ত্তন করিবার কথা।
৯। দুর্ঘটনার দরুণ মেরামত করিবার নিমিত্ত এবং দুর্ঘটনা নিবারণ করিবার নিমিত্ত অল্প কালের জন্য জমিতে প্রবেশ করিবার কথা।
১০। ৭, ৮ বা ৯ ধারানুযায়ক ক্ষমতা পরিচালনক্রমে যে সকল ব্যক্তির ক্ষতি হয় তাহাদিগকে ক্ষতি-পূরণ দিবার কথা।
১১। সুবিধার নিমিত্ত ওয়ার্ক করিবার কথা।
১২। জমির অধিকারী বা দখিলকারের অতিরিক্ত সুবিধার্থ ওয়ার্ক করাইবার ক্ষমতার কথা।
১৩। বেড়া, পর্দ্দা, ফটক ও গরাদের কথা।
১৪। উপরের ও নীচের সেতুর কথা।
১৫। যে সকল বৃক্ষ কোন রেলওয়ের সম্বন্ধে বিপদ-জনক হয় অথবা কোন রেলওয়ে চালাইবার প্রতিবন্ধক স্বরূপ হয় সেই সকল বৃক্ষ কাটিয়া ফেলিবার কথা।

#### চতুর্থ অধ্যায়।

রেলওয়ে খুলিবার কথা।

১৬। লোকমোটিব ব্যবহার করিবার স্বত্বের কথা।
১৭। কোন রেলওয়ে খুলিবার অভিপ্রায়ের নোটিস দিবার কথা।
১৮। গবর্ণমেণ্টের মঞ্জুরি রেলওয়ে খুলিবার পূর্ব্ববর্ত্তী নিয়ম হইবার কথা।
১৯। কোন রেলওয়ে খোলা মঞ্জুর করণার্থ যে কার্য্য-প্রণালী অনুসরণ করিতে হইবে তাহার কথা।

## পঞ্চম অধ্যায়।

### রেলওয়ে কমিশন ও ট্রাফিকের সুবিধার কথা।

#### রেলওয়ে কমিশনের কথা।



#### ট্রাফিকের সুবিধার কথা।





## ষষ্ঠ অধ্যায়।

### রেলওয়ে চালাইবার কথা।

#### সাধারণ।—



#### সম্পত্তি বহন করিবার কথা।



#### আরোহীদিগের বহনের কথা।

## সপ্তম অধ্যায়।

বাহকরূপে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন সমূহের দায়িত্বের কথা।



## অষ্টম অধ্যায়।

দুর্ঘটনার কথা।



## [illegible] অধ্যায়।

দণ্ড ও অপরাধের কথা।

রেলওয়ে কোম্পানির বিরুদ্ধে দণ্ডের কথা।





রেলওয়ের চাকরদিগের কৃত অপরাধের কথা।



অন্যান্য অপরাধের কথা।

## দশম অধ্যায়।

### পরিশিষ্ট বিধানের কথা।

## ভারতবর্ষীয় রেলওয়ে সংক্রান্ত আইন সংগ্রহ ও সংশোধন ও তাহাতে নূতন বিধান যোগ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষীয় রেলওয়ে সংক্রান্ত আইন সংগ্রহ ও সংশোধন ও তাহাতে নূতন বিধান যোগ করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত মত বিধান করা গেল :—

## প্রথম অধ্যায়।

### সূচনা।

নাম, ব্যাপ্তি ও আরম্ভের কথা।

১ ধারা। (১) এই আইনটিকে ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৮৯ সালের আইন বলা যাইতে পারিবে।

(২) ইহা সমস্ত বৃটিশ ভারতবর্ষে বর্ত্তিবে এবং ভারতবর্ষের যে সকল রাজা ও রাজ্যাধিকারের সহিত শ্রীশ্রীমতীর মৈত্রতা আছে সেই সকল রাজা ও রাজ্যাধিকারের রাজ্যের মধ্যে শ্রীশ্রীমতীর সমস্ত প্রজার প্রতি খাটিবে এবং বৃটিশ ভারতবর্ষ ও ঐ সকল রাজ্যের বাহিরের শ্রীশ্রীমতীর সমস্ত নেটিব প্রজার প্রতি খাটিবে। এবং

(৩) ১৮৮৯ সালের এপ্রেল মাসের প্রথম দিবসে ইহা প্রবল হইবে।

রহিত করিবার কথা।

২ ধারা। (১) ঐ দিবসে এবং ঐ দিবস হইতে প্রথম তফসীলের উল্লিখিত আইনগুলি ঐ তফসীলের তৃতীয় ঘরের লিখিত পরিমাণে রহিত হইবে।

(২) কিন্তু ঐ সকল আইনের মধ্যে কোন আইনানুসারে অথবা তন্মধ্যে কোন আইনানুসারে রহিত হওয়া কোন আইনানুসারে যে সকল বিধি, নির্দ্দেশ ও নিয়োগ করা হইয়াছে, যে সকল পাঠ অনুমোদিত হইয়াছে, যে সকল ক্ষমতা প্রদান করা হইয়াছে, যে সকল আদেশ দেওয়া হইয়াছে এবং যে সকল বিজ্ঞাপন প্রকাশ করা হইয়াছে তাহা যে পরিমাণ এই আইনের সহিত সঙ্গত হয় সেই পরিমাণে এই আইনানুসারে যথাক্রমে করা হইয়াছে, অনুমোদিত হইয়াছে, প্রদান করা হইয়াছে এবং প্রকাশ করা হইয়াছে বলিয়া বিবেচনা করা যাইবে।

(৩) যে আ[illegible]নে বা [illegible]র্শনপত্রে ঐ সকল আইনের মধ্যে কো[illegible]টির কিম্বা [illegible] কোন আইনদ্বারা রহিত হওয়া [illegible]ন আ[illegible] থাকে তাহার যতদূর সম্ভব এইরূপ অ[illegible] করা যা[illegible] তাহাতে এই আইনের বা ইহার কজু অংশে[illegible]র্থ আছে।

অর্থকর[illegible] কথা।

৩ ধারা। বিষয় বা সংযুক্ত বাক্যাবলীতে বিরুদ্ধভাবের কিছু না থাকিলে এই আইনে—

(১) "ট্রামওয়ে" বলিতে ভারতবর্ষীয় ট্রামওয়ে বিষয়ক ১৮৮৬ সালের আইনানুসারে কিম্বা ট্রামওয়ে সংক্রান্ত কোন বিশেষ আইনানুসারে নির্ম্মিত ট্রামওয়ে বুঝাইবে।

(২) "খেয়া" বলিতে নৌকার সেতু, পন্টুন বা ভেলা, দোলা সেতু, উড়ো সেতু এবং কিয়ৎকাল স্থায়ী সেতু এবং খেয়াতে যাইবার পথ ও খেয়ার নামিবার স্থান ও বুঝাইবে।

(৩) "রেলওয়ে" বলিতে আরোহী, জন্তু বা মাল প্রকাশ্য রূপে বহন করণার্থ রেলওয়ে বা রেলওয়ের কোন অংশ বুঝাইবে এবং—

(ক) রেলওয়ের সংলগ্ন জমির সীমা নির্দ্দেশক বেড়া বা অপর সীমানা চিহ্নের মধ্যস্থিত সমস্ত জমি ও বুঝাইবে।

(খ) রেলওয়ের কার্য্যার্থ বা তাহার সংশ্রবে যে সকল রেলের লাইনের, সাইডিঙের বা শাখার উপর কার্য্য করা হয় তাহাও বুঝাইবে।

(গ) রেলওয়ের কার্য্যার্থ বা তাহার সংশ্রবে যে সকল ইষ্টেশন, আপিস, গুদাম, হোয়ার্ফ কারখানা, শিল্পখানা, স্থাপিত কল প্রভৃতি এবং অপর জিনিস নির্ম্মিত হয় তাহাও বুঝাইবে।

(ঘ) যে সকল খেয়া, জাহাজ, নৌকা ও ভেলা রেলওয়ের ট্রাফিকের জন্য নদীতে বা দেশের ভিতরের অপর জলাশয়ে ব্যবহার করা হয় এবং যাহা কোন রেলওয়ের পরিচালক কর্ত্তৃপক্ষের কর্ত্তৃত্বাধীনে থাকে তাহাও বুঝাইবে।

(৪) "রেলওয়ে কোম্পানি" বলিতে যে সকল ব্যক্তি করপোরেট ভাবে হউক বা না হউক কোন রেলওয়ে অধিকার করেন বা ভাড়া লয়েন কিম্বা, কোন রেলওয়ে চালাইবার এগ্রীমেণ্টের পক্ষ হন সেই সকল ব্যক্তিকেও বুঝাইবে।

(৫) "রেলওয়ে আডমিনিষ্ট্রেশন" বা "আডমিনিষ্ট্রেশন" বলিতে গবর্ণমেণ্ট বা কোন দেশীয় রাজ্যাধিকার কর্ত্তৃক পরিচালিত রেলওয়ে সম্বন্ধে সেই রেলওয়ের ম্যানেজার বুঝাইবে এবং গবর্ণমেণ্ট বা ঐ দেশীয় রাজ্যাধিকার ও বুঝাইবে এবং কোন রেলওয়ে কোম্পানি কর্ত্তৃক পরিচালিত রেলওয়ে সম্বন্ধে সেই রেলওয়ে কোম্পানি বুঝাইবে।

(৬) "রেলওয়ের চাকর" বলিতে কোন রেলওয়ের কর্ম্ম সম্বন্ধে কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃক নিযুক্ত কোন ব্যক্তি বুঝাইবে।

(৭) "ইনিস্পেক্টর" বলিতে এই আইনানুসারে নিযুক্ত রেলওয়ের ইনিস্পেক্টর বুঝাইবে।

(৮) "মাল" বলিতে সকল প্রকারের অচেতন পদার্থ বুঝাইবে।

(৯) "রোলিং ষ্টক" বলিতে সকল প্রকারের লোকোমোটিব ইঞ্জিন, টেণ্ডর, গাড়ি, ওয়াগন, ট্রক ও ট্রলি বুঝাইবে।

(১০) "ট্রাফিক" বলিতে সকল রকমের রোলিংষ্টক এবং আরোহী, জন্তু এবং মালও বুঝাইবে।

(১১) "থ্রু ট্রাফিক" বলিতে যে ট্রাফিক দুই বা ততোধিক রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের রেলওয়ে দিয়া লইয়া যাওয়া হয় সেই ট্রাফিক বুঝাইবে।

(১২) "রেট" বলিতে কোন আরোহী, জন্তু বা মাল বহন করিবার ভাড়া, চার্জ বা অপর পেমেণ্ট বুঝাইবে।

(১৩) "টরমিনাল" বলিতে ইষ্টেশন, সাইডিং, হোয়ার্ফ, ডিপো, গুদাম, ক্রেণ এবং সেইরূপ অপর বিষয় সম্বন্ধীয় চার্জ এবং তথায় যে কর্ম্ম করিয়া দেওয়া হয় তৎসম্বন্ধীয় চার্জও বুঝাইবে।

(১৪) "পাস" বলিতে কোন রেলওয়ের আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃক বা কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃক

এতৎপক্ষে নিযুক্ত কোন কর্ম্মচারী কর্ত্তৃক কোন ব্যক্তিকে কোন রেলওয়েতে বিনা খরচে ভ্রমণ করিবার যে অনুমতি পত্র দেওয়া হয় সেই অনুমতি পত্র বুঝাইবে।

(১৫) "টিকিট" বলিতে সিজন টিকিট, রিটরণ টিকিট এবং সিজন টিকিটও বুঝাইবে। এবং

(১৬) "পশু" বলিতে হস্তী, উষ্ট্র, মহিষ, ঘোটক, ঘোটকী, আস্তা, টাটু, অশ্বশাবক, অশ্বশাবকী, খচ্চর, গাধা, শূকর, মেড়া, ভেড়ী, ভেড়া, মেষশাবক, ছাগল ও ছাগশিশুও বুঝাইবে।

---

## দ্বিতীয় অধ্যায়।

### রেলওয়ে পরিদর্শনের কথা।

ইনিস্পেক্টরদিগের নিয়োগ ও কর্ত্তব্য কর্ম্মের কথা।

৪ ধারা। (১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কোন কোন ব্যক্তিকে নাম দিয়া বা তাঁহাদের পদোপলক্ষে রেলওয়ের ইনিস্পেক্টর নিযুক্ত করিতে পারিবেন।

(২) রেলওয়ে ইনিস্পেক্টরের এই এই কর্ত্তব্য কর্ম্ম হইবে, অর্থাৎ:—

(ক) প্রকাশ্যরূপে আরোহী লইয়া যাইবার জন্য খুলিবার যোগ্য কিনা তাহা নিরূপণ করিবার অভিপ্রায়ে এবং এই আইনের আদেশমত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট সেই বিষয়ে রিপোর্ট করিবার অভিপ্রায়ে রেলওয়ে পরিদর্শন করা।

(খ) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কোন রেলওয়ের বা তদুপরি ব্যবহৃত কোন রোলিং ষ্টকের যে রূপ সাময়িক বা অপর পরিদর্শনের আদেশ করেন সেইরূপ পরিদর্শন করা।

(গ) কোন রেলওয়ের কোন দুর্ঘটনার কারণ এই আইন অনুসারে অনুসন্ধান করা।

(ঘ) এই আইন ক্রমে কিম্বা উপস্থিত সময়ের প্রচলিত রেলওয়ে সংক্রান্ত অপর কোন আইনক্রমে তাঁহার উপর অপর যে সকল কর্ত্তব্য কর্ম্ম অর্পিত হয় তাহা সম্পন্ন করা।

ইনিস্পেক্টরদিগের ক্ষমতার কথা।

৫ ধারা। ইনিস্পেক্টর এই আইনানুসারে যে কোন কর্ত্তব্য কর্ম্ম সম্পন্ন করিতে আদিষ্ট বা অনুমতি প্রাপ্ত হইলেন সেই কর্ত্তব্য কর্ম্ম সম্পন্ন করণ সম্বন্ধে তাঁহাকে ভারতবর্ষের দণ্ড বিধি আইনের অর্থানুসারে রাজকীয় কর্ম্মচারী গণ্য করা যাইবে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কর্ত্তৃত্বাধীন তাঁহার সেই সম্বন্ধে নিম্নলিখিত ক্ষমতা থাকিবে, অর্থাৎ:—

(ক) কোন রেলওয়েতে বা তদুপরি ব্যবহৃত কোন রোলিং ষ্টকে প্রবেশ করিয়া তাহা পরিদর্শন করা।

(খ) রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে আপন স্বাক্ষরযুক্ত লিখিত হুকুম দিয়া আপন সমীপে রেলওয়ের কোন চাকরকে উপস্থিত হইতে আদেশ করা এবং যে সকল তদন্ত করা উপযুক্ত মনে করেন রেলওয়ের সেই চাকরের নিকট হইতে কিম্বা সেই রেলওয়ের আডমিনিষ্ট্রেশনের নিকট হইতে তৎসম্বন্ধে উত্তরের বা রিটরণের আদেশ করা।

(গ) (কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন ও উহার আইন সম্বন্ধীয় পরামর্শদাতার মধ্যে যে লেখা পড়া চলে তাহা বাদে) রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের বা উহার কর্ত্তৃত্বাধীনে থাকা যে বহি বা নিদর্শনপত্র দেখা তাঁহার আবশ্যক বোধ হয় সেই বহি বা নিদর্শনপত্র উপস্থিত করিবার জন্য আদেশ করা।

ইনিস্পেক্টর দিগকে যে সকল সুবিধা করিয়া দিতে হইবে তাহার কথা।

৬ ধারা। এই আইন ক্রমে ইনিস্পেক্টরকে যে সকল কর্ত্তব্য কর্ম্ম অর্পণ করা গেল ও ক্ষমতা প্রদান করা গেল তাহা যথাক্রমে সম্পন্ন ও পরিচালন করিবার জন্য প্রত্যেক রেলওয়ে আডমিনিষ্ট্রেশন তাঁহাকে যুক্তিযুক্ত মত সমস্ত সুবিধা করিয়া দিবেন।

---

## তৃতীয় অধ্যায়।

### ওয়ার্ক নির্ম্মাণ ও রক্ষা করিবার কথা।

রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের সমস্ত আবশ্যক ওয়ার্ক নির্ম্মাণ করিবার ক্ষমতার কথা।

৭ ধারা। এই আইনের বিধান মানিয়া এবং রাজকীয় কার্য্যার্থ ও কোম্পানির নিমিত্ত জমি গ্রহণ করা সম্বন্ধে উপস্থিত সময়ের প্রচলিত কোন আইনের বিধান মানিয়া এবং কোন রেলওয়ে কোম্পানির সম্বন্ধে ঐ কোম্পানি ও গবর্ণমেণ্টের মধ্যে কোন চুক্তির বিধান মানিয়া, কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন রেলওয়ে বা তৎসম্বন্ধীয় সমাবেশ বা অপর ওয়ার্ক নির্ম্মাণ করণার্থ উপস্থিত সময়ের প্রচলিত অপর কোন আইনের বিধান স্বত্ত্বেও এই এই কার্য্য করিতে পারিবেন, অর্থাৎ:—

(ক) কোন জমিতে বা কোন ষ্ট্রীটে, পাহাড়ে বালিতে, রাস্তায় রেলওয়েতে বা ট্রামওয়েতে বা কোন নর্দ্দামায়, জলের নলে, গ্যাসের নলে বা টেলিগ্রাফ লাইনে বা তদুপরি বা তাহার এপার ওপার বা নীচে বা উপর দিয়া রেলওয়ে আডমিনিষ্ট্রেশন যে সকল অস্থায়ী [illegible] চিরস্থায়ী [illegible] প্লেন, খিলান, ট[illegible], পয়ঃপ্রণালী সেতু রাস্তা, চলাচলের [illegible] পথ, [illegible], নর্দ্দমা, পীয়র, থা[illegible] প্রস্তুত [illegible] নির্ম্মাণ করা উচিত মনে ক[illegible] প্রস্তুত বা নির্ম্মাণ করিতে পারিবে[illegible]

(খ) কোন নদী, ক্ষুদ্র নদী, জলস্রোত বা জলপ্রণালীর উপর বা নীচে টনেল, সেতু, পথ বা অপর ওয়ার্ক নির্ম্মাণ ও রক্ষা করিবার নিমিত্ত তাহার গতি পরিবর্ত্তন করিতে পারিবেন এবং রেলওয়ে আডমিনিষ্ট্রেশন যেরূপ উচিত বোধ করেন সেই রূপে কোন নদী ক্ষুদ্র নদী, জলস্রোত বা জলপ্রণালীকে বা কোন রাস্তা ষ্ট্রীট বা চলাচলের পথকে অধিকতর সুবিধাজনকরূপে রেলওয়ের উপর দিয়া, নীচে দিয়া বা পার্শ্ব দিয়া

চালাইয়া লইয়া যাইবার জন্য অস্থায়ী বা চিরস্থায়ীরূপে তাহার গতি অন্য মুখ বা পরিবর্ত্তন করিয়া দিতে বা তাহার লেভেল তুলিয়া বা নামাইয়া দিতে পারিবেন।

(গ) রেলওয়ে হইতে বা রেলওয়েতে জল লইয়া যাইবার জন্য রেলওয়ে সংলগ্ন কোন জমির মধ্যে বা উহার ভিতর দিয়া বা নীচে নর্দ্দমা বা নালা করিতে পারিবেন।

(ঘ) রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন যে সকল বাড়ী গুদাম, আপিস ও অপর বিলডিঙ্‌, ইয়াড, ইষ্টেশন, হোয়ার্ফ, ইঞ্জিন, কল, সরঞ্জাম এবং অপর ওয়ার্ক ও সুবিধাজনক কার্য্য করা উচিত বিবেচনা করেন তাহা নির্ম্মাণ করিতে পারিবেন।

(ঙ) উপরে যে সকল ওয়ার্কের কথা বলা হইল সেই সকল বা তন্মধ্যে কোন ওয়ার্ক পরিবর্ত্তন, মেরামত বা বন্ধ করিতে পারিবেন এবং তাহার পরিবর্ত্তে অন্য ওয়ার্ক নির্ম্মাণ করিতে পারিবেন। এবং

(চ) রেলওয়ে প্রস্তুত, রক্ষা, পরিবর্ত্তন বা মেরামত করিবার জন্য অপর যে সকল কার্য্য আবশ্যক তাহা করিতে পারিবেন।

৮ ধারা। এই আইনে রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশনের উপর যে সমস্ত ক্ষমতা প্রদান করা হইল তাহা পরিচালনার্থ রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন গ্যাস বা জল সরবরাহের কোন নলের স্থিতিরীতি পরিবর্ত্তন করিতে পারিবেন এবং প্রধান নর্দ্দমা নয় এমন নর্দ্দমার স্থিতিরীতি পরিবর্ত্তন করিতে পারিবেন।

নল ও নর্দ্দামা পরিবর্ত্তন করিবার কথা।

কিন্তু—

(ক) যে স্থলে রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন এরূপ কোন নল বা নর্দ্দমার স্থিতিরীতি পরিবর্ত্তন করিতে ইচ্ছা করেন সেস্থলে সেই নল বা নর্দ্দমার উপর যে স্থানীয় কর্ত্তৃপক্ষ বা কোম্পানির কর্ত্তৃত্ব থাকে, রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন তাহাকে উহার তদ্রূপ করি[illegible] এবং যে সময়ে উনি [illegible] আরম্ভ করিবেন সেই সময়ের [illegible] নোটিস দিবেন এবং নল বা নর্দ্দমা [illegible] কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ বা [illegible] কর্ত্তৃত্বাধীনে না থাকে তবে যে [illegible] কর্ত্তৃত্বাধীনে ঐ নল বা নর্দ্দামা থাকে সেই ব্যক্তিকে ঐরূপ নোটিস দিবেন।

(খ) যে স্থানীয় কর্ত্তৃপক্ষ, কোম্পানি বা ব্যক্তি (ক) নিয়ম বিধি অনুসারে নোটিস প্রাপ্ত হন তিনি ঐ কার্য্য তত্ত্বাবধারণার্থ কোন ব্যক্তিকে পাঠাইয়া দিতে পারিবেন এবং এইরূপে প্রেরিত ব্যক্তির যাহাতে সঙ্গতরূপ সন্তোষ হয় রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন সেই রূপে সেই কার্য্য করিবেন।

৯ ধারা। (১) রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশনের কর্ত্তৃত্বাধীনে যে খাত, বাঁধ বা অপর ওয়ার্ক থাকে তাহা ধসিয়া গেলে বা তাহাতে অপর কোন দুর্ঘটনা ঘটিলে কিম্বা তাহা ধসিয়া যাইবার বা অপর কোন দুর্ঘটনা ঘটিবার আশঙ্কা হইলে সেই দুর্ঘটনা বশতঃ মেরামত কার্য্য সম্পন্ন করিবার নিমিত্ত কিম্বা দুর্ঘটনা নিবারণ করিবার নিমিত্ত এবং তদভিপ্রায়ে যে সকল কার্য্য করা আবশ্যক তাহা করিবার নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কোন রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশনকে তাহার রেলওয়ে সংলগ্ন কোন জমিতে প্রবেশ করিবার অনুমতি দিতে পারিবেন।

দুর্ঘটনার দরুণ মেরামত করিবার নিমিত্ত এবং দুর্ঘটনা নিবারণ করিবার নিমিত্ত অস্থায়ীকালের জন্য জমিতে প্রবেশ করিবার কথা।

(২) নিতান্ত প্রয়োজন হইলে রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের মঞ্জুরি না লইয়াই জমিতে প্রবেশ করিতে পারিবেন। ও উপরোক্ত কার্য্য সকল করিতে পারিবেন। কিন্তু এরূপ স্থলে রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন ঐরূপ প্রবেশের পর বাহাত্তর ঘণ্টার মধ্যে দুর্ঘটনার বা যে দুর্ঘটনার আশঙ্কা করা যায় তাহার প্রকৃতির এবং যে সকল কার্য্য করা আবশ্যক তাহার বিবরণ লিখিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট একখানি রিপোর্ট দিবেন। এবং রিপোর্টখানি বিচার করিয়া দেখিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যদি বিবেচনা করেন যে এই প্রকরণানুসারে রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশনকে যে ক্ষমতা প্রদান করা হইল সর্ব্বসাধারণকে নিরাপদে রাখিবার নিমিত্ত সে ক্ষমতা পরিচালন করা অনাবশ্যক তাহা হইলে সেই ক্ষমতা আর থাকিবে না এবং তাহার সমাপ্তি হইবে।

১০ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী তিনটি ধারার মধ্যে কোন ধারানুসারে যে সকল ক্ষমতা প্রদান করা হইল তাহা পরিচালন কালে রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন যত কম ক্ষতি করা সম্ভব হয় তত কম ক্ষতি করিবেন এবং ঐ সকল ক্ষমতা পরিচালনক্রমে যে সকল ব্যক্তির ক্ষতি হয় রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন তাঁহাদিগকে যে ক্ষতিপূরণ দেওয়া স্বীকৃত হয় সেই ক্ষতি পূরণ দিবেন কিম্বা যদি বিবাদ উপস্থিত হয় তবে ভূমি গ্রহণ করণ বিষয়ক ১৮৭০ সালের আইনানুসারে যে ক্ষতি পূরণ দিবার অনুমতি হয় সেই ক্ষতি পূরণ দিবেন কিম্বা ক্ষতিপূরণ সম্বন্ধে বিবাদ হইলে তাহার মীমাংসার জন্য ঐ আইনে যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইয়াছে সেই কার্য্যপ্রণালী অনুসারে যে ক্ষতিপূরণ অবধারিত হয় সেই ক্ষতিপূরণ দিবেন।

৭, ৮ বা ৯ ধারানুযায়িক ক্ষমতা পরিচালন ক্রমে যে সকল ব্যক্তির ক্ষতি হয় তাহাদিগকে ক্ষতি পূরণ দিবার কথা।

১১ ধারা। (১) রেলওয়ের সংলগ্ন জমির অধিকারী ও দখিলকারদিগের সুবিধার জন্য রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন নিম্নলিখিত ওয়ার্কগুলি প্রস্তুত ও রক্ষা করিবেন, অর্থাৎ :—

সুবিধার নিমিত্ত ওয়ার্ক করিবার কথা।

(ক) যে সকল জমির ভিতর দিয়া রেলওয়ে প্রস্তুত করা হয় রেলওয়ের দরুণ সেই সকল জমির ব্যবহারের যে ব্যাঘাত জন্মে তাহার প্রতিকার করিবার নিমিত্ত রেলওয়ের উপর দিয়া

নীচে দিয়া কিম্বা পার্শ্ব দিয়া কিম্বা রেলওয়েতে বা রেলওয়ে হইতে যাইবার জন্য মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মতে যে রূপ এবং যতগুলি সুবিধাজনক ক্রশিং সেতু, খিলান, সাঁকো এবং পথ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মতে আবশ্যক হয় সেইরূপ ও ততগুলি সুবিধাজনক পার হইবার পথ, সেতু, খিলান এবং পথ। এবং

(খ) রেলওয়ের নিকটে যে সমস্ত জমি থাকে কিম্বা রেলওয়ের দরুণ যে সমস্ত জমির ক্ষতি হয় রেলওয়ে প্রস্তুত করিবার পূর্ব্বে সেই সমস্ত জমি হইতে বা জমিতে যেরূপ অবাধে জল যাইত সকল সময়ে সেইরূপ অবাধে বা যতদূর সম্ভব সেইরূপ অবাধে জল যাইবার পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মতে যেরূপ আয়তন আবশ্যক হয় রেলওয়ের উপর দিয়া, নীচে দিয়া বা পার্শ্ব দিয়া সেইরূপ আয়তনের সমস্ত আবশ্যকীয় খিলান, টনেল, সাঁকো নর্দ্দামা জল প্রণালী বা অপর পথ।

(২) যে সকল জমির উপর দিয়া রেলওয়ে যায় সেই সকল জমির উপর রেলওয়ে চিহ্নিত বা নির্ম্মাণ করিবার সময় কিম্বা তাহার ঠিক পরেই (১) প্রকরণের (ক) ও (খ) দফার লিখিত ওয়ার্ক গুলি করিতে হইবে এবং ঐ সকল ওয়ার্ক এমন করিয়া করিতে হইবে যে ঐ সকল জমিতে যে সকল ব্যক্তির স্বার্থ থাকে কিম্বা ঐ সকল ওয়ার্কের দ্বারা যে সকল ব্যক্তির ক্ষতি হয় তাহাদের যেন যতদূর সম্ভব কম ক্ষতি বা অসুবিধা হয়।

(৩) এই ধারার পূর্ব্ববর্ত্তী বিধানগুলি নিম্নলিখিত নিয়মবিধির অধীন হইবে, অর্থাৎ:—

(ক) কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে এমন করিয়া কোন সুবিধার্থ ওয়ার্ক করিতে হইবে না যদ্দ্বারা রেলওয়ে চালাইবার বা ব্যবহার করিবার পক্ষে বাধা বা বিঘ্ন ঘটে। এবং জমির অধিকারী বা দখিলকারগণ যে সকল সুবিধার্থ ওয়ার্ক করাইবেন না বলিয়া তৎসম্বন্ধে ক্ষতি পূরণ লইতে স্বীকার করিয়াছেন এবং ক্ষতি পূরণ পাইয়াছেন কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে সেই সকল ওয়ার্ক করিতে হইবে না।

(খ) কোন জমির ভিতর দিয়া যে রেলওয়ে যায় সেই রেলওয়ে সাধারণ ট্রাফিকের জন্য প্রথম খুলিবার তারিখ হইতে দশ বৎসর গত হইলে পর, এই অধ্যায়ে পরে যে প্রকার বিধান করা গেল সেই প্রকারে ভিন্ন কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে সেই সকল জমির অধিকারী বা দখিলকারদিগের ব্যবহারার্থ কোন অতিরিক্ত সুবিধার্থ ওয়ার্ক নির্ম্মাণ করিবার খরচ দিতে বাধ্য করা যাইবে না।

(গ) কোন রাস্তা বা জলস্রোত পার হইবার জন্য কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন উপযুক্ত সুবিধা করিয়া দিবার পর যে স্থলে যে ব্যক্তির কর্ত্তৃত্বাধীনে সেই রাস্তা বা জলস্রোত থাকে তাঁহার কোন কার্য্য বা অবহেলার দরুণ সেই রাস্তা বা জলস্রোত অন্যমুখে যায় সে স্থলে সেই রাস্তা বা জলস্রোত পার হইবার জন্য আডমিনিষ্ট্রেশনকে অপর সুবিধা করিয়া দিতে বাধ্য করা যাইবে না।

(৪) ১ প্রকরণানুসারে যে ওয়ার্ক করিতে হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহা আরম্ভ করিবার একটি সময় নিরূপণ করিয়া দিতে পারিবেন এবং রেলওয়ে আডমিনিষ্ট্রেশন যদি সেই সময়ের ঠিক পরে চৌদ্দ দিন কাল সেই ওয়ার্ক আরম্ভ না করেন অথবা আরম্ভ করিয়া তাহা প্রকৃষ্টরূপে সম্পন্ন করিবার জন্য যত্নপূর্ব্বক কার্য্য না করেন তাহা হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহা সম্পন্ন করিতে পারিবেন এবং তাহা সম্পন্ন করিতে তাঁহার যে খরচ হয় রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের নিকট তাহা আদায় করিতে পারিবেন।

জমির অধিকারী বা দখিলকারের অতিরিক্ত সুবিধার্থ ওয়ার্ক করাইবার ক্ষমতার কথা।

১২ ধারা। কোন রেলওয়েকর্ত্তৃক যে জমির ক্ষতি হয় সেই জমির অধিকারী বা দখিলকার যদি এরূপ বিবেচনা করেন যে ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে যে সকল ওয়ার্ক করা হইয়াছে তাহা ঐ জমির সুবিধাজনক ব্যবহারের জন্য যথেষ্ট হয় নাই তাহা হইলে যে সকল অতিরিক্ত ওয়ার্ক তিনি আবশ্যক বিবেচনা করেন এবং রেলওয়ে আডমিনিষ্ট্রেশন যাহাতে সম্মত হন অথবা মতভেদ স্থলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে সকল অতিরিক্ত ওয়ার্ক করিবার অনুমতি দেন তিনি তাহা রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে তাঁহার খরচে করিতে বলিতে পারিবেন।

বেড়া, পর্দ্দা, ফটক ও গবাদের কথা।

১৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এইরূপ আদেশ করিতে পারিবেন যে আদেশপত্রে যে সময় নির্দ্দিষ্ট হয় সেই সময়ের মধ্যে অথবা তিনি এতৎপক্ষে যে অতিরিক্ত সময় নির্দ্ধারিত করেন সেই সময়ের মধ্যে—

(ক) কোন রেলওয়ে বা উহার কোন অংশের নিমিত্ত এবং [illegible] সম্পর্কে নির্ম্মিত রাস্তার নিমিত্ত সীমা[illegible] বা বেড়া [illegible] প্রস্তুত করা হয় বা পুনর্নির্ম্মা[illegible]।

(খ) [illegible] রেলও[illegible] যে রেল[illegible] ষ্টক গমনাগমন কর[illegible] [illegible] দেখিয়া বা তাহার শব্দে ঘোটক [illegible] দরুণ কোন সরকারী রাস্তার পথিকদিগের বিপদ নিবারণ করিবার জন্য রেলওয়ে আডমিনিষ্ট্রেশন রেলওয়ে নির্ম্মিত হওয়ার পূর্ব্বে ঐ রাস্তার নিকটে বা গায়ে নির্ম্মিত হওয়া পর্দ্দার মতন ওয়ার্ক প্রস্তুত বা পুনর্নির্ম্মাণ করিবেন।

(গ) যে যে স্থলে কোন রেলওয়ে সমান লেভেলে কোন সরকারী রাস্তা পার হইয়া যায় সেই সেই স্থানে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন

উপযুক্ত ফটক, চেইন, গরাদে, সিঁড়ি বা হাতরেল প্রস্তুত বা পুন নির্ম্মাণ করিয়া দেন।

(ঘ) ঐ সকল ফটক, চেইন বা গরাদে খুলিবার ও বন্ধ করিবার জন্য রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃক লোক নিযুক্ত করা হয়।

উপরের ও নীচের সেতুর কথা।

১৪ ধারা। (১) যে স্থলে কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কোন সরকারী রাস্তার এপার ওপার সমান লেভলে রেলওয়ে নির্ম্মাণ করেন সে স্থলে সর্ব্বসাধারণকে নিরাপদ করিবার জন্য মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যদি আবশ্যক বিবেচনা করেন তবে তিনি যে কোন সময়ে এইরূপ আদেশ করিতে পারিবেন যে তিনি যে সময় উপযুক্ত মনে করেন সেই সময়ের মধ্যে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন সমান লেভেলে রাস্তা পার না হইয়া, সেতু বা খিলানের সাহায্যে এবং উঠিবার ও নামিবার সুবিধাজনক উপায় এবং অপর সুবিধাজনক পথ প্রস্তুত করিয়া রাস্তাটিকে হয় রেলওয়ের নীচে দিয়া নয় উহার উপর দিয়া লইয়া যান, অথবা লেভেল ক্রসিংএর দরুণ যে বিপদ উপস্থিত হয় তাহা নিরাকরণ করিবার বা কমাইবার জন্য অবস্থা বিবেচনায় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অপর যে সকল ওয়ার্ক সর্ব্বাপেক্ষা বেশী উপযোগী বোধ হয় সেই সকল ওয়ার্ক সম্পন্ন করেন।

(২) ১ প্রকরণানুসারে আদেশ করিবার নিয়ম স্বরূপ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এইরূপ আদেশ করিতে পারিবেন যে ঐ রাস্তা যদি কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক রক্ষিত হয় তবে ঐ আদেশমত কার্য্য করিতে যত খরচ হয় সেই সমস্ত খরচ অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই খরচের যে অংশ ন্যায্য বিবেচনা করেন সেই অংশ রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে দিবার জন্য সেই স্থানীয় কর্ত্তৃপক্ষ অঙ্গীকার করিবেন।

যে সকল বৃক্ষ কোন রেলওয়ের সম্বন্ধে বিপদজনক হয় অথবা কোন রেলওয়ে চালাইবার প্রতিবন্ধক স্বরূপ হয় সেই সকল বৃক্ষ কাটিয়া ফেলিবার কথা।

১৫ ধারা। (১) নিম্নলিখিত স্থলের মধ্যে যে কোন স্থলে, অর্থাৎ:—

(ক) যে স্থলে এরূপ বিপদাশঙ্কা হয় যে কোন রেলওয়ের নিকটে দণ্ডায়মান কোন বৃক্ষ রেলওয়ের উপর পড়িয়া ট্রাফিক অবরোধ করিতে পারে।

(খ) যে স্থলে [illegible] কোন স্থাপিত সঙ্কেত [illegible] রোধ স্বরূপ হয়।

সেই স্থলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কোন মাজিষ্ট্রেটের অনুমতি লইয়া বৃক্ষটি কাটিয়া ফেলিতে পারিবেন কিম্বা ঐ বৃক্ষ সম্বন্ধে অপর যে প্রকারে কার্য্য করিলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের মতে স্থলভেদে সেই বিপদ নিবারণ করা যাইবে অথবা সেই অবরোধ দূরীভূত হইবে সেই প্রকারে কার্য্য করিতে পারিবেন।

(২) গুরুতর প্রয়োজন স্থলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন মাজিষ্ট্রেটের অনুমতি ব্যতীত (১) প্রকরণের লিখিত ক্ষমতা পরিচালন করিতে পারিবেন।

(৩) ১ প্রকরণ বা (২) প্রকরণ অনুসারে যে বৃক্ষ কাটিয়া ফেলা হয় বা যে বৃক্ষ সম্বন্ধে অন্য কোন প্রকারে কার্য্য করা হয় সেই বৃক্ষ রেলওয়ে নির্ম্মিত হইবার বা সঙ্কেত স্থাপিত হইবার পূর্ব্বে থাকিয়া থাকিলে বৃক্ষেতে যে সকল ব্যক্তির স্বার্থ থাকে তাঁহাদিগের দরখাস্ত মতে যে কোন মাজিষ্ট্রেট সেই সকল ব্যক্তিকে যে ক্ষতিপূরণ যুক্তিযুক্ত মনে করেন সেই ক্ষতিপূরণ দিবার আদেশ করিতে পারিবেন।

(৪) এইরূপ আদেশ চূড়ান্ত হইবে। কিন্তু যদি এরূপ আদেশ কোন প্রেসিডেন্সি সহরে প্রধান প্রেসিডেন্সি মাজিষ্ট্রেট হইতে ভিন্ন কোন মাজিষ্ট্রেট কর্ত্তৃক করা হয় কিম্বা অপর স্থানে ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেট হইতে ভিন্ন কোন মাজিষ্ট্রেট কর্ত্তৃক করা হয় তাহা হইলে উহা প্রধান প্রেসিডেন্সি মাজিষ্ট্রেটের বা ডিষ্ট্রিক্ট মাজিষ্ট্রেটের পুনরালোচনার অধীন হইবে।

---

## চতুর্থ অধ্যায়।

### রেলওয়ে খুলিবার কথা।

লোকমোটিব ব্যবহার করিবার স্বত্বের কথা।

১৬ ধারা। (১) অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরি লইয়া কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কোন রেলওয়েতে লোকমোটিব ইঞ্জিন বা অপর চালিকা শক্তি এবং তদ্দ্বারা টানা বা ঠেলা হইবে এমন রোলিং ষ্টক ব্যবহার করিতে পারিবেন।

(২) কিন্তু যে পর্য্যন্ত কোন রেলওয়ের নিমিত্ত এই আইনানুসারে সাধারণ বিধি প্রস্তুত করা, মঞ্জুর করা, প্রকাশ করা ও বিজ্ঞাপিত করা না হয় সে পর্য্যন্ত সেই রেলওয়েতে ষ্টীম বা অপর কল ঘটিত শক্তিদ্বারা রোলিং ষ্টক চালিত হইবে না।

কোন রেলওয়ে খুলিবার অভিপ্রায়ের নোটিশ দিবার কথা।

১৭ ধারা। (১) প্রকাশ্যভাবে আরোহী লইয়া যাইবার জন্য কোন রেলওয়ে খুলিবার অভিপ্রায় করিবার ন্যূনপক্ষে এক মাস পূর্ব্বে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন (২) প্রকরণের বিধানের অধীন হইয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে আপন অভিপ্রায়ের লিখিত নোটিস দিবেন।

(২) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব উপযুক্ত বিবেচনা করিলে যে কোন স্থলে (১) প্রকরণের লিখিত নোটিসের সময় কমাইয়া দিতে পারিবেন অথবা ঐ নোটিস না লইতে পারিবেন।

গবর্ণমেন্টের মঞ্জুরি রেলওয়ে খুলিবার পূর্ব্ববর্ত্তী নিয়ম হইবার কথা।

১৮ ধারা। যে পর্য্যন্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব হইতে এতৎপক্ষে ক্ষমতা প্রাপ্ত কোন ইন্‌স্পেক্টর প্রকাশ্যভাবে আরোহী লইয়া যাইবার জন্য কোন রেলওয়ে খোলা আদেশ মতে মঞ্জুর না করেন সে পর্য্যন্ত সেই রেলওয়ে সেই অভিপ্রায়ে খোলা হইবে না।

কোন রেলওয়ে খোলা মঞ্জুর করণার্থ যে কার্য্য-প্রণালী অনুসরণ করিতে হইবে তাহার কথা।

১৯ ধারা। (১) যে পর্য্যন্ত একজন ইনিস্পেক্টর রেলওয়ে পরিদর্শন করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে এইরূপ লিখিত রিপোর্ট না দেন যে—

(ক) তিনি রেলওয়ে ও রোলিং ষ্টক সাবধানে পরিদর্শন করিয়াছেন।

(খ) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নির্দ্দিষ্ট গমনশীল ও স্থাপিত দ্রব্যের আয়তনের ব্যতিক্রম করা হয় নাই।

(গ) রেলের ওজন, সেতুর বল, ওয়ার্কের সাধারণ গঠন পদ্ধতি এবং কোন রোলিং ষ্টকের আলের আকার এবং তদুপরিস্থিত সর্ব্বাপেক্ষা বেশী মোট বোঝা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নির্দ্দিষ্ট মতানুযায়ী বটে।

(ঘ) রেলওয়ের যথেষ্ট রোলিং ষ্টক আছে।

(ঙ) রেলওয়ে চালান সম্বন্ধীয় সাধারণ বিধি এই আইনানুসারে প্রস্তুত করা হইয়াছে, মঞ্জুর করা হইয়াছে, প্রকাশ করা হইয়াছে এবং বিজ্ঞাপিত হইয়াছে। এবং

(চ) তাঁহারমতে প্রকাশ্যভাবে আরোহী লইয়া যাইবার জন্য রেলওয়ে খোলা যাইতে পারে এবং খুলিলে যে লোক সাধারণে রেলওয়ে ব্যবহার করিবে তাহাদের কোন বিপদ ঘটিবে না।

সে পর্য্যন্ত ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরি দেওয়া হইবে না।

(২) ইনিস্পেক্টরের যদি এরূপ মত হয় যে যাহারা রেলওয়ে ব্যবহার করিবে এইরূপে রেলওয়ে খুলিলে তাহাদের বিপদ ঘটিবে তাহা হইলে তিনি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট সেই মত উহার হেতু সহ ব্যক্ত করিবেন। এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব তদনন্তর রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে রেলওয়ে খোলা স্থগিত রাখিবার আদেশ করিতে পারিবেন।

(৩) ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে যে আদেশপত্র দেওয়া হয় তাহাতে রেলওয়ে খোলা মঞ্জুর হওয়ার পূর্ব্ববর্ত্তী নিয়মস্বরূপ যাহা যাহা করিতে হইবে তাহা লিখিয়া দিতে হইবে এবং তাহাতে এই আদেশ থাকিবে যে যে পর্য্যন্ত সেই সেই কার্য্য না করা হয় কিম্বা যে পর্য্যন্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অন্য রকমে সন্তোষজনকরূপে না বুঝেন যে যাহারা রেলওয়ে ব্যবহার করিবে রেলওয়ে খুলিলে তাহাদের বিপদ ঘটিবে না সে পর্য্যন্ত রেলওয়ে খোলা স্থগিত থাকিবে।

(৪) এই ধারানুসারে যে মঞ্জুরি দেওয়া হয় তাহা হয় নিয়মশূন্য নয় সর্ব্বসাধারণকে নিরাপদ করিবার জন্য মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে সকল নিয়ম আবশ্যক বিবেচনা করেন সেই সকল নিয়মাধীন হইতে পারিবে।

(৫) যদি রেলওয়ে খুলিবার মঞ্জুরি নিয়মাধীন করিয়া দেওয়া হয় এবং রেলওয়ে আডমিনিষ্ট্রেশন সেই সকল নিয়ম পালন না করেন তাহা হইলে মঞ্জুরি রহিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং যে পর্য্যন্ত সেই সকল নিয়ম মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সন্তোষজনক রূপে পালন করা না হয় সে পর্য্যন্ত রেলওয়ে চালান বা ব্যবহার করা হইবে না।

কোন রেলওয়ের সাংশ-শে পরিবর্ত্তন সম্বন্ধে ঠিক পূর্ব্ববর্ত্তী তিনটী ধারার বিধান খাটিবার কথা।

২০ ধারা। (১) ২ প্রকরণে যে সকল ওয়ার্কের উল্লেখ আছে তাহা যদি প্রকাশ্যভাবে আরোহী বহনের নিমিত্ত ব্যবহৃত কোন রেলওয়ের অংশ হয় বা তাহার সহিত সাক্ষাৎ সম্বন্ধে সংযুক্ত হয় এবং সেই রেলওয়ে প্রথম খুলিবার পূর্ব্বে যে পরিদর্শন কার্য্য হইয়াছে তাহার পরে যদি তাহা নির্ম্মিত হইয়া থাকে তাহা হইলে রেলওয়ে খোলা সম্বন্ধে ১৭, ১৮ ও ১৯ ধারার বিধান সেই সকল ওয়ার্ক খোলা সম্বন্ধেও খাটিবে।

(২) অতিরিক্ত রেলওয়ে লাইন, দিগান্তরগামী লাইন, ষ্টেশন, সমান লেভেল জংসন ও ক্রসিং এবং যে ওয়ার্ক সম্বন্ধে ১৭, ১৮ ও ১৯ ধারার বিধান খাটে বা এই ধারানুসারে খাটান যায় যে পরিবর্ত্তন বা পুনর্নির্ম্মাণ কার্য্যের দ্বারা সেই ওয়ার্কের গঠন পদ্ধতির বিশেষ ব্যত্যয় ঘটে সেই পরিবর্ত্তন বা পুনর্নির্ম্মাণ কার্য্য (১) প্রকরণের উল্লিখিত ওয়ার্ক বলিয়া গণ্য হইবে।

ব্যতিক্রম বিধানের কথা।

২১ ধারা। যেস্থলে কোন দুর্ঘটনার দরুণ কিছু কালের জন্য ট্রাফিক বন্ধ থাকে এবং প্রথম লাইন ও ওয়ার্ক গুলি তৎপর উহাদের প্রথম অবস্থায় পুনঃ স্থাপিত হয় কিম্বা পুনরায় গমনাগমন চলিবে বলিয়া স্বল্পকালের নিমিত্ত একটি ভিন্ন পথ প্রস্তুত করা হয় সেস্থলে এইরূপে পুনস্থাপিত প্রথম লাইন ও ওয়ার্কগুলি কিম্বা সেই স্বল্পকালস্থায়ি ভিন্ন পথ যেস্থলে যাহা হয় সেস্থলে তাহা ইনিস্পেক্টরের অনুপস্থিতিতে নিম্নলিখিত নিয়মাধীনে প্রকাশ্যরূপে আরোহী বহনার্থ খোলা যাইতে পারিবে। নিয়মগুলি এই:—

(ক) দুর্ঘটনার দরুণ যে ওয়ার্ক করিতে হয় রেলওয়ের যে চাকর সেই ওয়ার্কের ভারপ্রাপ্ত থাকেন তিনি এই লিপিবদ্ধ করিবেন যে পুনঃ স্থাপিত লাইন ও ওয়ার্ক কিম্বা স্বল্পকালস্থায়ি ভিন্ন পথ খুলিবার দরুণ যাহারা ঐ লাইন ও ওয়ার্ক কিম্বা ঐ ভিন্নপথ ব্যবহার করিবে তাহাদের বিপদ ঘটিবে না এবং

(খ) ঐ রেলওয়ের [illegible] যে ইনিস্পেক্টর নিযুক্ত থাকেন তাঁ[illegible] ঐ লাইন ও ওয়ার্ক বা ভিন্ন পথ খুলি[illegible] নোটিস তার যোগে দেওয়া যাই[illegible]

রেলওয়ে খোলা সম্বন্ধে বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

২২ ধারা। ১৭ হইতে[illegible] ধারার নির্দ্দিষ্ট কার্য্য[illegible] কোন্ স্থলে পরিত্যাগ করা যাইতে পারিবে এবং সেই সেই স্থলে কি পরিমাণ পরিত্যাগ করা যাইতে পারিবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহা নির্দ্দেশ করিয়া বিধি প্রণয়ন করিতে পারিবেন।

খোলা রেলওয়ে বন্ধ করিবার ক্ষমতার কথা।

২৩ ধারা। (১) প্রকাশ্যরূপে আরোহী বহনার্থ ব্যবহৃত কোন খোলা রেলওয়ে কিম্বা তদুপরি ব্যবহৃত কোন রোলিংষ্টক পরিদর্শন করিয়া

কোন ইনিস্পেক্টরের যদি এরূপ মত হয় যে ঐ রেলওয়ে বা কোন বর্ণিত রোলিং ষ্টক ব্যবহার করিলে যাহারা তাহা ব্যবহার করে তাহাদের বিপদ ঘটিবে তাহা হইলে তিনি সেই মত উহার হেতুসহ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট ব্যক্ত করিবেন। এবং তদনন্তর মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব এই রূপ আদেশ করিতে পারিবেন যে প্রকাশ্যরূপে আরোহী বহনার্থ রেলওয়ে বন্ধ করা হইবে অথবা ঐ রূপে বর্ণিত রোলিং ষ্টকের ব্যবহার বন্ধ করা হইবে অথবা সর্ব্বসাধারণ কে নিরাপদ করিবার জন্য মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে সকল নিয়ম আবশ্যক বিবেচনা করেন কেবল সেই সকল নিয়মে রেলওয়ে বা ঐ রূপে বর্ণিত রোলিং ষ্টক প্রকাশ্য রূপে আরোহী বহনার্থ ব্যবহার করা যাইবে।

(২) যে সকল হেতু বিবেচনা করিয়া ঠিক পুর্ব্ববর্ত্তী ধারানুযায়ী আদেশ করা হয় ঐ আদেশপত্রে সেই সকল হেতু লিখিয়া দিতে হইবে।

বন্ধ করা রেলওয়ে পুনরায় খুলিবার কথা।

২৪ ধারা। (১) যে স্থলে কোন রেলওয়ে ঠিক পুর্ব্ববর্ত্তী ধারানুসারে বন্ধ করা হয় সে স্থলে যে পর্য্যন্ত এই আইনের বিধানানুসারে উহা পরিদর্শন করা না হয় এবং উহা পুনরায় খোলা মঞ্জুর করা না হয় সে পর্য্যন্ত প্রকাশ্য রূপে আরোহী বহনার্থ উহা পুনরায় খোলা হইবে না।

(২) যে স্থলে মন্ত্রি সভাধিষ্ঠিত শ্রী যুত গবর্ণর জেনরল সাহেব ঠিক পুর্ব্ববর্ত্তী ধারানুসারে কোন বর্ণিত-রোলিং ষ্টকের ব্যবহার বন্ধ করিবার আদেশ করেন সে স্থলে যে পর্য্যন্ত এক জন ইনিস্পেক্টর সেই রোলিং ষ্টক ব্যবহারের যোগ্য হইয়াছে বলিয়া রিপোর্ট না করেন এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব উহার ব্যবহার মঞ্জুর না করেন সে পর্য্যন্ত উহা ব্যবহার করা হইবে না।

(৩) যে স্থলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ঠিক পূর্ব্ববর্ত্তী ধারানুসারে কোন রেলওয়ে বা রোলিং ষ্টকের ব্যবহার সম্বন্ধে কোন নিয়ম নির্দ্দেশ করেন সেস্থলে যে পর্য্যন্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই সকল নিয়ম তুলিয়া না লয়েন সে পর্য্যন্ত সেই সকল নিয়ম পালন করিতে হইবে।

ক্ষমতা[illegible]ন্স্পেক্টর[illegible] অর্পণ করি[illegible]র কথা।

২৫ ধারা। ([illegible]) মন্ত্রি[illegible]ভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেন-[illegible]ল সাহেব কোন ইনিস্পেক্টরকে এই [illegible]ধ্যা[illegible]নুযায়ী [illegible]ধারণ বা বিশেষ আদেশপত্র [illegible] ক্রমে তাঁহার আপনার এই [illegible] অধ্যায়ানুযায়ী কোন কর্ম্ম সম্পন্ন করিবার ক্ষম[illegible] [illegible]রবেন এবং যে ইনিস্পেক্টর এই-রূপ কোন [illegible] তাহার প্রদত্ত কোন মঞ্জুরি বা হুকুম [illegible]ত করিতে পারিবেন কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব স্বয়ং ঐ মঞ্জুরি বা হুকুম দিলে যে নিয়ম নির্দ্দেশ করিতে পারিতেন ঐ মঞ্জুরি বা হুকুমে সেই নিয়ম যোগ করিয়া দিতে পারিবেন।

(২) এই আইনের সমস্ত প্রয়োজনার্থ (১) প্রকরণানুসারে নির্দ্দিষ্ট নিয়মের কার্য্যকারিতা মন্ত্রিসভাষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রদত্ত কোন মঞ্জুরি বা হুকুমে ঐ নিয়ম সংযুক্ত হইলে উহার যে রূপ কার্য্যকারিতা হইত ঠিক সেই রূপ কার্য্যকারিতা হইবে।

# পঞ্চম অধ্যায়।

## রেলওয়ে কমিশন ও ট্রাফিকের সুবিধার কথা।

### রেলওয়ে কমিশনের কথা।

রেলওয়ে কমিশনের গঠনের কথা।

২৬ ধারা। (১) এই অধ্যায়ের প্রয়োজনার্থ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ঘটনা বিবেচনায় আবশ্যক বোধ করিলে একটি কমিশন নিযুক্ত করিবেন। সেই কমিশনকে রেলওয়ে কমিশন বলা যাইবে (এই আইনে উহা কমিশনরগণ বলিয়া উক্ত হইল) এবং উহাতে একজন ল কমিশনর ও দুই জন লে কমিশনর থাকিবে।

(২) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব যে যে সময় ও যে যে স্থান নিরূপণ করেন কমিনরগণ সেই সেই সময়ে ও সেই সেই স্থানে বসিবেন।

(৩) যে স্থানে কমিশনরগণ বসিবেন সেই স্থানে ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনানুসারে ইউরোপীয় বৃটিশ প্রজাসম্বন্ধে বিচারাধিকার থাকে হাই কোর্টের এমন যে জজকে বিক্টোরিয়ার ২৪ ও ২৫ ষ্টাটিউটের ১০৪ অধ্যায়ানুসারে স্থাপিত কোন হাই কোর্ট হইলে চীফ জষ্টিস অথবা পাঞ্জাবের চীফ কোর্ট হইলে সীনিয়র জজ অথবা রেঙ্গুনের রেকর্ডরের আদালত হইলে ব্রহ্মার চীফ কমিশনর সাহেব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুরোধক্রমে আপন স্বাক্ষরযুক্ত লিখন ক্রমে নিরূপণ করিয়া দেন সেই জজ ল কমিশনর হইবেন।

(৪) লে কমিশনরগণ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক নিযুক্ত এবং তাঁহদের মধ্যে অন্তত একজন রেলওয়ের কর্য্যাভিজ্ঞ লোক হইবেন।

যে যে বিষয় রেলওয়ে কমিশনে বিশেষভাবে অর্পিত হয় সেই সেই বিষয়ে ঐ কমিশনের বিচারাধিকার আবদ্ধ থাকিবার কথা।

২৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যেসকল বিষয় কমিশনর দিগকে অর্পণ করেন কমিশনরগণ কেবল তাহাই বিচারামলে আনিবেন।

রেলওয়ে কমিশনে বিষয় অর্পণ করিবার কথা।

২৮ ধারা। নিম্নলিখিত কোন উপলক্ষে অর্থাৎ:—

(ক) কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কোন কার্য্য করিয়া বা কোন কার্য্য না করিয়া এই অধ্যায়ের কোন বিধান ভঙ্গ বা উলঙ্ঘন করিয়াছেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট এই রূপ অভিযোগ করা হইলে

(খ) সালিসিতে অর্পণ করিতে পারা যায় এমন কোন বিবাদ রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের মধ্যে উপস্থিত হইলে এবং রেলওয়ে আডমিনিষ্ট্রেশনগুলি কমিশনর দিগের নিকট উহা অর্পণ করাইবার নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট দরখাস্ত করিলে।

(গ) কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন একপক্ষে থাকেন এমন কোন বিবাদ উপস্থিত হইলে এবং উহার পক্ষগণ কমিশনরগণের নিকট উহা অর্পণ করাইবার নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত

শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট দরখাস্ত করিলে—

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব উপযুক্ত বিবেচনা করিলে বিষয়টি নিষ্পত্তির নিমিত্ত কমিশনরগণের নিকট অর্পণ করিতে পারিবেন।

বসিবার সময় রেলওয়ে কমিশনের গঠনের কথা।

২৯ ধারা। যে বিষয় নিষ্পত্তির নিমিত্ত কমিশনরগণের নিকট এই অধ্যায়ানুসারে অর্পণ করা হয় তাহার বিচারে তিন জন কমিশনরই উপস্থিত থাকিবেন এবং বিচারকালে লা কমিশনর সভাপতি থাকিবেন।

রেলওয়ে কমিশনের ক্ষমতার কথা।

৩০ ধারা। (১) লা কমিশনর যে হাই কোর্টের জজ সেই হাই কোর্ট কোন সরেনও দেওয়ানী মোকদ্দমা বিচার করিতে হইলে যে সকল ক্ষমতা পরিচালন করিতে পারেন এইরূপ কোন বিষয়ের বিচারে কমিশনরগণের সেই সকল ক্ষমতা থাকিবে এবং তাঁহারা কিম্বা তাঁহাদের মধ্যে বেশীরভাগ ব্যক্তি অবস্থা বিবেচনা করিয়া নিষেধাজ্ঞা স্বরূপ যে হুকুম করা উপযুক্ত বিবেচনা করেন ঐ বিষয়ে সেই হুকুম করিতে পারিবেন।

(২) বিচার কালে কমিশনরেরা কোন ব্যক্তিকে স্বয়ং কিম্বা কোন হাই কোর্টে ব্যবহারাজীবের কাজ করিবার অধিকারী এমন কোন ব্যবহারাজীবের দ্বারা তাঁহাদের সম্মুখে উপস্থিত হইতে অনুমতি করিতে পারিবেন।

রেলওয়ে কমিশনের হুকুমের বিরুদ্ধে আপীলের কথা।

৩১ ধারা। (১) যে অবস্থাঘটিত কথায় কমিশনর দিগের মধ্যে দুই জন একমত হয়েন সেই কথা সম্বন্ধে কমিশনর দিগের হুকুমের বিরুদ্ধে আপীল চলিবেনা।

(২) (ক) যদি রেঙ্গুনের রিকর্ডর বা আডিশনল রিকর্ডর লা কমিশনর থাকিয়া থাকেন তাহ হইলে বঙ্গদেশের ফোর্ট উইলিয়মস্থিত হাই কোর্টে এবং

(খ) অন্য কোন স্থলে লা কমিশনর যে হাই কোর্টের জজ ছিলেন সেই হাই কোর্টে কমিশনরদিগের হুকুমের বিরুদ্ধে (১) প্রকরণের বিধানের অধীনে আপীল চলিবে।

(৩) যে হুকুমের বিরুদ্ধে আপীল করা হয় সেই হুকুমের তারিখ হইতে ছয় মাসের মধ্যে ঐ আপীল উপস্থিত করিতে হইবে এবং হাই কোর্ট বিধিক্রমে যত গুলি জজ নির্দ্দেশ করেন তত গুলি জজের বেঞ্চ কর্ত্তৃক ঐ আপীলের বিচার হইবে কিন্তু জজের সংখ্যা তিন জনের কম হইবে না।

(৪) দেওয়ানী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনানুসারে আপীল আদালত স্বরূপ হাই কোর্টের যেসমস্ত ক্ষমতা আছে আপীলে বিচার এই অধ্যায়ের অন্যান্য বিধানের অধীনে হাই কোর্টের সেই সমস্ত ক্ষমতা থাকিবে এবং কমিশনরেরা যে হুকুম করিতে পারিতেন আপীলের বিচারে হাইকোর্ট সেই হুকুম করিতে পারিবেন।

রেলওয়ে কমিশনের হুকুমের কার্য্য স্থগিতের কথা।

৩২ ধারা। কমিশনরগণ কিম্বা তাঁহাদের মধ্যে বেশীর ভাগ তাঁহাদের হুকুম স্থগিদ রাখ উপযুক্ত বিবেচনা না করিলে কমিশনরগণের হুকুমের বিরুদ্ধে হাই কোর্টে আপীল হওয়া স্বত্বেও যে পর্য্যন্ত ঐ হুকুম ঐ আদালত কর্ত্তৃক রহিত বা পরিবর্ত্তন করা না হয় সে পর্য্যন্ত ঐ হুকুমানুসারে কার্য্য হইতে থাকিবে।

রেলওয়ে কমিশনের হুকুম এই অধ্যায়ের পূর্ব্ববর্ত্তী ধারার অধীনে চূড়ান্ত হইবার কথা।

৩৩ ধারা। এইঅধ্যায়ের পূর্ব্ববর্ত্তী বিধানের অধীনে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীশ্রীমতীর কোন আদেশের অধীনে কমিশনরগণের হুকুম চূড়ান্ত হইবেএবং কোন আদালতে ঐ হুকুমের বিশিষ্টতা সম্বন্ধে আপত্তি করা যাইতে পারিবে না এবং কোন আদালত ঐ হুকুম রোধ করিতে পারিবে না।

আসেসর দিগের কথা।

৩৪ ধারা (১) কমিশনরগণ এই অধ্যায়ানুসারে তাঁহাদের বিচারাধিকার পরিচালন ক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সাধারণ বা বিশেষ মঞ্জুরি লইয়া সময়ে সময়ে এক বা একাধিক ইঞ্জিনিয়রিং বা অপর শিল্পবিষয়ক অভিজ্ঞতা বিশিষ্ট ব্যক্তিকে আসেসর স্বরূপ কার্য্য করিবার নিমিত্ত আহ্বান করিতে পারিবেন।

(২) কমিশনরগণের প্রস্তাবমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে পারিশ্রমিক দিবার আদেশ দেন ঐ সকল ব্যক্তিকে সেই পারিশ্রমিক দেওয়া যাইবে।

এই অধ্যায়ের প্রয়োজনার্থ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৩৫ ধারা। কমিশনর দিগের নিকট যে সকল কার্য্য করা হয় তৎসম্বন্ধে ব্যবস্থা করিবার জন্য এবং কমিশনরগণকে এই অধ্যায়ের বিধান গুলিকে কার্য্যে পরিণত করিতে সক্ষম করিবার জন্য এবং কমিশনরগণের নিকট যে সকল কার্য্য করা হয় তৎসম্বন্ধে যে সকল ফী লওয়া যাইবে তাহা নির্দ্দেশ করিবার জন্য মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিধি প্রণয়ন করিতে পারিবেন।

এই অধ্যায়ানুযায়ী কার্য্যে খরচার কথা।

৩৬ ধারা। কমিশনরগণ বা হাই কোর্টের সমীপে এই অধ্যায়ানুসারে যে সকল কার্য্য করা হয় তাহার এবং তদঘটিত খরচ অবস্থাভেদে কমিশনরগণ বা হাই কোর্টের বিবেচনানুযায়ী হইবে।

রেলওয়ে কমিশনের ও হাই কোর্টের হুকুম জারী করিবার কথা।

৩৭ ধারা। কমিশনরগণের নিকট যে সকল কার্য্য করা হয় সেই সকল [illegible] কিম্বা কোন হা[illegible]র্টে যে [illegible]পিলকরা হয় তাহ[illegible] ব্যক্তি [illegible] থাকেন তি[illegible] সেই ব্যক্তি[illegible]স্থলাভিষিক্ত দরখাস্ত করিলে লা ক[illegible] যে হা[illegible] কোর্টের জজ ছিলেন সেই হাই কোর্ট ক[illegible]গণের [illegible] হাই কোর্টের এই অধ্যায়ানুসারে কৃত [illegible] ভাবে প্রবল বা জারি করাইবেন যেন ঐ হু[illegible] [illegible] আপনার সরেনও দেওয়ানী বিচারাধিকার পরিচালন ক্রমেই করিয়াছিলেন।

নিদর্শন পত্র সম্বন্ধে প্রমাণের কথা।

৩৮ ধারা। যে নিদর্শন পত্র কমিশনরগণ বা তাঁহাদের মধ্যে কাহার কর্ত্তৃক স্বাক্ষরিত হইয়াছে বলিয়া প্রতীয়মান হয় তাহা স্বাক্ষরের প্রমাণ ব্যতীত প্রমাণ স্বরূপ গ্রহণ করা যাইবে এবং যে পর্য্যন্ত অন্যরূপ প্রমাণ না হয় সেপর্য্যন্ত তাহা ঐ রূপেস্বাক্ষরিত হইয়াছে

এবং কমিশনরগণ কর্তৃক যথারীতি সম্পন্ন করা হইয়াছে বা প্রচারিত হইয়াছে বলিয়া বিবেচনা করা যাইবে।

৩৯ ধারা। কমিশনরগণের নিকট যে সকল বিষয় অর্পণ করা হয় তাহার প্রত্যেক বিষয় মীমাংসা হইবার পর যত শীঘ্র সম্ভব হয় তাঁহারা সেই বিষয় সম্বন্ধে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট একখানি বিশেষ রিপোর্ট অর্পণ করিবেন। এবং রিপোর্টের লিখিত বিষয়ে যাঁহাদের স্বার্থ থাকে তাঁহাদের অবগতির নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে প্রকারে রিপোর্ট খানি প্রকাশ করা উপযুক্ত বিবেচনা করেন সেই প্রকারে উহা প্রকাশ করাইবেন।

রেলওয়ে কমিশন কর্তৃক মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট বিশেষ রিপোর্ট অর্পিত হইবার কথা।

৪০ ধারা। কমিশনরগণের নিকট যে সকল বিষয় অর্পণ করা হয় তাহার নিষ্পত্তির নিমিত্ত তাঁহাদের যে শেষ বৈঠক হয় তাহা শেষ হইলে, ঠিক পূর্ব্ববর্ত্তি ধারার প্রয়োজনার্থ ভিন্ন, রেলওয়ে কমিশন ভঙ্গ হইয়াছে বলিয়া বিবেচনা করা যাইবে।

রেলওয়ে কমিশন ভঙ্গ হইবার কথা।

ট্রাফিকের সুবিধার কথা।

৪১ ধারা। (১) কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের যে সকল রেলওয়ে থাকে কিম্বা কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন যে সকল রেলওয়ে চালান তদুপরি এবং তথা হইতে ট্রাফিক লইবার, চালান দিবার ও বিলি করিবার জন্য এবং রোলিং ষ্টক ফেরত পাঠাইবার জন্য সেই রেলওয়ে আডমিনিষ্ট্রেশন আপন ক্ষমতানুসারে সকল সঙ্গত রকম সুবিধা করিয়া দিবেন।

অসঙ্গত বিলম্ব না করিয়া এবং পক্ষপাত শূন্য হইয়া ট্রাফিক গ্রহণ করিবার ও চালান দিবার বন্দোবস্ত করা রেলওয়ে আডমিনিষ্ট্রেশনদিগের কর্ত্তব্য কর্ম্ম হইবার কথা।

(২) কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন যে কোন বিষয় সম্বন্ধে হউক না কোন কোন ব্যক্তিবিশেষকে বা ব্যক্তিবিশেষের পক্ষে বা কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে বা রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের পক্ষে বা কোন শ্রেণী বিশেষের ট্রাফিককে বা শ্রেণী বিশেষের ট্রাফিকের পক্ষে কোন [illegible] বা [illegible] সঙ্গত রকম অগ্রগণ্যতা বা সুবিধা করি[illegible]েন না কিম্বা, সে রূপ কোন বিষয় [illegible] ব্যক্তি বিশেষকে বা রেলওয়ে আডমিনিষ্ট্রেশন[illegible] কোন শ্রেণী বিশেষের ট্রাফিককে কোন [illegible] সঙ্গত রকম ক্ষতি বা অসুবিধার অধীন [illegible]বেন।

(৩) যে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের এমন সকল রেলওয়ে থাকে বা যে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন এমন সকল রেলওয়ে চালান যাহা একটি অবিচ্ছিন্ন রেলপথের অংশ হয় কিম্বা যে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের টর্ম্মিনস্ বা ইষ্টেশন অন্য কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের টর্ম্মিনস্ বা ইষ্টেশন হইতে এক মাইলের মধ্যে থাকে সেই রেলওয়ে আডমিনিষ্ট্রেশন এরূপ কোন রেলওয়ে দিয়া সেই টর্ম্মিনস্ বা ইষ্টেশনে যে ট্রাফিক আইসে তাহা অসঙ্গত বিলম্ব না করিয়া এবং উপরোক্তমত কোন রকম অগ্রগণ্যতা বা সুবিধা বা ক্ষতি বা অসুবিধা না ঘটাইয়া লইবার ও অপর রেলওয়ে দিয়া চালান দিবার জন্য এমন ভাবে সমস্ত যথাযথ ও সঙ্গত রকম সুবিধা করিয়া দিবেন যে, যে লোক সাধারণে ঐ সকল রেলওয়েকে একটী অবিচ্ছিন্নগমনাগমনের পথস্বরূপ ব্যবহার করিতে ইচ্ছা করেন তাঁহাদের তৎপক্ষে কোন প্রতিবন্ধক না ঘটে এবং ঐ সকল রেলওয়ে দ্বারা সাধারণকে সকল সময়ে সমস্ত সঙ্গত রকম সমাবেশ করিয়া দেওয়া হয়।

(৪) এই ধারানুসারে যে সকল সুবিধা করিয়া দিতে হইবে তাহাতে কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্তৃক অন্য কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের অনুরোধে থ্রুরেটে অন্য কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের রেলওয়েতে এবং রেলওয়েহইতে থ্রুট্রাফিক যথাযথ ও সঙ্গত রকমে লওয়া চালান দেওয়া ও ডিলিবারি করাও বুঝাইবে।

কিন্তু:—

(ক) যে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন ট্রাফিক চালান দেওয়াইতে চাহেন তিনি প্রত্যেক চালানকারী রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে প্রস্তাবিত থ্রুরেট সম্বন্ধে লিখিত নোটিস দিবেন এবং রেটের টাকা কত হইবে এবং কোন পথ দিয়া ট্রাফিক চালান দিবার প্রস্তাব করা হয় তাহা ঐ নোটিসে লিখিতে হইবে। এবং কোন আডমিনিষ্টেশন এরূপ নোটিস দিলে থ্রুরেটের কিরূপ বণ্টন হইবে নোটিসে তাহাও লিখিতে হইবে। প্রস্তাবিত থ্রুরেট ট্রকহিসাবে বা মনহিসাবে হইতে পারিবে।

(খ) চালানকারী রেলওয়ে আডমিনিষ্ট্রেশন রেট ও পথ সম্বন্ধে স্বীকৃত কি না এবং কোনটী সম্বন্ধে আপত্তি থাকিলে আপত্তির হেতু কি চালানকারি-রেলওয়ে আডমিনিষ্ট্রেশন এরূপ নোটিস পাইবার পর নির্দ্দিষ্ট কালের মধ্যে যে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন ট্রাফিক চালান দেওয়াইতে চাহেন সেই রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে লিখিত নোটিস দিয়া তাহা অবগত করাইবেন।

(গ) যখন নির্দ্দিষ্ট কাল শেষ হয় তখনও যদি এরূপ কোন আপত্তি কোন চালানকারী রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্তৃক প্রেরিত হইয়া থাকিতে দেখা না যায় তাহা হইলে ঐ কাল শেষ হইলে ঐ রেট আমলে আসিবে।

(ঘ) যদি নির্দ্দিষ্ট কালের মধ্যে রেট বা পথ সম্বন্ধে আপত্তি প্রেরণ করা হয় তাহা হইলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন গুলির মধ্যে কেহ প্রার্থনা করিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বিষয়টী কমিশনরগণের নিকট নিষ্পত্তির নিমিত্ত অর্পণ করিবেন।

(ঙ) যদি রেট দেওয়া কিম্বা পথ সম্বন্ধে আপত্তি করা হয় তাহা হইলে রেট দেওয়া সাধারণের স্বার্থ বিবেচনায় যথাযথ ও সঙ্গতরকম সুবিধা কি না এবং অবস্থা বিবেচনায় প্রস্তাবিত পথটী যুক্তিসিদ্ধ পথ কি না কমিশনরগণ তাহা বিবেচনা করিয়া রেট মঞ্জুর বা অগ্রাহ্য করিবেন অথবা অপর যে রেট কমিশনরগণের ন্যায্য ও সঙ্গত বলিয়া বোধ হয় তাঁহারা সেই রেট ধার্য্য করিয়া দিবেন।

(চ) কেবল মাত্র রেটের বণ্টন সম্বন্ধে আপত্তি হইলে নির্দ্দিষ্ট কাল অতীত হইলে রেট আমলে আসিবে কিন্তু উহার বণ্টন সম্বন্ধে কমিশনরগণ যে নিষ্পত্তি করেন তাহা পশ্চাদ্বর্ত্তী কালসম্বন্ধে খাটিবে। অপর সকল স্থলে যে পর্য্যন্ত কমিশনরেরা ঐ বিষয়ে তাঁহাদের হুকুম না দেন সেপর্য্যন্ত রেট আমলে আনা স্থগিদ থাকিবে।

(ছ) সমস্ত অবস্থা বিবেচনা করিয়া এবং ঐপথ বা উহার কোন অংশ নির্ম্মাণ করা বা রক্ষা করা বা উহাতে কার্য্য চালান সম্বন্ধে যে কোন বিশেষ খরচা পড়িয়া থাকে তাহা বিবেচনা করিয়া এবং ঐ পথ বা উহার কোন অংশ সম্বন্ধে কোন রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন যে বিশেষ চার্জ্জ পাইবার অধিকারী হন তাহা বিবেচনা করিয়া কমিশনরগণ থ্রুরেট বণ্টন করিয়া দিবেন।

(জ) কোন চালানকারী রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন যে উচ্চতম রেট চার্জ্জ করিবার অধিকারী হন সেই রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশনকে থ্রু রেট হইতে তদপেক্ষা কমটাকা নির্দ্দিষ্ট করিয়া দেওয়া সত্বেও এই প্রকরণের পূর্ব্ববর্ত্তী বিধানমানিয়া কমিশনরগণের কোন প্রস্তাবিত থ্রু রেটকে যথাযথ ও যুক্তি সঙ্গত রেট বলিয়া নিষ্পত্তি করিবার এবং তদনুসারে থ্রুরেট মঞ্জুর ও বণ্টন করিবার সম্পূর্ণ ক্ষমতা থাকিবে।

(ঝ) এক মাস অথবা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সাধারণ বা বিশেষ হুকুম ক্রমে তদপেক্ষা যে দীর্ঘতর সময় নির্দ্দেশ করেন তাহাই এই প্রকরণের লিখিত নির্দ্দিষ্ট সময় হইবে।

৪২ ধারা। (১) কোন রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন কোন বাণিজ্য দ্রব্যের জন্য বা কোন কার্য্য করিয়া দিবার জন্য কোন ব্যবসায়ী বা ব্যবসায়ী শ্রেণী বা কোন ডিষ্ট্রিক্ট বা দেশের ব্যবসায়ীর উপর যে রেট চার্জ্জ করেন সেই বা সেইরূপ বাণিজ্য দ্রব্যের জন্য কিম্বা সেই বা সেইরূপ কাজ করিয়া দিবার জন্য অপর ব্যবসায়ী বা ব্যবসায়ী শ্রেণী বা অন্য কোন ডিষ্ট্রিক্ট বা দেশের ব্যবসায়ীর উপর তদপেক্ষা কম রেট চার্জ্জ করেন এইরূপ দেখান হইলে ঐ কম চার্জ্জে যে অযথা অগ্রগণ্যতা হয় না ইহা প্রমাণ করিবার ভার ঐ রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশনের উপর থাকিবে।

*এক রকম ট্রাফিক বা কাজ সম্বন্ধে কম বেশী রেট হওয়ার স্থলে অযথা অগ্রগণ্যতার কথা।*

(২) কোন কম চার্জ্জে অযথা অগ্রগণ্যতা হয় কি না নিষ্পত্তি করিতে হইলে বিষয়টী সম্বন্ধে অপর যে সকল কথা বিবেচনা করা আবশ্যক তাহা ছাড়া কমিশনরেরা যত দূর যুক্তিযুক্ত মনে করেন ততদূর এই কথাও বিবেচনা করিয়া দেখিতে পারিবেন যে,যে ট্রাফিক সম্বন্ধে কম চার্জ্জ করা হয় সর্ব্ব সাধারণের উপকারার্থ সেই ট্রাফিক হস্তগত করিবার নিমিত্ত ঐ কম চার্জ্জ আবশ্যক কি না।

৪৩ ধারা। যে স্থলে কোন রেলওয়ের ট্রাফিকের জন্য কোন নদীতে বা দেশাভ্যন্তরস্থ অপর জলাশয়ে সাক্ষাৎ সম্বন্ধে কোন রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশনের কর্ত্তৃত্বাধীনে না থাকে এমন কোন খেয়া জাহাজ নৌকা বা ভেলা ব্যবহার করা সম্বন্ধীয় কোন এগ্রীমেণ্টে সেই রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন পক্ষ থাকেন সে স্থলে ঠিক পূর্ব্ববর্ত্তী দুইটী ধারার যে সকল বিধান রেলওয়ে সম্বন্ধে খাটে সেই সকল বিধান ঐ খেয়া, জাহাজ, নৌকা বা ভেলা ও তদ্দ্বারা বাহিত ট্রাফিক সম্বন্ধেও খাটিবে।

*যে জাহাজ বা নৌকা রেলওয়ের অংশ নয় তাহা ব্যবহারের স্থলে সুবিধা ও সমান আচরণ সম্বন্ধীয় বিধানের কথা।*

৪৪ ধারা। রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন সঙ্গত রকম টরমিনাল চার্জ্জ করিতে পারিবেন

*টরমিনালের কথা।*

৪৫ ধারা। (১) কোন রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন যে টরমিনাল চার্জ্জ করেন তৎসম্বন্ধে কোন প্রশ্ন বা বিবাদ উপস্থিত হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুতগবর্ণর জেনরল সাহেব তাহা কমিশনরগণের নিকট নিষ্পত্তির নিমিত্ত অর্পণ করিতে পারিবেন এবং করিলে টরমিনাল সম্বন্ধে রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশনকে কত টাকা দেওয়া যুক্তি যুক্ত হইবে কমিশনরগণ তাহা নিষ্পত্তি করিবেন।

*রেলওয়ে কমিশনরের টরমিনালের কার্য্য করিবার ক্ষমতার কথা।*

(২) ঐ প্রশ্ন বা বিবাদ নিষ্পত্তি করিতে হইলে যে সমাবেশ সম্বন্ধে টরমিনাল চার্জ্জ করা হয় তাহা প্রস্তুত করিতে যে ব্যয় যুক্তিযুক্ত রূপে আবশ্যক হয়, কমিশনরগণ কেবলমাত্র সেই ব্যয়ের প্রতি দৃষ্টি রাখিবেন, ঐ সমাবেশ প্রস্তুত করিতে রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন প্রকৃত পক্ষে যে ব্যয় করিয়াছেন কমিশনরগণ তৎপ্রতি দৃষ্টি করিবেন না।

৪৬ ধারা। (১) রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন প্রত্যেক ষ্টেশনে একখানি কি একাধিক বহি রাখিবেন। সেই ইষ্টেশন হইতে যে স্থল পর্য্যন্ত আড্‌মিনিষ্ট্রেশন রেটের উল্লেখ করেন সেই স্থল পর্য্যন্ত আরোহিগণ ও তাহাদের লগেজ হইতে ভিন্ন যে ট্রাফিক তাহা বহন করিবার জন্য যখন যে সকল রেট চার্জ্জ করা হয় তাহার প্রত্যেক রেট ঐ বহিতে দেখাইতে হইবে এবং যে কোন ইষ্টেশন, সাইডিং বা স্থান পর্য্যন্ত ঐরূপ কোন রেট চার্জ্জ করা হয় ঐ ইষ্টেশন হইতে তাহা কত দূর তাহা ঐ বহিতে লিখিতে হইবে।

*রেট বহির কথা।*

(২) কোন ফী না দিয়া যে কোন ব্যক্তি সকল সঙ্গত সময়ে ঐরূপ প্রত্যেক বহি দেখিতে পাইবেন।

৪৭ ধারা। (১) কোন রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশনের রেলওয়েতে মালবহন করা সম্বন্ধে যে স্থলে [illegible] রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন চার্জ্জ করা হয় বা [illegible] কি কোন চার্জ্জ দেওয়া হয় সে স্থলে যে ব্যক্তি দ্বারা যে ব্যক্তির পক্ষে ঐ চার্জ্জ দেওয়া হয় সেই ব্যক্তির [illegible] রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন নিম্নলিখিত ব[illegible] মধ্যে কোন বাবে চার্জ্জের কি পরিমাণ পড়িয়াছে তাহা দেখাইয়া দরখাস্তকারীকে একখানি হিসাব দিবেন।

*রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশনের নিকট মোট চার্জ্জের বিশেষ বিবরণ চাহিবার কথা।*

বাব গুলি এই:—

(ক) রেলওয়েতে মাল বহন করা।

(খ) টরমিনাল। এবং

(গ) গাড়েরির, আদায়ের, ডিলিবরি করিবার এবং অপর খরচ।

কিন্তু প্রত্যেক বাবের চার্জ্জে কি কি দফা আছে তাহা ঐ হিসাবে বিশেষ করিয়া লিখিতে হইবে না।

(২) ১ প্রকরণানুযায়ী দরখাস্ত লিখিয়া করিতে হইবে এবং দরখাস্তকারীর দ্বারা বা তাহার পক্ষে চার্জ্জ দিবার তারিখের পর এক মাসের মধ্যে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের নিকট করিতে হইবে। এবং দরখাস্ত পাইবার পর দুই মাসের মধ্যে আডমিনিষ্ট্রেশনকে হিসাব দিতে হইবে।

---

## ষষ্ঠ অধ্যায়।

### রেলওয়ে চালাইবার কথা

সাধারণ।—

৪৮ ধারা। (১) প্রত্যেক রেলওয়ে কোম্পানি এবং যেস্থলে কোন রেলওয়ে গবর্ণমেণ্ট কর্ত্তৃক পরিচালিত হয় সেই স্থলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এতৎপক্ষে যাঁহাকে নিযুক্ত করিবেন এরূপ কোন কর্ম্মচারী নিম্নলিখিত প্রয়োজনের নিমিত্ত এই আইনের অবিরুদ্ধ সাধারণ বিধি সমূহ প্রণয়ন করিবেন। ঐ সমস্ত প্রয়োজন যথা:—

সাধারণ বিধি।

(ক) রেলওয়ের উপর ব্যবহৃত রোলিং ষ্টক্ যে রূপে ও যত বেগে চালান বা ঠেলা হইবে তাহার ব্যবস্থা করণ;

(খ) আরোহীদিগের স্থান সমাবেশ ও সুবিধার নিমিত্ত যে আয়োজন করিতে হইবে তৎসম্বন্ধে ব্যবস্থা করণ;

(গ) এই আইনের প্রয়োজনের নিমিত্ত যাহা ভয়ানক বা দুর্গন্ধ জনক দ্রব্য বলিয়া গণ্য হইবে তাহার নির্দ্ধারণ—ও ঐ রূপ দ্রব্যের বহন বিষয়ক ব্যবস্থা করণ,

(ঘ) রেলওয়ের চাকরগণের ব্যবহার সম্বন্ধে ব্যবস্থা করণ;

(ঙ) যে সর্ত্ত ও নিয়ম অনুসারে রেলওয়ে এডমিনিষ্ট্রেশন্ যে কোন ইষ্টেসনে কোন দ্রব্য উহার কনসাইনি বা অধিকারীর পক্ষে গুদামজাত বা আটক করিবেন তৎসম্বন্ধে, ব্যবস্থা করণ এবং

(চ) সাধারণতঃ, রেলওয়ের উপর গমনাগমন রেল [illegible]র ব্যবহার, পরিচালন এবং বন্দোবস্ত বিষয়ক ব্যবস্থা করণ,।

(২) ঐ [illegible] বিধি [illegible] ব্যবস্থা করা যাইতে পারিবে যে, কোন ব্যক্তি সকল বিধির কোন একটী ভঙ্গ করিলে তাহার [illegible] টাকার অনধিক যত টাকা হউক না [illegible] হইবে।

(৩) এই [illegible] প্রণীত কোন বিধি যত দিন পর্য্যন্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি না পাইবে এবং ইণ্ডিয়া গেজেটে প্রকাশিত না হইবে ততদিন পর্য্যন্ত বলবৎ হইবে না।

কিন্তু যে স্থলে ঐ বিধি—ইতিপূর্ব্বে ইণ্ডিয়া গেজেটে বিস্তারিত রূপে প্রকাশিত কোন বিধির অনুরূপ শব্দে লিখিত হয় সেস্থলে ঐ গেজেটে ঐ ইতিপূর্ব্বে প্রকাশিত বিধির উল্লেখ করিয়া এবং উহার গ্রহণের কথা প্রকাশ করিয়া কোন বিজ্ঞাপন দিলে ঐ বিজ্ঞাপন এই প্রকরণের অর্থানুসারে কোনবিধির ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করণ বলিয়া গণ্য হইবে।

(৪) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই ধারা অনুসারে প্রণীত কোন বিধি রহিত করিতেপারিবেন এবং (১) প্রকরণ অনুসারে যে কর্ত্তৃপক্ষের তদনুসারে বিধি প্রণয়ন করা আবশ্যক সেই কর্ত্তৃপক্ষ অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরি লইয়া যে কোন সময়ে ঐরূপ কোন বিধি রহিত বা পরিবর্ত্তিত করিতে পারিবেন।

(৫) প্রত্যেক বিধি যাহা ১৮৭৯ সালের ভারতবর্ষীয় রেলওয়ে আইনের ৮ ধারা অনুসারে কোন রেলওয়ের নিমিত্ত প্রণীত বলিয়া বোধ হয় ও যাহা ইণ্ডিয়া গেজেট হইতে এই আইনের প্রারম্ভে ঐ রেলওয়ে সম্বন্ধে খাটিতে অভিপ্রেত বলিয়া বোধ হয় উহার প্রণয়ন ও প্রকাশ সম্বন্ধে কোন অবৈধত্ব সত্বেও এই ধারা অনুসারে প্রণীত ও বলবৎ হইয়াছে বলিয়া গণ্য লিবয়া হইবে।

(৬) প্রত্যেক রেলওয়ে আডমিনিষ্ট্রেশন নিজের রেলওয়ের প্রত্যেক ইষ্টেশনে এই ধারা অনুসারে ঐ রেলওয়ের উপর উপস্থিত সময়ের নিমিত্ত যে সকল সাধারণ বিধি প্রচলিত থাকে তাহার একখানি প্রতিলিপি রাখিবেন এবং উহা সকল সঙ্গত সময়ে যে কোন ব্যক্তিকে বিনা খরচায় দেখিতে দিবেন।

৪৯ ধারা। যে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের রেলওয়ের সমূহের সাধারণ টার্মিনস থাকে বা রেলের লাইনের কোন অংশ যাহাদের রেলওয়ে-সমূহের সাধারণ থাকে বা যাহাদের রেলওয়েসমূহ কোন অবিচ্ছিন্ন রেলওয়ে লাইনের ভিন্নভিন্ন অংশ হয় যে স্থলে এরূপ দুই বা ততোধিক রেলওয়েআডমিনিষ্ট্রেশন লোক সাধারণের নিরাপদাবস্থার সহিত ঐরূপ সাধারণ টার্মিনেস বা তাহাদের মধ্যস্থিত অংসমস্থলে তাহাদের সাধারণ ট্রাফিক চালাইবার নিমিত্ত বন্দোবস্ত বিষয়ে একমত হইতে না পারেন, সে স্থলে ঐ আডমিনিষ্ট্রেশনগণের অন্যতর বা কোন একটী দরখাস্ত করিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব উহাদের মধ্যে বিবাদের বিষয় সাধারণের নিরাপদাবস্থার সহিত ঐ বিষয়ের যতদূর সম্বন্ধ ততদূর মীমাংসা করিতে-পারিবেন-এবং ঐরূপ বন্দোবস্ত করিতে যত খরচ হয় তাহার সমস্ত বা যে অংশ, যথাক্রমে ঐ সমস্ত আডমিনিষ্ট্রেশনের অন্যতর বা যে কোনটীকে বহন করিতে হইবে তাহা স্থির করিতে পারিবেন।

সাধারণ ট্রাফিক সম্বন্ধীয় ভিন্ন ভিন্ন রেলওয়ের মতভেদের নিষ্পত্তির কথা।

৫০ ধারা। বিক্টোরিয়ার ৪২ ও ৪৩ ষ্ট্যাটিউটের ৪১ অধ্যায়ের অর্থানুসারে গ্যারাণ্টীড্ কোম্পানি নহে, এমন কোন রেলওয়ে কোম্পানি রেলওয়েতে বা রেলওয়ে সম্বন্ধে ব্যবহৃত রোলিংষ্টক প্লাণ্ট বা কল নির্ম্মাণের নিমিত্ত, বা কোন রেলওয়েতে ব্যবহারের উপযোগী কোন রোলিংষ্টক প্ল্যাণ্ট,কল বা সাজসরঞ্জাম ভাড়া দিবার বা ভাড়া লইবার নিমিত্ত বা রোলিংষ্টক রক্ষার নিমিত্ত সময়ে সময়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুতগবর্ণর জেনরল সাহেবের সহিত এগ্রীমেণ্ট করিতে এবং ঐ এগ্রীমেণ্ট কার্য্যে পরিণত করিতে পারিবেন।

রোলিংষ্টক নির্ম্মাণ করিবার বা ভাড়া লইবার নিমিত্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সহিত এগ্রীমেণ্টের কথা।

৫১ ধারা। বিক্‌টোরিয়ার ৪২ ও ৪৩ ষ্ট্যাটিউটের ৪১ অধ্যায়ের অর্থানুসারে গ্যারা-ণ্টীড কোম্পানি নহে এমন কোন রেলওয়ে কোম্পানি সময়ে সময়ে নিম্নলিখিত প্রয়োজন সমূহের কোন একটীর সম্বন্ধে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সহিত কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরি ক্রমে অন্য কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের সহিত কোন এগ্রীমেণ্ট করিতে ও ঐ এগ্রীমেণ্ট কার্য্যে পরিণত করিতে পারিবেন। ঐ সমস্ত প্রয়োজন যথা।

রেলওয়ে কোম্পানিগণের রেলওয়ে চালাইবার নিমিত্ত এগ্রীমেণ্ট করিবার ক্ষমতার কথা।

(ক) কোন রেলওয়ের পরিচালন, ব্যবহার, কার্য্য নির্ব্বাহ এবং রক্ষা;

(খ) (ক) দফায় লিখিত প্রয়োজনের যে কোনটীর নিমিত্ত আবশ্যকীয় রোলিংষ্টক ও কলের এবং ঐরূপ কোন রেলওয়ের ট্র্যাফিক নির্ব্বা-হের নিমিত্ত কর্ম্মচারী ও চাকরের সরবরাহ;

(গ) ঐরূপ পরিচালন, ব্যবহার, কার্য্যনির্ব্বাহ এবং রক্ষা সম্বন্ধে যে সকল পেমেণ্ট করিতে হইবে ও যে সকল নিয়ম পালন করিতে হইবে সেই সকল পেমেণ্ট এবং নিয়ম;

(ঘ) যে ট্র্যাফিক্ চুক্তিকারী পক্ষগণের স্বস্ব রেল-ওয়ের উপর আছে তাহা হইতে আসিতেছে বা তাহাতে যাইবে বলিয়া স্থিরীকৃত হইয়াছে সেই ট্র্যাফিকের পরিবর্ত্তন, সমাবেশ ও বহন; এবং ঐ ট্র্যাফিক হইতে উৎপন্ন আয়ের নির্দ্ধারণ, সংগ্রহ, বণ্টন এবং গ্রহণ;

(ঙ) সাধারণতঃ, (ক) দফার উল্লিখিত প্রয়োজনের যে কোনটী সম্বন্ধে যে সকল বিধান বা সর্ত্ত চুক্তিকারী পক্ষগণ উপযুক্ত বোধ করেন এবং যে সম্বন্ধে পরস্পর একমত হইতে পারেন তৎ সমুদয় কার্য্যে পরিণত করণ;

কিন্তু ঐ এগ্রীমেণ্টের পক্ষভুক্ত যে সমস্ত রেলওয়ে আডমিনিষ্ট্রেশন আছেন তাঁহারা প্রত্যেকে সময়ে সময়ে কোন ব্যক্তির নিকট হইতে যে সকল রেট দাবী করিতে ও গ্রহণ করিতে ক্ষমতাবান্ হইয়াছেন ঐ এগ্রীমেণ্ট দ্বারা সেই সকল রেটের কোনটীর পরিবর্ত্তন হইবে না এবং ঐরূপ প্রত্যেক ব্যক্তি ঐ এগ্রীমেণ্ট সত্ত্বেও, উহা না করা হইলে যেরূপ সর্ত্তও নিয়মে ও যেরূপ রেট প্রদান করিয়া ঐ এগ্রীমেণ্টের পক্ষ ভুক্ত রেলওয়ে আডমিনিষ্ট্রেশ-নের রেলওয়ের ব্যবহার করিতে ও উহা হইতে উপকার পাইতে স্বত্ববান হইতেন, সেইরূপ সর্ত্ত ও নিয়মে ও সেইরূপ রেট প্রদান করিয়া ঐরূপ রেলওয়ের ব্যবহার করিতে ও তাহা হইতে উপকার পাইতে স্বত্ববান্ হইবেন।

৫২ ধারা। বিক্‌টোরিয়ার ৪২ ও ৪৩ ষ্ট্যাটিউটের ৪১ অধ্যায়ের অর্থানুসারে গ্যারা-ণ্টিড কোম্পানি নহে এমন কোন রেলওয়ে কোম্পানি, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের মঞ্জুরিক্রমে নিম্ন লিখিত ক্ষমতা সমূহের সকলগুলি বা যে কোন একটী সময়ে সময়ে প্রয়োগ করিতে পারিবেন অর্থাৎ:—

ট্র্যাফিকের সুবিধার নিমিত্ত খেয়াঘাট স্থাপন ও রাস্তা নির্ম্মাণের কথা।

(ক) নিজের রেলওয়ের ট্র্যাফিকের সুবিধার নিমিত্ত যথা যোগ্যরূপে জাহাজ ও নৌকা দ্বার সজ্জিত কোন খেয়াঘাট, বা কোন নৌসেতু এবং ঐ খেয়াঘাটের কার্য্য নির্ব্বাহের নিমিত্ত তাদরকমের এবং উপযুক্ত পরিমাণের অচল এবং সচল কল এবং প্ল্যাণ্ট স্থাপন করিতে পারিবেন;

(খ) রেলওয়ের ট্র্যাফিকের সুবিধা ছাড়া অন্য প্রয়োজনের নিমিত্ত এইধারা অনুসারে নিজের স্থাপিত কোন খেয়া চালাইতে পারিবেন;

(গ) নিজের কোন সেতুর উপর পাদচারী পথিক, পশু, গাড়ী, গরুর গাড়ী বা অন্য কোন ট্র্যাফিকের নিমিত্ত রাস্তা বিধান এবং রক্ষা করিতে পারিবেন;

(ঘ) যে ট্র্যাফিক্ নিজের রেলওয়েতে যাইতেছে বা তথা হইতে আসিতেছে সেই ট্র্যাফিকের সুবিধার নিমিত্ত রাস্তা নির্ম্মাণ ও রক্ষা করিতে পারিবেন;

(ঙ) নিজের রেলওয়ের উপর দিয়া যেসমস্ত আরোহী, জন্তু বা মাল বাহিত হয় বা বাহিত হইবে তাহাদের সমস্ত সুবিধার উপযোগী কোন ট্র্যানসপোর্টের উপায় বিধান এবং রক্ষা করিতে পারিবেন;

(চ) এই ধারানুসারে নিজের স্থাপিত এইরূপ খেয়া, গাড়ীর রাস্তা, রাস্তা বা ট্র্যানসপোর্টের উপায় ব্যবহারকারী ট্র্যাফিকের উপর সময়ে সময়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মঞ্জুরিক্রমে যে তারিখের বন্দোবস্ত হইবে সেই তারিখ অনুসারে মাশুল চার্জ করিতে পারিবেন।

৫৩ ধারা। প্রত্যেক রেলওয়ে আডমিনিষ্ট্রেশন মন্ত্রিসভা-ধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে পাঠ নির্দ্ধারিত করিবেন সেই পাঠে, ছয় মাস বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে দীর্ঘতর সময় নির্দ্ধা-রণ করিবেন সেই সময়ের অন্তে নিজের মূলধন ও আয় সম্বন্ধীয় কাজকর্ম্ম এবং ট্র্যাফিক সম্বন্ধে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যেরূপ চান সেইরূপ রিটর্ণ সমূহ প্রস্তুত ও মুদ্রিত করিবেন এবং ঐরূপ রিটর্ণের একখানি নকল, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যেরূপ [illegible] বলিবেন, সেইরূপ সময়ে তাঁহার নিকট পাঠাইবেন।

রিটর্ণের কথা।

সম্পত্তি বহন [illegible] কথা।

৫৪ ধারা। (১) প্রত্যেক [illegible] আডমিনিষ্ট্রেশন্ [illegible] যে সমস্ত ওয়া-গন বা ট্রাক্ [illegible] তাহাদের প্রত্যেকের সর্ব্বোচ্চ বোঝাই কত হইতে পারে তাহা স্থির করিবেন্ এবং ঐরূপে স্থিরী কৃত বোঝাইয়ের প্রকাশক শব্দ বা সংখ্যা ঐরূপ প্রত্যেক ওয়াগন বা ট্রাকের বাহিরে প্রকাশ্যভাবে দেখাইবেন।

ওয়াগনের সর্ব্বোচ্চ বোঝাইয়ের কথা।

(২) কোন রেলওয়ের উপর গমনকারী কোন ওয়াগন বা ট্রাকের অধিকারী প্রত্যেক ব্যক্তি ঐরূপে ঐ ওয়াগন বা ট্রাকের সর্ব্বোচ্চ বোঝাই স্থির করিবেন ও দেখাইবেন।

(৩) ঐ ওয়াগন বা ট্রাক্ ঐরূপ সর্ব্বোচ্চ পরিমাণে বোঝাই হইলে উহার আলের উপর যে ভার পড়ে তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ঐ ওয়াগন বা ট্রাকের নিম্নে যে শ্রেণীর আল আছে তাহার নিমিত্ত যে সীমা নির্দ্ধারণ করিবেন তাহা অতিক্রম করিবে না।

*রেলওয়ে আডমিনিষ্ট্রেশনগণের ট্রাফিক চালাইবার নিমিত্ত নিয়ম স্থাপন করিবার ক্ষমতার কথা।*

৫৫ ধারা। (১) কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন্ কোন জন্তু বা মালের লওয়া, চালান দেওয়া বা ডিলিবারি করা সম্বন্ধে এই আইন বা এতদনুযায়ী কোন সাধারণ বিধির অবিরোধী নিয়ম সমূহ স্থাপন করিতে পারিবেন।

(২) ঐ রেলওয়ে আডমিনিষ্ট্রেশন তাহার রেলওয়ের প্রত্যেক ষ্টেশনে (১) প্রকরণানুযায়ী উপস্থিত সময়ে প্রচলিত নিয়ম সমূহের একখানি নকল রাখিবেন এবং উহা সকল সঙ্গত সময়ে যে কোন ব্যক্তিকে বিনা-খরচায় দেখিতে দিবেন।

*রেট, টর্মিনাল এবং অন্যান্য চার্জ্জের নিমিত্ত লিয়েনের কথা।*

৫৬ ধারা। (১) যদি কোন ব্যক্তি কোন জন্তু বা মাল সম্বন্ধে তাঁহার নিকট হইতে কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের প্রাপ্য কোন রেট, টরমিনাল বা অন্য চার্জ্জ চাহিবার পর না দেন তাহা হইলে ঐ রেলওয়ে আডমিনিষ্ট্রেশন এ সমস্ত জন্তু বা মালের সমস্ত বা যে কোন একটী আটকাইয়া রাখিতে পারিবেন; অথবা, যদি ঐ সমস্ত জন্তু ও মাল রেলওয়ে হইতে স্থানান্তরিত করা হইয়া থাকে তাহা হইলে ঐরূপ ব্যক্তির অন্য কোন প্রাণী বা মাল যাহা সেই সময় তাঁহাদের দখলে আছে বা পরে দখলে আসিবে আটকাইয়া রাখিতে পারিবেন।

(২) ১ প্রকরণ অনুসারে কোন জন্তু বা মাল আটক করা হইলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন নাশপ্রবণ মালের স্থলে একেবারে এবং অন্য মালের বা জন্তুর স্থলে এক বা ততোধিক স্থানীয় সম্বাদ পত্রে প্রকাশিত বা যে স্থলে এরূপ সংবাদ পত্র নাই সেস্থলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যেরূপ নির্দ্দেশ করেন সেইরূপে ভাবী নিলামের অন্ততঃ পনর দিন পূর্ব্ব হইতে বিজ্ঞাপনের পর ঐরূপ জন্তু বা মাল সমূহের যতগুলি [illegible]য় করিলে ঐ চার্জ্জের এবং ঐরূপ আটকান, বিজ্ঞাপন, ও বিক্রয়ের সমস্ত খরচের এবং জন্তুস্থলে উহা[illegible] খাওয়া[illegible] দেওয়া এবং রক্ষণাবেক্ষণের [illegible], তু[illegible] টাকা উঠে ততগুলি প্রকাশ্য নিলামে বিক্রয় [illegible]রিতে [illegible]রিবেন।

(৩) [illegible] আডমিনিষ্ট্রেশন ঐ বিক্রয়ের উপস্বত্ব হইতে [illegible] এবং খরচের তুল্য টাকা রাখিতে পারিবেন এবং ঐ উপস্বত্বের যদি কিছু উদ্বৃত্ত থাকে তাহা এবং ঐ জন্তু বা মালের যদি কতকগুলি বা কিছু অবিক্রীত থাকে তাহা যেব্যক্তির প্রাপ্য তাহাকে দিবেন।

(৪) কোন ব্যক্তির নিকট কোন রেট, টরমিনাল বা অন্য চার্জ্জ দাবী করা হইলে এবং তিনি সঙ্গত সময়ের মধ্যে (১) প্রকরণ অনুসারে আটকান কোন জন্তু বা মাল বা (২) প্রকরণ অনুসারে বিক্রয়ের পর অবিক্রীত কোন জন্তু বা মাল রেলওয়ে হইতে স্থানান্তরিত না করিলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন উহাদের সমস্তই বিক্রয় করিতে এবং বিক্রয়ের উপস্বত্ব যতদূর সম্ভব ঠিক পূর্ব্ববর্ত্তী প্রকরণ অনুসারে বিলি করিতে পারিবেন।

(৫) পূর্ব্ববর্ত্তী প্রকরণ সমূহে যাহা কিছু আছে তৎসত্ত্বেও রেলওয়ে আডমিনিষ্ট্রেশন পূর্ব্বোক্ত ঐরূপ কোন রেট, টারমিনাল বা অন্য চার্জ্জ অথবা তাহাদের বাকী অংশ মোকদ্দমা করিয়া আদায় করিতে পারিবেন।

*কোন রেলওয়েতে প্রাপ্ত দাবীনা করা জিনিস বিলি করার কথা।*

৫৭ ধারা। বহন বা অন্য কার্য্যের নিমিত্ত কোন জন্তু বা মাল কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের দখলে আসিলে এবং অধিকারী বা অন্য কোন ব্যক্তি যিনি উহা পাইবার যোগ্য বলিয়া রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের বোধ হয় তৎকর্ত্তৃক কোন সঙ্গত সময়ের মধ্যে দাবিকৃত না হইলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন যতদূর সম্ভব ঠিক পূর্ব্ববর্ত্তী ধারা অনুসারে উহা বিক্রয় করিতে এবং বিক্রয়ের উপস্বত্বের যদি কিছু উদ্বৃত্ত থাকে তাহা যে ব্যক্তি পাইবার যোগ্য তাহাকে দিতে পারিবেন।

*কোন রেলওয়েতে প্রাপ্ত জিনিসের টাইটেল সম্বন্ধে সন্দেহ স্থলে কার্য্য বিধির কথা।*

৫৮ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তী দুই ধারার অন্যতর ধারা অনুসারে কোন জন্তু, মাল বা বিক্রয়ের উপস্বত্ব কোন ব্যক্তি পাইবার যোগ্য কিনা এবিষয়ে সন্দেহ হইলে যে ব্যক্তি উহাদিগকে দাবী করিতেছেন সেই ব্যক্তি কোন দেওয়ানী বিচারালয়ে ঐ সমস্ত বস্তুতে নিজের দাবী সাব্যস্ত না করা পর্য্যন্ত রেলওয়ে আডমিনিষ্ট্রেশন উহাদের ডিলিবারি বন্ধ রাখিতে পারিবেন।

*কোন কোন স্থলে মাল ডেলিবারি করিলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের ক্ষতিপূরণ লইবার ক্ষমতার কথা।*

৫৯ ধারা। কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের দখলাধীন কোন জন্তু বা মাল দুই বা ততোধিক ব্যক্তি দাবি করিলে বা উহাদের টিকিট বা রসীদ আসিয়া না পৌঁছিলে ঐ রেলওয়ে আডমিনিষ্ট্রেশন যতক্ষণ না যে ব্যক্তি তাঁহাদের মতে উহা পাইবার যোগ্য সেই ব্যক্তি ঐ জন্তু বা মাল সম্বন্ধে অন্য কোন ব্যক্তি দাবীর বিরুদ্ধে তাঁহাদের উদ্বোধ মত ক্ষতি পূরণ দিবেন ততক্ষণ ঐ সমস্ত প্রাণী বা মালের ডেলিবারি বন্ধ রাখিতে পারিবেন।

*মালের পরিমাণ এবং বিবরণ সম্বন্ধে লিখিত হিসাবের নিমিত্ত রিকুইজিসনের কথা।*

৬০ ধারা। (১) যে মাল কোন রেলওয়ের উপর বাহিত হইয়াছে বা উহার উপর দিয়া বাহিত হইবে বলিয়া রেলওয়েতে আনীত হইয়াছে তাহার অধিকারী বা তাহা প্রাপ্ত ব্যক্তি ঐরূপ অধিকারী বা ব্যক্তি কর্ত্তৃক স্বাক্ষরিত ঐ মালের পরিমাণ এবং বিবরণ সম্বন্ধে একটী লিখিত ঠিক হিসাব রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃক এতৎপক্ষে নিযুক্ত কোন রেলওয়ে চাকর প্রার্থনা করিলে তাহাকে দিবেন।

(২) যদি (১) প্রকরণ অনুসারে প্রদত্ত কোন হিসাব উহা যে মাল সম্বন্ধে প্রদত্ত হইয়াছে বলিয়া বোধ হয় সেই মালের পরিমাণ বা বিবরণ সম্বন্ধে সারাংশে মিথ্যা হয় তাহা হইলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন ঐ সমস্ত মালের বহন সম্বন্ধে ঐ সময়ে রেলওয়েতে যে কোন

শ্রেণীর মালের নিমিত্ত যে সর্ব্বোচ্চ রেট প্রচলিত থাকে তাহার দ্বিগুণকে অতিক্রম না করে এরূপ কোন রেট চার্জ করিতে পারিবেন।

(৩) যে মাল রেলওয়েতে বাহিত হইয়াছে বা বাহিত হইবে তাহার অধিকারী বা ভারপ্রাপ্ত কোন ব্যক্তি এবং রেলওয়ে চাকরের মধ্যে এই ধারা অনুসারে যে সমস্ত মালের হিসাব চাওয়া হইয়াছে বা দেওয়া হইয়াছে সেই সমস্ত মালের পরিমাণ বা বিবরণ লইয়া মতভেদ উপস্থিত হইলে ঐ রেলওয়ের চাকর ঐ সমস্ত মাল আটক ও পরীক্ষা করিতে পারিবে।

(৪) যদি (১) প্রকরণানুসারে প্রার্থনা করার পর ঐ প্রকরণ অনুসারে একটা হিসাব প্রদত্ত না হইয়া থাকে তাহা হইলে যে ব্যক্তির নিকট ঐ প্রার্থনা করা হইয়াছিল সেই ব্যক্তি অথবা যদি ঐ ব্যক্তি ঐ সমস্ত মালের অধিকারী না হয় তাহা হইলে ঐ ব্যক্তি এবং ঐ অধিকারী একত্রিত ভাবে এবং পৃথক্‌ভাবে, রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে ঐ সমস্ত মালের আটকাম এবং পরীক্ষার খরচ দিতে দায়ী হইবেন এবং ঐ আটকান বা পরীক্ষা দ্বারা যে ক্ষতি হইতে পারে তাহার সমস্ত দায়িত্ব হইতে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন মুক্ত হইবেন।

(৫) যদি পরীক্ষা করিয়া এরূপ বোধ হয় যে (১) প্রকরণ অনুসারে প্রদত্ত হিসাবে লিখিত পরিমাণ অপেক্ষা মালের পরিমাণ অধিক, অথবা তাহার বিবরণ হিসাবে লিখিত বিবরণ হইতে বিভিন্ন তাহা হইলে যে ব্যক্তি ঐ হিসাব প্রদান করিয়াছিল সেই ব্যক্তি, অথবা যদি ঐ ব্যক্তি মালের অধিকারী না হয় তাহা হইলে ঐ ব্যক্তি এবং ঐ অধিকারী একত্রিত ভাবে এবং পৃথক ভাবে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে ঐ সমস্ত মাল আটকাম এবং পরীক্ষার খরচ দিতে দায়ী হইবেন এবং রেলওয়ে আডমিনিষ্ট্রেশন যেমন পূর্ব্বে উল্লিখিত হইয়াছে সেইমত কোন ক্ষতি হইলে তজ্জন্য সমস্ত দায়িত্ব হইতে মুক্ত হইবেন।

(৬) যদি বোধহয় যে মালের পরিমাণ (১) প্রকরণ অনুসারে প্রদত্ত হিসাবে লিখিত পরিমাণ অপেক্ষা অধিক নয় এবং উহার বিবরণ হিসাবে লিখিত বিবরণ হইতে বিভিন্ন নয় তাহা হইলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন ঐ আটকান এবং পরীক্ষার খরচ দিবেন এবং মালের আটকান বা পরীক্ষা দ্বারা যদি কিছু ক্ষতি হইয়া থাকে তজ্জন্য উহার অধিকারীর নিকট দায়ী হইবেন।

ভয়ানক বা দুর্গন্ধ জনক মালের কথা।

৬১ ধারা। (১) কোন ব্যক্তি কোন ভয়ানক বা দুর্গন্ধ জনক মাল তাঁহার সহিত রেলওয়ের উপর আনিতে অথবা কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে উহা রেলওয়ে দিয়া বহন করাইতে দাবী করিতে বলিতে পারিবে না।

(২) কোন ব্যক্তি এরূপ কোন মাল ইষ্টেশনমাষ্টার বা যে স্থানে ঐ ব্যক্তি রেলওয়ের উপর ঐ সমস্ত মাল আনেন সেই স্থানের ভারপ্রাপ্ত অন্য কোন রেলওয়ের চাকরকে উহাদের অবস্থা সম্বন্ধে নোটিস না দিয়া নিজের সহিত কোন রেলওয়ের উপর আনিবেন না অথবা যে যে প্যাকেজের মধ্যে ঐ সমস্ত মাল আছে তাহার বাহিরে তাহাদের অবস্থা স্পষ্ট রূপে ব্যক্ত না করিয়া অথবা যে রেলওয়ের চাকরের নিকট তিনি ঐ সমস্ত মাল টেণ্ডার বা ডিলিবারি করেন তাহাকে অন্য কোন প্রকারে ঐ সমস্ত মালের অবস্থা সম্বন্ধে লিখিত নোটিস না দিয়া উহা কোন রেলওয়ের উপর দিয়া বহনের নিমিত্ত টেণ্ডার বা ডিলিবারি করিবেন না।

(৩) কোন রেলওয়ে চাকর ঐরূপ মাল বহনের নিমিত্ত গ্রহণ করিতে অস্বীকার করিতে পারিবেন এবং যে স্থলে ঠিক পূর্ব্ববর্ত্তী প্রকরণে যে নোটিসের উল্লেখ আছে সেইরূপ নোটিস তাঁহার জ্ঞাতসারে প্রদত্ত হওয়া ব্যতিরেকে ঐরূপ মাল ঐরূপে গৃহীত হইয়াছে সে স্থলে তিনি ঐ সমস্ত মাল বহন করিতে অস্বীকার করিতে অথবা উহাদের বহন বন্ধ করিতে পারেন।

(৪) যদি কোন রেলওয়ে চাকরের এরূপ বিশ্বাস করিবার কারণ থাকে যে, যে প্যাকেজের মধ্যবর্ত্তি দ্রব্য সম্বন্ধে (২) প্রকরণে যে নোটিসের উল্লেখ আছে সেই রূপ নোটিস তাঁহার জ্ঞাতসারে দেওয়া হয় নাই সেই প্যাকেজে ঐ রূপ মাল আছে তাহা হইলে তিনি ঐ প্যাকেজের মধ্যবর্ত্তী দ্রব্য নির্ণয় করিবার নিমিত্ত উহা খোলাইতে পারিবেন।

(৫) এই ধারাস্থ কোন কিছুরই ১৮৮৪ সালের ভারতবর্ষীয় স্ফোটন দ্রব্য বিষয়ক আইন বা সেই আইনাধীন কোন বিধির আংশিক রহিত করণ রূপ অর্থ করা যাইবে না এবং (১) (৩) এবং (৪) প্রকরণস্থ কোন কিছুরই উহা গবর্ণমেণ্টের আদেশ অনুসারে বা তৎপক্ষে বহনের নিমিত্ত যাহা টেণ্ডার বা ডিলিবরি করা হইয়াছে সেইরূপ কোন মাল বা যে সকল মাল কোন আফিসর, সৈনিক, নাবিক বা পুলিস কর্ম্মচারি বা ১৮৬৯ সালের ভারতবর্ষীয় বলণ্টিয়ার বিষয়ক আইন অনুসারে বলণ্টীয়ারের তালিকায় নাম লেখান কোন ব্যক্তি প্রকৃত প্রস্তাবে চাকরী বা কর্ত্তব্য সূত্রে তাঁহার সহিত রেলওয়ের উপর আনিতে পারেন ঐ সকল মাল সম্বন্ধে খাটিবে এরূপ অর্থ করা যাইবে না।

## আরোহিদিগের বহনের কথা।

ট্রেনের ভার প্রাপ্ত রেলওয়ে চাকর এবং আরোহী দিগের মধ্যে খপরাখপরের কথা।

৬২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্নর জেনেরল সাহেব কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে তাঁহাদের কর্ত্তৃক চালিত আরোহী বহনকারী কোন ট্রেনে আরোহী এবং রেলওয়ে চাকর গণের মধ্যে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব খবরাখবরের যেরূপ ফলপ্রদ উপায় অনুমোদন করিয়াছেন [illegible]রূপ [illegible] বিধান এবং তাহা উপযুক্ত অবস্থায় র[illegible] আদেশ [illegible] পারিবেন।

প্রত্যেক কামরায় নিমিত্ত আরোহীদিগের সর্ব্বোচ্চ সংখ্যার কথা।

৬৩ ধারা। প্রত্যেক রেলওয়ে আ[illegible]মিনি[illegible]শন মন্ত্রিসভাধিষ্ঠি[illegible] [illegible]র্ণর জেনরল সা[illegible] অনুমো[illegible]ধীন প্রত্যেক শ্রেণীর গাড়ির প্রতি কামরায় আরোহীদিগের যে সর্ব্বোচ্চ সংখ্যা বহন করা যাইতে পারিবে তাহা নির্দ্ধারণ করিবেন এবং ঐ রূপে নির্দ্ধারিত সংখ্যা প্রতি কামরার ভিতরে বা বাহিরে প্রকাশ্য ভাবে ইংরাজি বা যে দেশ দিয়া রেলওয়ে গিয়াছে ঐ দেশে সাধারণতঃ ব্যবহৃত এক বা ততোধিক দেশীয় ভাষায় অথবা ইংরাজি এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্নর জেনরল সাহেব রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের সহিত পরামর্শ করিয়া

যে সকল দেশীয় ভাষা স্থির করেন তাহার এক বা ততোধিক ভাষায় লিখিয়া দেখাইবেন।

৬৪ ধারা। প্রত্যেক রেলওয়ে আডমিনিষ্ট্রেশন আরোহী কর্ত্তৃক ব্যবহৃত প্রত্যেক ট্রেনে নিরবচ্ছিন্ন স্ত্রীলোকদিগের ব্যবহারের নিমিত্ত সর্ব্ব নিম্ন শ্রেণীর অন্তত একটী কামরা পৃথক্ করিয়া রাখিবেন।

স্ত্রীলোকদিগের নিমিত্ত কামরা পৃথক করিয়া রাখার কথা।

৬৫ ধারা। প্রত্যেক রেলওয়ে আডমিনিষ্ট্রেশন তাঁহাদের রেলওয়ের প্রত্যেক ইষ্টেশনের কোন প্রকাশ্যস্থানে, ইংরাজি বা যে দেশে ইষ্টেশন স্থাপিত সেই দেশে সাধারণতঃ রূপে ব্যবহৃত কোন দেশীয় ভাষায় লিখিত ঐ রেলওয়েতে উপস্থিত সময়ের নিমিত্ত প্রচলিত টাইম টেবল সমূহের একখানি নকল এবং ভাড়ার তালিকা সমূহ মারিয়া দেওয়াইবেন। ঐ তালিকা সমূহে যে ইষ্টেশনে উহা মারিয়া দেওয়া হইয়াছে সেই ইষ্টেশন হইতে যে যে স্থানের নিমিত্ত আরোহীদিগকে ঐ ষ্টেশনে কার্ড টিকিট দেওয়া হয় সেই সেই স্থান পর্য্যন্ত ভ্রমণ করিবার নিমিত্ত যে ভাড়া চার্জ করা যাইতে পারিবে তাহার উল্লেখ থাকিবে।

ইষ্টেশনে টাইমটেবল এবং ভাড়ার তালিকা দেখাইবার কথা।

৬৬ ধারা। (১) কোন রেলওয়ের উপর ভ্রমণ করিতে ইচ্ছুক প্রত্যেক ব্যক্তি তাঁহার ভাড়া দেওয়ার পর যে শ্রেণীর গাড়ীর নিমিত্ত এবং যে স্থান হইতে যে স্থান পর্য্যন্ত যাইবার নিমিত্ত ভাড়া দেওয়া হইয়াছে তৎ সমস্ত এবং ভাড়ার মোট টাকার নির্দ্দেশ যাহাতে আছে এরূপ একখানি টিকিট দিতে হইবে।

ভাড়া দেওয়ার পর টিকিট দেওয়ার কথা।

(২) ১ প্রকরণ অনুসারে টিকিটে যে সকল বিষয়ের নির্দ্দেশ করিতে হইবে তাহা—

(ক) যে শ্রেণীর গাড়ির কথা উহাতে নির্দ্দেশ করিতে হইবে সেই শ্রেণী যদি সর্ব্ব নিম্নশ্রেণী হয় তাহাহইলে রেলওয়ে যে দেশের উপর দিয়া গিয়াছে সেই দেশে সাধারণতঃ ব্যবহৃত কোন দেশীয়ভাষায় এবং

(খ) যে শ্রেণীর গাড়ির কথা নির্দ্দেশ করিতে হইবে সেই শ্রেণী যদি সর্ব্ব নিম্ন না হইয়া অন্য শ্রেণী হয় তাহাহইলে ইংরাজি ভাষায় নির্দ্দেশ করিতে হইবে।

৬৭ ধারা। (১) যে ট্রেনের নিমিত্ত টিকিট ইস্যুকরা [illegible] সেই ট্রেনে স্থান পাওয়া [illegible] হইতে পরে এই নিয়মে ভাড়া গৃহীত হইয়াছে বলিয়া এবং টিকিট ইস্যু হইয়াছে বলিয়া বিবেচনা করা যাইবে।

যেস্থলে যে সকল [illegible] অতিরিক্ত আরোহী [illegible] যাই এরূপ ট্রেনের নিমিত্ত টিকিট ইস্যু [illegible] হইয়াছে সেই স্থলে [illegible]

(২) যে ব্যক্তিকে টিকিট ইস্যু করা হয় যে ট্রেনের নিমিত্ত ঐ টিকিট ইস্যু করা হয় সেই ট্রেনে উপর প্রাপ্তব্য স্থান না থাকিলে সেই ব্যক্তি ট্রেন চলিয়া যাইবার এক ঘণ্টার মধ্যে টিকিট ফিরাইয়া দিলে তৎক্ষণাৎ তাঁহার ভাড়া ফিরিয়া পাইবার অধিকারী হইবেন।

৬৮ ধারা। যদি পাস বা টিকিট সঙ্গে না থাকে তাহাহইলে কোন ব্যক্তি আরোহীরূপে কোন রেলওয়েতে ভ্রমণ করিবার নিমিত্ত ঐ রেলওয়ের কোন গাড়িতে প্রবেশ করিবেন না।

পাস বা টিকিট ব্যতিরেকে ভ্রমণ নিষেধের কথা।

৬৯ ধারা। প্রত্যেক রেলওয়েগামী আরোহী রেলওয়ে-আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃক এতৎপক্ষে নিযুক্ত কোন রেলওয়ে চাকর তলপ করিলে তাঁহার পাস বা টিকিট পরীক্ষার নিমিত্ত ঐ রেলওয়ে চাকরকে দেখাইবেন এবং যে যাত্রার নিমিত্ত ঐ পাস্ বা টিকিট ইস্যু করা হইয়াছিল সেই যাত্রার শেষ অথবা সিজন পাস বা সিজন টিকিট স্থলে যে সময়ের নিমিত্ত উহা প্রচলিত সেই সময়ের শেষে ঐ পাস্ বা টিকিট রেলওয়ে চাকরকে দিবেন।

পাস্ এবং টিকিট দেখান এবং প্রত্যর্পণ করিবার কথা।

৭০ ধারা। কোন রিটর্ণ টিকিট হস্তান্তরিত করা যাইবে না এবং উহাতে লিখিত যে স্থানহইতে যে স্থান পর্য্যন্ত যে ব্যক্তির যাত্রার নিমিত্ত উহা ইস্যু করা হইয়া ছিল কেবল সেই ব্যক্তি কর্ত্তৃক উহা ব্যবহৃত হইতে পারিবে

রিটর্ণ টিকিটের কথা

৭১ ধারা। (১) কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কোন সংক্রামক রোগাক্রান্ত ব্যক্তিকে বহন করিতে অস্বীকার করিতে পারিবেন।

সংক্রামক রোগাক্রান্ত ব্যক্তিদিগকে স্থানান্তরিত করিবার ক্ষমতার কথা।

(২) ঐরূপ রোগাক্রান্ত কোন ব্যক্তি ইষ্টেশন মাষ্টার বা যে স্থানে তিনি রেলওয়েতে উঠেন সেই স্থানের ভারপ্রাপ্ত অন্য কোন রেলওয়ে চাকরের বিশেষ অনুমতি ব্যতিরেকে কোন রেলওয়েতে উঠিবেন না বা উহার উপর দিয়া ভ্রমণ করিবেন না।

(৩) ঠিক্ পূর্ব্ববর্ত্তী প্রকরণে যে অনুমতির উল্লেখ করা হইয়াছে ঐ রূপ অনুমতি দান কারী কোন রেলওয়ের চাকর ঐ রেলওয়ের উপর যে সকল ব্যক্তি আছে বা উহার উপর দিয়া যাহারা ভ্রমণ করিতেছে সেই সকল ব্যক্তি হইতে ঐ রোগাক্রান্ত ব্যক্তির পৃথক্ করণের নিমিত্ত অবশ্য বন্দোবস্ত করিবেন।

---

## সপ্তম অধ্যায়।

বাহকরূপে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন সমূহের দায়িত্বের কথা।

৭২ ধারা। (১) রেলওয়ে দ্বারা বাহিত করিবার নিমিত্ত যে সকলপ্রাণী বা মাল কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে ডিলিবারি করিয়া দেওয়া যায় ঐ সমস্তপ্রাণী এবং মালের হারান, বিনাশ এবং অপচয় নিমিত্ত ঐ রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের দায়িত্ব এই আইনের অন্য বিধানাধীন ১৮৭২ সালের ভারতবর্ষীয় চুক্তিবিষয়ক আইনের ৯ম অধ্যায় অনুসারে ন্যাসস্বরূপ কোন বস্তু গ্রহণকারির ন্যায় হইবে।

জন্তু এবং মালের বাহকরূপে কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের সাধারণ দায়ত্বের পরিমাণের কথা।

(২) ঐ দায়িত্বের সঙ্কোচ করণার্থ যাহা করা হইয়াছে বলিয়া বোধ হয় এমন কোন এগ্রিমেণ্ট উহার যত দূর ঐ রূপ সঙ্কোচের উপর ক্রিয়া করে বলিয়া বোধ হয় ততদূরপর্য্যন্ত বাতিল হইবে যদি উহা

(ক) যেব্যক্তি ঐ সমস্ত প্রাণী বা মাল পাঠাইতেছেন বা ডিলিবারি করিতেছেন তৎকর্ত্তৃক বা তৎপক্ষে স্বাক্ষরিত এবং লিখিত না হয় এবং

(খ) অন্য প্রকারে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্তৃক অনুমোদিত পাঠে না হয়।

(৩) প্রাণী বা মালের বহন সম্বন্ধে ইংলণ্ডের সাধারণ আইন বা ১৮৬৫ সালের বাহক সম্বন্ধীয় আইনে যাহা আছে তাহার কিছুই রেলওয়ে দ্বারা প্রাণী এবং মালের বহন সম্বন্ধে খাটিবে না।

জন্তুগণের বাহকরূপে কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের দায়িত্ব সম্বন্ধে আরও বিধানের কথা।

৭৩ ধারা। (১) ঠিক পূর্ব্ববর্ত্তী ধারা অনুসারে রেলওয়ে দ্বারা বাহিত করিবার নিমিত্ত যে সকল প্রাণী কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে ডিলিবারি করিয়া দেওয়া হইয়াছে সেই সমস্ত প্রাণীর হারান, বিনাশ বা অপকর্ষ নিমিত্ত ঐ রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের দায়িত্ব হস্তী বা অশ্বের স্থলে প্রতি গোটে পাঁচ শত টাকার, বা উষ্ট্র বা শৃঙ্গী পশুর স্থলে প্রতি গোটে পঞ্চাশ টাকার, বা মেষ, ছাগল কুকুর বা অন্য জন্তুর স্থলে প্রতি গোটে দশ টাকার অধিক কোন স্থলেই হইবে না; যদি যে ব্যক্তি উঁহাদিগকে রেলওয়ের আডমিনিষ্ট্রেশনর নিকট প্রেরণ বা ডিলিবারি করেন তিনি রেলওয়ে দ্বারা বহনের নিমিত্ত ঐ সকল জন্তুর ডিলিবারি করিবার সময়ে উহাদের মূল্য স্থলানুসারে যথাক্রমে প্রতি গোটে পাঁচ শত, পঞ্চাশ বা দশ টাকার অধিক বলিয়া প্রকাশিত না করাইয়া বা করিয়া থাকেন।

(২) যে স্থলে ঐরূপ উচ্চতর মূল্য প্রকাশ করা হইয়াছে সে স্থলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন, ঐ বর্দ্ধিত ঝুকির সম্বন্ধে পূর্ব্বোল্লিখিত টাকা হইতে ঐরূপে প্রকাশিত মূল্যের আধিক্যের উপর একটী শত করা হার চার্জ্জ করিতে পারিবেন।

(৩) কোন প্রাণীর হারান বিনাশ বা অপকর্ষ নিবন্ধন ক্ষতিপূরণ আদায়ের নিমিত্ত কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের বিরুদ্ধে যে কার্য্যানুষ্ঠান করা হয় তাহার প্রত্যেকস্থলে ঐ প্রাণীর মূল্য এবং যে স্থলে প্রাণীর ক্ষতি করা হইয়াছে সেই স্থলে ক্ষতির পরিমাণ, প্রমাণ করিবার ভার যে ব্যক্তি ক্ষতিপূরণ দাবী করিতেছেন তাঁহার উপর থাকিবে।

লগেজ বহনকারীরূপে কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের দায়িত্ব সম্বন্ধে আরও বিধানের কথা।

৭৪ ধারা। কোন আরোহীর নিজের বা তাহার রক্ষণাধীন কোন লগেজ কোন রেলওয়ে চাকর যদি বুক করিয়া ঐ লাগেজের জন্য একখানি রসীদ না দিয়া থাকে এবং ঐ আরোহী ঐ লগেজ রেলওয়ে আডমিনিষ্ট্রেশন দ্বারা বাহিত করিবার নিমিত্ত লগেজের ব লগেজ ও অন্যান্য মালের বহনের নিমিত্ত নির্দ্দিষ্ট কোন ওয়্যাগন বা অন্য স্থানে না রাখিয়া থাকেন তাহা হইলে, ঐ লগেজের হারান, বিনাশ বা অপকর্ষের নিমিত্ত কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন দায়ী হইবেন না।

বিশেষ মূল্যের দ্রব্যের বাহকরূপে কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের দায়িত্ব সম্বন্ধে আরও বিধানের কথা।

৭৫ ধারা। (১) কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের নিকট ডিলিবারি করা হইয়াছে এরূপ কোন পার্শেল বা প্যাকেজে দ্বিতীয় তপশীলে উল্লিখিত কোন দ্রব্য থাকিলে এবং ঐ পার্শেল বা প্যাকেজ স্থিত ঐরূপ দ্রব্যের মূল্য একশত টাকার অধিক হইলে, যদি ঐ পার্শেল বা প্যাকেজ রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের নিকট প্রেরণ বা ডিলিবারিকারী ব্যক্তি ঐ পার্শেল বা প্যাকেজের রেলওয়ে দ্বারা বহনের নিমিত্ত ডিলিবারি করার সময় তাহার মূল্য এবং তাহার মধ্যস্থিত বস্তু প্রকাশিত না করাইয়া বা না করিয়া থাকেন এবং ঐ আডমিনিষ্ট্রেশনের পক্ষে কোন রেলওয়ের চাকর বর্দ্ধিত ঝুকির নিমিত্ত ক্ষতিপূরণ স্বরূপ ঐরূপ প্রকাশিত মূল্যের উপরে একটি শতকরা হার গ্রহণ না করিয়া থাকেন বা ঐরূপ শতকরা হার দিবার অঙ্গীকার না পাইয়া থাকেন তাহা হইলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন ঐ পার্শেল বা প্যাকেজের হারান, বিনাশ বা অপকর্ষের নিমিত্ত দায়ী হইবেন না।

(২) ১ প্রকরণ অনুসারে যে পার্শেল বা প্যাকেজের মূল্য প্রকাশিত হইয়াছে সেই রূপ কোন পার্শেল বা প্যাকেজ হারাইয়া গেলে, নষ্ট হইলে বা অপকর্ষ প্রাপ্ত হইলে, ঐ রূপ হারান, নাশ বা অপকর্ষ সম্বন্ধে যে ক্ষতিপূরণ আদায় করা যাইতে পারিবে সেই ক্ষতি পূরণ ঐ রূপে প্রকাশিত মূল্যকে অতিক্রম করিবে না এবং ঐ রূপ প্রকাশিত মূল্য যে যথার্থ মূল্য তাহা প্রমাণ করিবার ভার যে ব্যক্তি ক্ষতি পূরণ দাবী করিতেছেন তাঁহার উপর থাকিবে।

জন্তু কি মালের হারান সম্বন্ধে মোকদ্দমায় প্রমাণের ভারের কথা।

৭৬ ধারা। রেলওয়ে দ্বারা বহনের নিমিত্ত কোন রেলওয়ের চাকরকে যাহা ডিলিবারি করিয়া দেওয়া হইয়াছে এরূপ কোন প্রাণী বা মালের হারান, বিনাশ বা অপকর্ষ নিবন্ধন ক্ষতি পূরণের নিমিত্ত কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের বিরুদ্ধে কোন মোকদ্দমায় কিরূপে ঐ হারান, বিনাশ বা অপকর্ষ ঘটিয়াছে বাদীর তাহা প্রমাণ করিবার প্রয়োজন হইবে না।

অতিরিক্ত চার্জ্জ ফিরিয়া পাইবার এবং ক্ষতির নিমিত্ত ক্ষতি পূরণ পাইবার দাবির বিজ্ঞাপনের কথা।

৭৭ ধারা। কোন ব্যক্তি রেলওয়ে দ্বারা বাহিত প্রাণী বা মাল সম্বন্ধে অতিরিক্ত ভাড়া ফিরিয়া পাইতে বা বাহিত হইবার নিমিত্ত যে সমস্ত প্রাণী বা মাল ডিলিবারি করা হইয়াছিল তাহার হারান, বিনাশ বা অপকর্ষ নিবন্ধন ক্ষতিপূরণ পাইতে অধিকারী হইবেন না যদি তাঁহার ফিরিয়া পাবার বা ক্ষতিপূরণ পাবার দাওয়া ঐ সকল প্রাণী বা মালের [illegible] দ্বারা বহন করিবার নিমিত্ত ডিলিবারি করিবার তারিখ হইতে ৬ মাসের মধ্যে তৎকর্ত্তৃক তৎ পক্ষে লিখিয়া [illegible] না হইয়া থাকে।

মিথ্যা করিয়া বর্ণিত মালের স্থানে দায়িত্ব হইতে মুক্তির কথা।

৭৮ ধারা। এই অধ্যায়ের পূর্ব্ববর্ত্তি বিধান সমূহে যাহা কিছু আছে তৎসত্ত্বেও কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন, যে মালের পরিমাণ এবং বিবরণ সম্বন্ধে ৬০ ধারার (১) প্রকরণ অনুসারে একটী প্রকৃত প্রস্তাবে মিথ্যা হিসাব দেওয়া হইয়াছে এবং যে মালের বহন সম্বন্ধে ঐ ধারার (২) প্রকরণ অনুসারে কোন বিশেষ রেট চার্জ্জ করা হয় নাই এরূপ কোন মালের হারান, বিনাশ বা অপকর্ষের নিমিত্ত দায়ী হইবেন না।

৭৯ ধারা। কোন অপিসর, সৈনিক বা সৈন্যানুচর, কর্ত্তব্য সূত্রে অপিসর, সৈনিক বা সৈন্যানুচররূপে গবর্ণমেণ্টের কোন রেলওয়ের উপর থাকিবার বা তাহার উপর দিয়া ভ্রমণ করিবার কালে যদি ঐরূপ অবস্থায় প্রাণহারান বা শারীরিক ক্ষতি প্রাপ্তহন যে যদি তিনি কর্ত্তব্যসূত্রে অপিসর সৈনিক বা সৈন্যানুচর রূপে রেলওয়ে উপস্থিত বা তাহার উপর দিয়া ভ্রমণকারী কোন অপিসর, সৈনিক বা সৈন্যানুচর না হইতেন তাহা হইলে ১৮৫৫ সালের ১৩ আইন অনুসারে যে (ক্ষতির বাবৎ দাবির নালিশ হইতে পারে এমত ক্ষতি দ্বারা কোন ব্যক্তির মৃত্যু হইলে তাহার পরিবারের ঐ ক্ষতিপূরণ পাইবার বিধান করণের আইন) ক্ষতিপূরণ দেওয়া হইত বা স্থল বিশেষে তাহাকে দেওয়া হইত, তাহাহইলে তাঁহার প্রাণ হারান বা ক্ষতির সম্বন্ধে যে ক্ষতিপূরণ করিতে হইবে তাহার প্রকার এবং পরিমাণ তিনি মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে যে সৈন্যসংক্রান্ত রেগুলেশনের অধীন ছিলেন বা এখনও আছেন সেই রেগুলেশনে এই পক্ষে কোন বিধান থাকিলে ঐ রেগুলেশন অনুসারে স্থিরীকৃত হইবে, অন্যপ্রকারে হইবে না।

কর্ম্মে নিযুক্ত অপিসর সৈনিক এবং সৈন্যানুচরগণের ক্ষতির জন্য ক্ষতি পূরণ নিরূপণের কথা।

৮০ ধারা। যেস্থলে কোন আরোহী বা কোন প্রাণী বা মাল, দুই বা ততোধিক রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের রেলওয়ের উপর লইয়া যাইবার নিমিত্ত বুক করা হইয়া ছিল সে স্থলে ঐ আরোহীর প্রাণ হান বা শারীরিক ক্ষতির দরুন বা ঐ সকল প্রাণী বা মালের হারান, বিনাশ বা অপকর্ষের দরুন ক্ষতি পূরণের নালিশ যে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের নিকট হইতে ঐ আরোহী টিকিট কিনিয়া ছিল বা স্থল বিশেষে যে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের নিকট ঐ সমস্ত প্রাণী বা মাল উহাদের কনসাইনর কর্ত্তৃক ডিলিবারি করা হইয়া ছিল সেই রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের বিরুদ্ধে হইবে।

থ্রুক্যাট্র্যাফিকের ক্ষতি নিবন্ধন ক্ষতি পূরণের নিমিত্ত মোকদ্দমার কথা।

৮১ ধারা। (১) কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন আরোহী, প্রাণী বা মাল আংশিক রেলওয়ে দ্বারা এবং আংশিক সমুদ্র দ্বারা বহন করিতে [illegible] করিলে, সমুদ্র দ্বারা বহন [illegible]কালীন ঈশ্বরের কার্য্য, রাজার শত্রু, অগ্নি, [illegible] এবং ষ্টীম হইতে দুর্ঘটনা, এবং সমুদ্র, নদী এবং যে [illegible] প্রকারের নৌযাত্রা সম্বন্ধীয় সমস্ত এবং প্রত্যেক [illegible] প্রকারের বিপদ এবং দুর্ঘটনা, হইতে যে প্রাণহানি [illegible] শারীরিক ক্ষতি বা প্রাণী বা মালের হারান [illegible] ঘটে তাহার নিমিত্ত দায়িত্ব হইতে ঐ রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে মোচনকারী কোন সর্ত্ত প্রকাশিত না থাকিলেও ঐ চুক্তির অংশ বলিয়া গণ্য হইবে এবং ঐ সর্ত্তাধীন সমুদ্র দ্বারা বহনের নিমিত্ত যে জাতির বা যে মালিকের জাহাজ ব্যবহৃত হউক না কেন, সমুদ্র দ্বারা বহন কালীন, যে প্রাণহানি, শারীরিক ক্ষতি বা প্রাণী বা মালের হারান বা ক্ষতি ঘটে তাহার নিমিত্ত ঐ রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের দায়িত্ব যদি জাহাজ ১৮৬২ সালের সওদাগরি জাহাজ বিষয়ক আইন অনুসারে রেজিষ্টারি করা হইয়া থাকে এবং রেলওয়ে আডমিনিষ্ট্রেশন ঐ জাহাজের মালিক হন তাহা হইলে ঐ আইন এবং ১৮৬২ সালের সওদাগরি জাহাজ আইনের সংশোধন আইন অনুসারে যত দূর হইয়া থাকে ততদূর হইবে তাহার অধিক হইবে না।

সমুদ্রে দুর্ঘটনা সম্বন্ধে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের দায়িত্বের সঙ্কোচের কথা।

(২) ১ প্রকরণে যে হারান, ক্ষতি বা খেসারতের উল্লেখ আছে ঐরূপ হারান, ক্ষতি বা খেসারত সমুদ্র দ্বারা বহন করিবার কালে ঘটিয়াছে ইহা প্রমাণ করিবার ভার রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের উপর থাকিবে।

---

## অষ্টম অধ্যায়।

## দুর্ঘটনার কথা।

৮২ ধারা। কোন রেলওয়ের পরিচালন করিতে করিতে নিম্নলিখিত দুর্ঘটনা গুলির কোন একটি ঘটিলে অর্থাৎ—

রেলওয়ে দুর্ঘটনার রিপোর্ট দিবার কথা।

(ক) যে দুর্ঘটনায় মনুষ্যের প্রাণ বিনাশ, ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের লক্ষণাক্রান্ত গুরুতর আঘাত বা সম্পত্তির বিশেষ ক্ষতি ঘটে সেই রূপ কোন দুর্ঘটনা;

(খ) যে সকল ট্রেনের মধ্যে একটী আরোহীর ট্রেন সেই সকল ট্রেনের পরস্পর অভিঘাত,

(গ) আরোহিবাহী কোন ট্রেন বা ঐরূপ ট্রেনের কোন অংশের রেলচ্যুতি।

(ঘ) যে প্রকারের দুর্ঘটনায় সচরাচর মনুষ্যের প্রাণহানি পূর্ব্বোক্ত গুরুতর আঘাত বা, সম্পত্তির বিশেষ ক্ষতি ঘটে সেই প্রকারের কোন দুর্ঘটনা;

(ঙ) অন্য যে প্রকারের দুর্ঘটনা সম্বন্ধে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিবেন সেই প্রকারের কোন দুর্ঘটনা;

ঐ রেলওয়ে পরিচালনকারী রেলওয়ে আডমিনিষ্ট্রেশন এবং যদি ঐ দুর্ঘটনা অন্য কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের কোন ট্রেনে ঘটে তাহা হইলে ঐ অন্য রেলওয়ে আডমিনিষ্ট্রেশন ও, অনাবশ্যক বিলম্ব ব্যতিরেকে, স্থানীয় গবর্ণমেণ্ট এবং রেলওয়ের নিমিত্ত নিযুক্ত ইনস্পেক্টরের নিকট ঐ দুর্ঘটনার নোটিস পাঠাইবেন। এবং যে স্থানে দুর্ঘটনা ঘটিয়াছে তাহার সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী স্থানের ইষ্টেশন মাষ্টার অথবা যে স্থানে ইষ্টেশন মাষ্টার নাই সেস্থলে রেলওয়ের যে বিভাগে ঐ দুর্ঘটনা ঘটিয়াছে সেই বিভাগের ভারপ্রাপ্ত রেলওয়ের চাকর অনাবশ্যক বিলম্ব ব্যতিরেকে যে জেলায় দুর্ঘটনা ঘটিয়াছে সেই জেলার মাজিষ্ট্রেটকে এবং যে পুলিস ইষ্টেশনের স্থানীয় সীমার মধ্যে দুর্ঘটনা ঘটিয়াছে সেই পুলিস ইষ্টেশনের ভারপ্রাপ্ত কর্ম্মচারীকে বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এতৎ পক্ষে অন্য যে মাজিষ্ট্রেট বা পুলিস কর্ম্মচারী নিযুক্ত করেন সেই মাজিষ্ট্রেট বা কর্ম্মচারীকে ঐ দুর্ঘটনার নোটিস দিবেন।

৮৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব নিম্নলিখিত প্রয়োজন গুলির যে কোন একটীর নিমিত্ত অর্থাৎ;

দুর্ঘটনার তদন্ত এবং নোটিস দেওয়া সম্বন্ধে বিধি করিবার ক্ষমতার কথা

(ক) ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার উল্লিখিত নোটিস সকলের পাঠ এবং ঐ পাঠে দুর্ঘটনার যে সকল বিবরণ থাকিবে তাহা নির্দেশ করিবার নিমিত্ত

(খ) যে সকল দুর্ঘটনা ঘটিবা মাত্র তৎক্ষণাৎ টেলিগ্রাফ দ্বারা তাহাদের নুটিস্ দিতে হইবে সেই সকল দুর্ঘটনার শ্রেণী নির্দ্দেশের নিমিত্ত;

(গ) কোন দুর্ঘটনা ঘটিলে রেলওয়ের চাকর, পুলিস কর্ম্মচারী, ইনস্পেক্টর এবং মাজিষ্ট্রেটগণের কর্ত্তব্য নির্দ্দেশের নিমিত্ত;

এই আইন এবং অন্য যে আইন উপস্থিত সময়ের নিমিত্ত প্রচলিত থাকে তাহার অবিরোধী বিধিসমূহ প্রণয়ন করিতে পারিবেন।

দুর্ঘটনা সম্বন্ধে রিটর্ন দেওয়ার কথা।

৮৪ ধারা। প্রত্যেক রেলওয়ে আডমিনিষ্ট্রেশন, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনেরল সাহেবের নিকট তাঁহাদের রেলওয়ের উপর যে সকল দুর্ঘটনা ঘটিয়া থাকে, তাহাতে শারীরিক ক্ষতি হউক বা না হউক তাহাদের একটী রিটর্ন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে পাঠে, যেরূপ, এবং যে সময়ের অন্তে যে রূপে দিতে নির্দ্দেশ করেন, সেই পাঠে, সেই রূপে এবং সেই সময়ের অন্তে পাঠাইবেন।

রেলওয়ে দুর্ঘটনায় আঘাত প্রাপ্ত ব্যক্তিগণকে ডাক্তার দ্বারা পরীক্ষা করাইতে বাধ্য করিবার জন্য ব্যবস্থার কথা।

৮৫ ধারা। যে স্থলে কোন রেলওয়ের উপর দুর্ঘটনা বশতঃ আঘাত প্রাপ্ত কোন ব্যক্তি ঐ আঘাতের নিমিত্ত ক্ষতিপূরণ দাওয়া করেন; সেস্থলে যে আদালতের কিম্বা আইন অনুসারে বা পক্ষগণের সম্মতিক্রমে যে ব্যক্তির ঐ দাওয়া নির্দ্ধারণ করিবার ক্ষমতা থাকে সেই আদালত বা ব্যক্তি আঘাত প্রাপ্ত ব্যক্তিকে কোন পক্ষেরই সাক্ষী নহেন এরূপ কোন উপযুক্ত গুণবিশিষ্ট আদেশপত্রে লিখিত চিকিৎসকের দ্বারা পরীক্ষা করিবার আদেশ করিতে এবং ঐ পরীক্ষার খরচা সম্বন্ধে যে রূপ আদেশ দেওয়া উপযুক্ত বিবেচনা করেন সেইরূপ আদেশ করিতে পারিবেন।

ঐ চিকিৎসকের নাম ঐ আদেশ পত্রে লেখা থাকিবে।

## নবম অধ্যায়।

### দণ্ড ও অপরাধের কথা।

### রেলওয়ে কোম্পানির বিরুদ্ধে জরিমানার কথা।

১১ ধারানুসারে আদেশ প্রতিপালনে ত্রুটির দণ্ডের কথা।

৮৬ ধারা। কোন রেলওয়ে কোম্পানি ১১ ধারানুসারে প্রদত্ত কোন আদেশ প্রতিপালনে ত্রুটি করিলে ঐ ত্রুটির জন্য ঐ কোম্পানির দুই শত টাকা গবর্ণমেণ্টের নিকট জব্দ হইবে এবং ত্রুটি হইবার প্রথম দিনের পর আরও যতদিন ঐ ত্রুটি চলিতে থাকে তাহার দিন প্রতি আরও পঞ্চাশ টাকা জব্দ হইবে।

১৬, ১৮, ১৯, ২০, ২১ বা ২৪ ধারার বিরুদ্ধে কার্য্য করিবার দণ্ডের কথা।

৮৭ ধারা। কোন রেলওয়ে কোম্পানী ১৬ ধারার ২ প্রকরণের বিরুদ্ধে কোন রেলওয়ের উপর দিয়া বাষ্প ও অন্য পদার্থসম্ভূত শক্তি দ্বারা রোলিং ষ্টক চালাইলে কিম্বা ১৮, ১৯, ২০ কি ২১ ধারার বিরুদ্ধে কোন রেলওয়ে বা কার্য্য খুলিলে কি ব্যবহার করিলে কিম্বা ৪ ধারার বিরুদ্ধে কোন রেলওয়ে পুনর্ব্বার খুলিলে কি রোলিং ষ্টক ব্যবহার করিলে যত দিন উক্ত ধারার কোন টীর বিরুদ্ধে ঐ চালকশক্তি বা রেলওয়ে বা কার্য্য বা রোলিং ষ্টক ব্যবহার করা যায় তাহার দিনপ্রতি ঐ কোম্পানীর দুইশত টাকা গবর্ণমেণ্টের নিকট জব্দ হইবে।

৪৬, ৪৮, ৫৫, কি ৬৫ ধারা অনুসারে ইষ্টেশনে বিশেষ দলিল না রাখিবার কি না প্রদর্শন করিবার দণ্ডের কথা।

৮৮ ধারা। কোন রেলওয়ে কোম্পানী রেলওয়ে ইষ্টেসনে যে সকল পুস্তক ও অন্যান্য দলীল পরিদর্শনার্থ রাখিতে হইবে কি প্রকাশ্য স্থানে লাগাইয়া রাখিতে হইবে তৎসম্বন্ধে ৪৬ ধারা, ও ৪৮ ধারার ৬ প্রকরণে ৫৫ ধারার ২ প্রকরণে কি ৬৫ ধারার বিধান অনুসারে কার্য্য করিতে ত্রুটি করিলে যতদিন ঐ ত্রুটি চলিতে থাকে তাহার দিন প্রতি ঐ কোম্পানীর পঞ্চাশ টাকা গবর্ণমেণ্টের নিকট জব্দ হইবে।

৪৮ ধারা অনুসারে বিধি প্রণয়ন না করিবার দণ্ডের কথা।

৮৯ ধারা। কোন রেলওয়ে কোম্পানী সাধারণ বিধি প্রণয়ন করা সম্বন্ধে ৪৮ ধারার বিধান অনুসারে কার্য্য করিতে ত্রুটি করিলে যত দিন ঐ ত্রুটি চলিতে থাকে তাহার দিন প্রতি ঐ রেলওয়ে কোম্পানীর পঞ্চাশ টাকা গবর্ণমেণ্টের নিকট জব্দ হইবে।

৫৩ কি ৮৪ ধারানুসারে রিটর্ন দাখিল করিতে বিলম্ব হওয়ার জন্য দণ্ডের কথা।

৯০ ধারা। কোন রেলওয়ে কোম্পানি কোন রিটর্ন দাখিল করা সম্বন্ধে ৫৩ কি ৮৪ ধারার বিধান প্রতিপালন করিতে ত্রুটি করিলে রিটর্ন দাখিল করিবার যে তারিখ নির্দ্দিষ্ট হইয়াছে সেই তারিখ হইতে চতুর্দ্দশ দিবসের পর যত দিন এ ত্রুটি চলিতে থাকে তাহার দিনপ্রতি ঐ কোম্পানির পঞ্চাশ টাকা গবর্ণমেণ্টের নিকট জব্দ হইবে।

রোলিং ষ্টকের ধারণ সক্ষমতা সম্বন্ধে ৫৪ বা ৬০ ধারার বিধান অবহেলা করিবার দণ্ডের কথা।

৯১ ধারা। কোন রেলওয়ে কোম্পানি কোন ওয়াগনে কি ট্রকে সর্ব্বোচ্চ যত ভার লইয়া যাওয়া হইবে কিম্বা কোন কামরায় সর্ব্বোচ্চ সংখ্যক যত আরোহী লইয়া যাওয়া হইবে তৎসম্বন্ধে কিম্বা ঐ ভার যত তাহা ওয়াগন কি ট্রকের উপর কিম্বা ঐ সংখ্যা যত তাহা কামরার উপর প্রদর্শন করা সম্বন্ধে ৫৪ ও ৬০ ধারার বিধান লঙ্ঘন করিলে কিম্বা তাঁহাদের রেলওয়ের উপর দিয়া যাইতেছে এমন কোন ওয়াগন কি ট্রকের অধিক [illegible] পুরিয়া প্রথমোক্ত ধারার বিধান লঙ্ঘন [illegible] ঐ দুইটি ধারার কোন ধারাটি যত দিন লঙ্ঘন হয় তাহার দিন প্রতি ঐ কোম্পানীর বিশ টাকা গবর্ণমেণ্টের নিকট জব্দ হইবে।

আরোহী ও রেলওয়ে কর্ম্মচারিদের মধ্যে খবরাখবর চালিবার বন্দোবস্ত রক্ষা করিবার জন্য ৯২ ধারানুসারে আদেশ প্রতিপালন করিতে ত্রুটি করিলে তাহার দণ্ডের কথা।

৯২ ধারা। কোন রেলওয়ে কোম্পানী মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব খবরাখবর চলিবার যে উপযুক্ত বন্দোবস্ত অনুমোদন করেন ঐ রেলওয়ে কোম্পানী কর্ত্তৃক চালিত কোন আরোহীর গাড়ীতে সেইরূপ বন্দোবস্তের বিধান করা ও তাহা রক্ষা সম্বন্ধে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেবের ৯২ ধারানুসারে আদেশ প্রতিপালন করিতে ত্রুটি করিলে ঐ আদেশ অমান্য করিয়া যত গাড়ী

চালান যায় তাহার প্রতি গাড়ীর জন্য ঐ রেলওয়ে কোম্পানীর বিশ টাকা গবর্নমেণ্টের নিকট অদ্ধ হইবে।

৯৩ ধারা। ৮২ ধারামতে এবং ৮৩ ধারামতে যৎকালে যে বিধি প্রচলিত থাকে তদনুসারে দুর্ঘটনার যেরূপ নোটিস দেওয়া আবশ্যক কোন রেলওয়ে কোম্পানী তদ্রূপ নোটিস না দিলে যত দিন ঐ রূপ ত্রুটি হইতে থাকে তাহার প্রতি দিন ঐ কোম্পানীর একশত টাকা গবর্নমেণ্টের নিকট অদ্ধ হইবে।

*৮২ ও ৮৩ ধারার আদেশানুসারে দুর্ঘটনার নোটিস দিতে ত্রুটি করিবার দণ্ডের কথা।*

৯৪ ধারা। (১) কোন কার্য্য বা ত্রুটির জন্য কোন রেলওয়ে কোম্পানীর টাকা এই অধ্যায়ের পূর্ব্বোক্ত কোন বিধানানুসারে গবর্নমেণ্টের নিকট অদ্ধ হইলে যে জিলা কোর্টের যে স্থানের ঐ কার্য্য বা ত্রুটি বা তাহার কোন অংশ ঘটিয়াছে সেই স্থানের উপর বিচারাধিপত্য থাকে সেই জিলা কোর্টে মোকদ্দমা করিয়া আদায় করিতে হইবে।

*অর্থদণ্ড আদায় করিবার কথা।*

(২) ঐ মোকদ্দমা অগ্রে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের মঞ্জুরি লইয়া উপস্থিত করিতে হইবে এবং ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব এই মোকদ্দমার বাদী হইবেন।

(৩) এই অধ্যায়ের উপরের কোন বিধানানুসারে কোন রেলওয়ে কোম্পানীর টাকা গবর্নমেণ্টের নিকট অদ্ধ হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব ঐ সমস্ত টাকা বা উহার কোন অংশ ক্ষমা করিতে পারিবেন।

৯৫ ধারা। পূর্ব্বোক্ত বিধান সকলে যাহা কিছু থাকে তাহাতে এরূপ অর্থ করিতে হইবে না যে কোন রেলওয়ে কোম্পানীর উপর এই আইন দ্বারা যে দায়িত্ব সংস্থাপিত হয় উক্ত কোম্পানীকে সেই দায়িত্ব পালন করিতে বাধ্য করিবার জন্য গবর্নমেণ্ট ঠিক পূর্ব্ববর্ত্তী ধারার যেরূপ মোকদ্দমার উল্লেখ করা হইয়াছে তৎপরিবর্ত্তে বা তদ্ব্যতিরেকে অন্য কোনরূপ কার্য্যপ্রণালী অবলম্বন করিতে পারিবেন না।

*এই অধ্যায়ের পূর্ব্বোক্ত বিধানে যে প্রতিকারের বিধান করা হইয়াছে তাহা একতর ও পরিশিষ্ট ভাবের হইবার কথা।*

## রেলওয়েরচাকরদিগের কৃত অপরাধের কথা।

৯৬ ধারা। কোন রেলওয়ের চাকর—

*মাতাল হওয়ার [illegible] পালন না করার কথা।*

(ক) কোন রেলওয়েতে কোন কর্ত্তব্য পালনে বাস্তবিক নিযুক্ত থাকিবার সময় মাতাল অবস্থায় থাকিলে কিম্বা।

(খ) অবহেলা প্রযুক্ত বা ইচ্ছা করিয়া কোন কর্ত্তব্য পালন করিতে ত্রুটি করিলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের কিম্বা রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্তৃক এতৎপক্ষে নিযুক্ত রেলওয়ে চাকরের দণ্ডাজ্ঞা ক্রমে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

৯৭ ধারা। কর্ত্তব্য পালনে নিযুক্ত থাকা কালীন কোন রেলওয়ের চাকর

*লোকদিগের বিপদ ঘটাইবার কথা।*

(ক) এই আইন অনুসারে প্রণীত, অনুমোদিত, প্রকাশিত ও বিজ্ঞাপিত কোন সাধারণ বিধি অমান্য করিয়া, কিম্বা

(খ) এইরূপ কোন সাধারণ বিধির সহিত অসঙ্গত নয় এরূপ যে কোন বিধি বা আজ্ঞা উক্ত চাকর তাহার চাকরির নিয়ম অনুসারে পালন করিতে বাধ্য ও যাহার বিষয় তাহাকে অবগত করা হইয়াছিল তাহা অমান্য করিয়া, কিম্বা

(গ) কোন অসমসাহসিক বা অসতর্ক কার্য্য বা ত্রুটি করিয়া কোন ব্যক্তির বিপদ ঘটাইলে তাহার দুই বৎসর পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে কিম্বা পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

৯৮ ধারা। কোন কামরাতে ৬৩ ধারানুসারে আরোহীর যে সর্ব্বোচ্চ সংখ্যা প্রদর্শিত থাকে তাহাতে সেই সংখ্যক আরোহী থাকিলে ও কোন রেলওয়ে কর্ম্মচারী তাহাতে কোন আরোহীকে ঢুকিতে বাধ্য করিলে কি বাধ্য করিতে চেষ্টা করিলে তাহার বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

*পূর্ণ গাড়িতে আরোহিদিগকে ঢুকিতে বাধ্য করিবার কথা।*

৯৯ ধারা। ৮২ ধারা অনুসারে ও ৮৩ ধারা মতে যৎকালীন যে বিধি প্রচলিত থাকে তদনুসারে দুর্ঘটনার যেরূপ নোটিস দেওয়া আবশ্যক কোন ষ্টেসন মাষ্টার কিম্বা রেলওয়ের কোন অংশের ভারপ্রাপ্ত কোন রেলওয়ের চাকর সেইরূপ নোটিস দিতে ত্রুটি করিলে তাহার ৫০ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

*দুর্ঘটনার নোটিস দিতে ত্রুটি করিবার কথা।*

১০০ ধারা। কোন রেলওয়ের চাকর আইন সঙ্গত কারণ বিনা যে স্থানে রেলওয়ে সমান লেভেলের কোন সাধারণ রাস্তার উপর দিয়া যায় সেই স্থানে কোন রোলিং ষ্টক আড়ভাবে দাঁড়াইয়া থাকিতে দিলে তাহার কুড়িটাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

*লেবেল ক্রসিংএ ট্রেন দাঁড়াইয়া থাকিতে দিবার কথা।*

১০১ ধারা। এই আইনানুসারে যে রিটরণ আবশ্যক তাহার কোনটী কোন বিষয় সম্বন্ধে উহাতে স্বাক্ষরকারী ব্যক্তির জ্ঞানতঃ মিথ্যা হইলে ঐ ব্যক্তির পাঁচশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কি একবৎসর পর্য্যন্ত কারাদণ্ড কি উভয় দণ্ড হইতে পারিবে।

*মিথ্যা রিটরণের কথা।*

## অন্যান্য অপরাধের কথা।

১০২ ধারা। কোন ব্যক্তিকে ৬০ ধারানুসারে কোন মালের পরিমাণ ও বিবরণের হিসাব দিতে অনুরোধ করা গেলে তিনি যদি ঐ হিসাব দিতে অবহেলা বা অস্বীকার করেন কিম্বা সরাংশে মিথ্যা হিসাব দেন তাহা হইলে তাঁহার এবং যদি তিনি মালের অধিকারী না হন তাহা হইলে মালের অধিকারীর, ঐ মালের প্রত্যেক মণের (তিন হাজার দুই শত তোলার

*মালের হিসাব না দেওয়ার বা তাহার মিথ্যা হিসাব দেওয়ার কথা।*

বা প্রত্যেক মণের অংশের জন্য দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে এবং ঐ অর্থদণ্ড ঐ মালের উপর যে রেট বা অন্য চার্জ্জ দেয় হয় তাহা ছাড়া হইবে।

বেআইনি মতে রেলওয়েতে বিপদ জনক বা দুর্গন্ধ জনক দ্রব্য আনিবার কথা।

১০৩ ধারা। কোন ব্যক্তি ৬১ ধারার বিরুদ্ধে কোন রেলওয়েতে কোন বিপদ জনক বা দুর্গন্ধজনক দ্রব্য নিজের সঙ্গে লইয়া গেলে কিম্বা কোন রেলওয়ের উপর দিয়া টেণ্ডর বা ডিলিবারি করিলে তাঁহার পাঁচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে এবং ঐরূপে ঐ রূপ মাল রেলওয়েতে আনার জন্য যে ক্ষতি, অনিষ্ট বা তদ্রূপ হয় তজ্জন্য ও দায়ী হইবেন।

যে ট্রেনে যে খবরাখবর চলিবার বন্দোবস্ত থাকে তাহাতে অকারণ হস্ত ক্ষেপ করিবার কথা।

১০৪ ধারা। কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন আরোহিগণও কোন ট্রেনের ভার প্রাপ্ত কর্ম্মচারিগণের মধ্যে খবরাখবর চলিবার জন্য যে উপায়ের বিধান করেন কোন আরোহি যুক্তিসঙ্গত ও পর্য্যাপ্ত কারণ ব্যতিরেকে তাহা ব্যবহার করিলে কি তাহাতে হস্তক্ষেপ করিলে তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

আরোহি পূর্ণ কামরাতে উঠিবার ও যাহা আরোহি পূর্ণ নয় এমন কামরাতে উঠিতে বাধা দিবার কথা।

১০৫ ধারা। (১) কোন কামরাতে ৬৩ ধারানুসারে আরোহীদিগের যে সর্ব্বোচ্চ সংখ্যা প্রদর্শিত থাকে তাহাতে সেই সংখ্যক আরোহী থাকিলেও যদি কোন আরোহী প্রবেশ করেন এবং কোন রেলওয়ের চাকর কর্ত্তৃক উহা পরিত্যাগ করিতে আদিষ্ট হইয়াও যদি উহা পরিত্যাগ না করেন তাহা হইলে তাঁহার দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

(২) কোন কামরাতে ৬৩ ধারানুসারে আরোহীদিগের যে সর্ব্বোচ্চ সংখ্যা প্রদর্শিত থাকে তাহাতে সেই সংখ্যক আরোহী না থাকিলে ও যদি কোন ব্যক্তি তাহাতে অপর কোন ব্যক্তির আইনসঙ্গত প্রবেশে বাধা দেন তাহা হইলে তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

ধূম পান করিবার কথা।

১০৬ ধারা। (১) কোন ব্যক্তি তিনি যে কামরায় আছেন সেই কামরাতে অন্য আরোহী থাকিলে তাঁহাদের সম্মতি ব্যতীত ধূমপানের জন্য বিশেষরূপে যে কামরার ব্যবস্থা করা হইয়াছে তদ্ভিন্ন অন্য কামরায় ধূমপান করিলে তাঁহার কুড়ি টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

(২) কোন রেলওয়ের চাকর কর্ত্তৃক ধূমপান করা হইতে বিরত হইতে আদিষ্ট হইলে ও যদি কোন ব্যক্তি ঐ রূপে ধূমপান করিতে থাকেন তাহা হইলে (১) প্রকরণে যে দণ্ডের উল্লেখ আছে তদ্ব্যতীত কোন রেলওয়ের চাকর তিনি যে গাড়ীতে ভ্রমণ করিতেছেন সেই গাড়ী ও রেলওয়ে হইতে তাঁহাকে স্থানান্তর করিতে পারিবেন।

(৩) ঠিক পূর্ব্ববর্ত্তী প্রকরণানুসারে কোন ব্যক্তিকে রেলওয়ে হইতে স্থানান্তর করা গেলে উক্ত ব্যক্তি যে ভাড়া দিয়াছেন তাহা ও তিনি যে পাশ বা টিকিট পাইয়াছেন বা ক্রয় করিয়াছেন তাহা জব্দ হইবে।

সাধারণ নোটিস বিলুপ্ত করিবার কথা।

১০৭ ধারা। কোন ব্যক্তি এতৎপক্ষে অনুমতি ব্যতিরেকে কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের আজ্ঞাক্রমে কোন রেলওয়েতে যে তক্তা বা কাগজপত্র টাঙ্গাইয়া বা লাগাইয়া দেওয়া যায় তাহা ফেলিয়া দিলে বা নষ্ট করিলে বা ঐরূপ তক্তার বা কাগজের কোন অক্ষর বা অঙ্ক বিলুপ্ত করিলে তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থ দণ্ড হইতে পারিবে।

পাশ বা টিকিট ব্যতীত অসম্পূর্ণ পাস বা টিকিটে বা অনুমোদিত দূরের অধিক দূর ভ্রমণ করিবার কথা।

১০৮ ধারা। কোন আরোহী পাস বা টিকিট সঙ্গে না লইয়া ভ্রমণ করিলে, অথবা ট্রেনে থাকিবার সময় বা ট্রেন হইতে নামিবার পর ৬৯ ধারানুসারে তাহাকে পাস বা টিকিট পরীক্ষার্থ উপস্থিত করিতে কিম্বা সমর্পন করিতে বলিবামাত্র উহা উপস্থিত কি সমর্পণ করিতে না পারিলে বা অস্বীকার করিলে তিনি, রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃক এতদর্থে নিযুক্ত কোন রেলওয়ের চাকর দাবী করিলে তিনি যতদূর ভ্রমণ করিয়াছেন ততদূরের একবারের সাধারণ ভাড়া কিম্বা, তিনি যে ষ্টেশন হইতে ছাড়িয়াছেন তৎসম্বন্ধে কোন সন্দেহ থাকিলে ট্রেন প্রথম যে ষ্টেশন হইতে ছাড়ে সেই ষ্টেশন হইতে একবারের সাধারণ ভাড়া কিম্বা ঐ ট্রেনে যে সকল আরোহী ভ্রমণ করিতেছেন তাঁহাদের টিকিট ট্রেন প্রথম ছাড়িবার পর পরীক্ষিত হইয়া থাকিলে যে স্থানে টিকিট পরীক্ষিত হয় সেই স্থান হইতে একবারের সাধারণ ভাড়া কিম্বা টিকিট একাধিক বার পরীক্ষিত হইয়া থাকিলে যে স্থানে উহা শেষ বার পরীক্ষিত হইয়াছিল সেই স্থান হইতে একবারের সাধারণ ভাড়া ছাড়া এই ধারার ইহার পরে যে দণ্ডের উল্লেখ করা হইয়াছে সেই দণ্ড দিতে দায়ী হইবেন।

(২) কোন আরোহী যে শ্রেণীর গাড়ীর বা ট্রেনের পাস পাইয়াছেন বা টিকিট ক্রয় করিয়াছেন তাহা অপেক্ষা উচ্চ শ্রেণীর গাড়ীতে কি ট্রেনে ভ্রমণ করিলে কি ভ্রমণ করিতে চেষ্টা করিলে কিম্বা তাঁহার পাসে বা টিকিটে যতদূর পর্য্যন্ত ভ্রমণ করিবার অনুমতি আছে কোন গাড়ীতে তাহার অপেক্ষা অধিকদূর ভ্রমণ করিলে তিনি, রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃক এতদর্থে নিযুক্ত কোন রেলওয়ের চাকর দাবী করিলে তিনি যে ভাড়া দিয়াছেন তাহাও ঐরূপ ভ্রমণের জন্য পদের ভাড়ার অন্তর ছাড়া এই ধারায় ইহার পরে যে দণ্ডের উল্লেখ করা হইয়াছে সেই দণ্ড দিতে দায়ী হইবেন।

(৩) আরোহী সর্ব্বোচ্চ শ্রেণীর বা নিম্ন শ্রেণীর বা অপর কোন শ্রেণীর বা কোন গাড়িতে ভ্রমণ করিতেছেন কি করিয়াছেন কি করিবার চেষ্টা করিয়াছেন তাহা বিবেচনা করিয়া (১) ও (২) প্রকরণে উল্লিখিত দণ্ড:—

(ক) আরোহী দণ্ডনীয় হইবার পরই এবং কোন রেলওয়ের চাকর কর্ত্তৃক ধৃত হইবার পূর্ব্বে ঐ ট্রেনের ভার প্রাপ্ত রেলওয়ের চাকরকে ঐ দণ্ডনীয় হইবার কথা বিজ্ঞাপন করিলে যথা ক্রমে এক টাকা, দুই আনা বা আট আনা এবং

(খ) অন্য কোন স্থলে যথাক্রমে ছয় টাকা এক টাকা বা তিন টাকা হইবে।

(৪) কোন আরোহী (১) প্রকরণে যে দণ্ডের ও ভাড়ার উল্লেখ আছে তাহা কিম্বা (২) প্রকরণে যে দণ্ড ও ভাড়ার অঙ্কের উল্লেখ আছে তাহা দিতে দায়ী হইলে ও স্থলানুসারে ঐ দুই প্রকরণের কোনটী অনুসারে উহার নিমিত্ত দাবী করা গেলে উহা দিতে না পারিলে কি অস্বীকার করিলে, তিনি ট্রেনে থাকিলে তাঁহাকে ট্রেন হইতে স্থানান্তর করিতে পারা যাইবে এবং রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃক এতৎপক্ষে নিযুক্ত কোন রেলওয়ের চাকর মাজিষ্ট্রেটের নিকট দরখাস্ত করিলে মাজিষ্ট্রেট ঐ আরোহী কর্ত্তৃক দেয় টাকা তাঁহার নিকট তিনি যেন ঐ টাকা ঐ আরোহীর অর্থ দণ্ডই করিয়াছেন এইরূপ আদায় করিবেন এবং উহা আদায় হইলে উহা রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে প্রদত্ত হইবে।

১০৯ ধারা। যে দিনে কোন পাস বা টিকিট ব্যবহার্য্য না হয় সেই দিনে কোন ব্যক্তি ঐ পাস বা টিকিট ব্যবহার করিলে কি ব্যবহার করিতে চেষ্টা করিলে কিম্বা যে একবারের পাস বা টিকিট পূর্ব্বের কোন ভ্রমণে ব্যবহার করা হইয়াছে কিম্বা রিটরণ টিকিট হইলে উহার যে অর্দ্ধ ঐরূপে ব্যবহার করা হইয়াছে তাহা ব্যবহার করিলে কি ব্যবহার করিবার চেষ্টা করিলে তিনি যতদূর ভ্রমণ করিয়াথাকেন তাহার একবারের ভাড়ার টাকা ছাড়া তাঁহার একশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

*মেয়াদ উত্তীর্ণ হওয়া বা অন্য প্রকার অনুপযুক্ত পাস বা টিকিট ব্যবহার করিবার কথা।*

১১০ ধারা। যদি কোন ব্যক্তি অপর কোন ব্যক্তিকে কোন রিটরণ টিকিটের ফিরিয়া আসিবার অর্দ্ধভাগ লইয়া ভ্রমণ করিতে সমর্থ করিবার জন্য ঐ অর্দ্ধভাগ বিক্রয় করেন কি বিক্রয় করিতে চেষ্টা করেন কি উহার দখল ছাড়িয়া দেন কি ছাড়িয়া দিবার চেষ্টা করেন কিম্বা রিটরণ টিকিটের ঐ এরূপ অর্দ্ধভাগ ক্রয় করেন কিম্বা তাহা লইয়া ভ্রমণ করেন কি ভ্রমণ করিতে চেষ্টা করেন তাহা হইলে টিকিটে যে ফিরতি ভ্রমণের অনুমতি আছে তাহার একবারের ভাড়া ছাড়া তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

*রিটরণ টিকিটের ফিরিয়া আসিবার অর্দ্ধভাগ হস্তান্তর করিবার কথা।*

১১১ ধারা। ঠিক পূর্ব্বের দুইটি ধারার যে কোনটি অনুসারে কৃত অর্থদণ্ডের যে অংশ ঐ ধারায় উল্লিখিত একবারের ভাড়ার সমান হয় তাহা, অর্থদণ্ড আদায় হইলে উহার কোন অংশ গবর্ণমেন্টের হিসাবে জমা হইবার পূর্ব্বে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে দেওয়া যাইবে।

*ঠিক পূর্ব্ববর্ত্তী দুই ধারানুসারে যে অর্থদণ্ড হয় তাহার বিলি ব্যবস্থা করিবার কথা।*

১১২ ধারা। যদি কোন আরোহী তাঁহার পাস বা টিকিট ইচ্ছাপূর্ব্বক এরূপ ভাবে পরিবর্ত্তন বা বিলুপ্ত করেন যাহাতে ঐ পাস বা টিকিটের তারিখ, নম্বর, বা আবশ্যকীয় কোন অংশ অস্পষ্ট হইয়া যায় তাহা হইলে তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

*পাস বা টিকিট পরিবর্ত্তন বা বিলুপ্ত করিবার কথা।*

১১৩ ধারা। সংক্রামক রোগগ্রস্ত কোন ব্যক্তি ৭১ ধারার (২) প্রকরণের বিরুদ্ধে কোন রেলওয়েতে প্রবেশ করিলে কি ভ্রমণ করিলে তাঁহার এবং তিনি যখন রেলওয়েতে প্রবেশ করেন বা ভ্রমণ করেন তখন রেলওয়েতে তিনি যে ব্যক্তির তত্ত্বাবধানে থাকেন তাঁহার, তাঁহাদের মধ্যে যে কেহ যে ভাড়া দেন এবং যে পাস বা টিকিট প্রাপ্ত হন বা ক্রয় করেন তাহা জব্দ হওয়া ছাড়া বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে এবং রেলওয়ের যে কোন চাকর তাহাদিগকে রেলওয়ে হইতে স্থানান্তর করিতে পারিবেন।

*সংক্রামক রোগ লইয়া রেলওয়েতে থাকিবার কথা।*

১১৪ ধারা। (১) কোন আরোহী ট্রেন চলিবার সময় কোন গাড়িতে উঠিলে কি কোন গাড়ি হইতে নামিলে কি গাড়ি হইতে উঠিবার কি নামিবার চেষ্টা করিলে কি কি রেলওয়ে আডমিনিষ্ট্রেশন রেলওয়ে আরোহীদিগের গাড়িতে উঠিবার বা গাড়ি হইতে নামিবার জন্য যে প্লাটফারম নির্দ্দেশ করেন গাড়ির যে পার্শ্ব তাহার নিকটে থাকে তাহা দিয়া না উঠিয়া কি না নামিয়া অন্য স্থান দিয়া উঠিলে কি নামিলে কি উঠিবার কি না নামিবার চেষ্টা করিলে ট্রেন চলিবার সময় গাড়ির দরজা খুলিলে তাঁহার বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

*গাড়ি চলিবার সময় উহাতে উঠা কি অন্য প্রকারে অন্যায় মতে রেলওয়েতে ভ্রমণ করার কথা।*

(২) কোন রেলওয়ের চাকর নিরস্ত হইবার জন্য সাবধান করিয়া দিবার পর ও কোন আরোহী কোন গাড়ির বা কোন ইঞ্জিনের উপর বা ছাদের উপর, ধাপের উপর কি ফুটবোর্ডের উপর কি কোন ইঞ্জিনের উপর বা যাহা আরোহীদিগের জন্য অভিপ্রেত নয় ট্রেনের এইরূপ অপর কোন অংশে ভ্রমণ করিতে থাকিলে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ও কোন রেলওয়ে কর্ম্মচারী তাঁহাকে রেলওয়ে হইতে স্থানান্তরিত করিতে পারিবেন।

১১৫ ধারা। কোন পুরুষ আরোহী কোন গাড়ি, কামরা, ঘর বা অপর স্থান রেলওয়ে আডমিনিষ্ট্রেসন কর্ত্তৃক শুদ্ধ স্ত্রীলোকদিগের জন্য স্বতন্ত্র রক্ষিত হইয়াছে জানিয়া সেই স্থানে আইন সঙ্গত ওজর ব্যতিরেকে প্রবেশ করিলে কিম্বা তাহাতে প্রবেশ করিবার পর কোন রেলওয়ে কর্ম্মচারী তাঁহাকে সে স্থান পরিত্যাগ করিতে বলিলে সেই স্থানে থাকিলে তিনি যে ভাড়া দিয়াছেন বা যে পাস কিম্বা টিকিট প্রাপ্ত হইয়াছেন বা কিনিয়াছেন তাহা জব্দ হওয়া ব্যতিরেকে তাঁহার একশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে এবং কোন রেলওয়ের চাকর তাঁহাকে ঐ স্থান ও রেলওয়ে হইতে স্থানান্তর করিতে পারিবেন।

*স্ত্রীলোকদিগের জন্য স্বতন্ত্র রক্ষিত গাড়ি বা অপর কোন স্থানে প্রবেশ করিবার কথা।*

১১৬ ধারা। কোন রেলের গাড়িতে বা রেলওয়ের কোন অংশে যে কোন ব্যক্তি থাকেন তিনি

*রেলওয়েতে মাতলামি বা অনিষ্টকর কার্য্য করিবার কথা।*

(ক) মাতাল অবস্থায় থাকিলে, কিম্বা

(খ) কোনরূপে অনিষ্টকর কার্য্য অসভ্যতাসূচক কার্য্য করিলে বা অশ্লীল বা গালা গালির ভাষা ব্যবহার করিলে, কিম্বা

(গ) ইচ্ছাপূর্ব্বক এবং আইন সঙ্গত ওজর ব্যতিরেকে কোন আরোহীর স্বচ্ছন্দতার উপর হস্তক্ষেপ করিলে বা কোন আলো নিবাইলে, তিনি যে

ভাড়া দিয়াছেন বা যে পাস বা টিকিট পাইয়াছেন বা কিনিয়াছেন তাহা জমা হওয়া ব্যতিরেকে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে এবং কোন রেলওয়ের চাকর তাঁহাকে রেলওয়ে হইতে স্থানান্তরিত করিতে পারিবেন।

রেলওয়ের চাকরের কর্ত্তব্য পালনে বাধা দিবার কথা।

১১৭ ধারা। কোন ব্যক্তি কোন রেলওয়ের চাকরের কর্ত্তব্য পালনে বাধা দিলে বা প্রতিবন্ধক ঘটাইলে তাঁহার একশত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

অনধিকার প্রবেশ ও অনধিকার প্রবেশ হইতে বিরত হইতে অস্বীকৃত হইবার কথা।

১১৮ ধারা। (১) কোন ব্যক্তি কোন রেলওয়ের উপর ইচ্ছাপূর্ব্বক অনধিকার প্রবেশ করিলে তাঁহার কুড়ি টাকা পর্য্যন্ত অর্থ দণ্ড হইতে পারিবে।

(২) যে ব্যক্তি এইরূপে অনধিকার প্রবেশ করেন তিনি কোন রেলওয়ের চাকর বা রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের পক্ষীয় অপর কোন ব্যক্তি তাঁহাকে রেলওয়ে পরিত্যাগ করিতে অনুরোধ করিলে যদি সেরূপ না করেন তাহা হইলে তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ও উক্ত চাকর বা অন্য ব্যক্তি তাঁহাকে রেলওয়ে হইতে স্থানান্তরিত করিতে পারিবেন।

অমনিবসের ড্রাইবারদের রেলওয়ে চাকরদিগের আদেশ অমান্য করিবার কথা।

১১৯ ধারা। কোন ট্র্যাম গাড়ি, অমনিবস, গাড়ি বা অপর যানের ড্রাইবার বা কণ্ডক্টর কোন রেলওয়ের প্রেমিসের উপর থাকিবার কালে কোন রেলওয়ের চাকর বা পুলিস কর্ম্মচারীর যুক্তি সঙ্গত আদেশ অমান্য করিলে তাঁহার কুড়ি টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

ফটক খোলা ও তাহা উপযুক্ত রূপে বন্ধ না করিবার কথা।

১২০ ধারা। নিম্নলিখিত স্থল দ্বয়ের যে কোন স্থলে অর্থাৎ;—

(ক) যদি কোন ব্যক্তি, কোন ইঞ্জিন কি ট্রেন রেলওয়ের উপর দিয়া আসিতেছে জানিয়া বা আসিতেছে এইরূপ বিশ্বাস করিবার হেতু থাকা স্বত্বে কোন রাস্তার উপর রেলওয়ের কোন ধারে যে ফটক থাকে তাহা খোলেন কি রেলওয়ের উপর দিয়া কোন যান, জন্তু কি অপর বস্তু লইয়া যান, বা সরাইয়া যাইতে চেষ্টা করেন চালান বা চালাইতে চেষ্টা করেন

(খ) যদি গেটকিপারের অনুপস্থিতিতে কোন ব্যক্তি তিনি ও তাহার জিম্মাস্থিত কোন যান জন্তু ও অন্যদ্রব্য ফটকের মধ্য দিয়া চলিয়া যাইবার পরেই পূর্ব্বোক্ত ফটক বন্ধ করিতে ও বাঁধিতে ত্রুটি করেন,

তাহা হইলে তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থ দণ্ড হইবে।

গবাদির অনধিকার প্রবেশের কথা।

১২১ ধারা। (১) যে রেলওয়েতে গবাদির প্রবেশ নিবারণের উপযোগী বেড়া আছে কোন গবাদি সেই রেলওয়েতে প্রবেশ করিলে ঐ গবাদির অধিকারীর বা যে ব্যক্তির জিম্মায় ঐ গবাদি থাকে তাঁহার, পরের ভূমিতে গোমেষাদির প্রবেশ করণ বিষয়ক ১৮৭১ সালের আইনানুসারে যে টাকা আদায় করা হইয়াছে বা আদায় করিতে পারা যায় তাহা ছাড়া প্রত্যেক গবাদির জন্য পাঁচ টাকা অর্থদণ্ড হইতে পারিবে।

(২) যে রেলওয়েতে গবাদির প্রবেশ নিবারণের উপযোগী বেড়া আছে কোন গবাদি সেই রেলওয়ের উপর ইচ্ছাপূর্ব্বক তাড়াইয়া লইয়া গেলে বা জানিয়া শুনিয়া উহাদিগকে তথায় থাকিতে দিলে কিম্বা যাহাতে এইরূপ বেড়া নাই সেইরূপ কোন রেলওয়ের উপর, অনুমোদিত ক্রসিঙে আইন সঙ্গতভাবে রেলওয়ের উপর দিয়া যাইবার উদ্দেশ্য বা অন্য কোন আইনসঙ্গত উদ্দেশ্য ভিন্ন অন্য কোন উদ্দেশ্যে গবাদি ইচ্ছাপূর্ব্বক তাড়াইয়া লইয়া গেলে কি জানিয়া শুনিয়া উহাদিগকে তথায় থাকিতে দিলে ঐ গবাদি জন্তু যে ব্যক্তির জিম্মায় থাকে তাঁহার কি রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের ইচ্ছানুসারে ঐ গবাদির অধিকারীর পরের ভূমিতে গোমেষাদির প্রবেশ করণ বিষয়ক ১৮৭১ সালের আইনানুসারে যে টাকা আদায় করা হইয়াছে বা আদায় করিতে পারা যায় তাহা ছাড়া প্রত্যেক গবাদির জন্য দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে।

(৩) আদালত আদেশ করিলে এই ধারানুসারে যে অর্থদণ্ড করা যায় তাহা পরের ভূমিতে গোমেষাদির প্রবেশকরণ বিষয়ক ১৮৭১ সালের আইনের ২৫ ধারার বিধানানুসারে আদায় করিতে পারা যাইবে।

(৪) পরের ভূমিতে গোমেষাদির প্রবেশ করণ বিষয়ক ১৮৭১ সালের আইনের ১১ ও ২৬ ধারায় "রাজপথ" এই যে কথাগুলি আছে ইহাতে রেলওয়েও বুঝাইবে এইরূপ মনে করিতে হইবে এবং এই দুইটী ধারার প্রথমটীতে পুলিসের কোন কর্ম্মচারীর উপর যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে রেলওয়ের চাকর তাহা পরিচালন করিতে পারিবেন।

(৫) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া কোন রেলওয়ে সম্বন্ধে উহাতে গবাদির প্রবেশ নিবারণের উপযোগী বেড়া আছে এইরূপ ব্যক্ত করিলে যতদিন পর্য্যন্ত ঐ বিজ্ঞাপন রহিত না হয় ততদিন পর্য্যন্ত কোন আদালত ঐ বিজ্ঞাপনে উল্লিখিত বেড়ার উক্ত উদ্দেশ্য সম্বন্ধে উপযোগিতা ধরিয়া লইবেন।

বিদ্বেষ বশতঃ কোন ট্রেন বিনষ্ট করিবার বা বিনষ্ট করিতে চেষ্টা করিবার কথা।

১২২ ধারা। কোন ব্যক্তি রেলওয়ের উপর দিয়া ভ্রমণ করিতেছেন [illegible] রেলওয়েতে আছেন [illegible] কোন ব্যক্তির বিপদ ঘটাইবার [illegible] বা বিপদ ঘ[illegible] সম্ভাবনা জানিয়া বেআইনি[illegible] বিদ্বেষবশতঃ

(ক) কোন রেলওয়ের উপর বা আড়ভাবে কোন কাষ্ঠ পাথর বা অন্য দ্রব্য বা [illegible] রাখিলে কি ফেলিলে কিম্বা

(খ) কোন রেল, স্লীপার বা রেলওয়ের অপর কোন দ্রব্য বা বস্তু তুলিয়া লইলে বা স্থানান্তর করিলে, কিম্বা

(গ) কোন রেলওয়ের পইণ্টস বা অপর কোন কল ঘুরাইলে, স্থানান্তর করিলে কি অন্যমুখ করিয়া দিলে, কিম্বা

(ঘ) কোন রেলওয়ের উপরস্থ বা নিকটস্থ কোন সঙ্কেত বা আলো করিলে বা দেখাইলে বা লুকাইলে কি স্থানান্তর করিলে, কিম্বা

(ঙ) কোন রেলওয়ে সম্বন্ধে অপর কিছু করিলে কি করাইলে

তাঁহার যাবজ্জীবন বা সাতবৎসরের অন্যূন কোন কালের জন্য দ্বীপান্তর কিম্বা দুই বৎসর পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে।

রেলওয়েতে ভ্রমণকারী কোন ব্যক্তিকে বিদ্বেষ বশতঃ আঘাত করা কি আঘাত করিবার চেষ্টা করিবার কথা।

১২৩ ধারা। কোন ব্যক্তি কোন রোলিংষ্টকের দিকে গায়ে ভিতরে বা উপরে, ঐ রোলিং ষ্টকে বা ঐ রোলিং ষ্টকের উপর কি যে ট্রেনে ঐ রোলিংষ্টক আছে সেই ট্রেনের অংশীভূত অপর কোন রোলিং ষ্টকে বা রোলিংষ্টকের উপর আছেন এমন কোন ব্যক্তির বিপদ ঘটাইবার অভিপ্রায়ে কি বিপদ ঘটিবার সম্ভবনা আছে জানিয়া বে আইনিমতে ও বিদ্বেষ বশতঃ কোন কাষ্ঠ কি পাথর কি অন্য দ্রব্য ছুঁড়িলে রোলিংষ্টকের দিকে, গায়ে ভিতরে বা উপরে ফেলাইলে আঘাত করাইলে তাঁহার যাবজ্জীবন বা সাতবৎসরের অন্যূন কোনকালের জন্য দ্বীপান্তর হইতে পারিবে কি দুই বৎসর পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে।

ইচ্ছাপূর্ব্বক কোন কার্য্য করিয়া বা করিতে ত্রুটি করিয়া রেলওয়েতে ভ্রমণকারি ব্যক্তিগণের বিপদ ঘটাইবার কথা।

১২৪ ধারা। কোন ব্যক্তি কোন বেআইনি কার্য্য করিয়া কি ইচ্ছাপূর্ব্বক কোন ত্রুটি কি অবহেলা করিয়া রেলওয়েতে ভ্রমণ করিতেছেন কি আছেন এমন কোন ব্যক্তির বিপদ উপস্থিত করিলে কি উপস্থিত করাইলে কি রেলওয়ের উপরিস্থিত কোন রোলংষ্টকের গতি রোধ করিলে কি করাইলে তাঁহার দুই বৎসর পর্য্যন্ত কারা দণ্ড হইতে পারিবে।

দুঃসাহস বা অনবধান জন্য কার্য্য বা ত্রুটি দ্বারা রেলওয়েতে ভ্রমণকারী ব্যক্তিগণের বিপদ ঘটাইবার কথা।

১২৫ ধারা। যদি কোন ব্যক্তি দুঃসাহসিকতা বা অনবধান বশতঃ কোন কার্য্য করেন বা যাহা তিনি আইনমতে করিতে বাধ্য তাহা করিতে ত্রুটি করেন এবং যদি ঐ কার্য্য বা ত্রুটিতে রেলওয়েতে ভ্রমণ করিতেছেন বা আছেন এমন কোন ব্যক্তির বিপদ [illegible]টিবার সম্ভাবনা থাকে তাহা হইলে তাঁহার এক ব[illegible] পর্য্য[illegible] কারাদণ্ড কি অর্থ দণ্ড কি উভয় দণ্ড হইতে পা[illegible]বে।

যে [illegible]র্য্যে রেলওয়েতে ভ্রমণ কারিব্যক্তিগণের বিপদ ঘটে বালক বালিকাগণ কর্ত্তৃক এরূপ কার্য্য করা সম্বন্ধে বিশেষ বিধানের কথা।

১২৬ ধার[illegible] পূর্ব্বের চারিটী ধারায় যে সকল কার্য্য বা ত্রুটির নাম বদ্ধ উল্লেখ করা গিয়াছে বার বৎসরের অল্প বয়স্ক কোন নাবালক তাহাদের মধ্যে কোন একটী করিলে সে অপরাধ করিয়াছে এইরূপ বিবেচনা করা হইবে এবং যে আদালত তাহাকে দোষী সাব্যস্ত করেন সেই আদালত উপযুক্ত বিবেচনা করিলে ঐ আদালত ঐ নাবালককে যে দণ্ড দেন তদ্ব্যতিরেকে তাহার পিতাকে বা অভিভাবককে আদালত যে সময় নির্দ্দিষ্ট করেন সেই সময়ের মধ্যে ঐ নাবালককে পুনর্ব্বার ঐরূপ কার্য্য কি ত্রুটি করা হইতে নিবারণ করিবার জন্য আপনাকে আদালতের নির্দ্দিষ্ট দণ্ডের অধীনে বদ্ধ করিয়া একখানি বণ্ড সম্পাদন করিবার জন্য আদেশ করিতে পারিবেন।

(২) বণ্ডের টাকা জব্দ হইলে আদালত কোন অর্থদণ্ড করিলে তাহা যেরূপে আদায় করিতে পারেন উহাও সেই রূপে আদায় করিতে পারিবেন।

(৩) কোন পিতা বা অভিভাবক আদালতের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে (১) প্রকরণ অনুসারে বণ্ড সম্পাদন করিতে ত্রুটি করিলে তাঁহার অর্থদণ্ড হইবে।

## কার্য্য প্রণালীর কথা।

কতকগুলি ধারার বিরুদ্ধে অপরাধের নিমিত্ত ধৃত করার কথা।

১২৭ ধারা। যে সাধারণ বিধির লঙ্ঘন ৪৮ ধারার (২) প্রকরণ অনুসারে অর্থদণ্ড দ্বারা দণ্ডনীয় করা হইয়াছে, কোন ব্যক্তি এইরূপ কোন সাধারণ বিধি লঙ্ঘন করিলে কি ১০, ৯৭, ১১৫, ১১৬, ১১৭ ১২২ ১২৩ ১২৪ ১২০ কি ১২৬ ধারার উল্লেখিত কোন অপরাধ করিলে কোন রেলওয়ের চাকর বা পুলিস কর্ম্মচারী কিম্বা অন্য যে কোন ব্যক্তিকে উক্ত চাকর বা কর্ম্মচারী সাহায্যার্থ ডাকেন তিনি ওয়ারেন্ট বা অপর কোন লিখিত ক্ষমতাপত্র ব্যতিরেকে তাহাকে ধরিতে পারিবেন।

(২) এইরূপে ধৃত ব্যক্তিকে অকারণ বিলম্ব না করিয়া তাহার বিচার করিবার বা তাহাকে বিচারার্থে সমর্পণ করিবার ক্ষমতা যে মাজিষ্ট্রেটের আছে সেই মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত করিতে হইবে।

যে সকল অপরাধী অজ্ঞাত বা যাহাদের পলায়ন সম্ভব ঐরূপ অপরাধীদিগকে ধৃত করিবার কথা।

১২৮ ধারা। ঠিক পূর্ব্ববর্ত্তি ধারায় যে অপরাধের উল্লেখ করা গিয়াছে কোন ব্যক্তি তদ্ভিন্ন এই আইন অনুসারে অন্য কোন অপরাধ করিলে কিম্বা ১২৮ ধারানুসারে দণ্ড ও দায়িত্ব গ্রস্ত হইলে এবং তিনি পলাইবেন এইরূপ বিশ্বাস করিবার কারণ থাকিলে কিম্বা তাঁহার নাম ও ঠিকানা না জানা থাকিলে এবং জিজ্ঞাসা করিলে তিনি তাঁহার নাম ও ঠিকানা বলিতে অস্বীকারক হইলে কিম্বা তিনি যে নাম ও ঠিকানা দিয়াছেন তাহা ঠিক নহে এরূপ বিশ্বাস করিবার কারণ থাকিলে কোন রেলওয়ের চাকর বা পুলিস কর্ম্মচারী কিম্বা ঐ চাকর বা পুলিস কর্ম্মচারী অপর যে কোন ব্যক্তিকে সাহায্যার্থ ডাকেন তিনি তাঁহাকে ওয়ারেন্ট বা অপর কোন লিখিত ক্ষমতাপত্র ব্যতিরেকে ধরিতে পারিবেন এবং সুবিধামত যত শীঘ্র সম্ভব তত শীঘ্র সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী পুলিস ইষ্টেশনে লইয়া যাইতে পারিবেন।

(২) ঐ ব্যক্তিকে পুলিস ইষ্টেশনে লইয়া গেলে পর তাঁহাকে যত অল্প বিলম্ব সম্ভব বিচারাধিকার বিশিষ্ট সর্ব্বাপেক্ষা নিকটবর্ত্তী মাজিষ্ট্রেটের নিকট লইয়া যাইতে হইবে কিন্তু তাঁহার ঠিক নাম ও ঠিকানা স্থির করা গেলে যখন আবশ্যক হইবে তখন মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবার জন্য বণ্ড সম্পাদন করিলে তাঁহাকে ছাড়িয়া দেওয়া হইবে।

এই আইনানুসারে বিচারাধিকারবিশিষ্ট মাজিষ্ট্রেটের কথা।

১২৯ ধারা। প্রেসিডেন্সি মাজিষ্ট্রেট বা যাঁহার ক্ষমতা দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতার কম নয় এরূপ কোন মাজিষ্ট্রেট ভিন্ন অপর কোন মাজিষ্ট্রেট এই আইনানুসারে কোন অপরাধের বিচার করিবেন না।

বিচারের স্থানের কথা।

১৩০ ধারা। (১) যে কোন ব্যক্তি এই আইনের বা এই আইনানুসারে প্রণীত কোন বিধির বিরুদ্ধে কোন অপরাধ করেন তাহার উক্ত অপরাধের জন্য তাহাকে যে কোন স্থানে পাওয়া যায় সেই স্থানে বা স্থানীয় গবর্ণমেণ্ট যে স্থান এতদর্থে বিজ্ঞাপন করেন সেইস্থানে এবং যে সময়ে যে আইন প্রচলিত থাকে সেই সময়ে সেই আইনানুসারে তাহার অপর যে স্থানে বিচার হইতে পারে সেইস্থানে বিচার হইতে পারিবে।

(২) (১) প্রকরণানুসারে প্রত্যেক বিজ্ঞাপন স্থানীয় রাজকীয় গেজেটে প্রকাশিত করিতে হইবে এবং তাহার একখানি সকল স্থানীয় গবর্ণমেণ্ট যে সকল রেলওয়ে ইষ্টেশন নির্দ্দেশ করেন সেই সকল রেলওয়ে ইষ্টেশনের প্রত্যেকটীর কোন সুপ্রকাশ্য স্থানে সাধারণের অবগতির নিমিত্ত প্রদর্শন করিতে হইবে।

---

## দশম অধ্যায়।

### পরিশিষ্ট বিধানের কথা।

স্থানীয় কর্তৃপক্ষগণের দ্বারা রেলওয়ের উপর টেক্স বসানর কথা।

১৩১ ধারা। কোন আইন বা কোন আইনানুসারে কৃত কোন চুক্তিপত্রে বা আওয়ার্ডে ইহার বিরুদ্ধে যাহা কিছু থাকে তাহা স্বত্ত্বেও স্থানীয় কর্তৃপক্ষগণের ফণ্ডের সাহায্যার্থে রেলওয়ের সম্বন্ধে এবং রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের নিকট হইতে টেক্স আদায় নিম্নলিখিত বিধি অনুসারে নিয়মিত হইবে:—

(১) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব লিখিত আদেশ দ্বারা কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কোন স্থানীয় কর্তৃপক্ষের, ফণ্ডের সাহায্যার্থ টেক্স দিতে দায়ী এই কথা ব্যক্ত না করিলে ঐ রেলওয়ে আডমিনিষ্ট্রেশন ঐ টেক্স দিবার জন্য দায়ী হইবে না।

(২) ১ দফা অনুসারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কোন আদেশ প্রবল থাকা কালীন উক্ত রেলওয়ে আডমিনিষ্ট্রেশন উক্ত স্থানীয় কর্তৃপক্ষকে হয় ঐ আদেশের লিখিত টেক্স নয় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কর্ম্মচারীকে এতদর্থে নিযুক্ত করেন তিনি সকল অবস্থার প্রতি লক্ষ্য রাখিয়া সময়ে সময়ে তৎপরিবর্ত্তে যদি কোন টাকা ন্যায্য ও যুক্তি সঙ্গত বলিয়া স্থির করেন তাহা হইলে সেই টাকা দিবেন।

(৩) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যে কোন সময়ে এই ধারার (১) দফানুসারে প্রদত্ত কোন আজ্ঞা রহিত বা পরিবর্ত্তন করিতে পারিবেন।

(৪) এই ধারার কোন অংশের এরূপ অর্থ করিতে হইবে না যাহাতে কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কোন স্থানীয় কর্তৃপক্ষের সহিত জল বা আলো যোগানর জন্য কি রেলওয়ে প্রেমিস পরিষ্কার করিবার কিম্বা স্থানীয় কর্তৃপক্ষ তাঁহার কর্তৃত্বাধীন স্থানের কোন অংশে যে কার্য্য করিতেছেন কি করিতে প্রস্তুত আছেন সেই কার্য্য করিবার জন্য চুক্তি করিতে পারিবেন না।

(৫) এই ধারাস্থ "স্থানীয় কর্তৃপক্ষ" কথা গুলিতে সাধারণ ধারা বিষয়ক ১৮৮৭ সালের আইনে স্থানীয় কর্তৃপক্ষের যে অর্থ করা হইয়াছে সেই অর্থ বুঝাইবে এবং যে কোন কর্ত্তৃপক্ষ চৌকিদার রাখিবার বা কোন নদী পরিষ্কার রাখিবার জন্য যে কোন ফণ্ডের উপর কর্তৃত্ব বা তৎসম্বন্ধীয় কার্য্য নির্ব্বাহ করিতে আইন সঙ্গতরূপে স্বত্ত্ববান বা ভারপ্রাপ্ত হন তাঁহাকে বুঝাইবে।

রেলওয়ের সম্পত্তির বিরুদ্ধে পরওয়ানা জারির সীমার কথা।

১৩২ ধারা। (১) কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন তাঁহাদের রেলের উপর ট্র্যাফিক্ চালাইবার জন্য কি ইষ্টেশনের জন্য কি কারখানার জন্য যে রোলিংষ্টক, কল প্ল্যাণ্ট যন্ত্র, সাজ সরঞ্জাম, মালমসলা ও সম্পত্তি ব্যবহার করেন কি যোগাইয়া দেন তাহা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি অগ্রে না লইয়া কোন আদালতের কোন ডিক্রী বা অন্য আদেশ জারিক্রমে লইতে পারা যাইবে না।

(২) ১ প্রকরণের কোন কিছুরই এরূপ অর্থ করিতে হইবে না যে তাহাতে কোন আদালতের কোন ডিক্রী বা আদেশ জারিক্রমে কোন রেলওয়ের আয় ক্রোক করার ক্ষমতার ব্যত্যয় হইবে ইহা বুঝায়।

ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৯ অধ্যায়ের প্রয়োজনের পক্ষে রেলওয়ের চাকরগণের রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবার কথা।

১৩৩ ধারা। (১) ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৯ অধ্যায়ের প্রয়োজনের পক্ষে প্রত্যেক রেলওয়ের চাকর রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন

(২) ঐ বিধির ১৬১ ধারায় "আইনমত বেতনে" অর্থকরণের দফায় "গবর্ণমেণ্ট" এই যে কথাটি আছে তাহাতে যে ব্যক্তি কোন রেলওয়ের চাকরকে রেলওয়ের চাকর স্বরূপ নিযুক্ত করেন তাঁহাকেও বুঝাইবে।

(৩) কোন রেলওয়ের চাকর

(ক) ৫৬ কি ৫৭ ধারানুসারে যে সম্পত্তি নিলাম করা যায় তাহা স্বয়ং কি প্রতিনিধি দ্বারা, নিজের নামে কি পরের নামে, অন্যের সহিত একযোগে কি অন্যের সহিত ভাগে, কিনিবেন না কি ডাকিবেন না কিম্বা

(খ) রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের এ[illegible] কোন আজ্ঞার বিরুদ্ধে ব্যবসা করিবেন না।

(৪) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২১ ধারায় যাহা কিছু থাকে তাহা স্বত্ত্বেও কোন রেলওয়ের চাকর (১) প্রকরণে যে সকল প্রয়োজনের উল্লেখ করা হইয়াছে তদ্ভিন্ন ঐ আইনের অন্য কোন প্রয়োজনের পক্ষে রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন না।

কোন রেলওয়ের চাকর যে সম্পত্তি আটক করিয়া রাখেন তাহা রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে সরাসরীমতে অর্পণ করিবার জন্য কার্য্য প্রণালীর কথা।

১৩৪ ধারা। কোন রেলওয়ের চাকরকে তাহার কার্য্য হইতে অপসারিত বা স্থগিত করা গেলে কি কোন রেলওয়ের কর্ম্মচারী মরিয়া গেলে কি পালাইয়া গেলে কি অনুপস্থিত হইলে এবং তিনি কি তাহার স্ত্রী কিম্বা বিধবা স্ত্রী কিম্বা তাঁহার পরিবার বা প্রতিনিধিবর্গের মধ্যে কেহ উপরোক্ত

কোন ঘটনা ঘটিবার সময় উক্ত রেলওয়ের চাকরের দখলে বা জিম্মায় রেলওয়ে আডমিনিষ্ট্রেসনের যে ষ্টেশন বসত বাড়ী, সংযুক্ত বস্তুবিশিষ্ট আফিস বা অন্য বিলডিং কিম্বা কোন বহি কাগজ বা অন্য বস্তু থাকে তাহা সমর্পণ করিবার জন্য লিখিত নুটিস পাইয়াউহা রেলওয়ে আডমিনিষ্ট্রেসনকে কি রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃকএতদর্থে নিযুক্ত ব্যক্তিকে সমর্পণ না করিলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃক বা রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের পক্ষে দরখাস্ত করা গেলে পর কোন মাজিষ্ট্রেট কোন পুলিস কর্ম্মচারীকে উপযুক্ত সাহায্য সমভিব্যাহারে উক্ত বিল্ডিংএ প্রবেশ করিয়া তাহাতে যে ব্যক্তি থাকে তাঁহাকে স্থানান্তর করিবার জন্য উহার দখল লইবার জন্য কিম্বা বহি, কাগজ কি অন্যদ্রব্যের দখল লইবার জন্য এবং উহা রেলওয়ে আডমিনিষ্ট্রেসনকে কি রেলওয়ে আডমিনিষ্ট্রেসন কর্ত্তৃক তদর্থে নিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করিবার জন্য আদেশ করিতে পারিবেন।

১৩৫ ধারা। এই আইন বা এই আইনে যে ক্ষমতা প্রদত্ত হয় বা যে বিধান আছে তৎসম্বন্ধে কার্য্যের জন্য বা তৎসম্বন্ধে যে কোন নুটিস, নির্দ্ধারণ, আজ্ঞা, আদেশ, নিয়োগ, মত প্রদান, অনুমোদন বা মঞ্জুরি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর, জেনরল সাহেবের পক্ষে দিতে হইবে কি জ্ঞাপন করিতে হইবে তাহা লিখিত অবস্থায় ভারতবর্ষীয় গবর্ণমেন্টের কোন সেক্রেটরী, ডেপুটী সেক্রেটরী অণ্ডর সেক্রেটরী কি আসিষ্টান্ট সেক্রেটরী কিম্বা ঐ সমস্ত নোটিস প্রভৃতি যৎসম্বন্ধে হয় তৎসম্বন্ধে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের পক্ষে কার্য্য করিতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্ম্মচারী বা চাকর কর্ত্তৃক স্বাক্ষরিত হইলে উহা যথেষ্ট ও অবশ্য পালনীয় হইবে এবং পূর্ব্বোক্তরূপে স্বাক্ষরিত লিখনদ্বারা ভিন্ন অন্য কোন প্রকারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব পূর্ব্বোক্ত কোন বিষয় সম্বন্ধে বদ্ধ হইবেন না।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বক্তব্য জ্ঞাপন করিবার কথা।

১৩৬ ধারা। রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের উপর যে নোটিস বা কাগজ পত্র জারি করিবার জন্য এই আইনে আদেশ বা অনুমতি [illegible]কে তাহা

রেলওয়ে আড[illegible]নিষ্ট্রেশনের উপর [illegible]াটিস জারির কথা।

([illegible]) নো[illegible] কি অন্য কাগজ ম্যানেজার কি এজেন[illegible]কে অর্পণ করিয়া, কিম্বা

(খ) [illegible] আফিসে রাখিয়া গিয়া কিম্বা

([illegible]) ম্যানেজারের কি এজেন্টের আফিসের ঠিকানায় ভারতবর্ষীয় পোষ্ট আফিস সম্বন্ধীয়-১৮৬৬ সালের আইনের ৩ পরিচ্ছেদমতে রেজিষ্টরি করা ইষ্টাম্প দেওয়া পত্রের মধ্যে ডাকে পাঠাইয়া

রেলওয়ে গবর্ণমেন্ট বা কোন দেশীয় রাজ্যের কর্ত্তৃত্বাধীন হইলে ম্যানেজারের উপর এবং কোন রেলওয়ে কোম্পানীর কর্ত্তৃত্বাধীন হইলে ঐ কোম্পানীর ভারতবর্ষে যে এজেন্ট থাকেন তাঁহার উপর জারি করিতে পারা যাইবে।

১৩৭ ধারা। এই আইনে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃক কোন ব্যক্তির উপর যে নোটিস বা অপর কাগজ জারি করিবার আদেশ বা অনুমতি আছে তাহা।

রেলওয়ে আডমিনিষ্ট্রেশন কর্ত্তৃক নুটিস জারির কথা।

(ক) উক্ত ব্যক্তিকে অর্পণ করিয়া, কিম্বা

(খ) উক্ত ব্যক্তি সাধারণতঃ যে স্থানে থাকেন বা শেষবারে যে স্থান তাঁহার বাসস্থান বলিয়া জানা যায় সেই স্থানে রাখিয়া আসিয়া।

(গ) কিম্বা তাঁহার সাধারণ বা শেষের জানা বাস স্থানের ঠিকানায় তাঁহার নামে ভারতবর্ষীয় পোষ্ট আফিস বিষয়ক ১৮৬৬ সালের ৩ পরিচ্ছেদ অনুসারে রেজিষ্টরি করা ও ইষ্টাম্প দেওয়া পত্রের মধ্যে উহা ডাকে পাঠাইয়া জারি করিতে পারা যাইবে।

১৩৮ ধারা। কোন নোটিস বা অন্য কাগজ ডাকে জারি করা হইলে যে পত্রের মধ্যে উহা ছিলতাহা সাধারণ ডাকবিলি অনুসারেযখন অর্পিত হওয়ার কথা সেই সময়ে জারি হইয়াছে বলিয়া বিবেচনা করিতে হইবে এবং ঐ জারি প্রমাণ করিবার জন্য নুটিস বা অন্য কাগজ যে পত্রে ছিল তাহাতে ঠিক ঠিকানা দেওয়া হইয়াছিল ও উপযুক্ত মতে রেজিষ্টরি করা হইয়াছিল এই প্রমাণ করিলেই যথেষ্ট হইবে।

নোটিস ডাকে জারি করিবার স্থলে যেরূপ অনুমান করিতে হইবে তাহার কথা।

১৩৯ ধারা। (১) ২২ ধারা ৩৫ ধারা বা ৮৩ধারানুসারে কোন বিধি কিম্বা উক্ত কোন ধারা কি ৫৮ ধারার ৪ প্রকরণ অনুসারে কোন বিধির রহিত করণ বা পরিবর্ত্তন ইণ্ডিয়া গেজেটে প্রকাশিত না হইলে কার্য্যকর হইবে না।

বিধি সম্বন্ধে বিধানের কথা।

(২) এই আইন অনুসারে প্রণীত কোন বিধি বা ঐ রূপ কোন বিধির রহিত করণ বা পরিবর্ত্তন এই আইন মতে ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা আবশ্যক হইলে উহা ঐ রূপে প্রকাশ করা ছাড়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সাধারণ বা বিশেষ আজ্ঞা দ্বারা যে সকল ব্যক্তির উহাতে ক্ষতি বৃদ্ধি আছে তাঁহাদিগকে উহা যে রূপে বিজ্ঞাপিত করিতে বলেন উহা ঐ ব্যক্তিদিগকে সেইরূপে বিজ্ঞাপিত করিতে হইবে।

(৩) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব এই ধারানুসারে আপনার প্রণীত কোন বিধি রহিত বা পরিবর্ত্তন করিতে পারিবেন।

১৪০ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া কোন রেলওয়ে সম্বন্ধে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই আইন মতে যে ক্ষমতা বা কার্য্য থাকে তাহা কোন স্থানীয় গবর্ণমেন্টকে অর্পণ করিতে পারিবেন এবং উক্ত বা তদ্রূপ কোন বিজ্ঞাপন দ্বারা ঐ রূপে প্রদত্ত ক্ষমতা বা কার্য্য পরিচালন পক্ষে কোন্ স্থানীয় গবর্ণমেন্ট উক্ত রেলওয়ে সম্পর্কে স্থানীয় গবর্ণমেন্ট হইবেন তাহা ব্যক্ত করিতে পারিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল কর্ত্তৃক ক্ষমতা সমর্পিত হইবার কথা।

(২) মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কার্য্য সম্বন্ধে ১৩৫ ধারার বিধান (১) প্রকরণ অনুসারে বিজ্ঞাপনমতে যে কোন স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত গবর্ণর জেনরলের ক্ষমতা পরিচালন বা কার্য্য করেন তাঁহাদের কার্য্যসম্বন্ধে যতদূর খাটান যাইতে পারে ততদূর খাটিবে

রেলওয়ে ম্যানেজরের ও এজেণ্টের আদালতে প্রতিনিধিত্বের কথা।

১৪১ ধারা। (১) যে রেলওয়ের উপর গবর্ণমেণ্ট বা কোন দেশীয় রাজ্য কর্ত্তৃত্ব করেন তাহার ম্যানেজর ও যে রেলওয়ের উপর কোন রেলওয়ে কোম্পানী কর্ত্তৃত্ব করেন তাহার ভারতবর্ষীয় এজেণ্ট লিখিত দস্তাবেজ দ্বারা কোন রেলওয়ের চাকরকে বা অপর ব্যক্তিকে কোন দেওয়ানী ফৌজদারী কি অপর কোন আদালতে যে কোন কার্য্য হয় সেই কার্য্যে তাঁহার হইয়া কার্য্য করিতে বা তাঁহার প্রতিনিধি হইতে অনুমতি দিতে পারিবেন।

(২) ম্যানেজার বা এজেণ্ট কর্ত্তৃক কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের পক্ষে অভিযোগ চালাইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনের ৪৯৫ ধারার প্রয়োজনের নিমিত্ত ঐরূপ অভিযোগের সম্বন্ধে (সরকারী অভিযোক্তা) বলিয়া গণ্য হইবেন।

এই আইন বাষ্পীয় ট্রামওয়ে সম্বন্ধে খাটাইতে পারিবার কথা।

১৪২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া এই আইন বা এই আইনের কোন অংশ বাষ্প বা অন্য কোন কলের শক্তিদ্বারা চালিত কোন ট্রামওয়ের সম্বন্ধে খাটাইতে পারিবেন।

এই আইনের কার্য্য হইতে কোন রেলওয়েকে অব্যাহতি দিতে পারিবার কথা।

১৪৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব উক্তরূপ বিজ্ঞাপন দিয়া কোন রেলওয়ে কোম্পানীকে এই আইনের কোন বিধান হইতে অব্যাহতি দিতে পারিবেন।

"রেলওয়ে" ও "রেলওয়ের চাকর" অর্থকরণের পরিশিষ্ট বিষয়ের কথা।

১৪৪ ধারা। (১) ৩ ধারার (৪) ও (৫) প্রকরণের ৪ অবধি ১৯ পর্য্যন্ত ধারার; ৪৮, ৫৩ ৬১, ৭৯ ও ৮২ অবধি ৮৫ পর্য্যন্ত ধারার ৯০ ধারার ও ৯৩ অবধি ৯৭ পর্য্যন্ত ধারার ৯৯, ১০৩, ১০৭, ১১৪, ১১৮ ও ১২০, অবধি ১২৮ পর্য্যন্ত ধারার ও ১৩০ অবধি ১৩৪ পর্য্যন্ত ধারার ও ১৩৬, ১৩৭, ১৪০, ১৪১ ও ১৪৩ ধারার কার্য্যের পক্ষে "রেলওয়ে" এইকথাটীতে ঐ কথা একাকই থাকুক কি অন্য কথার পূর্ব্বেই বসুক, রেলওয়ে বা রেলওয়ের অংশ তৈয়ারি হইতেছে বা যে রেলওয়ে বা রেলওয়ের অংশ প্রকাশ্যভাবে আরোহী, জন্তু বা মাল লইয়া যাইবার জন্য ব্যবহৃত না হয় তাহা এবং ৩ ধারার ২ প্রকরণে ঐ শব্দের যে অর্থকরণ আছেসেই অর্থকরণের মধ্যে যে রেলওয়ে পড়ে তাহাকে বুঝাইবে।

(২) ৮২, ৯৬, ৯৭, ৯৯, ১১৭, ১১৮, ১২১, ও ১৩৩ ধারার (১) (২) ও (৪) প্রকরণের ও ১৩৪ ধারার কার্য্যের পক্ষে "রেলওয়ের চাকর" এই কথাগুলিতে যে ব্যক্তি রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের সহিত কোন চুক্তি সম্পন্ন করিতেছেন এমন কোন ব্যক্তি কর্ত্তৃক রেলওয়ে কার্য্য সম্বন্ধে রেলওয়েতে নিযুক্ত কোন ব্যক্তিকেও সম্বন্ধে বুঝাইবে।

ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯৪ও১৯৫ ধারা সংশোধন করিবার কথা।

১৪৫ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯৪ ও ১৯৫ ধারার "এই আইনমতে" কিম্বা "ইংলণ্ডীয় ব্যবস্থামতে" এই কথাগুলির পরিবর্ত্তে "ব্রিটিস ভারতবর্ষের কি ইংলণ্ডের আইনমতে" এই কথাগুলি সন্নিবেশিত করিতে হইবে।

---

## প্রথম তফসীল।

যে ২ আইন রহিত করা গেল।

(২ ধারা দেখ)

| নম্বর ও সাল। | নাম। | যেপর্য্যন্ত রহিত করা গেল। |
|---|---|---|
| | মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আইন। | |
| ১৮৮৬ সা. ৩ আ. | বাহক বিষয়ক ১৮৬৫ সালের আইন। | ১০ ধারা। |
| ১৮৭৯ সা. ৪ আ. | ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৭৯ সালের আইন। | সমস্ত। |
| ১৮৮৩সা. ৪ আ. | ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৮৩ সালের আইন। | সমস্ত। |
| ১৮৮৬ সা. ১১ আ. | ভারতবর্ষীয় ট্রামওয়ে বিষয়ক ১৮৮৬ সালের আইন | ৪৯ ধারা। |
| | মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আইন। | |
| ১৮৮২সা. ২ আ. | বঙ্গদেশের বাঁধ বিষয়ক ১৮৮২ সালের আইন। | ১৬ ধারা ও ১৭ ধারায় উক্তধারার ১ পদের নিয়ম বিধি ও "কিম্বা রেলপথ" এই কথাগুলি যেখানে যেখানে উহা থাকে। |

## দ্বিতীয় তফসীল।

যে যে দ্রব্য ব্যক্ত ও ইনসিওর করিতে হইবে।

(৭৫ ধারা দেখ)

(ক) মুদ্রিত করা কি না করা ও গঠিত কি অগঠিত সোণা কি রূপা।

(খ) কলাই করা দ্রব্য।

(গ) কর্ম্মচারী, সৈনিক, সেলর, পুলিস কর্ম্মচারী বা ভারতবর্ষীয় ভলণ্টিয়র বিষয়ক ১৮৬৯ সালের আইন অনুসারে ভলণ্টিয়র বলিয়া নাম লেখা কর্ম্মচারী কি ব্রিটিস কি বিদেশীয় যে সরকারী কর্ম্মচারী ইউনিফরম পরিতে পারেন তাঁহাদের ইউনিফরম বা ইউনিফরমের অংশ ভিন্ন অপর যে কাপড়ে কি ভাবে কি সোণা কি রূপার কাজ থাকে।

(ঘ) বহুমূল্য প্রস্তর ও অলঙ্কার ও গহনা।

(ঙ) যে কোন প্রকারের টেঁকঘড়ি, কি বাজনা ঘড়ি কি সময় নিরূপক যন্ত্র।

(চ) গবর্ণমেণ্টের সিকিউরিটী।

(ছ) গবর্ণমেণ্টের ইষ্টাম্প।

(জ) বিল অফ এক্সচেঞ্জ, হুণ্ডি, ঋণপত্র, ব্যাঙ্ক নোট এবং টাকার প্রাপ্তির জন্য অন্য অর্ডর ও সিকিউরিটী।

(ঝ) মানচিত্র, লিপি ও দলিল পত্র।

(ঞ) ছবি, ক্ষোদিত মূর্ত্তি, লিথগ্রাফ, ফটগ্রাফ ক্ষোদিত দ্রব্য, ভাস্করকর্ম্ম প্রভৃতি শিল্প কার্য্য।

(ট) সৌখিন মাটির বাসন ও কাঁচ, চীনের মাটী, ও মার্ব্বেল পাথরের নির্ম্মিত সমস্ত দ্রব্য।

(ঠ) প্রস্তুত কি অপ্রস্তুত ও অন্য দ্রব্যের সঙ্গে মিশ্রিত কি অমিশ্রিত রেশম।

(ড) শাল।

(ঢ) জরি ও লোম।

(ণ) আফীম।

(ত) হস্তীদন্ত, আবলুস, প্রবাল ও চন্দন কাষ্ঠ।

(থ) মৃগনাভী, চন্দন কাষ্ঠের তৈল ও আতর ও গন্ধ দ্রব্য প্রস্তুত করণে অবশ্য ব্যবহার্য্য অন্য তৈল।

(দ) বাদ্য যন্ত্র ও বৈজ্ঞানিক যন্ত্র।

---

## অভিপ্রায় ও হেতুর বিবরণ।

গবর্ণমেণ্ট ও রেলওয়ে কোম্পানি সকলের মধ্যে যেসকল চুক্তি আছে সাধারণের স্বার্থের প্রতি দৃষ্টি রাখিয়া সেই সকল চুক্তির সর্ত্তের সহিত যত দূর সঙ্গতি রক্ষা করিতে পারা যায় তত দূর সঙ্গতি রক্ষা করিয়া ভারতবর্ষের রেলওয়ে সংক্রান্ত একখানি আইন প্রস্তুত করিবার কথা অনেক বৎসর ধরিয়া বিবেচনাধীন রহিয়াছে। এবং ১৮৬৩ সালে ও ১৮৮৪ সালে যে মুসবিধা গুলি প্রস্তুত করা হইয়াছিল তৎসম্বন্ধে যে সকল আপত্তি উপস্থিত করা যাইতে পারে বলিয়া ভারতবর্ষে ও ইংলণ্ডে বিবেচনা করা হইয়াছিল সেই সকল আপত্তির প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া ভারতবর্ষের রেলওয়ে বিষয়ক আইনের পাণ্ডুলিপি খানি প্রস্তুত করা হইয়াছিল।

২। এই পাণ্ডুলিপিখানি প্রস্তুত করিবার জন্য যে সকল কাগজ পত্র পড়িয়া দেখা হইয়াছে পার্শ্বে তাহার মোটা মুটি উল্লেখ করা গিয়াছে কিন্তু তম্মধ্যে কতক গুলি কাগজপত্র সাধারণের প্রাপ্তব্য নয়। এবং কতকটা সেইজন্য এবং ভারতবর্ষের রেলওয়ে সংক্রান্ত আইনে যে যে পরিবর্ত্তন করিবার প্রস্তাব করা যাইতেছে কতকটা তাহা বুঝাইবার অভিপ্রায়ে পাণ্ডুলিপির নিম্নলিখিত অংশ সম্বন্ধে বিশেষ মন্তব্য লিপিবদ্ধ করা আবশ্যক বোধ হইতেছে।

(১) ২ ধারার (১) প্রকরণ—যে সকল আইন রহিত করিতে হইবে বাহক বিষয়ক ১৮৬৫ সালের আইনের ১০ ধারা তম্মধ্যে একটী। ঐ ধারাটী ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৭৯ সালের আইনের ১২ ধারার শেষ পদ দ্বারা রহিত করা হইয়াছিল, এবং এই পাণ্ডুলিপির ৭২ ধারার (৩) প্রকরণ বশত উহা অনাবশ্যক হইয়া পড়িবে বঙ্গদেশীয় বাঁধ বিষয়ক ১৮৮২ সালের আইনের ১৬ ধারা সম্বন্ধে বক্তব্য এই যে ঐ ধারাক্রমে কালেকটরকে যে ক্ষমতা প্রদান করা হইয়াছে এই পাণ্ডুলিপির ১১ ও ১২ ধারা আইনে পরিণত হইলে কালেক্টরের সেই ক্ষমতা রাখা বাঞ্ছনীয় হইবে না। পাণ্ডুলিপির ৩ ধারার (১) প্রকরণ এবং ১৪২ ধারা ১৮৭৯ সালের ৪ আইনের ৫৪ ধারার এবং ১৮৮৬ সালের ১১ আইনের ৪৯ ধারার স্থান অধিকার করিল।

(২) ৩ ধারার (৩) দফার (ঘ) অধীন দফা।—এই আইনের স্থানীয় ব্যাপ্তির মধ্যে নদী এবং অপর দেশাভ্যন্তরস্থ জলাশয়ে যে সকল জল যান ব্যবহার করা হয় তৎপ্রতি রেলওয়ে শব্দের অর্থ নির্দ্দেশের (ঘ) অধীন দফা আবদ্ধ করা হইয়াছে। কাহার কাহার মত এই যে ১৮৭৯ সালের ৪ আইনে উহার কজু যে দফা আছে তাহার এই সঙ্কীর্ণ অর্থ করিতে হইবে কারণ ঐ আইনের স্থানীয় ব্যাপ্তির কথা ছাড়িয়া দিলেও দফাটীর বিস্তৃত অর্থ করিলে সওদাগরি জাহাজ বিষয়ক আইনের সহিত এবং সমুদ্র পথে যাত্রী ও মাল বহন করা সম্বন্ধীয় সাধারণ আইনের বিধানের সহিত রেলওয়ে বিষয়ক আইনের সংঘর্ষ উপস্থিত হইতে পারে।

(৩) ৩ ধারার (৩) ও (৬) দফা।—এই দুইটী দফা সম্পূর্ণ করিবার অভিপ্রায়ে ১৪৪ ধারার (১) প্রকরণ এবং (২) প্রকরণ রচিত হইয়াছে। যে সকল রেলওয়ের নির্ম্মাণ কার্য্য চলিতেছে এবং যে সকল রেলওয়ে প্রকাশ্যরূপে আরোহী জন্তু বা মাল বহনার্থ ব্যবহার করা হয় না ঐ (১) প্রকরণ ক্রমে সেই সকল রেলওয়ে সম্বন্ধে প্রস্তাবিত আইনের কোন কোন অংশ খাটান হইল এবং ঐ (২) প্রকরণক্রমে এইরূপ ব্যক্ত করা হইল যে এই আইনের কোন কোন ধারায় "রেলওয়ের চাকর" বলিয়া যে কথা আছে তাহাতে রেলওয়ের কন্ট্রাক্টরদিগের চাকরও বুঝাইবে।

(৪) ৩ ধারার (৫) দফা।—রেলওয়ে আড্মিনিষ্ট্রেশনদিগের বাহকস্বরূপ যে দায়িত্ব হইবে পাণ্ডুলিপির সপ্তম অধ্যায়ে সেই দায়িত্বের কথা আছে। ঐ অধ্যায়ের প্রয়োজনার্থ "রেলওয়ে আড্মিনিষ্ট্রেশন" এই কথার এই অর্থ নির্দ্দেশ করা উচিত যে গবর্ণমেণ্ট কর্ত্তৃক চালিত রেলওয়ে সম্বন্ধে এই কথায় গবর্ণমেণ্ট ও বুঝাইবে এবং কোন দেশীয় রাজ্যাধিকার কর্ত্তৃক চালিত রেলওয়ে সম্বন্ধে এই কথায় রাজ্যাধিকার ও বুঝাইবে।

(৫) ৩ ধারার (১৩) দফা এবং ৪৪ ধারা ও উহার পরিবর্ত্তী ধারা।—এই বিধান গুলি রেলওয়ে ও খালের ট্রাফিক বিষয়ক ১৮৮৮ সালের আইনের যথাক্রমে ৫৫ ও ২৪ ধারার রচনার অনুকরণে রচিত হইয়াছে।

(৬) ৫ ধারার (গ) দফা। — ১৮৮৪ সালের খসড়া পাণ্ডুলিপি সম্বন্ধে একটী রেলওয়ে কোম্পানি এই প্রস্তাব করিয়া ছিলেন যে রেলওয়ের ইনস্পেক্টর যে সকল কাগজ পত্র উপস্থিত করিবার আদেশ করিতে পারিবেন রেলওয়ে কোম্পানি সকল এবং তাঁহাদের আইন সম্বন্ধীয় পরামর্শ দাতাদিগের মধ্যে যেসকল লেখাপড়া চলে সেই সকল কাগজপত্র বাদপড়া উচিত। এই প্রস্তাবানুসারে স্পষ্ট করিয়া ঐ রূপ বিধান করা হইয়াছে।

(৭) ৭ ধারা। —মোটের উপর একটী ইংরাজি আইনের রচনানুকরণে এই ধারাটী রচিত হইয়াছে। কিন্তু যে সকল স্থানীয় আইনে অগ্রে মুনিসিপাল কমিশনরদিগের অনুমতি না লইয়া গ্যাসের নল ও তদ্রূপ জিনিসের উপরদিয়ারেলওয়ে নির্ম্মাণকরণ নিষেধ হইয়াছে এই ধারা দ্বারা সেই সকল আইন অতিক্রম করা হইয়াছে, গ্যাসের নলের উপর দিয়া রেলওয়ে যাইলে সম্ভবতঃ যে ক্ষতি হইতে পারে ঐ নল বাঁচাইয়া যাইবার জন্য রেলওয়ের গতি ফিরাইবার খরচ সচরাচর তদপেক্ষা অনেক বেশীই হইবে।

(৮) ৮ ধারা। — ভারতবর্ষীয় টেলিগ্রাফ বিষয়ক১৮৮৫ সালের আইনানুসারে টেলিগ্রাফের কর্ত্তৃপক্ষের একটী ক্ষমতা আছে। এই ধারাক্রমে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন দিগকে সেই ক্ষমতাটী প্রদানকরা গেল।

(৯) ১২ ও ১২ ধারা। —প্রথমোক্ত ধারাক্রমে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের উপর এই কর্ত্তব্য কর্ম্মের ভার দেওয়া গেল যে যে সকল জমির উপর দিয়া রেলওয়ে যায় সেই সকল জমির অধিকারী ও দখলকারদিগের ব্যবহারার্থ যে সকল সুবিধার্থ ওয়ার্ক করা রেলওয়ে প্রথম খুলিবার তারিখ হইতে দশ বৎসরের মধ্যে আবশ্যক প্রমাণ করা হয় কোন কোন ব্যতিক্রম করিবার নিয়মের অধীনে রেলওয়ে আডমিনিষ্ট্রেশন সে সকল ওয়াক নির্ম্মাণ করিবেন। শেষোক্ত ধারাক্রমে কোন অধিকারী বা দখিলকার কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে ঐ দশবৎসর কাল অতীত হইবার পর তাঁহার বিকল্পে কোন যুক্তিসিদ্ধ সুবিধার্থ ওয়ার্ক নির্ম্মাণ করিয়া দিতে বলিতে পারিবেন।

(১০) ১৩ ধারা। — বেড়া সম্বন্ধীয় বিধি এমন করিয়া প্রণয়ন করা কঠিন যে সকল স্থলেই তাহা খাটিতে পারে অতএব বিধি অনুসারে বেড়া নির্ম্মাণ না করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণরজেনরল সাহেবের স্পষ্ট আদেশানুসারে বেড়া নির্ম্মাণ করিবার বিধান এই ধারায় করা হইল। কোন রেলওয়ের উপর চলিতেছে যে রোলিংষ্টক তাহা দেখিয়া বা তাহার শব্দ শুনিয়া যে সকল স্থানে অশ্ব ভয় পাইবার আশঙ্কা থাকে সেই সকল স্থানে পর্দ্দা নির্ম্মাণ করিতে আদেশ করিবার নিমিত্ত ও এই ধারানুসারে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে ক্ষমতা দেওয়া হইল।

(১১) ১৪ ধারা। — Railwys Clauses Act,1863, নামক আইনের ৭ ধারার সার কথা এই ধারায় লিখিত হইল। এবং রেলওয়ে ও খালের ট্রাফিক বিষয়ক ১৮৮৮ সালের আইনের ১৬ ধারা অনুসরণ করিয়া এই এই ধারায় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের পক্ষে এই ক্ষমতা রাখিয়া দিবার বিধান করা গেল যে কোন লেভেল ক্রশিঙে ওয়ার্ক নির্ম্মাণ করিবার জন্য কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে হুকুম করিবার নিয়ম স্বরূপ যে রাস্তা সমান লেবেলে পার হওয়া যায় সেই রাস্তা রক্ষা করিবার কোন স্থানীয়কর্ত্তৃপক্ষ থাকিলে সেইকর্ত্তৃপক্ষকে ঐ সকল ওয়ার্ক নির্ম্মাণ করিবার সমস্ত খরচা বা সেই খরচার ন্যায্য অংশ দিবার অঙ্গীকার করিবার আদেশ করা যাইতে পারিবে।

(১২) ১৫ ধারা। — এই ধারায় রেলওয়ে আডমিনিষ্ট্রেশনকে বিশেষ প্রয়োজনের স্থলে মাজিষ্ট্রেটের অনুমতি ব্যতীত কার্য্য করিবার অনুমতি দেওয়া হইল। এরূপ করায় ভারতবর্ষীয় টেলিগ্রাফ বিষয়ক ১৮৮৫ সালের কতুধারার বিধান অতিক্রম করা হইল। কিন্তু এই ক্ষমতা প্রদান করা সম্বন্ধে এই রূপ বিবেচনা করা যায় যে রেলওয়ের কর্ত্তৃপক্ষ দিগের এই ক্ষমতা থাকা নিতান্ত আবশ্যক।

(১৩) চতুর্থ অধ্যায়। — রেলওয়ের নির্ম্মাণ কার্য্য চলিতে থাকিবার কালে রেলওয়েতে চালিকা শক্তির অনিয়মিত ব্যবহারের দরুণ সময়ে সময়ে যে সকল বিষম দুর্ঘটনা ঘটিয়াছে তাহা আর না ঘটিতে পারে এই অভিপ্রায়ে ১৬ ধারায় (২) প্রকরণ রচিত হইয়াছে।

২১ ও ২২ ধারায় এই বিধান করা হইয়াছে যে যে স্থলে কোন দুর্ঘটনার দরুণ ট্রাফিক কিয়ৎ কাল বন্ধ হয় অথবা যে স্থলে ওয়ার্কগুলি এত সামান্য রকমের যে রেলওয়ে খোলা সংক্রান্ত সাধারণ আইন তৎসম্বন্ধে খাটান অনাবশ্যক সেস্থলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের কিম্বা কোন ইনিস্পেকটরের মঞ্জুরি ব্যতীত রেলওয়ে খোলা যাইতে পারিবে।

(১৪) পঞ্চম অধ্যায়। — এই অধ্যায়টী পাণ্ডুলিপির সর্ব্বাপেক্ষা প্রয়োজনীয় অংশ। এই রেলওয়ে ও খালের ট্রাফিক বিষয়ক ১৮৮৮ সালের আইনের প্রতি এবং রেলওয়ে কমিশনরদিগের বার্ষিক রিপোর্টগুলির প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া এই অধ্যায়টী প্রস্তুত করা হইয়াছে।

ইংলণ্ডীয় আইন অনুসরণ করিয়া এই অধ্যায়ে এই বিধান করা গেল যে অসঙ্গত বিলম্ব না করিয়া এবং পক্ষপাত বা অযথা অগ্রগণ্যতা ব্যতীত ট্রাফিক লইবার চালান দিবার ও ডিলিবারি করিবার বন্দোবস্ত করা রেলওয়ে আডমিনিষ্ট্রেশনদিগের সাধারণ কর্ত্তব্যকর্ম্ম হইবে এবং থুরেটে ট্রাফিক সম্বন্ধে ঐ রূপে কার্য্য করা রেলওয়ে আডমিনিষ্ট্রেশনদিগের বিশেষ কর্ত্তব্য কর্ম্ম হইবে। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যদি বুঝেন যে দুইটী কর্ত্তব্যের মধ্যে কোনটী না করিব র দরুন কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের বিরুদ্ধে কোন ব্যক্তির অভিযোগ করিবার ন্যায্য হেতু আছে তাহা হইলে তিনি বিষয়টী নিষ্পত্তির নিমিত্ত রেলওয়ে কমিশনে অর্পণ করিতে পারিবেন। এরূপ কমিশনে অর্পণ করিবার বিষয় থাকিলেই এরূপ কমিশন নিযুক্ত করা যাইবে নচেৎ যাইবে না এবং যে দণ্ডে কমিশন ঐসকল বিষয় নিষ্পত্তি করেন সেই দণ্ডে কমিশন ভঙ্গ হইবে

বলিয়া বিবেচনা করা যাইবে। এরূপ কমিশনে এক জন লা কমিশনর থাকিবেন। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যেস্থানে কমিশনকে বসিবার হুকুম করেন সেই স্থানে ফৌজদারী-মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৮২ সালের আইনানুসারে ইউরোপীয় বৃটিশ প্রজা সম্বন্ধে যে হাইকোর্টের বিচারাধিকার থাকে সেই হাইকোর্টের এক জন জজ কথিত লা কমিশনর হইবেন। এবং কমিশনে দুই জন সে কমিশনর থাকিবেন। ঐ দুই জনের মধ্যে একজন রেলওয়ের কার্য্যে বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন হইবেন এবং আর এক জন বণিকসম্প্রদায়ের কোন প্রতিনিধি হইবেন কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অপর যে ব্যক্তিকে নিযুক্ত করা উপযুক্ত মনে করেন সেই ব্যক্তি হইবেন এই প্রকারে গঠিত কমিশন উহার নিকটে অর্পিত যে কোন বিষয়ে অবস্থা বিবেচনা করিয়া নিষেধাজ্ঞাস্বরূপ যে হুকুম করা উপযুক্ত মনে করেন সেই হুকুম করিতে পারিবেন। কমিশনরদিগের মধ্যে দুই জন যদি কোন অবস্থা বিষয়ক কথায় একমত হন তাহা হইলে সেই কথা সম্বন্ধে তাঁহাদের নিষ্পত্তি সিদ্ধান্ত নিষ্পত্তি হইবে। লা কমিশনর যে হাই কোর্টের জজ সেই হাই কোর্টের অন্যূন তিন জন জজের বেঞ্চে কমিশনরদিগের অন্যান্য নিষ্পত্তির বিরুদ্ধে আপীল চলিবে। এবং ব্রহ্মদেশের কোন রেলওয়ে কমিশনের নিষ্পত্তির বিরুদ্ধে বঙ্গদেশের ফোর্ট উইলিয়ম স্থিত হাই কোর্টের ঐ রূপ বেঞ্চে আপীল চলিবে লা কমিশনর যে হাই কোর্টের জজ সেই হাই কোর্ট রেলওয়ে কমিশনের কৃত হুকুম এই ভাবে জারি করিবেন যেন হাই কোর্টই আপন সরেজমিন দেওয়ানী বিচারাধিকার পরিচালন ক্রমে সেই সকল হুকুম করিয়াছিলেন।

ইংরাজি আইন অনুসরণ করিয়া ৪৬ ও ৪৭ ধারায় এই বিধান করা হইয়াছে যে জন্তু ও মাল বহনার্থ যখন যে রেট চার্জ করা হয় তাহা একখানি বহিতে লিখিয়া রেলওয়ে আডমিনিষ্ট্রেশনগণ সাধারণে দেখিবার নিমিত্ত সেই বহি খানি রাখিয়া দিবেন এবং মাল বহনার্থ রেলওয়ে আডমিনিষ্ট্রেশনগণ কর্ত্তৃক যে মোট চার্জ করা হয় এবং তাঁহাদিগকে যে মোট চার্জ দেওয়া হয় তাহার বিশেষ বিবরণ চাওয়া হইলে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনগণ সেই বিশেষ বিবরণ দিবেন।

ট্রাফিকের সুবিধার কথা লইয়া যে বিবাদ উপস্থিত হয় তাহা হইতে ভিন্ন বিবাদ রেলওয়ে কমিশনে অর্পণ করিবার বিধান ২৮ ধারার (খ) ও (গ) দফায় করা হইয়াছে।

(১৫) ৪৮ ধারা। এখন যে কোন বিধি আছে তাহার সিদ্ধতা সম্বন্ধে যে কোন সন্দেহ থাকে তাহা এই ধারায় দূর করা হইয়াছে। এবং এই ধারায় ইহাও বিধান করা হইয়াছে যে বিধি একবার ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা হইলে পর সেই গেজেটের উল্লেখ করিয়া এবং কোন রেলওয়ের নিমিত্ত গৃহীত হওয়ার কথা বিজ্ঞাপিত করিয়া এবং বিধি গুলি পুনরায় গেজেটে সবিস্তার প্রকাশ না করিয়া বিধি গুলি সেই রেলওয়ে সম্বন্ধে খাটান যাইতে পারিবে।

(১৬) ৪৯ ধারা।—এই ধারায় এই বিধান করা হইয়াছে যে কোন সাধারণ টর্ম্মিনস বা রেলের লাইনের ব্যবহার লইয়া রেলওয়ে আডমিনিষ্ট্রেশনগণের মধ্যে যদি বিবাদ উপস্থিত এবং সেই বিবাদের দরুণ সর্ব্বসাধারণের নিরাপদাবস্থার ব্যাঘাত হওয়া যদি সম্ভব হয় তাহা হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সেই বিবাদের মীমাংসা করিতে পারিবেন।

(১৭) ৫০ ৫১ ও ৫২ ধারা।—এই ধারাগুলির ফল এই হইবে যে ইউনাইটেড কিংডমে যে সকল ভারতবর্ষীয় রেলওয়ে কোম্পানি বাস করেন তাঁহারা যে সকল বিশেষ অধিকার ভোগ করেন ভারতবর্ষে যে সকল রেলওয়ে কোম্পানি বাস করেন তাঁহারা ঠিক সেই সকল বিশেষ অধিকার প্রাপ্ত হইবেন।

(১৮) ৭৫ ধারা।—ভারতবর্ষের রেলওয়ে আডমিনিষ্ট্রেশনগণ প্রকৃত পক্ষে যে সকল নিয়ম করিয়া থাকেন এবং সাধারণের অবগতির নিমিত্ত তাঁহাদের ভাড়া ও রেটের ত্রৈমাসিক বহিতে যে সকল নিয়ম তাঁহারা প্রকাশ করিয়া থাকেন সেই সকল নিয়ম আইনের আয়ত্তাধীন করিবার নিমিত্ত এইরূপ একটি বিধান করা আবশ্যক বিবেচনা হয়।

(১৯) ৫৭, ৫৮ ও ৫৯ ধারা।—যে সম্পত্তি সম্বন্ধে কোন দাবি না থাকে সে সম্পত্তির বিলিব্যবস্থা করিবার এখন যে রীতি আছে সেই রীতিকে আইন সঙ্গত করা প্রথমোক্ত ধারার উদ্দেশ্য। ৫৮ ও ৫৯ ধারা কতকটা বর্ত্তমান রীতি বিবেচনা করিয়া, কতকটা মিগলটন বনাম ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে কোম্পানি (৮ বি, এল, আর [illegible]) নামক মোকদ্দমা বিবেচনা করিয়া এবং বিল অবলোকিত যে রূপ কার্য্য কর রেলওয়ের রসিদকে সেই রূপ কার্য্যকর করিবার যে প্রস্তাব করা হইয়াছে কতকটা সেই প্রস্তাব বিবেচনা করিয়া রচনা করা হইয়াছে। রেলওয়ের রসিদকে ঐ রূপ কার্য্য কর করিবার প্রস্তাব এই পাণ্ডুলিপিতে গ্রাহ্য করা হয় নাই। তাহার কারণ এই যে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনগণ ঐ রূপ করা হয় ইচ্ছা করেন না এবং অন্যত্র যে আইন আছে তদ্দৃষ্টে করিলে ঐরূপ করিবার কোন হেতু দেখা যায় না।

(২০) ৬০, ৭৮ ও ১০২ ধারা।—মিথ্যা করিয়া এবং প্রবঞ্চনা করিবার অভিপ্রায়ে মাল শ্রেণী বদ্ধ করিবার যে প্রবল রীতি আছে তদ্দ্বারা এই কয়টী ধারার আবশ্যকতা প্রতিপন্ন হইতেছে।

(২১) ৬৪ ধারা।—কেবল মাত্র স্ত্রীলোকদিগের ব্যবহারার্থ প্রত্যেক আরোহীর ট্রেনে নিম্নতম শ্রেণীর অন্তত একটী কামরা রাখা হয় এই ধারায় প্রত্যেক রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের প্রতি এই আদেশ করা হইয়াছে।

(২২) ৬৭ ধারা।—ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৭৯ সালের আইনে ট্রেনে উঠা সম্বন্ধে টিকিটধারিদিগের বর্গের প্রভেদ করিবার বিধান আছে। ঐ বিধান অনাবশ্যক ও তদনুসারে কার্য্য করা অসম্ভব বলিয়া তাহা পরিত্যাগ করা গিয়াছে যে সকল রেলওয়ে কোম্পানির দ্বারা চালিত হয় সেই সকল রেলওয়ে

কোম্পানি এবং গবর্ণমেণ্টের মধ্যে যে সকল চুক্তি করা হয় তাহার নিয়মানুসারে ঐ সকল রেলওয়েতে ঐসমা বহন করা কার্য্য সম্পন্ন করা হয়।

(২১) ৭০ ও ১১০ ধারা।— এই দুইটী ধারার রিটরণ টিকিটের হস্তান্তর নিষেধ করা গেল।

(২৬) সপ্তম অধ্যায়।— ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৭৯ সালের আইনের ১০ ধারায় যে বিধি করা হইয়াছে সেই বিধি অনুসরণ করিয়া এই অধ্যায় রচিত হইয়াছে। বোম্বাই হাই কোর্টের যে নিষ্পত্তী ইণ্ডিয়ান ল রিপোর্টের ৩ বোম্বাই ১০৯ পৃষ্ঠায় রিপোর্ট করা হইয়াছে সেই নিষ্পত্তিটীর উপর সেই বিধি স্থাপিত এবং সেই বিধি অনুসারে যে কার্য্য করা হইয়াছে তৎসম্বন্ধে অতি অল্প অভিযোগই উপস্থিত হইয়াছে। এবং যদিও সেই নিষ্পত্তির সারবত্তা সম্বন্ধে সন্দেহ প্রকাশ করা হইয়াছে তথাপি ভারত-বর্ষের গবর্ণমেণ্টকে এক্ষণে যেরূপ পরামর্শ দেওয়া হইয়াছে তাহাতে ঐ গবর্ণমেণ্টের এই মত যে এ বিষয়ে পূর্ব্বাপর যে রূপ দেখা গিয়াছে তদ্বিবেচনায় বর্ত্তমান আইনের বিশেষ কোন পরিবর্ত্তন করিলে তাহা ঠিক কাজ হইবে না।

(৭৩ ধারায় জন্তু বহন করিবার কথা আছে ঐ কথা রেলওয়ে ও খালের ট্রাফিক বিষয়ক ১৮৫৪ সালের আইনের ৭ ধারার সারাংশ মাত্র। বাহক বিষয়ক আইনের (১ চতুর্থ উইলিয়ম ৬৮ অধ্যায়ের ১ ধারা অনুসরণ করিয়া ৭৫ ধারা রচিত হইয়াছে।

৭৫ ধারায় এই বিধান করা হইয়াছে যে যে সকল স্থলে পার্শেল বিভ স্বর্ণ রৌপ্য ও অপর মূল্যবান দ্রব্যের মূল্য একশত টাকার অধিক হয় কেবল সেই সকল স্থলে পার্শেলে কি কি দ্রব্য থাকে তাহা ব্যক্ত করিতে হইবে।

রেলওয়ে আডমিনিষ্ট্রেশনদিগের বিরুদ্ধে বহু পুরাতন দাবি উপস্থিত করা নিবারণ করার অভিপ্রায়ে ৭৭ ধারা প্রণীত হইয়াছে। ৭৯ ধারায় কতক গুলি সামরিক ব্যবস্থা বাঁচান গিয়াছে। ৮০ ধারায় থুরুট্রাফিকের ক্ষতির জন্য ক্ষতিপূরণের মোকদ্দমার বিধান করা হইয়াছে। এবং কোন রেলওয়ে আডমিনিষ্ট্রেশন যে সকল আরোহী জন্তু বা মাল কতকটা রেলওয়েতে এবং কতকটা সমুদ্রপথে লইয়া যাইবার চুক্তি করেন সমুদ্রপথে সেই সকল আরোহী জন্তু বা মালের কোন দুর্ঘটনা ঘটিলে সেই রেলওয়ের আডমিনিষ্ট্রেশনের যে দায়িত্ব হয় প্রধানতঃ ইংলণ্ডের আইন অনু-সারে ৮১ ধারায় তাহার সীমা নির্দ্দেশ করা হইয়াছে।

(২১) ৯৪ এই—ধারায় এই বিধান করা হইয়াছে যে রেলওয়ে আডমিনিষ্টেশনের নিকট দণ্ডস্বরূপ যে টাকা পাওনা হয় মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত ষ্টেট সেক্রেটরি সাহেবের নাম দিয়া মোকদ্দমা করিয়া ডিষ্ট্রিকট আদালতে তাহা আদায় করিতে হইবে। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব ঐরূপ টাকা ছাড়িয়া দিতে ও পারিবেন।

(২৬) ১০০ ধারা।—লেভেল ক্রসিঙে রোলিং ষ্টক দাঁড় করাইয়া রাখিবার দরুণ যে অনিষ্ট হয় তাহা নিবারণ করা এই ধারার উদ্দেশ্য।

(২৭) ১০৮ ও ১২৮ ধারা।—ফরাসী ও জর্ম্মণ আইনের প্রতি দৃষ্টি রাখিয়া এই দুইটী ধারা প্রস্তুত করা হইয়াছে ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৭৯ সালের আইনের ৩১ ও ৩২ ধারার বিধান গুটিকতক ইংরাজি উপবিধির উপর স্থাপিত। এবং সেই উপবিধি গুলির উদ্দেশ্য যেমন সফল হয় নাই ঐ দুইটী ধারার বিধানের উদ্দেশ্য ও তেমনি সফল হয় নাই। সফল না হইবার কারণ এই যে প্রতারণা স্পষ্টরূপে দৃষ্ট হইলেও উক্ত ৩২ ধারানুসারে তাহা প্রমাণ করা কার্য্যক্ষেত্রে প্রায়ই নিরতিশয় কঠিন এমন কি একেবারেই অসম্ভব দেখা যায়।

(২৮) ১৩১ ধারা।—মুনিসিপাল কমিটী কাণ্টনমেণ্টের কমিটী ডিষ্ট্রিক্ট বোর্ড এবং তদ্রূপ [illegible] কর্তৃপক্ষের দ্বারা রেলওয়ের উপর টেক্স বসাইবার কথা এই ধারায় মীমাংসা করিবার প্রস্তাব করা [illegible]। ভারতবর্ষে গবর্ণমেণ্টের মত এই যে কোন কোন প্রদেশে গারাণ্টীড ইষ্টেট রেলওয়ে গুলি [illegible] জমি সম্বন্ধে স্থানীয় রেট দিবার দায় হইতে অব্যাহতি ভোগ করে সমস্ত ভারতবর্ষে যে স[illegible] রেলওয়ে আছে সেই সমস্ত রেলওয়েরও তেমনি জমি সম্বন্ধে রেট দিবার দায় হইতে অব্যাহতি ভোগ [illegible]। মুনিসিপাল টেকস সম্বন্ধে এইরূপ বিবেচনা করা যায় যে যে সকল টেকস্ একাল পর্য্যন্ত [illegible] মুনিসিপালিটিতে বা কাণ্টনমেণ্টে আদায় করা হইয়াছে সাধারণত তাহা তথায় আদায় করা যাইতে পারিবে। তবে সম্ভব হইলে তাহা পরিবর্ত্তিত আকারে আদায় করা যাইবে।

(২৯) ১৩২ ধারা।—একজন বেসরকারী ডিক্রীদার সম্প্রতি উত্তর পশ্চিম প্রদেশে একখানি মেল ট্রেন সংলগ্ন ইঞ্জিন ক্রোক করাইয়াছিলেন। এই ঘটনা দৃষ্টে এই রূপ একটী ধারা প্রণয়ন করিবার আবশ্যকতা বুঝিতে পারা যায়।

(৩০) ১৩৩ ধারা।— একজন রেলওয়ের চাকর যে সকল বিধি মান্য করিতে বাধ্য ছিলেন সেই সকল বিধি লঙ্ঘন করিয়া এবং যে রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের চাকরিতে তিনি নিযুক্ত ছিলেন সেই রেলওয়ে আডমিনিষ্ট্রেশনের ক্ষতি করিয়া তিনি একবার ব্যবসায় নিযুক্ত হইয়াছিলেন। এই ঘটনা দৃষ্টে ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৭৯ সালের আইনের ২৭ ধারা প্রশস্ত করা আবশ্যক বোধ হইয়াছে।

(৩১) ১৩৪ ধারা।—অনেকে বলিয়া থাকেন যে যে সকল লোকের রেলওয়ের গৃহাদি দখল করিবার অধিকার শেষ হইয়াছে সেই সকল লোককে ঐ সকল গৃহাদি হইতে সরাসরি মতে উঠাইয়া দিবার উপায় না থাকায় ভারতবর্ষের রেলওয়ে আডমিনিষ্ট্রেশন দিগকে অত্যন্ত অসুবিধা ভোগ করিতে হয়।

(৩২) ১৪১ ধারা।—এইরূপ অনেক স্থলে ঘটিয়াছে যে যে স্থলে শুল্ক দাঁড়াঘটিত কার্য্যের নিমিত্ত কোন ইষ্টেট রেলওয়ের প্রতি নিবিষ্ট আদালতে উপস্থিত হওয়া আবশ্যক হইয়াছে সে স্থলেও অধস্তন আদালত সেই রেলওয়ের ম্যানেজারের ডিপুটি দ্বারা উপস্থিত হওয়া সম্বন্ধে আপত্তি করিয়াছেন। এবং অধস্তন আদালত সকল রেলওয়ের চাকরদিগকে সামান্য মোকদ্দমা চালাইতে দিতে অস্বীকার করিবার দরুণ রেলওয়ে আড্‌মিনিষ্ট্রেশন দিগকে অনেক বার অনর্থক বহুনায় ভার বহন করিতেও হইয়াছে।

(৩৩) ১৪৫ ধারা।—পাণ্ডুলিপির ১২২ ধারা বিবেচনা করিয়া এই ধারাটী প্রণীত হইয়াছে।

২২এ অক্টোবর ১৮৮৮ সাল।

আণ্ড্ আর স্কোবল্।

এস্, হার্বি জেম্স্,

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

**TUESDAY, APRIL 16, 1889.**

মঙ্গলবার, ১৮৮৯ সাল ১৬ এপ্রেল।

## PART VIII.

### ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

নিলামের নোটিস।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগণা এই মে,—

সন ১৮৭৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ২৪ পরগনার নীচের লিখিত মহালাতের সন ১৮৮৯ সালের ১২ই জানুয়ারি কিস্তীর বাকী বাবত সন ১৮৮৯ সালের [illegible] তারিখে ঐ জেলার কালেক্টরিতে বিনা ওজর নিলাম ধরা যাইবেক ইতি সন ১৮৮৯ সাল তারিখ ২২ ফেব্রুয়ারি।

প্রথম শ্রেণীর এস্তমরারি জমা ধার্য্য হওয়া মহাল।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজীর নম্বর। | মহাল ও পরগনার নাম। | পুরা ষ্টেটের সদর জমা। | পুরা ষ্টেট বিক্রয় হইবে কি না। | যদি একটা অংশ মাত্র বিক্রয় করিতে হয় সেই অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম। | যদি একটা অংশ বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার কত সদর জমা। | যদি পুরা ষ্টেট বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার বাকীর পরিমাণ। | যদি একটা অংশ বিক্রয় করিতে হয় তবে তাহার বাকীর পরিমাণ। |
| ২ | পরগণে মাগুরা কিঃ কাজল বেড়্যা ওগয়রহ। | ২৮৩১/ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ।১॥=৪ দস্তি ৬১২৮৮/১৭॥ = আনা | হরিশ্চন্দ্র রায় চৌধুরি ওগয়রহ | ৭৫০।৮ | ...... | ১৮৯/৪ |
| ৫ | পরগণে মাগুরা কিং আজার বেড্যা ওগয়রহ। | ২৭১৬৮৶৯॥ | পুরা মহাল | ...... | শ্রীনাথ রায় চৌধুরি ওগয়রহ | ...... | ৪৫৭৶॥ | ...... |
| ১৫ | পরগণে মাগুরা কিঃ খড়ী বাড়ীয়া ওগয়রহ। | ৪০৯১।২। | পুরা মহাল | ...... | হেমচন্দ্র রায় চৌধুরি ওগয়রহ | ...... | ৩৮০৶৯। | ...... |
| ৬৩ | পরগণে মাগুরা কিঃ বাঁশ শ্রেণী ওগয়রহ। | ৯১৩১।৶১॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥/১৩।৯॥ | জাহ্নবীনাথ রায় চৌধুরি ওগয়রহ। | ৫৫১৭।৶১১॥ | ...... | ১৭৪৩৮৶৯॥ |
| ৬৪ | পরগণে মাগুরা কিঃ বাঁশ-শ্রেণী ওগয়রহ। | ৬৮৪২।৯ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৶৮'৶৮ | প্রসন্নকুমার বন্দ্যোপাধ্যায় ওগয়রহ। | ৪৪৫৫৮৯ | ...... | ৩৭৩ |
| ৯০ | পরগণে মাগুরা কিঃ শ্রীরাম পুর ওগয়রহ। | ৮৩০॥৶৩ | পুরা মহাল | ...... | জাহ্নবী দেব্যা ... | ...... | ১৬১॥৭ | ...... |
| ১২৩ | পরগণে মাগুরা মৌজে দেয়াড়ক ওগয়রহ। | ৫৫৮।৹ | পুরা মহাল | ...... | পার্ব্বতীচরণ রায় ওগয়রহ .. | ...... | ১৬৫৶১১ | ...... |
| ১৫১ | পরগণে বরিদহাটি ওগয়রহ কিঃ চক হাটুরিয়া ওগয়রহ। | ৩১৯৩০৶৶১১॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১১॥১২॥ | ত্রৈলোক্যনাথ বিশ্বাস ওগয়রহ | ৩৯৩৭৪/১১॥ | ...... | ১৯০॥৶১০॥ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩৪৮ | পরগণে বালিয়া কিঃ পাঁচুড় ওগয়রহ। | ২১৩৬৸৴৪ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট একমালি অংশ ।৶১৩।— আনা। | মণীন্দ্র মোহন মুখোপাধ্যায় ওগয়রহ। | ১৪২৪॥৶২৸ | ...... | ৪৭৯৶৫॥ |
| ৩৪৮।১ | পরগণে বালিয়া কিঃ পাঁচুড় ওগয়রহ। | ২১৩৬৸৴৪ | ...... | ১৮৮৯ সালের ১১ আইনের ১০ ধারামতে স্বতন্ত্র হিসাব ।/৬॥=আনা | মণীন্দ্র মোহন মুখোপাধ্যায় | ৭১২।/৬। | ...... | ২৮৭॥১০৸ |
| ২৮৫ | পরগণে আজীমাবাদ হুদ[illegible] রসখালী ওগয়রহ। | [illegible]॥১। | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট একমালি অংশ ৸৶১৭।। আনা। | রাধামোহন মণ্ডল ওগয়রহ... | ১৮০৫৮॥৶১॥ | ...... | ৩৯৩৴৬ |
| ৩৮৮ | পরগণে বালিয়া তরফ মনুয়াপুরা ওগয়রহ। | ৮৩২৭।৬ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট একমালি অংশ ৸৶১৭।। | রাধামোহন মণ্ডল ওগয়রহ | ৭৭৪১৸১৸ | ...... | ১৫৫।১০৸ |
| ৩৮৯ | পরগণে বালিয়া কিঃ সন্তোষপুর ওগয়রহ। | ৯৪৩৪।/৭ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট একমালি অংশ ৸৴১৭॥ | রাধামোহন মণ্ডল ওগয়রহ | ৮৭৭৫৶৮ | ...... | ৩৩০।/১। |
| ৪২৯ | পরগণে বরিদহাটী আবাদ বাসদাড়ী ওগয়রহ। | ১৮১৪॥/১১ | ...... | ১৮৮৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ৶১১।—আনা স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট অংশ ৸/৬॥= আনা হইতে ৯৬৯॥১০ টাকার পৃথক হিসাব ১৮৭৬ সালের ৭ আইনের ৭০ ধারামতে হইয়াছে অবশিষ্ট ৫৪২৷৶১ টাকার অংশ। | গোপালদাস দত্ত ওগয়রহ | ৫৭২॥৶১ | ...... | ৫৴৯ |
| ৬২৪ | পরগণে বালিয়া কিঃ মহুরাটী ওগয়রহ। | ৮৬৫॥১১<br>পুলিস জমা ৬৴৪<br>৮৭১৸৶৩ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট একমালি অংশ ॥৶১৩।— | কেদারনাথ বসু ওগয়রহ ... | ৫৭৭৷৭<br>পুলিস ৫।৩<br>৫৮১।১০ | ...... | ৭৶৬॥ |
| ১৫৩৪ | পরগণে ময়না তরফ বাহির ওগয়রহ। | ১৪৬৮১।৶৪ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট একমালি অংশ ।০॥= আনা। | সুরত মোহিনী দাসী ওগয়রহ | ৩৭০০৸৶৯ | ...... | ১৩১।৶৫ |

W. GRIMLEY,
*Collector.*

## বিজ্ঞাপন।

### জিলা পাবনার কালেক্টরী।

১৮৫৯ সালের ১১ আইনের ৬, ৭, ও ১৩ ধারামতে এতদ্দ্বারা ১৮৮৮।৮৯ কিঃ জানুয়ারি এই সংবাদ দেওয়া যাইতেছে যে পাবনা জিলার অন্তর্গত নিম্নলিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবী প্রচলিত আইন ও ব্যবস্থাক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৮৯।১৭ এপ্রেল মোং ১২৯৬।৫ বৈশাখ তারিখে নিলামে বিক্রয় করা যাইবে সেস্থলে এতৎ সংযুক্ত বর্ণনাপত্রের ৫,৭ ও ৯ ঘরে কোন অংশ মাত্র বিক্রয় হইবে বলিয়া লিখিত আছে সেই স্থলে ঐ অংশের নিমিত্ত স্বতন্ত্র হিসাব রাখা হইয়া থাকে ও মহালের অন্য বা অন্যান্য অংশ বিক্রয় হয় না।

<table>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td><td>৯</td></tr>
<tr><td>তৌজীর। নম্বর।</td><td>মহাল ও পরগণার নাম।</td><td>সম্পূর্ণ মহালের সদর জমা।</td><td>সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না।</td><td>কেবলমাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশের বা ঐ২ অংশের বিশেষ বিবরণ।</td><td>যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম।</td><td>কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা।</td><td>সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী।</td><td>কোন অংশ মাত্র বিক্রয় হইলে তাহার বাকী।</td></tr>
<tr><td>৬</td><td>ডিহি ফতেপুর পং ইসফসাহী।</td><td>২৭২০।/০<br>পুঃ ৩৩/০</td><td>...</td><td>মহালের রঃ ।৶০</td><td>দিগেন্দ্রনাথ সান্যাল।</td><td>৫১০/<br>পুঃ ৬।৶০</td><td>...</td><td>২০৫৸/০<br>৩।৶০</td></tr>
<tr><td></td><td colspan="8">বাকী না পড়া অংশ।<br>কাশীদাস সান্যাল খাজানা ২৯৭॥০ পুঃ ৩॥৶০, ব্রজলাল সান্যাল প্রভৃতি খাঃ ৮৫৲ পুঃ ১/০, উমাশঙ্কর সান্যাল খাঃ ১১১॥০ পুঃ ১।৶০, মনমোহিনী দেব্যা খাঃ ২৫৫/০ পুঃ ৩৶০, ব্রজলাল সান্যাল প্রভৃতি খাঃ ২৮।/০ পুঃ ।/০, স্বর্ণময়ী দেব্যা খাঃ ৩৩১॥৶ পুঃ ৩৸।৶।<br>অল্প সদর জমার জন্য গেজেটে দেওয়া গেল না।<br>প্রসন্নকুমার সান্যাল রঃ /১০ খাঃ ২৫৫/০ পুঃ ৩৶০, ভুবনশঙ্কর সান্যাল রঃ ১৭॥ খাঃ ১৪৮৸০ পুঃ ১৸/০, দুর্গাদাস সান্যাল রঃ ১৩৶ খাঃ ১১১॥০ পুঃ ১।৶০, বৈকুণ্ঠকুমার সান্যাল দিগর রঃ /১০ খাঃ ২৫৫/০ পুঃ ৩৶০, দ্বারকানাথ সান্যাল প্রভৃতি রঃ ১২॥= খাঃ ১০৭॥।৶০ পুঃ ১।/০, হরসুন্দরী দেব্যা রঃ ৮৸ খাঃ ৭৪।৶ পুঃ ৸৶০, হরশঙ্কর সান্যাল রঃ ১৭॥ খাঃ ১৪৮৸/০ পুঃ ১৸/০।</td></tr>
<tr><td>৩২০</td><td>কিঃ এরগু বহতি পং বড়বাজু।</td><td>৮৩৪।৶০</td><td>...</td><td>এজমালি অংশ ...</td><td>হরচন্দ্র ভৌমিক বৈদ্যনাথ চাকী ভৃতি।</td><td>৭০১।৶</td><td>...</td><td>৭॥৶</td></tr>
<tr><td></td><td colspan="8">বাকী না পড়া অংশ।<br>জাহ্নবী চৌধুরাণী সদর জমা ৪২।৶ মহিমাচন্দ্র জোওয়াদার সরদ জমা ২৭॥৶ একাব্বর ফকির সদর জমা ২৭॥৶ রহিমদ্দি মুন্সী দিগর সদর জমা দিগর ২৫।৶</td></tr>
<tr><td>১৮৩১</td><td>চরখাপুরা পং বেলগাছা।</td><td>৫৫৬,</td><td>সম্পূর্ণ মহালের মালিকা ও মেয়াদ বন্দবস্ত স্বত্ব।</td><td>......</td><td>ফএজ বকস চৌধুরি।</td><td>...</td><td>১৫০৲</td><td>...</td></tr>
</table>

G. H. Allen,
For Collector.

## জিলা চট্টগ্রাম।

### ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জিলা চট্টগ্রাম।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে, সন ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকাদি ১৮৮৮ ইং ২৬ ডিসেম্বর তারিখে সূর্য্যাস্ত বাকীপড়া রাজস্ব রোড় ছেছ ও পাবলিক ছেছ আদায়ের নিমিত্ত ১৮৮৯ ইংরাজী তারিখ ৩ মেই মোং সন ১২৯৬ বাং তারিখ ২১ বৈশাখ রোজ শুক্রবার জিলা চট্টগ্রাম কালেক্টরিতে বিনা ওজরে প্রকাশ্য নীলাম করা যাইবে ইতি সন ১৮৮৯। ৬ মার্চ্চ।

| নম্বর মহাল। | নাম মহাল এবং মৌজা থানা। | সদর জমা। | | বাকীর পরিমাণ। | | | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|
| | | খাজানা | ছেছ | খাজানা | ছেছ | মোট | |
| | মহাল নয়াবাদ থানে চকরিয়া মৌঃ ভেওলা মাণিকচর। | | | | | | |
| ৭৮৯ / ২৭৪ | তালুক বিবি ইস্রাক ... | ৭৫৭॥৶০ | ৯৬।৶০ | ১৮৯৲ | ৩২৶০ | ২২১৶০ | |
| | মাহাল নয়াবাদ থানে টেকনাপ মৌঃ দক্ষিণ হ্নিলা। | | | | | | |
| ৫৫৬ / ১০৩৫ | তালুক শ্রীমতী খোয়ামে চৌং গং। | ১১২৯৲ | ১০০৸৬ | ১৪২৯৲ | ১৪১৲৬ | ১৫৭০৲৬ | |

A. MANSON,
*Collector.*

---

## কাছারি কমিশনারি সুন্দরবন।

### ১৮৭৯ সালের নবেম্বর মাসের রূলের ১৭ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনের শ্রীযুত কমিশনার সাহেবের অফিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভুমির পাট্টা মথুরানাথ সেন পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন, ইতিমধ্যে উক্ত ভুমির উপর ( ১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভুমির উপর দাওয়া নিষ্পত্ত্য করিবার বিধান করণার্থ আইনমতে,) দাওয়া বা আপত্ত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৮৯ সালের ১লা জুলাই মোতাবেক বাঙ্গালা সন ১২৯৬ সালের ১৮ আষাঢ় সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনার সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভুমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভুমির পাট্টা দেওয়া যাইবেক।

### নিয়ম এই ;—

উক্ত ভুমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগ স্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য প্রত্যেক জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম নাহয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভুমিতে যে সমস্ত জ্বালানি কি গুঁড়িকাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভুমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভুমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না; কিন্তু ঐ জ্বালানি কি গুড়ি কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক; তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করা এবং যুক্তি সঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক। উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলি স্বত্ব দেওয়া যাইবেক, সেই স্বত্ব পুরুষানু ক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৮৯। ৯ মার্চ্চ।

তপশীল।

| মহালের নাম | জেলা, সবডিবিজান ও থানা। | রকবা। | চৌহদ্দি। |
|---|---|---|---|
| চক মলটোলা প্রথম খণ্ড। | জেলা বাকরগঞ্জ সবডিবিজান পটুয়াখালি থানা গুলিষাখালি। | ৫০০০/ | উত্তর—মলটোলা দোনের কিয়দংশ।<br>পূর্ব্ব—মলটোলা দোনের কিয়দংশ।<br>দক্ষিণ—গর্জ্জনবুনিয়া খালের কিয়দংশ।<br>পশ্চিম—বিষখালি নদীর কিয়দংশ ও ঐ বিষখালি নদীর ধার হইতে গর্জ্জন বুনিয়া খালের শাখা পর্য্যন্ত একটী সরল রেখা এবং গর্জ্জন বুনিয়া খালের ঐ শাখা।<br>ডেপুটী কালেক্টার শ্রীযুত যে জেমস্ এলিসন সাহেবের ১৮৮৮। ৮৯ সিজনের নক্সা অনুসারে এই সীমানা লিখিত হইল। |

J. ELLISON,
*Deputy Collector, in Charge.*

---

কাছারি কমিশনারি সুন্দর বন।

১৮৭৯ সালের নবেম্বর মাহার রুলের ১৭ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নক্সা সুন্দরবনের শ্রীযুত কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা প্যারিমোহন নিয়োগী পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন। ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্ত করিবার বিধান করণার্থ আইন মতে) দাওয়া বা আপত্ত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৮৯ সালের ১ জুলাই মোতাবেক বাঙ্গালা সন ১২৯৬ সালের ১৮ আষাঢ় সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনার আপিসে বিক্রীত হইবে।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনার ও খুলনার ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখে বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবে।

নিয়ম এই।

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোতের ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবেক।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সমস্ত জ্বালানি কি গুড়িকাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমির আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানি কাষ্ঠ কি গুড়িকাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবে।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথ স্বত্ব রক্ষা করা এবং যুক্তি সঙ্গত অন্য যে সুবিধা করা আব-

শ্যক তাহা করিতে হইবেক, উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব থাকিবেক ও পাট্টা দারিকে কিবল দখলি স্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক। ইতি সন ১৮৬৯ সাল তারিখ ৯ মার্চ্চ।

### তপশীল।

| মহালের নাম। | জেলা, সব-ডিবিজান ও থানা। | রকবা। | চৌহদ্দী। |
|---|---|---|---|
| চক মলটোলার দ্বিতীয়খণ্ড। | জেলা বাকরগঞ্জ সব-ডিবিজান পটুয়াখালি থানা গুলিসাখালি। | ৫০০০/ | উত্তর—বিষখালি নদীর কিয়দংশ ও ঐ বিষখালি নদীর ধার হইতে গরজন বুনিয়া খালের একটি শাখার ধার পর্য্যন্ত এক সরল রেখা ও গরজন বুনিয়া খালের ঐ শাখা।<br>পূর্ব্ব—গরজন বুনিয়া খালের কিয়দংশ।<br>দক্ষিণ—নিশান বাড়িয়া খাল এবং ঐ নিশানবাড়িয়া খালের ধার হইতে ঐ গরজন বুনিয়া খালের ধার পর্য্যন্ত একটি সরল রেখা।<br>পশ্চিম—নিশান বাড়িয়া খাল ও বিষখালি নদীর কিয়দংশ।<br>ডেপুটি কালেক্টর শ্রীযুত যে জেমস্ এলিসন সাহেবের ১৮৬৮।৬৯ সিজনের নকশা অনুসারে এই সীমানা লিখিত হইল। |

J. Ellison,
*Deputy Collector in-charge.*

---

### জিলা যশোহর।—জমিদারি বিক্রয়ের ইস্তাহার।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ও ১৩ ধারামতে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, যশোহর জিলার অন্তর্গত নিম্নলিখিত মহাল গুলি বা মহালের অংশ গুলি উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব ও অন্য যে সকল দাবি প্রচলিত আইন ও ব্যবস্থা ক্রমে বাকী রাজস্বের ন্যায় আদায় হইবার আদেশ আছে তাহা আদায় করিবার নিমিত্ত ১৮৬৯ সালের ৬ এপ্রেল তারিখে নিলামে বিক্রয় করা যাইবে। অন্যান্য অংশ যাহা এই ইস্তাহারে লেখা হইল না সেইং অংশে কিছু বাকী নাথাকায় ঐং অংশ নিলাম হইতে ছাড়িয়া দেওয়া হইল ইতি সন ১৮৬৯। ৮ মার্চ্চ।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজীর নম্বর। | মহলের ও পরগণার নাম। | সম্পূর্ণ মহালের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইবে কি না। | কেবল মাত্র অংশ বিক্রয় হইলে ঐ অংশের বা ঐং অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকগণের নাম। | কোন অংশ মাত্র বিক্রয় হইলে, ঐ অংশের সদর জমা। | সম্পূর্ণ মহাল বিক্রয় হইলে তাহার বাকী। | কোনঅংশ মাত্র বিক্রয় হইলেতাহার বাকী। |
| ১৯২ | মাধবপাশা পরগনা ইসফপুর। | ২৫৮৭৸৪ | ০ | ১ হিস্যা ... | মতিলাল বসু দিগর। | ৩০৫।৶৩।। | ... | ১১৮৶১ |
| ৪৮১৯ | ধান বাড়িয়া পরগনা মুলঘর। | ৩৫৪৬৸৶২ | ০ | ১ হিস্যা ... | হাল নিলাম খরিদার মনমথনাথ রায় চৌধুরি দিগর। | ৭০৯।৶।। | ... | ৫২৯৮৶১৮ |

F. H. Barrow, *Collector.*

### বিজ্ঞাপন।

জেলা ২৪ পরগণা সন ১৮৮৯। ৯০ সালের নিমিত্ত দেয় জমিদারি ডাকট্যাক্স ৫০৲ টাকা এবং ৫০৲ টাকার ঊর্দ্ধ রাজস্ব দায়ী মহালের সদর জমার উপর শত করা ৷০ আট আনার হিসাবে ধার্য্য হইয়াছে। প্রথম সস মাহার কিস্তির দেনা ১৮৮৯ সালের ১ জুন তারিখে ও দ্বিতীয় সস মাহার কিস্তির দেয়টাকা ঐ সনের ১৬ই ডিসেম্বর তারিখে কি ঐ২ ধার্য্য তারিখের পূর্ব্বে উক্ত জেলার ট্রেজারিতে দাখিল করিতে হইবে।

D T MACSSHORSON.
*Magistrate.*

---

## Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pound* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8. The general public can be supplied by the Superintendent, Botanic Garden *or cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

---

### গবর্ণমেন্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেন্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টিন ৪৸০ টাকা; প্রতি ৮ আউন্স টিন ৮৸০ টাকা প্রতি ১ পাউণ্ড টিন ১৬৸০ টাকা। এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টিন ৫৸০ টাকা; ৮ আউন্স টিন ১০৸০ টাকা ১ পাউণ্ড টিন ২০৲ টাকা। এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্যব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ৷৷০ আট আনা ও প্রতি পাউণ্ড টিনে ৸০ বার আনা ডাক মাশুল দিতে হইবে।

---

### জ্বরনাশক দানাবান্ধা সিন্‌কোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেন্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরে রয়েল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকট গবর্ণমেন্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০ পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন ৬৷৷০ টাকায়, ৮ ঔন্স টিন ১২৷৷০ টাকায়, ও ১ পৌণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানার বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকটে নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টীন ৮৷৷০ টাকায় ৮ ঔন্স টীন ১৬৷৷০ টাকায় ও ১ পৌণ্ড টীন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হারের অতিরিক্ত ৪ ঔন্স টিনের ৷০ আনা, ৮ ঔন্স টিনের ৷৷০ আনা, ও ১ পৌণ্ড টিনের ৸০ আনা ডাক মাশুল দিতে হইবে।

---

## NOTICE.

*The 21st February* 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

| *For the Mofussil.* | | Rs. | A. | P. | |
|---|---|---|---|---|---|
| Entire Gazette | ... ... ... | 10 | 0 | 0 | per annum. |
| Postage | ... ... | 2 | 8 | 0 | „ |
| Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal | ... ... ... | 4 | 0 | 0 | „ |
| Postage | ... ... | 1 | 0 | 0 | „ |
| For a single copy— | | | | | |
| Entire Gazette | ... ... ... | 0 | 4 | 0 | |
| Postage | ... ... | 0 | 1 | 0 | |
| Parts III, IV, V, and VI | .. ... | 0 | 1 | 0 | for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4. |
| Postage | ... ... | 0 | 1 | 0 | |

*For Calcutta.*

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. Baker,
*Offg. Under-Secretary to the Govt. of Bengal.*

---

## বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

| মফঃসলে। | | | টাকা |
|---|---|---|---|
| সম্পূর্ণ গেজেট | ... ... | বৎসর | ১০৲ |
| ডাকমাসুল | ... ... | „ | ২॥০ |
| ৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে) | ... ... | „ | ৪৲ |
| ডাকমাসুল | ... ... | „ | ১৲ |
| [illegible] একখানি গেজেটের মূল্য | ... ... | | ।০ |
| ডাকমাসুল | ... ... | | /০ |
| ৩ ও [illegible] ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার [illegible]ন সংখ্যক পৃষ্ঠার মূল্য) | ... ... | ... | /০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর একং আনা। |
| ডাকমাসুল | ... ... | ... | /০ |

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাসুল লাগিবে না।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

## NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. Boiton,
*Under-Secretary to the Govt. of Bengal.*

*The* 12*th December* 1882.

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

| | Rs. |
|---|---|
| Full page, per issue ... ... ... ... ... | 20 |
| Half „ ... .. ... ... ... | 10 |

Casual advertisements.—4 annas per line.

## বিজ্ঞাপন ।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশতিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশতিহার প্রকাশ করিবার হার এই২।—

| | টাকা। |
|---|---|
| পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের ... ... ... | ২০ |
| আধ পৃষ্ঠা ... ... ... | ১০ |
| কখন২ ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি ... ... | ।০ |

## বিজ্ঞাপন ।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েস্ট টৌন হালের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্টারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

**For SALE at the BENGAL SECRETARIAT PRESS.**

**A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.**

Price Rs. 5 per copy.

**Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.**

*N.B.*—Copies are still available.

---

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট এণ্ড সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিল্ড এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী প্রজাবিষয়ক আইন সংহিতা।

একংখানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।৶০ পাচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

---

ইন্‌কম ট্যাক্স নোটিস।

অত্র ইন্‌কম ট্যাক্স আফিসের তালিকাভুক্ত ব্যক্তিদিগকে এতদ্দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে তাহাদিগের উপরোক্ত তালিকার লিখিত বিবরণে সন ১৮৮৬ সালের ২ আইনের ৪র্থ খণ্ডের ২নং তপশীলের বিধানমতে সন ১৮৮৯—৯০ সালের জন্য ট্যাক্স ধার্য্য করা হইয়াছে; এবং তাহাদিগকে আদেশ করা যাইতেছে যে তাহারা এই ইস্তাহারের তারিখ হইতে ৬০ দিনের মধ্যে ট্রেজারি আফিসারের নিকট আপন আপন দেয় ট্যাক্স দেয়, কিম্বা তাহাদের ধার্য্য ট্যাক্স কমাইবার বা কোনো মকুফ পাইবার জন্য ৩০ দিনের মধ্যে আমার নিকট দরখাস্ত দাখিল করে; নচেৎ, আইন আমলে আসিবেক।

ইনকম ট্যাক্স আফিস,
১৫নং ষ্ট্রাণ্ড রোড, কষ্টম হাউস,
সন ১৮৮৯। ১ এপ্রেল।

স্যাণ্ড ফার্ড, জে, ফিলিপ
ইনকম ট্যাক্স কলেক্টর।

---

কলিকাতা বেঙ্গল সেক্রেটেরিয়ট প্রেস ...গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত এডওয়ার্ড নরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 16a—10-4-89—378—820

Numb. 2595 [২৫৯৫]

REGISTERED No. 30.

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 23, 1889.

মঙ্গলবার ১৮৮৯ সাল ২৩ এপ্রেল।

CONTENTS.



নির্ঘণ্ট।



## PART II.

### Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

## দ্বিতীয় খণ্ড।

### বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

## JUDICIAL DEPARTMENT.

No 3377A.

*The 11th April* 1889.—The undermentioned Municipal Commissioners of the town of Furreedpore are appointed to be Honorary Magistrates of the Municipal Bench at Furreedpore, and are vested with the powers of a Magistrate of the third class :—

Baboo Purna Chandra Majumdar. | Baboo Mohendra Chandra Bagchi.
Baboo Sarat Chandra Das.

Mr. J. L. Simpson is appointed to be an Honorary Magistrate of the Howrah Bench, and is vested with the powers of a Magistrate of the third class.

*The 15th April* 1889.—Baboo Khagendra Nath Mitter, Deputy Magistrate, Monghyr, is vested with powers under section 133 of the Code of Criminal Procedure.

Mr. W. F. Mitchell is appointed to be an Honorary Magistrate of the Regular Bench at Alipore, in the district of the 24-Pergunnahs, and is vested with the powers of a Magistrate of the third class.

J. Ware Edgar,
*Chief Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The 8th April* 1889.—Under section 3, Act I (B.C.) of 1876 (an Act to provide for the voluntary registration of Mahomedan marriages and divorces), the Lieutenant-Governor has een pleased to grant a license to Moulvie Tamizuddin, authorizing him to register Mahomedan marriages and divorces, and to exercise the other functions of a Mahomedan Registrar within the police-station of Kumariya and outpost of Sitakunda, in the district of Chittagong.

2. Under section 2, Act XII of 1880 (an Act for the appointment of persons as Quazis), the Lieutenant-Governor has also been pleased to grant a sanad (license) to Moulvie Tamizuddin appointing him Quazi of the thana of Kumariya, and of the outpost of Sitakunda in the district of Chittagong, for the celebration of marriages and the performance of othe rites and ceremonies, when application is made to him to perform any such functions.

J. Ware Edgar,
*Chief Secy. to the Govt. of Bengal.*

NOTIFICATION.

*The 16th April* 1888.—Under the provisions of section 5 of the Indian Registration Act III of 1877, the Lieutenant-Governor, in modification of the notification dated the 14th July and 5th August 1874 (published at pages 1126 and 1238, Part I, of the *Calcutta Gazette*, dated the 15th July and 12th August 1874, respectively), sanctions the formation of a new Registration Sub-district, comprising thanas Chakdaha and Haringhata, in the sub-division of Ranaghat, in the district of Nuddea, with head-quarters at Birohi.

Under section 6 of the same Act the Lieutenant-Governor also sanctions the appointment of Baboo Shib Kristo Roy, Rural Sub-Registrar of Jaguli, to be Rural Sub-Registrar of Birohi.

This notification will take effect from the 15th May 1889.

J. Ware Edgar,
*Chief Secy. to the Govt. of Bengal.*

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

### জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৩৩৭৭ A নম্বর।

১৮৮৯ সাল ১১ই আপ্রিল।—ফরিদপুর জেলার নিম্নলিখিত মুনিসিপাল কমিশনরগণ ফরিদপুরস্থ মুনিসিপাল বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেট নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন:—

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র মজুমদার। | শ্রীযুত বাবু মহেন্দ্রচন্দ্র বাগছি।

শ্রীযুত বাবু শরচ্চন্দ্র দাস।

১৮৮৯ সাল ১২ই আপ্রিল।—শ্রীযুত জে, এল, সিমসন সাহেব হাওড়া বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেট নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৮৯ সাল ১৫ আপ্রিল।—মুঙ্গেরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু খগেন্দ্রনাথ মিত্র ফৌজদারী কার্য্যপ্রণালী বিষয়ক বিধির ১৩৩ ধারানুযায়ী ক্ষমতা প্রাপ্ত হইলেন।

শ্রীযুত ডবলিউ, এফ, মিচেল সাহেব ২৪ পরগণা জেলার অন্তর্গত আলিপুরের রেগুলার বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেট নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

### বিজ্ঞাপন।

১৮৮৯ সাল ৮ই আপ্রিল।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব (মুসলমানদিগের বিবাহ ও তালাক এখ্তিয়ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ) ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারামতে শ্রীযুত মৌলবী তমিজুদ্দিনকে লাইসেন্স প্রদান করিয়া চট্টগ্রাম জেলার অন্তর্গত কুমারিয়া পুলীস থানা ও সীতাকুণ্ড ফাঁড়ীর মধ্যে মুসলমানদিগের বিবাহ ও তালাক রেজিষ্টরী করিবার ও মুসলমান রেজিষ্টারের অন্যান্য ক্ষমতা মত কার্য্য করিবার ক্ষমতা প্রদান করিলেন।

২। (কাজীর পদে লোক নিয়োগ করণার্থ) ১৮৮০ সালের ১২ আইনের ২ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব শ্রীযুত মৌলবী তমিজুদ্দিনকে চট্টগ্রাম জেলার অন্তর্গত কুমারিয়া পুলীস থানা ও সীতাকুণ্ড ফাঁড়ীর কাজীর পদে নিযুক্ত করিয়া বিবাহ ও অন্যান্য ক্রিয়া কাণ্ড সম্পাদন করিবার জন্য সনদ (লাইসেন্স) প্রদান করিলেন। তাঁহার নিকট প্রার্থনা করিলে তিনি পূর্ব্বোক্ত যে কোন ক্ষমতা ক্রমে কার্য্য করিবেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

### বিজ্ঞাপন।

১৮৮৮ সাল ১[illegible] আপ্রিল।—ভারতবর্ষীয় রেজেষ্টরী করণ বিষয়ক ১৮৭৭ সালের ৩ আইনের ৫ ধারানুযায়ী বিধানমতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭৪ সালের ১৭ জুলাই ও ১২ আগষ্ট তারিখের কলিকাতা গেজেটের ১ম খণ্ডের যথাক্রমে ১১২৬ ও ১২৩৮ পৃষ্ঠায় প্রকাশিত) ১৮৭৪ সালের ১৪ই জুলাই ও ৮ই আগষ্ট তারিখের বিজ্ঞাপন পরিবর্ত্তন করিয়া, নদীয়া জেলার অন্তর্গত রাণাঘাট মহকুমায় চাকদা এবং হরিণঘাটা থানা লইয়া, রেজেষ্টরী করণ বিয়ক একটী নূতন সব ডিষ্ট্রিক্ট স্থাপন মঞ্জুর করিলেন বিরোহীতে উহার সদর স্থান থাকিবে।

আরও, পূর্ব্বোক্ত আইনের ৬ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব জগুলীর গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু শিবকৃষ্ণ রায়কে বিরোহির গ্রাম্য সবরেজিষ্ট্রারের পদে নিযুক্ত করা মঞ্জুর করিলেন।

১৮৮৯ সালের ১৫ই মে হইতে এই বিজ্ঞাপনমতে কার্য্য আরম্ভ হইবে।

জে, ওয়ার, এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

## পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্ট।

### মেরিন ৫৩ নম্বর।

১৮৮৯ সাল ১৬ই আপ্রিল।—১৮৭৮ সালের ৮ আইনের ৭৯ ধারা এবং ১৮৭৫ সালের ১২ আইনের ৭ (ট) ধারানুযায়ী মালের নৌকার নিয়ম করণার্থ যে সকল বিধি প্রণীত হইয়া ১৮৭৮ সালের ৩১শে ডিসেম্বর তারিখের গবর্ণমেণ্টের বাঙ্গালা গেজেটের দ্বিতীয় খণ্ডের ১৩৩৭-৩৯-৪১ পৃষ্ঠায় প্রকাশিত হইয়া বর্ত্তমান সময়ে প্রচলিত আছে সেই সকল বিধিতে নিম্নলিখিত বিধির পাণ্ডুলিপি যোগ করার প্রস্তাব হওয়াতে ঐ পাণ্ডুলিপি "ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৮৯ সালের আইনের ৬ ধারার ২ প্রকরণমতে সাধারণের অবগত্যর্থে প্রকাশিত হইল। গেজেটে প্রকাশিত হওয়ার তারিখ হইতে একমাস গত হইবার পর ঐ নিয়ম গুলি সম্বন্ধে বিবেচনা করা হইবে। নিয়মগুলি সম্বন্ধে উক্ত সময়ের মধ্যে যেসকল মন্তব্য কিম্বা পরামর্শ প্রদত্ত হইবে তাহা উপযুক্তমতে বিবেচিত হইবে।

### প্রস্তাবিত বিধি।

১। মালের নৌকা বন্দরের মধ্যে চলিবার সময় গমনশীল ইষ্টিমার অথবা জাহাজের পথের বাহিরে থাকিবার জন্য দাঁড় বাহিবে অথবা পাইল তুলিবে।

২। স্থির মুরিঙে স্থিত জলযানে কিম্বা জলযান হইতে গমনের সময়ে বন্দরে এদিক ওদিক গমনশীল মালের নৌকা যতদূর সম্ভব স্থির মুরিঙের সীমার নিকট রাখিতে হইবে। এদিক ওদিক গমনশীল অন্যান্য মালের নৌকা সঞ্চলনশীল মুরিঙের সীমার পশ্চিমে রাখিতে হইবে।

সি, ডবলিউ, আই, হ্যারিসন, লেপ্টনেণ্ট-কর্ণেল, আর, ই,
পবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জয়েণ্ট সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার ১৮৮৯ সাল ২৩ এপ্রেল।

## তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

## ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থা বিভাগ।

মন্ত্রি সভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮৯ সালের ২২এ মার্চ্চ তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হওয়ায় সর্ব্বসাধারণের অবগতির নিমিত্ত এতদ্দ্বারা প্রচার করা গেল ঃ—

### ১৮৮৯ সালের ৮ আইন।

সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইন এবং ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৮২ সালের আইন সংশোধন করণার্থ আইন।

সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইন এবং ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৮২ সালের আইন সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত মত বিধান করা গেল ঃ—

### সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইন।

১৮৭৮ সালের ৮ আইনের ৩৭ ধারা সংশোধন করিবার কথা।

১ ধারা। সামুদ্রিক কষ্টম বিষয়ক ১৮৭৮ সালের আইনের ৩৭ ধারার নিয়ম বিধির পরিবর্ত্তে নিম্নলিখিত নিয়ম বিধিটি বসাইতে হইবে।

"কিন্ত এইরূপ মাল যদি এই আইনানুসারে গুদামজাৎ হয়, তবে তৎসম্বন্ধে যদি কোন হার ও নিরূপিত মূল্য খাটে তাহা হইলে দেশের মধ্যে কাটাইবার জন্য ঐ মাল গুদাম হইতে লইয়া যাইবার নিমিত্ত যে তারিখে দরখাস্ত করা হয় সেই তারিখে যে হার ও নিরূপিত মূল্য প্রবল থাকে সেই হার ও নিরূপিত মূল্য সেই মাল সম্বন্ধে খাটিবে।"

১৮৭৮ সালের ৮ আইনের ১১৫ ধারা সংশোধন করিবার কথা।

২ ধারা। ঐ আইনের ১১৫ ধারায় "৩৭ ধারার দ্বিতীয় উপবিধি" এই অঙ্ক ও শব্দ গুলির পরিবর্ত্তে "ঐ পরিবর্ত্তন" এই দুইটী শব্দ বসিবে।

### ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৮২ সালের আইন।

১৮৮২ সালের ১১ আইনের ১ ধারা সংশোধন করিবার কথা।

৩ ধারা। ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৮২ সালের আইনের ১ ধারায় "আদন" শব্দের পর "ও পেরিম" এই দুইটী শব্দ বসিবে।

১৮৮২ সালের ১১ আইনে নূতন ধারা যোগ করিবার কথা।

৪ ধারা। ঐ আইনে নিম্নলিখিত ধারাটি যোগ করিতে হইবে, অর্থাৎ ঃ—

"১০ ধারা। যদি কোন দ্রব্য বিক্রয় করিবার নিমিত্ত চুক্তি করা হয় এবং চুক্তি করিবার সময় মাসুল লইতে পারা যায় না বলিয়া চুক্তিতে মাসুল দিবার সর্ত্ত না থাকে কিম্বা চুক্তি করিবার সময় মাসুল লইতে পারা যায় বলিয়া মাসুল দিয়া সেই দ্রব্য বিক্রয় করিবার নিমিত্ত যদি চুক্তি করা হয় এবং চুক্তি করিবার পর যদি সেই দ্রব্যের উপর কষ্টমের বা আবকারির কোন মাসুল বসান হয়, বাড়ান হয়, কমান হয় বা ছাড়িয়া দেওয়া হয় তাহা হইলে—

চুক্তির স্থলে দেশী মাসুল যোগ করিবার ও কম মাসুল বাদ দিবার কথা।

(ক) মাসুল যদি এমন করিয়া বসান বা বাড়ান হয় যে মাসুল বা বর্দ্ধিত মাসুল, দুইয়ের মধ্যে যেটি হয়, সেটি দিতে হয়, তাহা হইলে যত টাকা মাসুলের বা বর্দ্ধিত মাসুলের সমান হয় বিক্রেতা তত টাকা চুক্তির মূল্যে যোগ করিতে পারিবেন এবং তিনি সেই অতিরিক্ত টাকা পাইবার স্বত্ববান হইবেন এবং নালিস করিয়া তাহা আদায়করিবার স্বত্ববান হইবেন। এবং

(খ) মাসুল যদি এমন করিয়া কমান বা ছাড়িয়া দেওয়া যায় যে অবস্থানুসারে কেবলমাত্র কম মাসুল দিতে হয় অথবা কোন মাসুলই দিতে না হয়, তাহা হইলে যে পরিমাণ মাসুল কমে বা ছাড়িয়া দেওয়া যায় তাহার তুল্য টাকা ক্রেতা চুক্তির মূল্য হইতে বাদ দিতে পারিবেন এবং যে টাকা বাদ দেওয়া যায় তিনি তাহা দিতে দায়ী হইবেন না এবং তজ্জন্য বা তৎসম্বন্ধে তাঁহার নামে নালিস চলিবে না।"

৫ ধারা। ঐ আইনের দ্বিতীয় তফসীলের ১ নম্বরে নিম্নলিখিত কথাগুলির অর্থাৎঃ—

১৮৮২ সালের ১১ আইনের দ্বিতীয় তফসীল সংশোধন করিবার কথা।

| নম্বর। | দ্রব্যের নাম। | প্রতি | তারিফী মূল্য। | মাসুলের হার। |
|---|---|---|---|---|
| * | * | * | * | * |
| | | | টাকা আনা | |
| | সামান্য বারুদ | পোঁও | ০ ।/০ | শতকরা ১০, টাকা। |
| | শীকারের নিমিত্ত ঐ | ঐ | ১ ০ | |
| | অন্যান্য প্রকারের। | ... | মূল্যানুসারে | |

এই কথাগুলির পরিবর্ত্তে নিম্নলিখিত কথাগুলি অর্থাৎঃ—

| নম্বর। | দ্রব্যের নাম। | প্রতি। | তারিফী মূল্য। | মাসুলের হার। |
|---|---|---|---|---|
| * | * | * | * | * |
| | | | টাকা আনা | |
| | সামান্য বারুদ | পোঁও | ০ ।/০ | শতকরা ১০, টাকা। |
| | শীকারের নিমিত্ত বারুদ। | পোঁও | ১ ০ | |
| | অপর সকল প্রকারের অস্ত্র বারুদাদি ও সৈনিক দ্রব্য। | .. | মূল্যানুসারে | শতকরা ১০, টাকা। |

ব্যাখ্যা।—"অস্ত্র বারুদাদি ও সৈনিক দ্রব্য" এই কথাগুলি এই তফসীলের পূর্ব্ববর্ত্তী ভাগে যে ভাবে ব্যবহৃত হইয়াছে তাহাতে ঐ ভাগে যে যে দ্রব্যের বিশেষ ভাবে উল্লেখ করা হইয়াছে তাহা ছাড়া—

(ক) ভারতবর্ষীয় অস্ত্র বিষয়ক ১৮৭৮ সালের আইনের অর্থানুসারে যে সকল দ্রব্য হয় অস্ত্রশস্ত্র" নয় "বারুদাদি" পদবাচ্য সেই সকল দ্রব্যও বুঝাইবে। এবং

(খ) ইণ্ডিয়া গেজেটে বিজ্ঞাপন দিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে সময়ে যে দ্রব্যকে এই আইনের প্রয়োজনার্থ "সৈনিক সামগ্রী" বলিয়া ব্যক্ত করেন সেই দ্রব্যও বুঝাইবে।

এস, হার্বি জেমস্,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৯ সাল ২৩ এপ্রেল।

ষষ্ঠ খণ্ড।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইনের পাণ্ডুলিপি।

## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

### ব্যবস্থা বিভাগ।

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপিখানি ১৮৮৯ সালের ৬ই আপ্রিল তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত ও পাঠ করা হইয়াছিল এবং সিলেক্ট কমিটীতে অর্পিত হইয়াছিল এবং সাধারণের অবগতির নিমিত্ত উহা এতদ্দারা প্রকাশ করা গেল:—

### ১৮৮৯ সালের ৪ নম্বর।

বিদেশগামিদিগের স্বাস্থ্যবিষয়ক আইনের পাণ্ডুলিপি।

সূচি।



### ১৮৮৯ সালের ৪ নম্বর।

বিদেশগামিদিগের বঙ্গদেশের ভিতর দিয়া আসামের মজুরী করিবার জেলায় গমনকালে তাহাদের স্বাস্থ্যরক্ষা সম্বন্ধে বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

সূচনা।

এতদ্দেশ মধ্যে মজুরদের গমন বিষয়ক ১৮৮২ সালের আইনের সপ্তম ধারায় এইরূপ বিধান করা হইয়াছে যে ঐ আইনের বিধানমতে না হইলে ভারতবর্ষজাত কোন ব্যক্তির মজুরী করিবার কোন জেলায় যাইবার নিষেধ হইল, ঐ আইনের ৫ ধারার বিধানের অধীনে, ঐ আইনের কোন কথা ক্রমে এরূপ জ্ঞান করিতে হইবে না।

এবং বহুসংখ্যক ভারতবর্ষজাত ব্যক্তি ঐ সকল বিধানের লিখিত প্রণালী হইতে ভিন্ন প্রণালীতে মজুরী করিবার জেলায় গমন করে।

এবং বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসিত প্রদেশে মজুরী করিবার জেলায় গমন করিবার পথে ঐরূপ বিদেশগামী মজুরদিগের মধ্যে অত্যধিক পীড়া ও মৃত্যু ঘটিয়াছে।

অতএব এতদ্দারা নিম্নলিখিতমত বিধান করা গেল:—

১ ধারা। আইনের সংক্ষেপ নাম, ব্যাপ্তি ও আরম্ভের কথা। এই আইনটিকে "এতদ্দেশ মধ্যস্থ বিদেশগামী মজুরদিগের স্বাস্থ্য বিষয়ক ১৮৮৯ সালের আইন" বলা যাইতে পারিবে।

(২) বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কর্তৃক শাসিত সমস্ত প্রদেশে ইহা খাটিবে। এবং

(৩) শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্তৃক অনুমোদিত হইয়া যে দিবস ইহা কলিকাতা গেজেটে প্রকাশিত হয় ইহা সেই দিবস প্রবল হইবে।

অর্থকরণের কথা।

২ ধারা। বিষয় বা সংযুক্ত বাক্যাবলীতে বিপরীত ভাবে কিছু না থাকিলে এই আইনে,—

"এজেণ্ট।"

"এজেণ্ট" শব্দে যে ব্যক্তি ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে এতদ্দেশ মধ্যে মজুরদের গমন বিষয়ক ১৮৮২ সালের আইনের বিধানের লিখিত প্রণালী হইতে ভিন্ন প্রণালীতে বিদেশ গমন করিবার জন্য নিযুক্ত করেন বা বিদেশ গমন করিতে সাহায্য করেন সেই ব্যক্তিকে বুঝাইবে।

"পোষ্য।"

"পোষ্য" শব্দে (স্বয়ং বিদেশগামী মজুর নয় এমন) যে স্ত্রীলোক অথবা যে ছেলে বা বৃদ্ধ বা কার্য্যাক্ষম জ্ঞাতি কুটুম্ব বা বন্ধু এজেণ্টের সম্মতিক্রমে কোন বিদেশগামীর সঙ্গে গমন করে তাহাকে বুঝাইবে।

"বিদেশগামী।"

"বিদেশগামী" শব্দে যে ভারতবর্ষজাত ব্যক্তিকে কোন এজেণ্ট এইরূপে বিদেশ গমন করিবার জন্য নিযুক্ত বা সাহায্য করেন সেই ভারতবর্ষজাত ব্যক্তিকে বুঝাইবে।

"বিদেশগমন।"

"বিদেশ গমন" এই দুই শব্দে (মজুরী করিবার কোন জেলায় জন্ম হইয়াছে এরূপ ভারতবর্ষজাত ব্যক্তি হইতে ভিন্ন) কোন ষোল বৎসর বা ততোধিক বয়সের ভারতবর্ষজাত ব্যক্তির মজুরী করিবার কোন জেলায় গৃহস্থের চাকরী হইতে ভিন্ন রকমে মজুরী করিয়া উপার্জ্জন করিবার অভিপ্রায়ে ভারতবর্ষের কোন অংশ হইতে গমন করা বুঝাইবে।

"মজুরী করিবার জেলা।"

"মজুরী করিবার জেলা" এই শব্দ গুলিতে আসামের শ্রীযুত চীফ কমিশনর সাহেবের শাসিত প্রদেশের মধ্যে লখিমপুর, শিবসাগর, নৌগাঁ, দরঙ্গ, কামরূপ, গোয়ালপাড়া, খাসী পর্ব্বত, কাছাড় ও শ্রীহট্ট এই কয়েকটী জেলা বুঝাইবে।

আসাম যাইবার পথে বঙ্গদেশে বিদেশগামিদিগের স্বাস্থ্য রক্ষা করিবার জন্য বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

৩ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সময়ে সময়ে নিম্নলিখিত যে কোন বিষয় সম্বন্ধে বিধি প্রণয়ন করিতে পারিবেন অর্থাৎ—

(ক) যে যে পথ দিয়া বিদেশগামী ও তাহাদের পোষ্যদিগকে মজুরী করিবার কোন জেলায় যাইবার কালে যাইতে হইবে সেই সেই পথ সম্বন্ধে।

(খ) ঐ সকল পথে বা পথের নিকটে বিদেশগামী ও তাহাদিগের পোষ্যদিগের থাকিবার নিমিত্ত এজেণ্টদিগের দ্বারা ও তাঁহাদিগের খরচে যে সকল ডিপো ও বিশ্রামাগারের ব্যবস্থা করিতে হইবে তৎসম্বন্ধে এবং ঐরূপ ডিপো ও বিশ্রামাগারের স্বাস্থ্য সম্বন্ধীয় ব্যবস্থা ও তত্ত্বাবধান সম্বন্ধে।

(গ) বিদেশগামিগণ ও তাহাদের পোষ্যগণ যে প্রণালীতে গমন করিবে এবং তাহাদের দলে যতগুলি করিয়া লোক থাকিবে তৎসম্বন্ধে এবং তাহাদের গমনের সুবিধা বিধানার্থে যে সকল বন্দোবস্ত এজেণ্টদিগকে এবং এজেণ্টদিগের খরচে করিতে হইবে তৎসম্বন্ধে এবং রাস্তা দিয়া যত পথ তাহারা প্রত্যহ গমন করিবে তৎসম্বন্ধে এবং স্ত্রীলোক ও পোষ্যদিগকে এবং পীড়াগ্রস্ত বিদেশগামিদিগকে বহন করণার্থ এজেণ্টদিগের দ্বারা ও তাঁহাদের খরচে যে ব্যবস্থা করিতে হইবে তৎসম্বন্ধে।

(ঘ) এজেণ্টদিগের দ্বারা ও খরচে বিদেশগামী ও তাহাদের পোষ্যদিগকে যে খাদ্য সামগ্রী দিতে হইবে এবং ঐ খাদ্য সামগ্রী উপযুক্ত মত রন্ধন করিবার জন্য এজেণ্টদিগের দ্বারা ও তাঁহাদের খরচে যে ব্যবস্থা করিতে হইবে তৎসম্বন্ধে।

(ঙ) বিদেশগামী ও তাহাদের পোষ্যদিগের ব্যবহারার্থ এজেণ্টগণ কর্তৃক বা তাঁহাদের খরচে যে জল সরবরাহের বন্দোবস্ত রক্ষিত হইবে তৎসম্বন্ধে।

(চ) এজেণ্টগণ কর্তৃক এবং তাঁহাদের খরচে বিদেশগামী ও তাহাদের পোষ্যদিগকে যে বস্ত্রাদি দেওয়া হইবে তৎসম্বন্ধে।

(ছ) বিদেশগামিগণ বা তাহাদের পোষ্যগণ মজুরী করিবারকোন জেলায় গমন করিবার পথে রোগাক্রান্ত হইলে এজেণ্টদিগের দ্বারা বা তাঁহাদের খরচে তাহাদের হাঁসপাতালে থাকিবার, চিকিৎসা এবং ভরণপোষণের যে ব্যবস্থা করিতে হইবে তৎসম্বন্ধে। এবং যে স্থলে কোন বিদেশগামী কিম্বা তাহার কোন পোষ্য এই রূপে রোগাক্রান্ত হয়, সে স্থলে সেই বিদেশগামী এবং তাহার পোষ্যদিগের নিমিত্ত এই রূপে যে সকল বন্দোবস্ত করিতে হইবে এবং এই রূপে যে ভরণপোষণের ব্যবস্থা করিতে হইবে তৎসম্বন্ধে।

(জ) এজেণ্ট দিগের খরচে বিদেশগামী ও তাহাদের পোষ্যদিগের মৃত দেহের বিলিব্যবস্থা সম্বন্ধে।

(ঝ) এই দফানুযায়ী কোন বিধির প্রয়োজনার্থ প্রবেশ ও পরিদর্শন করিবার যে সকল ক্ষমতা পরিচালন করা যাইতে পারিবে এবং সেই সকল ক্ষমতা যে সকল কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত হইতে পারিবে তৎসম্বন্ধে।

(ঞ) এই দফানুযায়ী কোন বিধি অনুসারে এজেণ্টদিগের যে সকল কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করা উচিত তাহা নির্ব্বাহ করিতে তাঁহাদিগকে বাধ্য করিবার প্রণালী সম্বন্ধে। এবং।

(ট) সাধারণতঃ এই আইনের উদ্দেশ্য সাধন করা সম্বন্ধে।

(২) এই ধারানুসারে কোন বিধি প্রণয়ন করিতে হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এইরূপ আদেশ করিতে

পারিবেন যে উহা লঙ্ঘন করিলে পাঁচ শত টাকা পর্য্যন্ত জরিমানা হইতে পারিবে এবং লঙ্ঘন যদি চলিতে থাকে তবে প্রথম লঙ্ঘনের দিনের পর যত দিন লঙ্ঘন চলে তাহার প্রত্যেক দিনের নিমিত্ত পঞ্চাশ টাকা পর্য্যন্ত অতিরিক্ত জরিমানা হইতে পারিবে।

(৩) কোন এজেণ্ট এই ধারানুযায়ী কোন বিধি পালন করিতে ত্রুটি করিলে যদি গবর্ণমেণ্টের কোন কর্ম্মচারী এই ধারানুযায়ী কোন বিধিক্রমে সরকারী টাকা খরচ করিবার ক্ষমতা প্রাপ্ত হন তাহা হইলে সেই টাকা এজেণ্টের নিকট হইতে বৎসরে শতকরা ছয় টাকা হারে সুদসহ রাজকীয় প্রাপ্য আদায় বিষয়ক ১৮৮০ সালের আইনের বিধানানুসারে আদায় করা যাইতে পারিবে।

(৪) যে স্থলে এই ধারার (২) দফাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কোন বিধির লঙ্ঘনকে দণ্ডার্হ করা হয় সে স্থলে ঠিক পূর্ব্ববর্ত্তী দফার কোন কথার এরূপ অর্থ করা যাইবে না যে তদ্ধেতু সেই বিধির লঙ্ঘনের নিমিত্ত অভিযোগের ব্যাঘাত ঘটিতেছে।

## অভিপ্রায় ও হেতুর বিবরণ।

এতদ্দেশ মধ্যে মজুরদের গমন বিষয়ে ১৮৮২ সালের পূর্ব্বে যে আইন প্রচলিত ছিল তাহাতে আসামগামী মজুরদিগের স্বাস্থ্য সম্বন্ধে যে বিধান করা হইয়াছিল তাহার তাৎপর্য্য অনুসরণ করিয়া এতদ্দেশ মধ্যে মজুরদের গমন বিষয়ক ১৮৮২ সালের আইনে আসামগামী "মজুরদের" সম্বন্ধে স্বাস্থ্য বিষয়ক বন্দোবস্তের প্রচুর বিধান করা হইয়াছে। কিন্তু সেই বিধানের ফল স্বরূপ অতি অল্প উপকারই হইয়া থাকে। তাহার কারণ এই যে ঐ আইনে "মজুর" শব্দের এত সঙ্কীর্ণ অর্থ করা হইয়াছে যে বিদেশগামী লোক সকল যখন বঙ্গদেশের ভিতর দিয়া যায় তখন তাহাদের অধিকাংশেরই প্রতি ঐ শব্দ বর্ত্তমান অবস্থায় খাটে না। যে সকল ব্যক্তি মজুরী করিবার জন্য চুক্তি পত্র লিখিয়া দেয় কেবল তাহাদেরই সম্বন্ধে ঐ শব্দ খাটে। কিন্তু বিদেশগামিগণ যে পর্য্যন্ত তাহাদের গম্য স্থানে না পৌঁছায়, অন্তত যে পর্য্যন্ত তাহারা বঙ্গদেশের সীমা ছাড়িয়া না যায় একণে সে পর্য্যন্ত মজুরী করিবার চুক্তি পত্র সাধারণত লিখিয়া দেওয়া হয় না। ঐ আইনানুযায়ী চুক্তি পত্র এত বিলম্বে সম্পন্ন হইতে দেওয়া বিহিত কি না এই কথা এখন বিবেচনাধীন রহিয়াছে। কিন্তু পথিমধ্যে বিদেশগামিদিগের স্বাস্থ্যের তত্ত্বাবধানের বিধান করা এবং যে সকল বাসাবাড়ী ও ডিপোতে তাহাদের রাখা হয় সেই সকল বাসাবাড়ী ও ডিপোর পরিদর্শনের বিধান করা ইতিমধ্যে অত্যন্ত আবশ্যক হইয়া উঠিয়াছে। এবং শ্রীযুক্ত লেপ্টেনণ্ট গবর্ণর সাহেব "মজুরদিগের" সম্বন্ধে ১৮৮২ সালের ১ আইনানুসারে যে রূপ ক্ষমতা পরিচালন করেন সমস্ত বিদেশগামিদিগের স্বাস্থ্যরক্ষার নিমিত্ত বিধি প্রণয়ন করিবার জন্য তাঁহাকে সেই রূপ ক্ষমতা দিয়া এই পাণ্ডুলিপিতে তাহাই করা হইয়াছে।

কলিকাতা।<br>
২রা আপ্রিল ১৮৮৯ সাল। } পি, নোলান।

সি, এচ্, রাইলি,<br>
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থা বিভাগের<br>
আসিষ্টাণ্ট সেক্রেটরী।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, APRIL 23, 1889.

মঙ্গলবার, ১৮৮৯ সাল ২৩ এপ্রেল।

## PART VIII.

### ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশতিহার প্রভৃতি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

নিলামের নোটিস।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগণা এই যে,—

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ২৪ পরগনার নীচের লিখিত মহালাতের সন ১৮৮৯ সালের ১২ই জানুয়ারি কিস্তীর বাকী বাবত সন ১৮৮৯ সালে ১৩ই মে তারিখে ঐ জেলার কালেক্টরিতে বিনা ওজর নিলাম ধরা যাইবেক ইতি সন ১৮৮৯ সাল তারিখ ২২ ফেব্রুয়ারি।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজীর নম্বর। | মহাল ও পরগনার নাম। | পুরা ষ্টেটের সদর জমা। | পুরা ষ্টেট বিক্রয় হইবে কি না। | যদি একটা অংশ মাত্র বিক্রয় করিতে হয় সেই অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম। | যদি একটা অংশ বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার কত সদর জমা। | যদি পুরা ষ্টেট বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার বাকীর পরিমাণ। | যদি একটা অংশ বিক্রয় করিতে হয় তবে তাহার বাকীর পরিমাণ। |
| ২ | পরগণে মাগুরা কিঃ কাজলবেড়্যা ওগয়রহ। | ২৮৩৩৷/ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ।১॥=৪ দন্তি ৲১২দ৶১৭॥ = আনা | হরিশ্চন্দ্র রায় চৌধুরি ওগয়রহ | ৭৫৮।৮ | ...... | ১৮৯/৪ |
| ৫ | পরগণে মাগুরা কিং আজারবেড়্যা ওগয়রহ। | ২৭১৬৮৶৯॥ | পুরা মহাল | ...... | শ্রীনাথ রায় চৌধুরি ওগয়রহ | ...... | ৪৫৩৲॥ | ...... |
| ১৫ | পরগণে মাগুরা কিঃ খড়ীবাড়ীয়া ওগয়রহ। | ৪০৯৲।২। | পুরা মহাল | ...... | হেমচন্দ্র রায় চৌধুরি ওগয়রহ | ...... | ৩৮০৶৯। | ...... |
| ৬৩ | পরগণে মাগুরা কিঃ বাঁশশ্রেণী ওগয়রহ। | ৯১৩৫।৶১॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥/১৩।৯॥ | আদিত্যনাথ রায় চৌধুরি ওগয়রহ। | ৫৫১৭।৶১১॥ | ...... | ১৭৪৩৮৶৯॥ |
| ৬৪ | পরগণে মাগুরা কিঃ বাঁশশ্রেণী ওগয়রহ। | ৬৮৪২।৯ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৶৮।৶৮ | প্রসন্নকুমার বন্দ্যোপাধ্যায় ওগয়রহ। | ৪৪৫৫৮৯ | ...... | ৩৭৩ |
| ৯০ | পরগণে মাগুরা কিঃ শ্রীরামপুর ওগয়রহ। | ৮৩০॥৶৩ | পুরা মহাল | ...... | জয়মণী দেব্যা ... | ...... | ১৬২॥৭ | ...... |
| ১২৩ | পরগণে মাগুরা মৌজে দেয়াড়ক ওগয়রহ। | ৫৫৮[illegible] | পুরা মহাল | ...... | পার্ব্বতীচরণ রায় ওগয়রহ .. | ...... | ১৬৩৶১১ | ...... |
| ২৫১ | পরগণে বরিদহাটি ওগয়রহ কিচক হাটুরিয়া ওগয়রহ। | ৩৯৯৩০৶১১॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৮৶১৫॥১২॥ | ত্রৈলোক্যনাথ বিশ্বাস ওগয়রহ | ৩২৩৭৪/১১॥ | ...... | ১৯০॥৶১০॥ |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৩৪৮ | পরগণে বালিয়া কিঃ পাঁচুড় ওগয়রহ। | ২১৩৬৸৶৪ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৶১৩।— আনা। | মণীন্দ্র মোহন মুখোপাধ্যায় ওগয়রহ। | ১৪২৪॥৶২৸ | ...... | ৪৭৯৶৪॥ |
| ৩৪৮।১ | পরগণে বালিয়া কিঃ পাঁচুড় ওগয়রহ। | ২১৩[illegible]৶৪ | ...... | ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে স্বতন্ত্র হিসাব ।/৬॥=আনা | মণীন্দ্র মোহন মুখোপাধ্যায় | ৭১২।/৬। | ...... | ২৮৭॥১০৸ |
| ৩৮৫ | পরগণে আজীমাবাদ হুদা রসখালী ওগয়রহ। | ১[illegible]॥১। | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭।। আনা। | রাধামোহন মণ্ডল ওগয়রহ ... | ১৮০৫৮॥৶৩॥ | ...... | ৩৯৩৶৬ |
| ৩৮৮ | পরগণে বালিয়া তরফ মলয়াপুরা ওগয়রহ। | ৮৩২৭৷৬ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ | রাধামোহন মণ্ডল ওগয়রহ | ৭৭৪১৸৩৸ | ...... | ১৫৫।১০৸ |
| ৩৮৯ | পরগণে বালিয়া কিঃ সন্তোষ পুর ওগয়রহ। | ৯৪৩৪॥/৭ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ | রাধামোহন মণ্ডল ওগয়রহ | ৮৭৭৪৶৮। | ...... | ৩৩০॥/১। |
| ৪২৯ | পরগণে বরিদহাটী আবাদ মালদাড়ী ওগয়রহ। | ১৮১৪॥/১১ | ...... | ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ৶১৩।—আনা স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট অংশ ৸/৬॥= আনা হইতে ৯৬৯।১০ টাকার পৃথক হিসাব ১৮৭৬ সালের ৭ আইনের ৭০ ধারামতে হইয়াছে অবশিষ্ট ৫৪২৸১ টাকার অংশ। | গোপালদাস দত্ত ওগয়রহ | ৫৭২॥৶১ | ...... | ৫।৶৯ |
| ৬২৪ | পরগণে বালিয়া কিঃ মদুরাটী ওগয়রহ। | ৮৬৫॥১১<br>পুলিস জমা৬।৶৪<br>৮৭১৸/৩ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৶১৩—। | কেদারনাথ বসু ওগয়রহ ... | ৫৭৭৶৭<br>পুলিস ৫।৩<br>৫৮২।১০ | ...... | ৭৶৬॥ |
| ১৫৩২ | পরগণে ময়দা তরফ বাষ্টিরা ওগয়রহ। | ১৪৬৮১৶৪ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ।০॥= আনা। | সুরত মোহিনী দাসী ওগয়রহ | ৩৭০০৸৶৯ | ...... | ১৩২।৶৫ |

W. GRIMLEY,
*Collector.*

## জিলা চট্টগ্রাম।

### ইস্তাহার নামা কাছারি কালেক্টরি জিলা চট্টগ্রাম।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে, সন ১৮৬৮ সালের ৭ আইনের ও ১৮৭১ সালের ২ আইনের বিধানমতে ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নলিখিত তালুকাদি ১৮৮৮ ইং ১৬ ডিসেম্বর তারিখে সূর্য্যাস্ত বাকীপড়া রাজস্ব রোড় চেছ ও পাবলিক চেছ আদায়ের নিমিত্ত ১৮৮৯ ইংরাজী তারিখ ৩ মেই মোং সন ১২৯৬ বাং তারিখ ২১ বৈশাখ রোজ শুক্রবার জিলা চট্টগ্রাম কালেক্টরিতে বিনা ওজরে প্রকাশ্য নীলাম করা যাইবে ইতি সন ১৮৮৯। ৬ মার্চ্চ।

| নম্বর মহাল। | নাম মহাল এবং মৌজা থানা। | সদর জমা। | | বাকীর পরিমাণ। | | | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|
| | | খাজানা | চেছ | খাজানা | চেছ | মোট | |
| | মহাল নয়াবাদ থানে চকবিয়া মৌ: ভেওলা মাণিকচর। | | | | | | |
| ২৮৯/২৭৪ | তালুক বিবি ইস্‌হাক ... | ৭৫৭৷৶০ | ৯৬।৶০ | ১৮৯৲ | ৩২৶০ | ২২১৶০ | |
| | মাহাল নয়াবাদ থানে টেকনাপ মৌ: দক্ষিণ হ্নিলা। | | | | | | |
| ৫৫৬/১০৩৫ | তালুক শ্রীমতী খোয়ামে চৌং গং। | ১১২৯৲ | ১০০৬৬ | ১৪২৯৲ | ১৪১৲৬ | ১৫৭০৲৬ | |

A. Manson,
*Collector.*

---

## কাছারি কমিশনারি সুন্দরবন।

### ১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৭ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনের শ্রীযুক্ত কমিশনার সাহেবের অফিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা মথুরানাথ সেন পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন, ইতিমধ্যে উক্ত ভূমির উপর ( ১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্ত্য করিবার বিধান করণার্থ আইনমতে,) দাওয়া বা আপত্ত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৮৯ সালের ১লা জুলাই মোতাবেক বাঙ্গালা সন ১২৯৬ সালের ১৮ আষাঢ় সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনার সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগ স্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য প্রত্যেক জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম নাহয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থে রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সমস্ত জ্বালানি কি গুঁড়িকাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না; কিন্তু ঐ জ্বালানি কি গুড়ি কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক ; তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করা এবং যুক্তি সঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক। উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকি স্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলি স্বত্ব দেওয়া যাইবেক, সেই স্বত্ব পুরুষানু ক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৮৯। ৯ মার্চ্চ।

তপশীল।

| মহা লের নাম | জেলা, সবডিবিজান ও থানা। | রকবা। | চৌহদ্দি। |
|---|---|---|---|
| চক মল-টোলা প্রথম খণ্ড। | জেলা বাকরগঞ্জ সবডিবিজান পটুয়াখালি থানা গুলিষাখালি। | ৫০০০/ | উত্তর—মলটোলা দোনের কিয়দংশ।<br>পূর্ব্ব—মলটোলা দোনের কিয়দংশ।<br>দক্ষিণ—গর্জ্জনবুনিয়া খালের কিয়দংশ।<br>পশ্চিম—বিষখালি নদীর কিয়দংশ ও ঐ বিষখালি নদীর ধার হইতে গর্জ্জন বুনিয়া খালের শাখা পর্য্যন্ত একটী সরল রেখা এবং গর্জ্জন বুনিয়া খালের ঐ শাখা।<br>ডেপুটী কালেক্টার শ্রীযুত মে জেমস্ এলিসন সাহেবের ১৮৮৮। ৮৯ সিজনের নকসা অনুসারে এই সীমানা লিখিত হইল। |

J. ELLISON,
*Deputy Collector, in Charge.*

---

কাছারি কমিশনারি সুন্দর বন।

১৮৭৯ সালের নবেম্বর মাহার রুলের ১৭ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনের শ্রীযুত কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা প্যারিমোহন নিয়োগী পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন। ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইন মতে) দাওয়া বা আপত্তি করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিত না হইলে তাহা ১৮৮৯ সালের ১ জুলাই মোতাবেক বাঙ্গালা সন ১২৯৬ সালের ১৮ আষাঢ় সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনার আপিসে বিক্রীত হইবে।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনার ও খুলনার ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখে বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবে।

নিয়ম এই।

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোতের ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবেক।

পাট্টা বিক্রির সময়ে উক্ত ভূমিতে যে সমস্ত জ্বালানি কি গুড়িকাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমির আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানি কাষ্ঠ কি গুড়িকাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবে।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথ স্বত্ব রক্ষা করা এবং যুক্তি সঙ্গত অন্য যে সুবিধা করা আব-

শ্যক তাহা করিতে হইবেক, উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব থাকিবেক ও পাট্টা ধারিকে কিবল দখলি স্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক। ইতি সন ১৮৮৯ সাল তারিখ ৯ মার্চ্চ।

তপসীল।

| মহালের নাম। | জেলা, সব-ডিবিজান ও থানা। | রকবা। | চৌহদ্দী। |
|---|---|---|---|
| চক নলটোনার দ্বিতীয়খণ্ড | জেলা বাকরগঞ্জ সব-ডিবিজান পটুয়াখালি থানা গুলিসাখালি। | ৫০০০/ | উত্তর—বিষখালি নদীর কিয়দংশ ও ঐ বিষখালি নদীর ধার হইতে গরজন বুনিয়া খালের একটি শাখার ধার পর্য্যন্ত এক সরল রেখা ও গরজন বুনিয়া খালের ঐ শাখা।<br>পূর্ব্ব—গরজন বুনিয়া খালের কিয়দংশ।<br>দক্ষিণ—নিশান বাড়িয়া খাল এবং ঐ নিশানবাড়িয়া খালের ধার হইতে ঐ গরজন বুনিয়া খালের ধার পর্য্যন্ত একটি সরল রেখা।<br>পশ্চিম—নিশান বাড়িয়া খাল ও বিষখালি নদীর কিয়দংশ।<br>ডেপুটি কালেক্টর শ্রীযুত যে জেমস্ এলিসন সাহেবের ১৮৮৮।৮৯ সিজনের নকসা অনুসারে এই সীমানা লিখিত হইল। |

J. Ellison,
*Deputy Collector in-charge.*

জিলা বৰ্দ্ধমান।

ইস্তাহার নামা কাছারি ডেপুটি কালেক্টর মোং রাণীগঞ্জ।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে, নিম্নলিখিত বিক্রয়ের সর্ত্ত অনুসারে বৰ্দ্ধমান জেলা স্থিত সবডিবিজান রাণীগঞ্জের এলাকাভুক্ত সীতারাম পুরগ্রামের পুরাতন পোষ্ট আপিসের যায়গায় গবর্ণমেণ্টের যে স্বত্ব আছে তাহা নিকর স্বরূপে মোং রাণীগঞ্জের সবডিবিজানের কাছারিতে ১৮৮৯ সালের ১লা মে, মোতাবেকে বাঙ্গালা ১২৯৬ সালের ১৯ বৈশাখ তারিখে নিলামে বিক্রয় হইবেক খরিদারগণ নিম্নলিখিত নিয়ম সকল প্রতি পালন করিতে বাধ্য হইবেন।

বিক্রয়ের নিয়ম।

১। নির্দ্ধারিত মূল্য যাহা নিলাম কালিন স্থির হইবেক তদপেক্ষায় যে ব্যক্তি অধিক দিতে স্বীকার করিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক।

২। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক না হইলে মুল্যের সমুদয় টাকা তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক।

৩। খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে মুল্যের চতুর্থ অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিবস গণনা করিয়া বিক্রয়ের দিন হইতে পঞ্চদশ দিনে দিবা দুই প্রহরের মধ্যে বক্রী টাকা দাখিল করিতে হইবেক ঐ দিবস বন্ধের দিন হইলে তৎপর প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিনে দুই প্রহরের মধ্যে দাখিল করিতে হইবেক। দাখিল না করিলে বিক্রয় রহিত ও বায়নার টাকা সরকারে জব্দ হইয়া প্রথম স্থলীয় বিক্রয়ের নিয়মানুসারে ইস্তাহার জারি করিয়া ত্রুটিকারি খরিদারের ত্রুটিতে পুনরায় নীলাম করা যাইবেক।

৪। নীলাম মঞ্জুর হইলে খরিদারকে দখল দেওয়া যাইবেক। ইতি ১৮৮৯।

| লাটের তৌজিম নম্বর। | জেলা। | মোজা পরগনা। | একর হিসাবে জমির পরিমাণ। | জমির বাউণ্ডারি। |
|---|---|---|---|---|
| ১ | বৰ্দ্ধমান... | সীতারামপুর পঃ সেরগড়। | এঃ রোঃ পোল<br>০ ০ ২৭ | উত্তর মেশেষ লালবেহারি মিস্ত্রির দক্ষিণ উলকট সাহেবের বাটী পশ্চিম কিডর রোড, পূর্ব্ব কানাই গোপের আবাদী জমী। |

H. Cot,
*Sub Divisional Officer, Raniganj.*

## বিজ্ঞাপন।

জেলা ২৪ পং সন ১৮৮৯। ৯০ সালের নিমিত্ত দেয় জমিদারি ডাকট্যাক্স ৫০৲ টাকা এবং ৫০৲ টাকার ঊর্দ্ধ রাজস্ব দায়ী মহালের সদর জমার উপর শত করা ॥০ আট আনার হিসাবে ধার্য্য হইয়াছে। প্রথম সস মাহার কিস্তির দেনা ১৮৮৯ সালের ১ জুন তারিখে ও দ্বিতীয় সস মাহার কিস্তির দেয়টাকা ঐ সনের ১৬ই ডিসেম্বর তারিখে কি ঐ২ ধার্য্য তারিখের পূর্ব্বে উক্ত জেলার ট্রেজারিতে দাখিল করিতে হইবে।

D. T. MACSSHORSON,
*Magistrate.*

---

## Government Cinchona Febrifuge.

THIS preparation is an efficient substitute for Quinine, and can be purchased by Government officers for public and charitable purposes, and by any one taking *twenty pound* at a time, from the Superintendent, Botanic Garden, Calcutta, *for cash only*, at the following rates; per four ounce tin, *Rs.* 4, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 8, *ans.* 8; per pound tin *Rs.* 16, *ans.* 8. The general public can be supplied by the Superintendent, Botanic Garden *for cash only*, at the undernoted rates; per four ounce tin, *Rs.* 5, *ans.* 8; per eight ounce tin, *Rs.* 10, *ans.* 8; per pound tin, *Rs.* 20. This medicine is also sold by the principal European and Native druggists in Calcutta. Postage—Eight annas per 4 and 8 *oz.* tins, and twelve annas per pound tin, in addition to the foregoing rates.

---

## গবর্ণমেণ্ট দ্বারা প্রস্তুত জ্বরনাশক সিন্‌কোনা।

ইহা কুইনাইনের পরিবর্ত্তে বিশেষ উপকারক। কলিকাতার (বোটানিক্যাল গার্ডেন) কোম্পানীর বাগানের অধ্যক্ষের নিকট, গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য ও অন্য কোন ব্যক্তি নগদ মূল্যে এককালীন ২০ পাউণ্ড ক্রয় করিলে নিম্নলিখিত মূল্যে পাইবেন যথা, প্রতি ৪ আউন্স টিন ৪৸০ টাকা; প্রতি ৮ আউন্স টিন ৮৸০ টাকা প্রতি ১ পাউণ্ড টিন ১৬৸০ টাকা। এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টিন ৫৸০ টাকা; ৮ আউন্স টিন ১০৸০ টাকা ১ পাউণ্ড টিন ২০৲ টাকা। এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্যব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টিনে ॥০ আট আনা ও প্রতি পাউণ্ড টিনে ৸০ বার আনা ডাক মাসুল দিতে হইবে।

---

## জ্বরনাশক দানাবান্ধা সিন্‌কোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দানা বান্ধে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরে রয়েল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০ পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন [illegible]৸০ টাকায়, ৮ ঔন্স টিন ১২৸০ টাকায়, ও ১ পৌণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্বসাধারণে কোম্পানার বাগানের সুপরিন্টেণ্ডেন্টের নিকটে নগদ মূল্য দিলে এই২ হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টীন [illegible]৸০ টাকায় ৮ ঔন্স টীন ১৬৸০ টাকায় ও ১ পৌণ্ড টীন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধান২ ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত দরের অতিরিক্ত ৪ ঔন্স টিনের ।০ আনা, ৮ ঔন্স টিনের ॥০ আনা, ও ১ পৌণ্ড টিনের ৸০ আনা ডাক মাসুল দিতে হইবে।

---

## The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor

**F. Max Müller, M.A., in two Volumes.** *Price Rs. 24; packing and postage Re. 1-12.*

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymn is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible. I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT., GOVT. PRINTING, No. 8 Hastings Street, Calcutta.

## NOTICE.

*The* 21*st February* 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance:—

| *For the Mofussil.* | | | Rs. | A. | P. | |
|---|---|---|---|---|---|---|
| Entire Gazette | ... | ... | 10 | 0 | 0 | per annum. |
| Postage | ... | ... | 2 | 8 | 0 | „ |
| Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal | ... | ... | 4 | 0 | 0 | „ |
| Postage | ... | ... | 1 | 0 | 0 | „ |
| For a single copy— | | | | | | |
| Entire Gazette | ... | ... | 0 | 4 | 0 | |
| Postage | ... | ... | 0 | 1 | 0 | |
| Parts III, IV, V, and VI | .. | ... | 0 | 1 | 0 | for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4. |
| Postage | ... | ... | 0 | 1 | 0 | |

*For Calcutta.*

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. Baker,
*Offg. Under-Secretary to the Govt. of Bengal.*

---

## বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে মূল্য ও ডাকমাসুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে:—

| মফঃস্বলে। | | | | টাকা |
|---|---|---|---|---|
| সম্পূর্ণ গেজেট | .. | ... | বৎসর | ১০৲ |
| ডাকমাসুল | ... | .. | „ | ২৷৷০ |
| ৩য় ৪ র্থ ৫ ও ৬ খণ্ড ( যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে ) | ... | .. | „ | ৪৲ |
| ডাকমাসুল | ... | ... | „ | ১৲ |
| সম্পূর্ণ একখানি গেজেটের মূল্য ... | | ... | | ।০ |
| ডাকমাসুল | ... | ... | | /০ |
| ৩য় ৪ র্থ ৫ ও ৬ খণ্ড ( প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)... | | ... | ... | /০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠাপ্রতি আর এক২ আনা; |
| ডাকমাসুল | ... | ... | ... | /০ |

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃস্বলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাসুল লাগিবে না।

ই, এন, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটরী।

## NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government officer or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
*Under-Secretary to the Govt. of Bengal.*

*The* 12*th December* 1882.

---

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

| | Rs. |
|---|---|
| Full page, per issue ... ... ... ... ... | 20 |
| Half „ ... ... ... ... ... | 10 |

Casual advertisements.—4 annas per line.

---

## বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেণ্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃপক্ষদের কর্ত্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে এতদ্দারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারীয়েটের আকৌণ্টাণ্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর /০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটরী।

১৮৮২ সালের ১২ ডিসেম্বর

---

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই।—

| | টাকা। |
|---|---|
| প্রতিএক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের ... ... ... | ২০৲ |
| আধ পৃষ্ঠা ... ... ... | ১০৲ |
| কখনং ইশতিহার প্রকাশ করিতে হইলে একং পঁক্তি ... ... | ।০ |

---

## বিজ্ঞাপন।

রাজকার্য্যোপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার প্ল্যাসেড্ ওয়েস্টৌন হাসের হাতায় স্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতার গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

### For SALE at the BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant Governor of Bengal, by C. D. Field, M.A., L.L.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

*N.B.*—Copies are still available.

---

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

ব্যারিষ্টার-আট-লা ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্ব্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ ও রেণ্ট কমিশ্যনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুত সি, ডি, ফিলড এম, এ, ও এল, এল, ডি সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী প্রজাবিষয়ক আইন সংহিতা।

একংখানি পুস্তকের মূল্য, ৫৲ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একং খানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ৵০ পাঁচ আনা পাঠাইবেন।

মন্তব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

---

ইন্কম ট্যাক্স নোটিস।

অত্র ইন্কম ট্যাক্স আফিসের তালিকাভুক্ত ব্যক্তিদিগকে এতদ্দ্বারা জ্ঞাত করা যাইতেছে যে তাহাদিগের উপরোক্ত তালিকার লিখিত বিবরণে সন ১৮৮৬ সালের ২ আইনের ৫র্থ খণ্ডের ২নং তফসীলের বিধানমতে সন ১৮৮৯—৯০ সালের জন্য ট্যাক্স ধার্য্য করা হইয়াছে; এবং তাহাদিগকে আদেশ করা যাইতেছে যে তাহারা এই ইস্তাহারের তারিখ হইতে ৬০ দিনের মধ্যে ট্রেজারি আফিসারের নিকট আপন আপন দেয় ট্যাক্স দেয়, কিম্বা তাহাদের ধার্য্য ট্যাক্স কমাইবার বা আদৌ মকুফ পাইবার জন্য ৩০ দিনের মধ্যে আমার নিকট দরখাস্ত দাখিল করে; নচেৎ, আইন আমলে আসিবেক।

ইনকম ট্যাক্স আফিস,
১১নং ষ্ট্রাণ্ড রোড, কষ্টম হাউস,
সন ১৮৮৯। ১ এপ্রেল।

স্যাণ্ড ফার্ড. জে; কিলবি,
ইন্কম ট্যাক্স কলেক্টর।

---

## INSOLVENCY NOTICES.

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of HENRY REINHOLD (REINHOLD & Co.,) Insolvents.

NOTICE is hereby given that Saturday, the 4th day of May next is appointed for the further hearing in this matter for the purpose of declaring a dividend and that an account in detail of the receipts and disbursements of the Official Assignee from the 1st day of December 1887 until the 30th day of March 1889, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested who may intend to establish or oppose any claim upon the estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

*The like Notice.*—In the matter of CHARLS EDWARD HUBBARD an Insolvent.—Wherein the account of the Official Assignee from 1st May 1887 to 30th March 1889, has been filed in the Chief Clerk's Office.

*The like Notice.*—In the matter of NOBIN CHUNDER DEY & anthr., Insolvent—Wherein the account of the Official Assignee from 16th June 1883 to 30th March 1889, has been filed in the Chief Clerk's Office.

---

*The like Notice.*—In the matter of HERMANN CHRISTAIN REINHOLD (Separate Estate) an Insolvent.—Wherein the account of the Official Assignee from 3rd Jrnuary 1887 to 30th March 1889, has been filed in the Chief Clerk's Office.

---

*The like Notice.*—In the matter of FREDERIC ALFRED BARKER, an Insolvent.—Wherein the account of the Official Assignee from 4th August 1888 to 30th March 1889, has been filed in the Chief Clerks Office.

OFFICIAL ASSIGNEE'S OFFICE,<br>*Calcutta,* 16*th April* 1889.

A. B. MILLER,<br>*Official Assignee.*

8—(1)

---

কলিকাতা (ওআরেঞ্জ লেন) বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছাপা) শ্রীযুত এডউইন হরিস মুইর সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 16a—10-4-89—383—126

Numb. 2597 [২৫৯৭]

REGISTERED No. 30.

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, MAY 7, 1889.

মঙ্গলবার ১৮৮৯ সাল ৭ মে।

CONTENTS.



নির্ঘণ্ট।



## PART II.

### Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

### দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের নির্দ্ধারণ, আদেশ ও বিজ্ঞাপন প্রভৃতি।

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

## NOTIFICATION.

*The 27th April* 1889.—The following amended notification is published in lieu of that which appeared at page 568 of Part I of the *Calcutta Gazette* of the 10th June 1885:—

The Lieutenant-Governor has authorized the extension of the provisions of section 34 of Act V of 1861 to the town of Giridih, in the district of Hazaribagh, within the boundaries noted below, from the 1st May 1889—

Bounded on the—

*North*—By the Oosri river and a line drawn from it along the northern boundary of mouzah Pachamba to a point east of mouzah Tewaridih.

*West*—By a line drawn from the above point east of Tewaridih right through the western boundary of mouzah Kurharbari down to a nullah, east of mouzah Berha, on the Hazaribagh road.

*South*—By a line drawn from the point of intersection of the above-mentioned nullah with the Hazaribagh road, and going along the Lambi Pahari to the Tundi road at a point in mouzah Burowadih.

*East*—By a line drawn from the Tundi road at the above-mentioned point west of the manager's bungalow at Burowadih east of the Institute and of the distillery to the river Oosri.

J. WARE EDGAR,
*Chief Secy. to the Govt. of Bengal.*

## NOTIFICATION.

*The 30th April* 1889.—In partial supersession of the notification, dated the 3rd December 1883, published in the *Calcutta Gazette* of the 5th idem, Part I, page 1223, the Lieutenant-Governor sanctions the following changes of thana jurisdictions and sites in the Palamow sub-division of the district of Lohardugga, with effect from the 1st of May 1889:—

(*a*).—The removal of the police-station from Manka to Lateahar, a village within the same thana circle.

(*b*).—The removal of the outpost from Lateahar to Kedh, a village within the same (Manka) thana circle.

(*c*).—The removal of the Bhandaria outpost, subordinate to the Ranka police-station, from Bhandaria to Mudgari, a village within the same (Ranka) thana circle.

(*d*).—The establishment of a new outpost at Maromand subordinate to the Mahuadaur police-station.

(*e*).—The transfer of tappa Sima from the jurisdiction of thana Lateahar (Manka) to that of Maromand outpost subordinate to thana Mahuadaur.

In future the Manka thana in the Palamow sub-division will be known as "Lateahar," and the Lateahar outpost as "Kedh," the Bhandaria outpost as "Mudgari," and the new outpost at Maromand as "Maromand."

J. WARE EDGAR,
*Chief Secy. to the Govt. of Bengal.*

## বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ।

### বিজ্ঞাপন।

১৮৮৯ সাল ২৭শে আপ্রিল।—১৮৮৫ সালের ১৬ই জুনের গবর্ণমেণ্টের বাঙ্গালা গেজেটের ২য় খণ্ডের ৬৬১ পৃষ্ঠায় প্রকাশিত বিজ্ঞাপনের পরিবর্তে নিম্নলিখিত সংশোধিত বিজ্ঞাপন প্রকাশিত হইল:—

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব হাজারীবাগ জেলার অন্তর্গত নিম্নলিখিত সীমাভুক্ত গিরিদি নগরে ১৮৮৯ সালের ১লা মে হইতে ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারার বিধান প্রচলিত হইবার অনুমতি দিলেন।

সীমা——

উত্তর—উস্রী নদী, এবং ঐ নদী হইতে পচম্বা মৌজার উত্তর সীমা বরাবর তেওয়ারদি মৌজার পূর্ব্বদিকের এক বিন্দু পর্য্যন্ত টানা রেখা।

পশ্চিম—তেওয়ারদির পূর্ব্বদিকের উপরোক্ত বিন্দু হইতে কুরহুরবরি মৌজার পশ্চিম সীমার মধ্য দিয়া বরাবর হাজারীবাগ পথের উপরের বেরহা মৌজার পূর্ব্বদিকের একটি নালা পর্য্যন্ত টানা রেখা।

দক্ষিণ—হাজারীবাগ পথের সহিত উপরোক্ত নালার সংযোগ বিন্দু হইতে লখিপাহাড়ি উপর দিয়া বরাবর ডুগি পথ পর্য্যন্ত বরোয়াদি মৌজার অন্তর্গত একটী বিন্দুতে টানা রেখা।

পূর্ব্ব—ইনষ্টিটুট বাড়ীর পূর্ব্ব এবং ডাটীখানার পূর্ব্ব বারোয়াদিহ মানেজারের বাঙ্গালা ঘরের পশ্চিমদিকের ডুগিপথের উপরোক্ত বিন্দু হইতে উস্রী নদী পর্য্যন্ত টানা রেখা।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

### বিজ্ঞাপন।

১৮৮৯ সাল ৩০শে আপ্রিল।—১৮৮৩ সালের ১১ই ডিসেম্বর তারিখের গবর্ণমেণ্টের বাঙ্গালা গেজেটের ২য় খণ্ডের ১১৬৫ পৃষ্ঠায় প্রকাশিত উক্ত মাসের ৩রা তারিখের বিজ্ঞাপন আংশিক রহিত করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৮৯ সালের ১লা মে হইতে লোহারডগা জেলার অন্তর্গত পালামৌ মহকুমার সামিল থানার এলাকার ও স্থানের নিম্নলিখিত পরিবর্ত্তন অনুমোদন করিলেন:—

(ক) মাঙ্কা হইতে উক্ত থানার সরকেলের মধ্যবর্ত্তী লতিহাহর গ্রামে পুলিস ইষ্টেসন স্থানান্তর করা।

(খ) লতিয়াহর হইতে উক্ত (মাঙ্কা) থানার সরকেলের মধ্যবর্ত্তী কেধ গ্রামে ফাঁড়ী স্থানান্তর করা।

(গ) মাঙ্কা পুলিস ইষ্টেসনের অধীন ভণ্ডরিয়া ফাঁড়ী ভণ্ডরিয়া হইতে উক্ত (মাঙ্কা) থানার সরকেলের মধ্যবর্ত্তী মুগদরী গ্রামে স্থানান্তর করা।

(ঘ) মহুয়াদনর পুলিস ইষ্টেসনের অধীন মরোমন্দে এক নূতন ফাঁড়ী সংস্থাপন করা।

(ঙ) লতিয়াহর (মাঙ্কা) থানার এলাকা হইতে সীমান্তপথ মহুয়াদনর থানার অধীন মরোমন্দ ফাঁড়ী এলাকাভুক্ত করা।

ভবিষ্যতে পালামৌ মহকুমার সামিল মাঙ্কা থানা "লতিয়াহর" নামে এবং লতিয়াহর ফাঁড়ী "কেধ" নামে এবং ভণ্ডরিয়া ফাঁড়ী "মুগদরি" নামে এবং মরোমন্দের নূতন ফাঁড়ী "মরোমন্দ" নামে পরিচিত হইবে।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটারী।

# গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৯ সাল, ৭ মে।

## সপ্তম খণ্ড।

### হাই কোর্টের ও রেবিনিউ বোর্ডের সাধারণ জ্ঞাপনপত্র।

---

দেওয়ানী।

১৮৮৯ সালের ১৪ জানুয়ারির ১ নম্বর।

দেওয়ানী সাধারণ বিধি ও সরক্যুলর অর্ডরের ২৭৭ পৃষ্ঠায় ৫ অধ্যায়ের ২৯ খ ধারার পর নিম্নলিখিত কথাগুলি সন্নিবেশিত করিতে হইবে।

২৯গ। [ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৮৮ সালের ১৬ আগষ্ট তারিখের ৪৪৮১ নং বিজ্ঞাপন (১); ১৮৮৯ সালের ১৪ জানুয়ারির ১নং সরক্যুলর অর্ডর।] আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ৩৫ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতা পরিচালনা করিয়া ও রাজস্ব কার্য্যবিভাগে ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৭৪ সালের ১২ ফেব্রুয়ারি তারিখের ১০৭০ নম্বর বিজ্ঞাপন পরিবর্ত্তন করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব এই আদেশ করিলেন যে, খাজানা আমানত করিবার যে দরখাস্ত সম্বন্ধে বঙ্গদেশের প্রজাস্বত্ব বিষয়ক ১৮৮৫ সালের ৮ আইনের ৬১ (২) ধারানুসারে ফী দিতে হয়, প্রথমোক্ত আইন অনুসারে তৎসম্বন্ধে দেয় ফী আর লাগিবে না।

(১) ১৮৮৮ সালের ১৮ আগষ্ট তারিখের ইণ্ডিয়া গেজেটের ১ খণ্ডের ৩৮৭ পৃষ্ঠা দেখ।

(২) ১৮৭৪ সালের ১৪ ফেব্রুয়ারি তারিখের ইণ্ডিয়া গেজেটের ১ খণ্ডের ১১০ পৃষ্ঠা দেখ।

দেওয়ানী বিধি ও অর্ডরের (২৪১ পৃষ্ঠায়) ৪ অধ্যায়ের [illegible] ক ধারা, (১৮) দফা।

(১৮) ছোট আদালতে নিষ্পত্তি করা যে সকল মোকদ্দমায় জারীর কার্য্য সম্পূর্ণরূপে সাধিত হইয়াছে কিম্বা যাহাতে শেষবার যে সময়ে জারী করিবার চেষ্টা করা হয় সেই সময় হইতে তিন বৎসর অতীত হইয়াছে এবং যখন মিয়াদ বিষয়ক আইনক্রমে আর জারীর কার্য্যে বাধা হয় তখন সেই সকল মোকদ্দমার নথী প্রতি বৎসর একবার নষ্ট করিতে হইবে। পরে যে কোন সন্ধান আবশ্যক হইতে পারে তাহা সমনবহী ও রেজিষ্টরী হইতে পাওয়া যাইবে।

দেওয়ানী।

১৮৮৯ সালের ২রা ফেব্রুয়ারির ২ নম্বর বিধি।

দেওয়ানী বিধি ও অর্ডরের (২৪১ পৃষ্ঠায়) ৪ অধ্যায়ের ১২ ক ধারা ১৮ দফার পরিবর্ত্তে নিম্নলিখিত কথাগুলি সন্নিবেশিত করিতে হইবে :—

(১) ১৮। ছোট আদালতে নিষ্পত্তি করা যে সকল মোকদ্দমায় জারীর কার্য্য সম্পূর্ণরূপে সাধিত হইয়াছে কিম্বা যাহাতে ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের ১৫ আইনের ২ তফসীলের ১৭৯ দফার উল্লিখিত তারিখগুলির যে কোন তারিখ ঐ সকল মোকদ্দমায় খাটিতে পারে সেই তারিখ হইতে চারি বৎসর অতীত হইয়াছে সেই সকল মোকদ্দমার নথী প্রতিবৎসর একবার নষ্ট করিতে হইবে। পরে যে কোন সন্ধান আবশ্যক হইতে পারে তাহা সমন বহী ও রেজিষ্টরী হইতে পাওয়া যাইবে।

দেওয়ানী বিধি ও অর্ডরের ( ২৪১ পৃষ্ঠায় ) ৪ অধ্যায়ের ১২ ক ধারার ১৮ দফার পর নিম্নলিখিত কথাগুলি সন্নিবেশিত করিতে হইবে।

(২) ১৮ক। যে শ্রেণীর মোকদ্দমা ছোট আদালতের বিচার্য্য সেই শ্রেণীর যে সকল মোকদ্দমা দেওয়ানী আদালতে নিষ্পত্তি করা হয় ও যাহার দাবীর মূল্য ৫০৲ টাকার অনধিক ও যাহাতে জারীর কার্য্য সম্পূর্ণরূপে সাধিত হইয়াছে কিম্বা যাহাতে ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক ১৮৭৭ সালের ১৫ আইনের ২ তফসীলের ১৭৯ দফার উল্লিখিত তারিখ গুলির যে কোন তারিখ ঐ সকল মোকদ্দমায় খাটিতে পারে সেই তারিখ হইতে চারি বৎসর অতীত হইয়াছে সেই সকল মোকদ্দমার নথী প্রতি বৎসর একবার নষ্ট করিতে হইবে।

বঙ্গদেশ ও আসাম দেশের গবর্ণমেণ্ট কর্ত্তৃক দৃঢ়ীকৃত, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকর্ত্তৃক অনুমোদিত এবং ১৮৮৮ সালের ১০ই অক্টোবর তারিখের কলিকাতা গেজেটের ১ম খণ্ডের ৯০১ পৃষ্ঠায় ও ১৮৮৮ সালের ১৩ই অক্টোবর তারিখের আসাম গেজেটের ১ খণ্ডের ৪০৮ পৃষ্ঠায় প্রকাশিত।

## ফৌজদারী।

### ১৮৮৯ সালের ২৫ জানুয়ারি তারিখের ১ নম্বর।

ফৌজদারী বিধি ও অর্ডরের ১৫১ পৃষ্ঠায় ৬ অধ্যায়ের ৫৭ ধারার পর নিম্নলিখিত কথাগুলি সন্নিবেশিত করিতে হইবে।

### ১৮৮১ সালের সৈন্যবিষয়ক আইন।

৫৮। [ ১৮৮১ সালের সৈন্যবিষয়ক আইন।—( বিক্টোরিয়া, ৪৪ ও ৪৫, ৫৮ অধ্যায় ) ১৮৮৯ সালের ২৫ জানুয়ারির ১নং সরকুলর অর্ডর। ]—১৮৮১ সালের সৈন্যবিষয়ক আইনের (বিক্টোরিয়া, ৪৪ ও ৪৫, ৫৮ অধ্যায় ) ১৬৯ ধারাক্রমে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ইহা ব্যক্ত করিলেন যে, ভারতবর্ষে বিক্টোরিয়ার উক্ত ইষ্টাটিউটের ১৫৬ ধারার প্রয়োজনার্থ পঞ্চাশ টাকা ও দুইশত টাকা যথাক্রমে পাঁচ পৌণ্ড ও বিশ পৌণ্ডের সহিত সমান মূল্য হইবে। ( ১৮৮৮ সালের ১০ই নবেম্বর তারিখের ইণ্ডিয়া গেজেটের ১ খণ্ডের ৫১৬ পৃষ্ঠায় প্রকাশিত হোম ডিপার্টমেণ্টের ১৮৮৮ সালের ৮ই নবেম্বর তারিখের ১৬৯৮ নং বিজ্ঞাপন। )

# গবর্ণমেণ্ট গেজেট

**TUESDAY, MAY 7, 1889.**

**মঙ্গলবার, ১৮৮৯ সাল ৭ মে।**

---

## PART VIII.

**ADVERTISEMENTS.**

**অষ্টম খণ্ড।**

**ইশতিহার প্রভৃতি।**

---

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইস্তাহার।

## নিলামের নোটিস।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা ২৪ পরগণা এই যে,—

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ২৪ পরগনার নীচের লিখিত মহালাতের সন ১৮৮৯ সালের ১২ই জানুয়ারি কিস্তীর বাকী বাবত সন ১৮৮৯ সালের ১৩ই মে তারিখে ঐ জেলার কালেক্টরিতে বিনা ওজরে নিলাম হওয়া যাইবেক ইতি সন ১৮৮৯ সাল তারিখ ২২ ফেব্রুয়ারি।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
|---|---|---|---|---|---|---|---|---|
| তৌজীর নম্বর। | মহাল ও পরগনার নাম। | পুরা ষ্টেটের সদর জমা। | পুরা ষ্টেট বিক্রয় হইবে কি না। | যদি একটা অংশ মাত্র বিক্রয় করিতে হয় সেই অংশের বিশেষ বিবরণ। | যে সম্পত্তি বিক্রয় হইবে তাহার মালিকের নাম। | যদি একটা অংশ বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার কত সদর জমা। | যদি পুরা ষ্টেট বিক্রয় করিতে হয় তাহা হইলে তাহার বাকীর পরিমাণ। | যদি একটা অংশ বিক্রয় করিতে হয় তবে তাহার বাকীর পরিমাণ। |
| ২ | পরগণে মাগুরা কিঃ কাজন বেড়্যা ওগয়রহ। | ২৮৩৩।/ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ।৫॥=৪ দরুণ ৬১২৮৴১৭॥ = আনা | হরিশ্চন্দ্র রায় চৌধুরি ওগয়রহ | ৭৫০।৮ | ...... | ১৮৯/৪ |
| ৫ | পরগণে মাগুরা কিঃ আজার বেড়্যা ওগয়রহ। | ২৭০৮৬৯॥ | পুরা মহাল | ...... | শ্রীনাথ রায় চৌধুরি ওগয়রহ | ...... | ৪৩২৬৷ | ...... |
| ১৫ | পরগণে মাগুরা কিঃ শ্রী বাড়ীয়া ওগয়রহ | ৪০৯১।২। | পুরা মহাল | ...... | হেমচন্দ্র রায় চৌধুরি ওগয়রহ | ...... | ৬৮০৶৯। | ...... |
| ৬৩ | পরগণে মাগুরা কিঃ বাঁশ ... ওগয়রহ। | ৯১৩২।৶১॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥/১৩।৯॥ | আদিত্যনাথ রায় চৌধুরি ওগয়রহ। | ৫৫১৭।৶১॥ | ...... | ১৭৪১৬৯॥ |
| ৯০ | পরগণে মাগুরা কিঃ বাঁশদ্রোণী ওগয়রহ। | ১৬৪২।৬ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৶৮।৶৮ | প্রসন্নকুমার বন্দ্যোপাধ্যায় ওগয়রহ। | ৪৪৫৫৬৯ | ...... | ৩৭৩ |
| ৯৫ | পরগণে মাগুরা কিঃ শ্রীরাম পুর ওগয়রহ। | ...৩ | পুরা মহাল | ...... | জয়মণী দেব্যা ... | ...... | ১৬১॥৭ | ...... |
| ১২৩ | পরগণে মাগুরা মৌজে দেয়ারুক ওগয়রহ। | ৫৬...॥/০ | পুরা মহাল | ...... | পার্ব্বতীচরণ রায় ওগয়রহ .. | ...... | ১৬০৶১১ | ...... |
| ১৪১ | পরগণে বরিদহাটি ওগয়রহ কিচক হাটুরিয়া ওগয়রহ। | ৩২৯৩০॥৶১১॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৬৶১১॥১২॥ | ত্রৈলোক্যনাথ বিশ্বাস ওগয়রহ | ৩১৩৭৪/১১॥ | ...... | ১৯০॥৶১০॥ |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৪৮ | পরগণে মালিয়া কিঃ পাঁচুড় ওগয়রহ। | ২১[illegible]৸৶৪ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৶১৩।—আনা। | মণীন্দ্র মোহন মুখোপাধ্যায় ওগয়রহ। | ১৪২৩॥৶২৸ | ...... | ৪৭৯৶৪॥ |
| ৩৪৮।১ | পরগণে বালিয়া কিঃ পাঁচুড় ওগয়রহ। | [illegible]৬৸৶৪ | ... | ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে স্বতন্ত্র হিসাব ।/১॥=আনা | মণীন্দ্র মোহন মুখোপাধ্যায় | ৭১২।/৬। | ...... | ২৮৭॥১০৸ |
| ৫৮৫ | পরগণে আজীমাবাদ হুদা রূপখালী ওগয়রহ। | [illegible]৩২৪॥১॥ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭।। আনা। | রাধামোহন মণ্ডল ওগয়রহ ... | ১৮০৫৮॥৶৬॥ | ...... | ৩৯৩৶৬ |
| ৬৮৮ | পরগণে বালিয়া তরফ মলয়াপুরা ওগয়রহ। | ৮৩২৭।৬ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ | রাধামোহন মণ্ডল ওগয়রহ | ৭৭৫১৸৩৸ | ...... | ১৫৫।১০৸ |
| ৬৮৯ | পরগণে বালিয়া কিঃ সন্তোষপুর ওগয়রহ। | ৯৪৩৪॥/৭ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ৸৶১৭॥ | রাধামোহন মণ্ডল ওগয়রহ | ৮৭৭৫৶৮ | ...... | ৩৩০॥/১। |
| ৪২৯ | পরগণে বরিদহাটী আবাদ বালদাড়ী ওগয়রহ। | ১৮১৪॥/১১ | ...... | ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে ৶১৩।—আনা স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট অংশ ৸/১॥= আনা হইতে ৯৬৯॥১০ টাকার পৃথক হিসাব ১৮৭৬ সালের ৭ আইনের ৭০ ধারামতে হইয়াছে অবশিষ্ট ৫৪২।৶১ টাকার অংশ। | গোপালদাস দত্ত ওগয়রহ | ৫৭২॥৶১ | ...... | ৫।৶৯ |
| ৯২৪ | পরগণে বালিয়া কিঃ বহুরাণী ওগয়রহ। | ৮৬৫॥১১<br>পুলিস জমা ৬।৶৪<br>৮৭১৸৶৩ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ॥৶১৩।— | কেদারনাথ বসু ওগয়রহ ... | ৫৭৭৷৭<br>পুলিস ৪।৩<br>৫৮১।১০ | ...... | ৭৶৬॥ |
| ১৫৩৪ | পরগণে ময়দা তরফ বাউরা ওগয়রহ। | ১৪৬৮।৶৪ | ...... | স্বতন্ত্র হিসাব হওয়া বাদে অবশিষ্ট এজমালি অংশ ।০॥= আনা। | সুরত মোহিনী দাসী ওগয়রহ | ৩৭০০৸৶৯ | ...... | ১৩২।৶৫ |

W. GRIMLEY,
*Collector.*

## কাছারি কমিশনারি সুন্দরবন।

### ১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৭ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনের শ্রীযুক্ত কমিশনার সাহেবের অফিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা মথুরানাথ সেন পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন, ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্ত্য করিবার বিধান করণার্থ আইনমতে,) দাওয়া বা আপত্ত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৮৯ সালের ১লা জুলাই মোতাবেক বাঙ্গালা সন ১২৯৬ সালের ১৮ আষাঢ় সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনার সাহেবের আফিসে বিক্রীত হইবেক।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনা ও খুলনা ও বাখরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখের বিধিসংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবেক।

নিয়ম এই ;—

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগ স্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য প্রত্যেক জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোত ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম নাহয় এমত প্রশস্ত গুণ টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবে।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সমস্ত জ্বালানি কি গুঁড়িকাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমি আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না ; কিন্তু ঐ জ্বালানি কি গুড়ি কাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেন্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবেক।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেন্টের স্বত্ব থাকিবেক ; তাহার সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথস্বত্ব রক্ষা করা এবং যুক্তি সঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক। উক্ত ভূমিতে গবর্ণমেন্টের মালিকি স্বত্ব থাকিবেক ও পাট্টাধারিকে কেবল দখলি স্বত্ব দেওয়া যাইবেক, সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক ইতি সন ১৮৮৯। ৯ মার্চ্চ।

তপশীল।

| মহালেরনাম। | জেলা, সবডিবিজান ও থানা। | রকবা। | চৌহদ্দি। |
|---|---|---|---|
| চক নলটোলা প্রথম খণ্ড। | জেলা বাকরগঞ্জ সবডিবিজান পটুয়াখালি থানা গুলিষাখালি। | ৫০০০/ | উত্তর—নলটোলা দোনের কিয়দংশ।<br>পূর্ব্ব—নলটোলা দোনের কিয়দংশ।<br>দক্ষিণ—গর্জ্জনবুনিয়া খালের কিয়দংশ।<br>পশ্চিম—বিষখালি নদীর কিয়দংশ ও ঐ বিষখালি নদীর ধার হইতে গর্জ্জন বুনিয়া খালের শাখা পর্য্যন্ত একটী সরল রেখা এবং গর্জ্জন বুনিয়া খালের ঐ শাখা।<br>ডেপুটী কালেক্টার শ্রীযুত মে জেমস্ এলিসন সাহেবের ১৮৮৮। ৮৯ সিজনের নকসা অনুসারে এই সীমানা লিখিত হইল। |

J. Ellison,
*Deputy Collector, in Charge.*

---

## কাছারি কমিশনারি সুন্দর বন।

### ১৮৭৯ সালের নবেম্বর মাহার রুলের ১৭ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে যাহার নকসা সুন্দরবনের শ্রীযুত কমিশনর সাহেবের আপিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপসীলের লিখিত সেই ভূমির পাট্টা প্যারিমোহন নিয়োগী পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন। ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্ত্য করিবার বিধান করণার্থ আইন মতে) দাওয়া বা আপত্ত্য করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিদ না হইলে তাহা ১৮৮৯ সালের ১ জুলাই মোতাবেক বাঙ্গালা সন ১২৯৬ সালের ১৮ আষাঢ় সোমবার মধ্যাহ্ন সময়ে আলিপুর সুন্দরবনের কমিশনার আপিসে বিক্রীত হইবে।

নিম্নলিখিত নিয়মাধীনে ও ২৪ পরগনার ও খুলনার ও বাকরগঞ্জের অন্তর্গত সুন্দরবনের পতিত ভূমির পাট্টা বিক্রয়ার্থ ১৮৭৯ সালের নবেম্বর মাসের ১২ তারিখে বিধি সংযুক্ত সাধারণ নিয়মাধীনে উক্ত ভূমির পাট্টা দেওয়া যাইবে।

নিয়ম এই।

উক্ত ভূমি বর্ত্তমান পথ ও জল ও অন্য সকল ভোগস্বত্বের নিয়মাধীনে থাকিবেক।

নৌকাগম্য সকল জলস্রোত ও খাল ব্যবহার করিবার স্বত্ব সাধারণের থাকিবেক ও উক্ত প্রত্যেক জলস্রোতের ও খালের উভয় পার্শ্বে ২৫ ফুটের কম না হয় এমত প্রশস্ত গুন টানিবার পথও ব্যবহারার্থ রাখা যাইবেক।

পাট্টা বিলির সময়ে উক্ত ভূমিতে যে সমস্ত জ্বালানি কি গুড়িকাষ্ঠ বর্ত্তমান থাকে তাহা ঐ ভূমির আবাদের জন্য কাটা কি পোড়ান হইলে অথবা ঐ ভূমির মধ্যে ব্যবহৃত হইলে তৎপ্রতি কোন কর ধার্য্য হইবেক না কিন্তু ঐ জ্বালানি কাষ্ঠ কি গুড়িকাষ্ঠ বিক্রয়ার্থ স্থানান্তর প্রেরিত হইলে তৎপ্রতি গবর্ণমেণ্ট কর্ত্তৃক সময়ে সময়ে যে হার ও নিয়ম প্রচারিত হয় তদনুসারে কর ধার্য্য হইতে পারিবে।

উক্ত ভূমির ধাতু প্রভৃতির খনির উপর গবর্ণমেণ্টের স্বত্ব থাকিবেক তদ্ভিন্ন সেই ধাতু প্রভৃতি তুলিবার ও পাইবার ও লইয়া যাইবার নিমিত্ত যে পথ স্বত্ব রক্ষা করা এবং যুক্তি সঙ্গত অন্য যে সুবিধা করা আবশ্যক তাহা করিতে হইবেক, উক্ত ভূমিতে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব থাকিবেক ও পাট্টা ধারিকে কেবল দখলি স্বত্ব দেওয়া যাইবেক সেই স্বত্ব পুরুষানুক্রমিক ও হস্তান্তর যোগ্য হইবেক। ইতি সন ১৮৮৯ সাল তারিখ ৯ মার্চ্চ।

তপসীল।

| মহালের নাম। | জেলা, সব-ডিবিজান ও থানা। | রকবা। | চৌহদ্দী। |
|---|---|---|---|
| চক নলটোনার দ্বিতীয়খণ্ড। | জেলা বাকরগঞ্জ সব-ডিবিজান পটুয়াখালি থানা গুলিসাখালি। | ৫০০০/ | উত্তর—বিষখালি নদীর কিয়দংশ ও ঐ বিষখালি নদীর ধার হইতে গরজন বুনিয়া খালের একটি শাখার ধার পর্য্যন্ত এক সরল রেখা ও গরজন বুনিয়া খালের ঐ শাখা।<br>পূর্ব্ব—গরজন বুনিয়া খালের কিয়দংশ।<br>দক্ষিণ—নিশান বাড়িয়া খাল এবং ঐ নিশানবাড়িয়া খালের ধার হইতে ঐ গরজন বুনিয়া খালের ধার পর্য্যন্ত একটি সরল রেখা।<br>পশ্চিম—নিশান বাড়িয়া খাল ও বিষখালি নদীর কিয়দংশ।<br>ডেপুটি কালেক্টর শ্রীযুত জে জেমস্ এলিসন সাহেবের ১৮৮৮।৮৯ সিজনের নকসা অনুসারে এই সীমানা লিখিত হইল। |

J. ELLISON,
*Deputy Collector in-charge.*

---

কাচারি কমিসনরি সুন্দরবন।

১৮৭৯ সালের নবেম্বর মাসের রুলের ১৭ ধারামতে নোটিস।

এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, যাহার নক্সা সুন্দরবনের শ্রীযুত কমিশনার সাহেবের আফিসে দেখিবার নিমিত্ত আছে এতদ্দত্ত তপশীলের লিখিত সেই ভূমির পাট্টা মহেশচন্দ্র চৌধুরি পাইবার জন্য প্রার্থনা করিয়াছেন; ইতিমধ্যে উক্ত ভূমির উপর (১৮৬৩ সালের ২৩ আইনমতে অর্থাৎ পতিত ভূমির উপর দাওয়া নিষ্পত্তি করিবার বিধান করণার্থ আইনমতে) দাওয়া বা আপত্তি করা প্রযুক্ত বা অন্য কোন কারণে নিলাম রহিত বা স্থগিত না হইলে তাহা ১৮৮৯ সালের ৫ আগষ্ট মোতাবেক বাঙ্গালা সন ১২৯৬ সালের ২১ শ্রাবণ সোমবার মধ্যাহ্ন সময়ে আলীপুর সুন্দরবনের কমিসনার সাহেবের আফিসে বিক্রীত হইবেক:—

